নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে শ্রীরামপুরের ছাপাখানায় থেকর ওষ্টেল রেজারিও কোং নিকট রঙ্গপুর ও গুয়াহাটী আসামে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

সটীক শ্রীমদ্ভাগবত ... ৬৩৲	আরব্যোপাখ্যান ১নাং ৫৲	রিচার্ডসন কৃত ইং পারস্য	শব্দসাধন মুক্তাবলী ৩খণ্ড ৩
শব্দাম্বুধি ৩৮০০০ শং ২৷৷০	পঞ্চম খণ্ডে ... ... ৫৲	এবং পারস্য ও ইং ডিক্সা	চমৎকার হিরাজাদ ১
শব্দকল্পতরুপ্রত্যেকফরমা ৵	অপূর্ব্বোপাখ্যান ২১প্রং২	নরি ২ বালাম ... ৫০৲	আলালের ঘরের দুলাল ৸০
নূতনাভিধান ২০০০০ ঐ ২৲	বত্রিশ সিংহাসন, সদ্য ২৲	রোম দেশীয় ইতিহাস ৬৲	মাজিষ্ট্রেটী উপদেশ ৬৲
অমরার্থ দীধিতি ... ১৷৷০	আঢ্যকৃত ইংবাং ডিক্সনরি	গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲	তিলোত্তমা কাব্য ১৲
হরিভক্তি বিলাস সটীক ১০৲	অর্থাৎ ইং শব্দের ইংও	ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲	নাট্য পরিশিষ্ট নাটক ১৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অ-	বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা	ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲	প্রস্থান ভেদ ... ৷৷০
ষ্টাদশ পুরাণের অনুবাদ	এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে	পঞ্চাবেতিহাস ... ... ১৲	সটীক শ্রীমদ্ভগবদ্গীতা আ
গৌড়ীয় ভাষায় ১ অবধি	কখন প্রকাশ হয় নাই ...৫৲	প্রাচীন ঐ ... ...২৲	নন্দ গিরির টীকাসম্বলিত ৭
৩৪ সংখ্যাপর্য্যন্ত ... ৮৷৷০	শিবসংকীর্ত্তন .. ১৲	ন্যায়দর্শন ২৷৷০	কবিকঙ্কন কৃত চণ্ডী ১
এবং প্রতিমাসে এক২ খণ্ড	ইং রাজী শকুন্তলা .....১৲	পুরাবৃত্ত বিবরণ ... .. ১৲	দণ্ডবিধির আইন ৩
প্রকাশ হইতেছে ।০	ইং প্রবোধচন্দ্র নাটক ১৲	চাহার দরবেশ ..... ১৲	ফৌজদারী আইন ২৲
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায়	পুরাণের অনুক্রমণিকা ।০	প্রিয়ম্বদ ... ... ১৲	সুকলিত নাটক ৷৷০
অনুবাদিত ১।২।৩।৪।	হিতোপদেশ ইংবাংসং ২	কেরি বাং ইং ডিক্সনরি ৫০৲	লীলাগুন ঐ ৸০
৫।৬।৭।৮।৯।১০ ৬৸০	কাঞ্জীর বিচার ৷৷০	বিদ্যাকল্পদ্রুম ৩২৲	হস্তাক্ষরে লিখিত।
একাদশস্কন্ধশ্লোক ও পদ্য ২	অন্নদামঙ্গল বিদ্যাসুন্দর	পূর্ণচন্দ্রোদয় বার্ষিক... ৮৲	মূলগ্রন্থ ... ... ৩০৲
যোগবাশিষ্ঠ ১নাং২৬ সর্গ৪	মানসিংহ চৌরপঞ্চাশতএক	রাজা রামমোহন রায়ের	আয়ুর্ব্বেদ ঐ ২০৲
জ্ঞানরত্নাকর ... ২৲	জেলেদে ১০ খণ্ড প্রতিমূর্ত্তি	জীবন চরিত্র ও গীতাবলী।০	অভিধান চূড়ামণি ঐ ২৫৲
অষ্টাদশ পর্ব্ব মহাভারত,	রোবক ও হকিম মৌলবী	বেদান্তসার ... ১৲	সারাবলী ঐ ... ১০৲
প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪৲	আবদুল মজিদকৃত পারস্য	কোলব্রুকের অমরকোষ ৮৲	নানাপ্রকার মুদ্রাঙ্কন কৌহ
সপ্তকাণ্ড রামায়ণ প্রং ...২৲	ভাষার অভিধান ..... ৪০৲	হিতোপদেশ অর্থসম্বলিত ১	যন্ত্রের আমদানী হইয়াছে
		চাণক্য ও নবরত্নের শ্লোক ৵	
		ইনকমটাক্স ।০	শ্রীঅদ্বৈতচন্দ্র আঢ্য।
		গবর্ণমেণ্ট আইন ইং ১৭২৩	
		নাং ১৮৩৩।২ বালম ১০০৲	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৮ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 15, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ১৫ জুলাই।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Act of the Lieutenant Governor of Bengal in Council received the assent of His Excellency the Governor General on the 8th May 1862, and is hereby promulgated for general information:—

ACT No. VIII. OF 1862.

An Act to improve the system of Zemindary Dawks in the Provinces subject to the Government of Bengal.

[Preamble.]

WHEREAS the conveyance of letters on the public service between Police Officers and Police Stations and the Magisterial Offices of the Districts subject to the Government of Bengal is defective, irregular, and uncertain, and the system requires to be amended and placed on a better footing; It is enacted as follows:—

[Section 10, Regulation XX., 1817, repealed.]

I. Section X. of Regulation XX., 1817 is hereby repealed, so far as the same relates to the Districts and Provinces subject to the Government of Bengal.

[Appointment, remuneration, and removal of Dawk-runners vested in Magistrate or other Officer appointed by Government.]

II. The appointment, removal, and payment of Dawk-runners and other persons necessary for the performance of the service of conveying papers, letters, packets, and correspondence between Police Officers and Police Stations and Magistrates of Districts or Officers in charge of Sub-Divisions, shall be vested exclusively in the Magistrate of

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

লেজিস্লেটিব ডিপার্টমেণ্ট।

হজুর কৌন্সেলে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীলশ্রীযুক্ত গবর্নর জেনরল বাহাদুর ১৮৬২ সালের ৮ মে তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে এইক্ষণে প্রকাশ করা যাইতেছে।

১৮৬২ সালের ৮ আইন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন দেশে জমীদারী ডাকের সুনিয়ম করিবার আইন।

[হেতুবাদ।]

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন জিলার পোলীসের কর্ম্মকারকেরদের ও পোলীস থানার ও মাজিষ্ট্রেটী কর্ম্মকারকেরদের মধ্যে সরকারী কর্ম্মের পত্রাদি চালান করিবার নিয়মের দোষ আছে ও তাহা বেদাঁড়া ও অনিশ্চিত। ও সেই নিয়ম সংশোধন করা ও পূর্ব্বাপেক্ষা উত্তম করা বিহিত। এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[১৮১৭ সালের ২০ আইনের ১০ ধারা রহিত হইবার কথা।]

১ ধারা। ১৮১৭ সালের ২০ আইনের ১০ ধারা বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন জিলা ও প্রদেশসম্পর্কে রহিত হইল ইতি।

[ডাক দৌড়িয়ারদের নিযুক্ত ও অপসৃত করণ ও তাহারদের বেতন নির্দ্ধার্য্য করণের ভার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা গবর্ণমেণ্টকর্ত্তৃক নিযুক্ত অন্য ব্যক্তির প্রতি অর্পিত হওয়ার কথা।]

২ ধারা। পোলীসের কর্ম্মকারকেরদের ও পোলীস থানার এবং জিলার মাজিষ্ট্রেট সাহেবেরদের কি মহকুমার ভারপ্রাপ্ত কার্য্যকারকেরদের মধ্যে কাগজ ও পত্র ও পুলিন্দা ও লেখাপড়া লইয়া গমনাগমনার্থে যে ডাক দৌড়িয়াগণের ও অন্য ব্যক্তিরদের আবশ্যক হয়, তাহাদিগকে নিযুক্ত ও স্থানান্তর করণের ও তাহারদের বেতন দেওনের ভার প্রত্যেক জিলার কেবল মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা অন্য যে কার্য্যকারককে গবর্ণমেণ্ট

each District, or in such other Officer as the Government may from time to time, direct.

[Raising of funds for maintaining Zemindary Dawks.]

III. It shall be lawful for the Magistrate of every District, or for such other Officer as the Government may from time to time direct, to raise, as hereinafter provided, the monies necessary for the payment of the establishments required for the purpose of efficiently maintaining the Zemindary Dawks within the District, from all Zemindars, Sudder Farmers, and other persons paying revenue direct to Government in respect of lands situated within the District.

[No Zemindary Dawk to be maintained where there is a Government Post.]

IV. Provided always, that no Zemindary Dawk shall be established or maintained under this Act between any two places between which a Government Post for the time being exists.

[Total sum necessary to be fixed and apportioned rateably on sudder jumma of those liable to contribute.]

V. The Magistrate or such other Officer as aforesaid shall in each and every year, on or before the last day of the month of December, fix, subject to the approval and revision of the Commissioner of the Division, the total sum necessary for the next ensuing year for the efficient service of the Zemindary Dawks in his District, and apportion such amount rateably on the sudder jumma of the parties liable as aforesaid to pay the same, and shall appoint the days for the payment thereof.

[Notice to be given of amount to be levied, its rateable apportionment, and days of payment.]

VI. A notice shewing the amount to be levied for the ensuing year and the rateable apportionment thereof among the persons liable to pay the same, and the days appointed for payment thereof, shall be affixed in some conspicuous place in the Office of the Magistrate or of such other Officer as aforesaid, and also in the Office of the Collector of the District, not less than fifteen days previous to the day appointed for the first half-yearly payment.

[Appeal to Commissioner when assessment on any one person exceeds forty Rupees in the year. Proviso.]

VII. An appeal shall lie to the Commissioner of the Division from any order of a Magistrate or such other Officer as aforesaid, imposing on any one person a pecuniary liability for more than forty Rupees a year under Section V. of this Act. Provided that such appeal shall be presented to the Commissioner within thirty days from the date of affixing in the Office of the Magistrate or of such other Officer as aforesaid the notice of the imposition of the liability appealed against.

সময়ে২ নিযুক্ত করেন তাঁহার প্রতি অর্পিত হইবেক ইতি।

[জমীদারী ডাকের খরচ পোষাইবার তহবীল করিবার কথা।]

৩ ধারা। প্রত্যেক জিলার মধ্যে জমীদারী ডাকদ্বারা কার্য্য সফলরূপে চালাইবার নিমিত্তে যে আমলাদিগকে রাখিতে হয়, তাহারদের বেতন দিবার প্রয়োজনীয় টাকা জিলার মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা অন্য যে কার্য্যকারককে গবর্ণমেণ্ট সময়ে২ নিযুক্ত করিয়া থাকিবেন তিনি, ঐ জিলার অন্তর্গত ভূমির সদর মালগুজার সকল জমীদারের ও সদর ইজারদারের ও অন্য ব্যক্তিরদের স্থানে পশ্চাৎ লিখিত মতে আদায় করিতে পারিবেন ইতি।

[গবর্ণমেণ্টের ডাক যে স্থানে থাকে সেই স্থানে জমীদারী ডাক না হইবার কথা।]

৪ ধারা। কিন্তু কোন দুই স্থানের মধ্যে যে সময়ে গবর্ণমেণ্টের ডাক চলিতেছে সেই সময়ে এই আইনমতে ঐ দুই স্থানের মধ্যে জমীদারী ডাক স্থাপন হইবেক না ইতি।

[সর্ব্বসুদ্ধ যত টাকা আবশ্যক তাহা নির্দ্ধারিত হইয়া ঐ টাকা দিবার যোগ্য ব্যক্তিরদের সদর জমার উপর হারহারীমতে ধার্য্য হইবার কথা।]

৫ ধারা। কোন জিলার জমীদারী ডাকদ্বারা কার্য্য সফলরূপে হইবার জন্যে প্রতি বৎসরে সর্ব্বসুদ্ধ যত টাকা আবশ্যক, তাহা মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক তৎপূর্ব্ব বৎসরের ডিসেম্বর মাসের শেষ দিনে কি তাহার পূর্ব্বে নির্দ্ধার্য্য করিয়া এলাকার কমিস্যনর সাহেবের গ্রাহ্য কি সংশোধন করিবার জন্যে অর্পণ করিবেন। পরে যে ব্যক্তিরা সেই টাকা পূর্ব্বোক্তমতে দিবার যোগ্য হন, তাঁহারদের সদর জমা বুঝিয়া প্রত্যেক জনের যত দিতে হইবেক তাহা ধার্য্য করিবেন ও সেই টাকা দিবার তারিখ নিরূপণ করিবেন ইতি।

[যত টাকা আদায় করিতে হইবেক ও প্রত্যেক জনের যত টাকা ধার্য্য হয় ও যে দিনে দিতে হইবেক, তাহার সময়ান্ দিবার কথা।]

৬ ধারা। আগামি বৎসরে যত টাকা আদায় করিতে হইবেক, ও সেই টাকা দিবার যোগ্য প্রত্যেক ব্যক্তির যত দিতে হইবেক, ও তাহা দিবার যে২ দিন নিরূপণ হয়, এই সকল কথার জ্ঞাপকপত্র, প্রথম ছয় মাসের টাকা দিবার নিরূপিত দিনের অন্যূন পঞ্চদশ দিন থাকিতে, জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের কাছারীতে ও কালেক্টরী কাছারীতে লটকাইয়া দেওয়া যাইবেক ইতি।

[কোন এক ব্যক্তির উপর বৎসরে ৪০ টাকার অধিক ধার্য্য হইলে কমিস্যনর সাহেবের নিকটে আপীলের কথা ও বর্জ্জিত কথা।]

৭ ধারা। যদি কোন মাজিষ্ট্রেট সাহেব কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক এই আইনের ৫ ধারামতে কোন এক ব্যক্তির উপর বৎসরে চল্লিশ টাকার অধিক ধার্য্য হইবার আজ্ঞা করেন, তবে সেই আজ্ঞার উপর এলাকার কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক। কিন্তু টাকা ধার্য্য হইবার যে জ্ঞাপনপত্রের উপর আপীল হয়, তাহা মাজিষ্ট্রেট সাহেবের কি উক্ত অন্য কার্য্যকারকের কাছারীতে লটকান যাইবার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে কমিস্যনর সাহেবের নিকটে আপীল হইতে পারিবেক ইতি।

[Exemption from liability to pay assessment.]

VIII. It shall be lawful for such Magistrate or other Officer aforesaid, by an order to that effect, to exempt from the liability to payment of an assessment under this Act any person the sudder jumma of whose estates in any one District does not exceed fifty Rupees a year.

[টাক্স হইতে মুক্ত হওনের কথা।]

৮ ধারা। যে কোন ব্যক্তির কোন এক জিলার অন্তর্গত মহালের সদর জমা বৎসরে পঞ্চাশ টাকার অধিক না হয়, তাঁহার এই আইনমতের নির্দ্ধারিত টাক্স দিতে না হইবার আজ্ঞা করিয়া ঐ মাজিষ্ট্রেট সাহেব কি পূর্ব্বোক্ত অন্যকার্য্যকারক তাঁহাকে মুক্ত করিতে পারিবেন ইতি।

[Payment to be half yearly, and in advance: and double amount to be levied on default. Proviso.]

IX. The sums leviable under this Act shall be paid into the District Treasury half-yearly and in advance by the persons liable to pay the same; and any person or the local Agent of any person liable to pay any sum assessed under this Act, who shall refuse or shall for the space of thirty days after the day appointed for the payment thereof neglect to pay the same, shall be liable to pay double the amount so assessed, which said double amount, in default of immediate payment, shall be levied by the order of the Magistrate or of such other Officer as aforesaid by distraint and sale of moveable property of the person making default. Provided always that no person shall become liable to pay double the amount originally assessed, so long as any appeal instituted by him under Section VII. of this Act shall be pending.

[ছয়২ মাসের ঐ টাকা আগাম দিতে হইবার, ও না দিলে দ্বিগুণ আদায় হইবার কথা ও রহিত কথা।]

৯ ধারা। এই আইনমতে যে সকল টাকা আদায় হইতে পারে সেই টাকা যে ব্যক্তিরদের দিতে হয় তাঁহারা ছয়২ মাসে জিলার খাজানাখানায় আগাম দিবেন। ও এই আইনমত ধার্য্যকরা কোন টাকা যে কোন ব্যক্তির কিম্বা তাঁহার স্থানবিশেষের যে গোমাশ্তার দিতে হয়, তিনি যদি সেই টাকা দিতে স্বীকার না করেন, কিম্বা সেই টাকা দিবার নিরূপিত দিনের পর ত্রিশ দিনপর্য্যন্ত দিতে শৈথিল্য করেন, তবে তাঁহার সেইরূপ নির্দ্ধারিত টাকার দ্বিগুণ দিবার আজ্ঞা হইতে পারিবেক। ও সেই দ্বিগুণ টাকা অব্যাজে না দেওয়া গেলে, মাজিষ্ট্রেট সাহেবের কি পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারকের আজ্ঞাক্রমে ঐ বাকীদারের অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করণদ্বারা সেই টাকা আদায় হইবেক। কিন্তু যদি কোন ব্যক্তি এই আইনের ৭ ধারাক্রমে কোন আপীল উপস্থিত করেন, তবে সেই আপীলী মোকদ্দমা যত কাল নিষ্পত্তি না হয়, তত কাল-পর্য্যন্ত প্রথমে তাঁহার যত টাকা নির্দ্ধার্য্য হইয়াছিল তাহার দ্বিগুণ দিবার যোগ্য হইবেন না ইতি।

[Any surplus to be carried to credit of next year's Dawk account.]

X. If the whole of the sum raised for the service of any one year be not actually required for that service, the surplus shall be placed to the credit of the Zemindary Dawk account for the next ensuing year, and shall go in reduction of the total sum to be levied for the service of that year under this Act: and when a double amount is levied under the last preceding Section, so much thereof as is in excess of the sum for which the person from whom it is levied was in the first instance assessed, shall in like manner be placed to the credit of the next ensuing year's account and go in reduction of the total sum to be levied for that year.

[উদ্বৃত্ত টাকা আগামি বৎসরের হিসাবে জমা করিবার কথা।]

১০ ধারা। কোন বৎসরের কর্ম্মের নিমিত্তে যত টাকা আদায় হয়, তাহা সমুদয় যদি সেই বৎসরের কর্ম্মে ব্যয় না হয়, তবে সেই উদ্বৃত্ত টাকা তাহার পর বৎসরের জমীদারী ডাকের হিসাবে জমা হইবেক, ও সেই বৎসরের কর্ম্মের নিমিত্তে এই আইনমতে যত টাকা আদায় করিতে হইবেক তাহারমধ্যে ঐ উদ্বৃত্ত টাকা ধরিতে হইবে। ও যখন ইহার পূর্ব্বের ধারামতে দ্বিগুণ টাকা আদায় হয়, তখন যাঁহার স্থানে আদায় হইয়াছিল তাঁহার আদৌ নির্দ্ধারিত টাকার অতিরিক্ত টাকাও তৎপর বৎসরের হিসাবে জমা হইবেক ও সেই টাকা অনুসারে ঐ বৎসরের আদেয় টাকা ন্যূন করিয়া ধরিতে হইবেক ইতি।

[Government to frame general Rules.]

XI. The Government may from time to time frame general Rules for the guidance of the authorities and for the transport of the dawks established by this Act, provided such Rules be not incompatible with its provisions, or with the provisions of Act XVII. of 1854 (*for the management of the Post Office, for the regulation of the duties of Postage, and for the punishment of offences against the Post Office*), or with any Rules made under that Act by the Governor General of India in Council.

[সাধারণ বিধি গবর্ণমেণ্টের করিবার কথা।]

১১ ধারা। এই আইনমতে যে ডাক স্থাপন হয়, তাহার কর্ম্মকারকেরদের কার্য্যের ও সেই ডাকদ্বারা পত্রাদি চালান করিবার সাধারণ বিধি গবর্ণমেণ্ট সময়২ করিতে পারিবেন। কিন্তু সেই বিধি এই আইনের বিধানের, কিম্বা (ডাক ঘরের কর্ম্ম নির্ব্বাহার্থ ও ডাকের মাসুলের বিধান করণার্থ ও ডাক ঘরের বিরুদ্ধ অপরাধের দণ্ড করণার্থ) ১৮৫৪ সালের ১৭ আইনের বিধানের, কিম্বা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ঐ আইনক্রমে যে কোন বিধান করেন, তাহার অসঙ্গত না হয় ইতি।

[This Act not to affect contracts between Zemindars and their under-tenants.]

XII. Nothing in this Act contained shall in any way affect or alter any contract or engage-

[জমীদারেরদের ও পেটাও প্রজারদের মধ্যে যে করার হয়, তাহার সঙ্গে এই আইনের কোন সম্বন্ধ না থাকার কথা।]

১২ ধারা। কোন জমীদার আপনার অধীন কোন দখীলকারের সঙ্গে যে কোন চুক্তি কি করার করিয়াছেন কি করিবেন, তাহার সঙ্গে এই আইনের কোন প্রকারে

ment made or to be made by any Zemindar with any person holding under him.

[Act to take effect on and from first December next.]

XIII. This Act shall take effect on and from the first day of December next.

A. G. MACPHERSON,
Secy. to Govt. of Bengal,
Legislative Department.

BILLS.

THE following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 22nd March 1862, and was referred to a Select Committee who are to report thereon after the 26th of April next:—

A Bill to extend the jurisdiction of the Calcutta Court of Small Causes and to provide for the appointment of Assistant Judges of that Court.

[Preamble.]

WHEREAS it is expedient to increase the limit of the jurisdiction of the Calcutta Court of Small Causes held under Act IX. of 1850, and whereas it is necessary to provide for the appointment of Assistant Judges of the said Court; It is enacted as follows:—

[The Small Cause Court may take cognizance of suits for sums not exceeding one thousand Rupees.]

I. The jurisdiction of the Court held or to be held in the Town of Calcutta under the said Act IX. of 1850 shall extend to the recovery of any debt, damage, or demand not exceeding the sum of one thousand Rupees, and to all actions in respect thereof (except the several actions specified in the proviso in Section XXV. of the same Act), and the several powers and provisions of the said Act and all rules, orders, and regulations which have been or may be made in pursuance of the said Act, shall extend to all debts, damages, and demands which may be sued for in the said Court not exceeding the sum of one thousand Rupees, and to all proceedings and judgments for the recovery of the same or otherwise in relation thereto respectively, as fully and effectually, to all intents and purposes as the same respectively are now, or may be applicable to debts, damages, and demands, within the present jurisdiction of the said Court.

[The Small Cause Court may take cognizance of suits for sums exceeding one thousand Rupees, if the parties consent. Proviso.]

II. If both parties shall agree, by a memorandum signed by them or by their Attornies, that the said Court of Small Causes shall have power to try any action (not coming under the proviso in Section XXV. of Act IX. of 1850) in

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৫ জুলাই।]

সংসুব নাই ও তাহা এই আইনদ্বারা পরিবর্ত্তন হইবেক না ইতি।

[এই আইন আগামি ডিসেম্বর মাসের প্রথমাবধি প্রচলিত হইবার কথা।]

১৩ ধারা। এই আইন আগামি ডিসেম্বর মাসের প্রথম দিবসাবধি প্রচলিত হইবেক ইতি।

এ জি মাকফরসন।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

আইনের মুসাবিদা।

আইনের এই মুসাবিদা ১৮৬২ সালের ২২ মার্চ তারিখে আইন ও ব্যবস্থাকরণার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কৌন্সেলে পাঠ হইয়া বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইল তাঁহারা আগামি আপ্রিল মাসের ২৬ তারিখের পর তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্ষমতা বৃদ্ধি করণের ও সেই আদালতে আসিষ্টাণ্ট জজদিগকে নিযুক্ত করিবার বিধান করণের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত ১৮৫০ সালের ৯ আইনমতে স্থাপন হয় তাহার ক্ষমতা বৃদ্ধি করা বিহিত, ও উক্ত আদালতে আসিষ্টাণ্ট জজদিগকে নিযুক্ত করিবার বিধান করা আবশ্যক। এই২ হেতুতে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[ক্ষুদ্র মোকদ্দমার আদালতে এক সহস্রের অনধিক টাকার মোকদ্দমা বিচার্য্য হইবার কথা।]

১ ধারা। উক্ত ১৮৫০ সালের ৯ আইনমতে যে আদালত কলিকাতায় হইয়াছে কি হইবেক তাহার ক্ষমতা বৃদ্ধি হইবেক অর্থাৎ এক সহস্রের অনধিক ঋণের কি ক্ষতিপূরণের কি দাওয়ার টাকা সেই আদালতে আদায় হইতে পারিবেক ও তৎসম্পর্কীয় (ঐ আইনের ২৫ ধারার বর্জ্জিত কথার নির্দ্দিষ্ট নানা নালিশ ভিন্ন) সকল নালিশ হইতে পারিবেক। তাহাতে উক্ত আইনের ক্ষমতা ও বিধান, ও উক্ত আইনানুযায়ি যে সকল বিধি ও হুকুম ও ব্যবস্থা করা গিয়াছে কি করা যাইবে তাহা, উক্ত আদালতের বর্ত্তমান এলাকার অন্তর্গত সকল ঋণের ও ক্ষতিপূরণের ও দাওয়ার বিষয়ে যেরূপে খাটে কি খাটিতে পারে, সেইরূপে এক সহস্র টাকার অনধিক সকল ঋণের ও ক্ষতিপূরণের ও দাওয়ার যে নালিশ উক্ত আদালতে উপস্থিত করা যায়, ও তাহা আদায়ের নিমিত্তে কি তৎসম্পর্কীয় অন্য কার্য্যের বিষয়ে যে সকল কারকারী ও নিষ্পত্তি হয়, তদ্বিষয়ে সেই বিধানপ্রভৃতি সর্ব্বপ্রকারে সর্ব্বতোভাবে তাদৃশ সম্পূর্ণ ও সফলরূপে খাটিবে ইতি।

[উভয় পক্ষ সম্মত হইলে ক্ষুদ্র মোকদ্দমার আদালতে এক সহস্র টাকার অধিকের মোকদ্দমা বিচার্য্য হইবার কথা ও বর্জ্জিত কথা।]

২ ধারা। ১৮৫০ সালের ৯ আইনের ২৫ ধারার বর্জ্জিত কথার নির্দ্দিষ্ট মোকদ্দমাভিন্ন কোন মোকদ্দমায় সহস্র টাকার অধিক ও আদায় করিবার উদ্যোগ হইলে, যদি উভয় পক্ষ আপনারা কি আপনারদের উকীলেরদের দ্বারা লেখাপড়াতে দস্তখৎ করিয়া ক্ষুদ্র মোকদ্দমার

which the sum sought to be recovered shall exceed the sum of one thousand Rupees, then and in such case the said Court shall have jurisdiction and power to try such action. Provided always that the said parties or their Attornies shall state in their said memorandum of agreement, that they know such cause of action to be above the said sum, and provided that such memorandum shall be filed with the Clerk of the said Court at the time of filing the plaint of the plaintiff.

[Judges shall reserve case for opinion of Supreme Court when they have doubts themselves or when either of the parties require them to do so. Proviso. Costs of sending up the case to be at the discretion of the Supreme Court.]

III. In any cause of an amount to which jurisdiction is given to the Calcutta Court of Small Causes by this Act, the Judges of the said Court shall reserve any question of law or equity or any question as to the admission or rejection of any evidence, as to which they shall entertain any doubts or which they shall be requested by either party to the suit to reserve for the opinion of the Supreme Court, and shall give judgment contingent upon the opinion of the said Supreme Court on a case which they shall thereupon be entitled to state to the said Court. If only two Judges sit together and shall differ in opinion, the question on which they differ shall be so reserved. Provided always that when judgment contingent upon the opinion of the Supreme Court is given against a defendant, such defendant shall forthwith give security, to be approved by the Clerk of the Court, for the costs of the reference to the Supreme Court, and for the amount of the judgment; provided nevertheless, that such security, so far as regards the amount of the judgment, shall not be required in any case where the Judge of the Court of Small Causes who tried the suit shall have ordered the defendant to pay the amount of such judgment into the hands of the Clerk of the said Court, and the same shall have been paid accordingly; and the said Supreme Court may either order a new trial on such terms as it thinks fit, or may order judgment to be entered for either party, as the case may be, and may make such order with respect to the costs of reserving the question and stating the same for their opinion, and otherwise arising thereout or connected therewith, as such Supreme Court may think proper. And all orders made by the Supreme Court under this Section shall be final.

[The Small Cause Court to issue distresses for rents not exceeding 1,000 Rupees in extension of powers given under Act VII. of 1847.]

IV. The powers and provisions of Act VII. of 1847 to regulate distresses for small rents in Calcutta shall be extended to the recovery of all arrears of rent not exceeding one thousand Rupees,

[*Government Gazette*, 15*th July*, 1862.]

আদালতে সেই মোকদ্দমার বিচার হইবার বিষয়ে সম্মত হন, তবে তদ্রূপ স্থলে সেই আদালত সেই মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন ও শক্তিবন্ত হইবেন। কিন্তু এমন স্থলে প্রয়োজন যে ঐ মোকদ্দমার হেতু উভয় পক্ষ সহস্র টাকার অধিক জানেন এই কথা ঐ উভয় পক্ষ কি তাঁহারদের উকীলেরা আপনারদের উক্ত সম্মতির লিপিতে লেখেন, আরো প্রয়োজন যে বাদির নালিশের আরজী উপস্থিত করণ সময়ে সেই লিপি উক্ত আদালতের ক্লার্ক সাহেবকে দেওয়া যায় ইতি।

[জজেরদের কোন সন্দেহ হইলে কিম্বা কোন পক্ষ প্রার্থনা করিলে জজেরা সুপ্রীম কোর্টের মতের জন্যে মোকদ্দমা রাখিবার কথা ও বর্জ্জিত কথা, ও মোকদ্দমা অর্পণ করিবার খরচ সুপ্রীম কোর্টের বিবেচনামতে ধার্য্য হইবার কথা।]

৩ ধারা। কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি যত টাকার মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা এই আইনমতে দেওয়া গেল, তত টাকার কোন মোকদ্দমায়, যদি আইন কি একটিঘটিত কোন কথার বিষয়ে, কিম্বা কোন প্রমাণ গ্রাহ্য কি অগ্রাহ্য করণবিষয়ে উক্ত আদালতের বিচারকর্ত্তারদের কোন সন্দেহ থাকে, কিম্বা যদি মোকদ্দমার কোন পক্ষ প্রার্থনা করে যে সুপ্রীম কোর্টের মত জানিবার জন্যে সেই বিষয় স্থগিত রাখা যায়, তবে ঐ আদালত সেই বিষয় স্থগিত রাখিবেন এবং উক্ত সুপ্রীমকোর্টের সম্মতির অপেক্ষাতে আপনার নিষ্পত্তি প্রকাশ করিবেন ও তদ্রূপ স্থলে তাঁহারা সেই মোকদ্দমার বৃত্তান্ত উক্ত আদালতে জ্ঞাপন করিতে পারিবেন। কেবল দুই জন জজ একত্র উপবিষ্ট হইলে যদি তাঁহারদের মতের অনৈক্য হয়, তবে যে বিষয়ে মতের বিভিন্নতা হয়, সেই বিষয়ও উক্ত প্রকারে স্থগিত থাকিবে। কিন্তু সুপ্রীম কোর্টের সম্মতির অপেক্ষায়, যে নিষ্পত্তি হয়, তাহা যদি আসামীর বিপক্ষ হয় তবে সুপ্রীম কোর্টে সেই মোকদ্দমা সমর্পণ করিবার খরচ ও নিষ্পত্তিতে যত টাকার আজ্ঞা হয় তত টাকা দিবার জামিন সেই আসামীর অগৌণে দিতে হইবেক। আদালতের ক্লার্ক সাহেবের বিবেচনামতে সেই জামিন গ্রাহ্য হইবেক। কিন্তু ক্ষুদ্র মোকদ্দমার আদালতের যে জজ সাহেব ঐ মোকদ্দমার বিচার করেন, তিনি যদি আসামীকে সেই ডিক্রীর টাকা আদালতের ক্লার্ককে দিতে আজ্ঞা করেন ও যদি তদনুসারে সেই টাকা দেওয়া গিয়া থাকে, তবে ঐ ডিক্রীর টাকাসম্পর্কে ঐ জামিন দিবার আজ্ঞা হইবেক না। পূর্ব্বোক্ত স্থলে উক্ত সুপ্রীম কোর্ট যে নিয়ম উপযুক্ত বোধ করেন সেই নিয়মানুসারে নূতন বিচার হইবার আজ্ঞা করিবেন, অথবা বিষয় বুঝিয়া কোন একপক্ষের তরফ ডিক্রী হইবার আজ্ঞা করিবেন। ও পূর্ব্বোক্ত কোন কথা স্থগিত রাখিয়া তাঁহারদের মত জানিবার জন্যে অর্পণ করণ সম্পর্কীয় খরচের ও তদুৎপন্ন কিম্বা তদ্ঘটিত যে কোন খরচ হয় তদ্বিষয়ের যে আজ্ঞা সুপ্রীম কোর্ট উপযুক্ত বোধ করেন তাহা করিতে পারিবেন। ও সুপ্রীম কোর্ট এই ধারাক্রমে যে সকল আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবেক ইতি।

[১৮৪৭ সালের ৭ আইনমতে যে ক্ষমতা দেওয়া যায় তদতিরিক্ত ১০০০৲ টাকার অনধিক ভাড়ার নিমিত্তে ক্রোকের পরওয়ানা জারী করিতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ক্ষমতার কথা।]

৪ ধারা। শহর কলিকাতার অল্প ভাড়ার নিমিত্তে ক্রোকের বিষয়ি নিয়ম করিবার যে ক্ষমতা ও বিধান ১৮৪৭ সালের ৭ আইনে নির্দ্দিষ্ট হইয়াছে তাহা সহস্র টাকার অনধিক সকল বাকী ভাড়া আদায়ের কার্য্যে

and the Judges of the Calcutta Court of Small Causes under Act IX. of 1850 shall be empowered to exercise within their jurisdiction the extended powers of the said Act VII. of 1847; and the said Act shall be construed as if, instead of Calcutta and the Settlement of Fort William in Bengal, the limits of the jurisdiction of the Court had been therein mentioned, and the Judges of the Calcutta Court of Small Causes under Act IX. of 1850 instead of the Commissioners of the Court therein mentioned, and the amount of one thousand Rupees instead of one hundred Rupees, and the forms contained in the Schedule annexed to the said Act VII. of 1847 shall be altered accordingly, and shall refer to Act IX. of 1850 and to this Act instead of Act VII. of 1847.

[Law as to recovery of small tenements extended to cases not exceeding 1,000 Rupees.]

V. The powers and provisions of Section XCI. of Act IX. of 1850 are hereby extended so as to apply to the case of any person who shall hold or occupy any house, land, or tenement of which the value or the rent payable in respect thereof does not exceed the rate of one thousand Rupees, and the said Section XCI. of Act IX. of 1850 shall be read as if the words "five hundred" were omitted and the words "one thousand" substituted for them.

[No costs in cases brought in the Supreme Court when verdict is for less than 1,000 Rupees unless Judge certifies, &c.]

VI. If any action shall after the passing of this Act be commenced in the Supreme Court, for any cause other than those specified in Section C. of Act IX. of 1850, for which a summons might have been taken out from a Court held under the said Act IX. of 1850 or under this Act and a verdict shall be found for the plaintiff for a sum less than one thousand Rupees if the said action is founded on contract, or less than 300 Rupees if it is founded on wrong, the plaintiff shall have judgment to recover such sum only, and no costs, and if a verdict shall not be found for the plaintiff, the defendant shall be entitled to his costs as between attorney and client, unless in either case the Judge who shall try the case shall certify on the back of the record that by reason of the difficulty, novelty, or general importance of the case, or of some erroneous course of decisions in like cases in the Court of Small Causes, the action was fit to be brought in the Supreme Court.

[In suit in Supreme Court against Officer of Court if no verdict for more than 1,000 Rupees, no costs allowed unless Judge shall certify, &c.]

VII. If any person shall bring any suit in the Supreme Court in respect of any grievance committed by the Clerk, Bailiff, or Officer of any Court held at Calcutta under Act IX. of 1850, or under

প্রচলিত হইবেক। ও ১৮৫০ সালের ৯ আইনমত কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারপতিরা আপনং এলাকার মধ্যে ১৮৪৭ সালের উক্ত ৭ আইনের বিস্তৃত ক্ষমতাক্রমে কার্য্য করিতে সক্ষম হইবেন। ও সেই আইনেতে, কলিকাতা নগর ও "বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর মধ্যে" এই কথা লিখিত না হইয়া ঐ আদালতের এলাকার সীমা তাহাতে ব্যক্ত থাকিলে, ও কোর্টের কমিস্যনরেরা এই কথা লিখিত না হইয়া "১৮৫০ সালের ৯ আইনমত কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচারপতিগণ" এই কথা ব্যক্ত থাকিলে, ও এক শত টাকার পরিবর্ত্তে এক সহস্র টাকা লিখিত হইলে, ঐ আইনের অর্থ যে রূপে করিতে হয় সেইরূপে করিতে হইবেক ও ১৮৪৭ সালের উক্ত ৭ আইনসংযুক্ত তফসীলের পাঠ তদনুসারে পরিবর্ত্তন করিতে হইবেক, ও তাহাতে ১৮৪৭ সালের ৭ আইনের উল্লেখ না হইয়া ১৮৫০ সালের ৯ আইন ও এই আইনের উল্লেখ হইবে ইতি।

[ক্ষুদ্র বসত বাটীর অধিকার পাইবার বিধি সহস্র টাকার অনধিকের মোকদ্দমায় খাটিবার কথা।]

৫ ধারা। ১৮৫০ সালের ৯ আইনের ৯১ ধারার নির্দ্দিষ্ট ক্ষমতা ও বিধান এই ধারাক্রমে বিস্তৃত হইয়া, যাহার মূল্য কি যাহার ভাড়া এক সহস্র টাকার অধিক নয় এমত কোন ঘরের কি ভূমির কি বসত বাটীর দখীলকারের কি রাশেদ্দার প্রতি খাটিবে, ও ১৮৫০ সালের ৯ আইনের উক্ত ৯১ ধারাতে "পাঁচ শত টাকা" এই কথা বর্জ্জিত হইয়া তৎপরিবর্ত্তে "এক সহস্র টাকা" লেখা হওয়ার ন্যায় এ ধারা পাঠ করিতে হইবেক ইতি।

[জজ সাহেবের সর্টিফিকটপ্রভৃতি না হইলে, সুপ্রীম কোর্টে উপস্থিত করা যে মোকদ্দমার এক সহস্রের ন্যূন টাকার ডিক্রী হয়, তাহাতে খরচা না লাগিবার কথা।]

৬ ধারা। এই আইন প্রচলিত হওনের পরে, ১৮৫০ সালের ৯ আইনের ১০০ ধারার নির্দ্দিষ্ট কোন হেতু ভিন্ন অন্য হেতুতে যদি কোন মোকদ্দমা সুপ্রীম কোর্টে আরম্ভ হয়, কিন্তু সেই মোকদ্দমায় ১৮৫০ সালের উক্ত ৯ আইনমতের কিম্বা এই আইনমতের আদালতহইতে সমন লওয়া যাইতে পারিত, ও সেই মোকদ্দমা কোন চুক্তিমূলক হইয়া যদি ফরিয়াদীর পক্ষে এক সহস্রের ন্যূন টাকার ডিক্রী হয়, কিম্বা অপকারমূলক হইলে যদি তিন শতের ন্যূন টাকার ডিক্রী হয়, তবে ফরিয়াদীর পক্ষে খরচাবিনা কেবল সেই টাকা আদায় করিবার ডিক্রী হইবেক। যদি ফরিয়াদীর পক্ষে ডিক্রী না হয়, তবে মওক্কেলের স্থানে উকীল যেরূপে খরচা পাইতে পারে আসামী সেইরূপে খরচা আদায় করিতে পারিবেক। কিন্তু পূর্ব্বোক্ত কোন স্থলে যে বিচারপতি মোকদ্দমার বিচার করেন, তিনি যদি রিকার্ডের পৃষ্ঠে এই মর্ম্মের সর্টিফিকট লেখেন যে, মোকদ্দমা অতি কঠিন কিম্বা নব্য প্রকারের কিম্বা সর্ব্বসাধারণের পক্ষে গুরুতর আছে অথবা ক্ষুদ্র মোকদ্দমার আদালতে তদ্রূপ মোকদ্দমার নিষ্পত্তির কোন ভ্রম হইয়া থাকে এই কারণে তাহা আদৌ সুপ্রীম কোর্টে উপস্থিত করা উচিত, তবে সেই স্থলে এই ধারা খাটিবে না ইতি।

[আদালতের কোন কর্ম্মকারকের বিপক্ষে সুপ্রীম কোর্টে মোকদ্দমা হইয়া যদি সহস্রের অনধিক টাকার ডিক্রী হয়, তবে জজ সাহেব সর্টিফিকটপ্রভৃতি না দিলে খরচার হুকুম না হইবার কথা।]

৭ ধারা। ১৮৫০ সালের ৯ আইনমতে কিম্বা এই আইনমতে কলিকাতা নগরে স্থাপিত কোন আদালতের ক্লার্ক কি বেলিফ কি কর্ম্মকারক কোন অন্যায় করাতে কিম্বা উক্ত আদালতের পরওয়ানা জারী করিবার কোন

this Act, or under color or pretence of the process of the said Court, and upon the trial of the action no greater damages shall be found for the plaintiff than the sum of one thousand Rupees, no cost shall be awarded to the plaintiff in such action unless the Judge shall certify in Court, upon the back of the record, that the action was fit to be brought in the Supreme Court.

[Fees payable to Barristers and Attorneys in suits tried under this Act.]

VIII. The fees to be taken by Barristers at Law and Attorneys practising in the said Court, in cases brought within the jurisdiction given by this Act, shall be as follows :—an Attorney shall be entitled to have or recover a sum not exceeding fifty-one Rupees for his fees and costs, and in no case shall any fee exceeding eighty-five Rupees be allowed for employing a Barrister as Counsel in the cause. The expense of employing a Barrister, or an Attorney, or both a Barrister and an Attorney, either by plaintiff or defendant, shall not be allowed as costs, unless by order of the Judge and the Judges of the said Court shall from time to time determine in what cases such expenses shall be so allowed.

[Fees payable to the Court of Small Causes in suits under this Act.]

IX. There shall be payable in the Calcutta Court of Small Causes in every cause of an amount to which jurisdiction is given to the said Court by this Act, the fees set forth in the Schedule hereto annexed, besides the sum of two annas in the Rupee on the amount of the sum claimed, which fee shall be paid over to the same account as that to which the fees payable under Section XIX. of Act IX. of 1850 are paid over.

[Government may appoint Assistant Judges with jurisdiction in suits for sums not exceeding 50 Rupees.]

X. The Lieutenant Governor of Bengal may appoint as many persons as may be necessary to be Assistant Judges of the said Court of Small Causes. Every such Assistant Judge shall in causes for an amount not exceeding fifty Rupees instituted under the provisions of Act IX. of 1850 have the same jurisdiction and powers and shall be subject to the same rules in all respects as Judges of the said Court appointed under Section VIII. of that Act. But no Assistant Judge shall have any jurisdiction whatever in any cause instituted for the recovery of an amount exceeding fifty Rupees.

[One of Judges appointed under Act IX. of 1850 to be styled First Judge; and to arrange the distribution of business among the other Judges, &c. And to report arrangements to Supreme Court for approval.]

XI. Of the Judges appointed under Section VIII. of the said Act IX. of 1850, the one who is a Barrister at law or Advocate of one the Supreme

ছলনায় কি ওছরে অন্যায় করাতে, যদি কোন ব্যক্তি তদ্বিষয়ের মোকদ্দমা সুপ্রীম কোর্টে উপস্থিত করেন ও সেই মোকদ্দমার বিচার হইয়া যদি ফরিয়াদীর পক্ষে ক্ষতিপূরণার্থে এক সহস্রের অধিক টাকার ডিক্রী না হয়, তবে সেই মোকদ্দমা সুপ্রীম কোর্টে উপস্থিত করিবার উপযুক্ত মোকদ্দমা এই মর্ম্মের সর্টিফিকট বিচারপতি রিকার্ডের পৃষ্ঠে আদালতে না লিখিলে, সেই মোকদ্দমায় ফরিয়াদীর পক্ষে খরচার হুকুম হইবেক না ইতি।

[এই আইনমতের মোকদ্দমায় বারিষ্টর ও টর্ণিদের ফীসের কথা।]

৮ ধারা। এই আইনক্রমে যে ক্ষমতার সীমা নিরূপণ হইয়াছে সেই সীমার অন্তর্গত মোকদ্দমায় যে বারিষ্টর সাহেবেরা ও টর্ণিরা উক্ত আদালতে স্বং কর্ম্ম করেন, তাঁহারা পশ্চাৎ নিয়মমতে ফীস লইবেন, অর্থাৎ টর্ণি আপন ফীস ও খরচা বলিয়া একায় টাকার অধিক প্রাপ্ত হইতে কি আদায় করিতে পারিবেন না, ও মোকদ্দমায় যদি বারিষ্টর সাহেবকে কৌন্সেলীস্বরূপে নিযুক্ত করা যায়, তবে তাঁহার পঁচাশী টাকার অধিক ফীস লইবার অনুমতি হইবে না। বিচারপতির আজ্ঞা না হইলে, ফরিয়াদী কি আসামী যে বারিষ্টরকে কি টর্ণিকে কিম্বা বারিষ্টর ও টর্ণি উভয়কে নিযুক্ত করেন তাঁহারদের খরচ মোকদ্দমার খরচার মধ্যে ধরিতে হইবেক না। ও সেই খরচ যে২ মোকদ্দমায় খরচার মধ্যে গণ্য হইতে পারিবে তাহা উক্ত আদালতের জজ সাহেবেরা সময়ে২ নিরূপণ করিবেন ইতি।

[এই আইনমত মোকদ্দমায় ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে ফীস দিতে হইবেক তাহার কথা।]

৯ ধারা। এই আইনদ্বারা কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যত টাকার মোকদ্দমা উপস্থিত করিবার ক্ষমতা দেওয়া গিয়াছে তদ্রূপ প্রত্যেক মোকদ্দমায় এই আইনের তফসীলের লিখিত ফীস উক্ত আদালতে দেওয়া যাইবেক। তদ্ভিন্ন যত টাকার দাবী হয় তাহার টাকাপ্রতি দুই আনা দিতে হইবেক। ও ১৮৫০ সালের ৯ আইনের ১৯ ধারামতে যে ফীস আদায় হয় তাহা যে হিসাবে জমা হইয়া থাকে সেই হিসাবে ঐ ফীস জমা হইবেক ইতি।

[গবর্ণমেণ্টদ্বারা আসিষ্টাণ্ট বিচারকর্ত্তারদের নিযুক্ত হইবার কথা ও তাঁহারদের ৫০৲ টাকাপর্য্যন্ত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতার কথা।]

১০ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব উক্ত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের আসিষ্টাণ্ট জজস্বরূপ যত ব্যক্তির আবশ্যক বোধ করেন তত ব্যক্তিকে নিযুক্ত করিবেন। ও ১৮৫০ সালের ৯ আইনের বিধানমতে পঞ্চাশ টাকার অনধিক যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহাতে ঐ আসিষ্টাণ্ট বিচারকর্ত্তারদের ঐ আইনের ৮ ধারামতে নিযুক্ত ঐ আদালতের বিচারকর্ত্তারদের তুল্য ক্ষমতা ও শক্তি থাকিবে, ও তাঁহারা সর্ব্ব বিষয়ে ঐ বিচারকর্ত্তারদের সমান বিধির অধীন থাকিবেন। কিন্তু পঞ্চাশ টাকার অধিক আদায় করিবার যে মোকদ্দমা উপস্থিত হয়, তাহাতে ঐ আসিষ্টাণ্ট বিচারকর্ত্তারদের কোন ক্ষমতা নাই ইতি।

[১৮৫০ সালের ৯ আইনমতে নিযুক্ত এক জন বিচারকর্ত্তার প্রধান জজ হইবার ও তৎকর্ত্তৃক অন্য বিচারকর্ত্তা প্রভৃতির মধ্যে কর্ম্ম বিলি করিবার নিয়ম হওনের ও সুপ্রীম কোর্টে গ্রাহ্য হওনের জন্যে রিপোর্ট করিবার কথা।]

১১ ধারা। ১৮৫০ সালের উক্ত ৯ আইনের ৮ ধারামতে যে বিচারকর্ত্তারা নিযুক্ত হন, তাঁহারদের মধ্যে যিনি বারিষ্টর হন কি ভারতবর্ষের কোন

Courts of India or of the Court of Session of Scotland shall be styled the First Judge. The First Judge shall, subject to the approval of the Judges of the Supreme Court, make such arrangements as he shall think fit with regard to the distribution of the suits and of the general business of the Court among the various Judges thereof: and he may, subject to such approval, vary such arrangements from time to time. The First Judge shall forthwith report to the Judges of the Supreme Court, for their approval, any arrangement made by him under this Section, but such arrangement shall be of force until disapproved.

এক সুপ্রীমকোর্টের কিম্বা স্কটলণ্ড দেশের সেশন কোর্টের আডবোকেট হন তিনি প্রধান জজ নামে খ্যাত হইবেন। যে সকল মোকদ্দমা উপস্থিত হয় ও আদালতের সাধারণ যে কর্ম্ম থাকে তাহা নানা বিচারকর্ত্তারদের মধ্যে বিলি করিবার বিষয়ে প্রধান জজ সাহেব যাঁর বিবেচনামতে নিয়ম করিবেন। ও সময়ে২ সেই নিয়ম পরিবর্ত্তন করিতে পারিবেন। সেই নিয়ম ও তৎপরিবর্ত্তন সুপ্রীমকোর্টের জজ সাহেবেরা গ্রাহ্য করিলে স্থির থাকিবে। প্রধান জজ সাহেব যখন এই ধারামতে কোন নিয়ম করেন, তখন সুপ্রীমকোর্টের জজ সাহেবেরদের দ্বারা গ্রাহ্য হইবার জন্যে সেই নিয়মের রিপোর্ট অব্যাজে করিবেন। কিন্তু তাঁহারা যত কাল অগ্রাহ্য না করেন তত কাল সেই নিয়ম প্রবল থাকিবে ইতি।

[New trials, &c., in cases heard by an Assistant Judge.]

[আসিষ্টাণ্ট জজ যে মোকদ্দমা শুনিয়াছেন তাহার পুনর্বিচার হইবার কথা।]

XII. In suits which have been heard by an Assistant Judge, all motions for a new trial or to alter or modify a judgment given or order made in the cause, and all new trials, shall be heard by the Assistant Judge who heard the same in the first instance, sitting together with the First Judge or such other one of the Judges appointed under Act IX. of 1850 as the said First Judge shall empower to hear such motions and new trials.

১২ ধারা। কোন আসিষ্টাণ্ট জজ যে মোকদ্দমা শুনিয়াছেন তাহার পুনর্বিচার হইবার, কিম্বা তাঁহার নিষ্পত্তি কি আজ্ঞা পরিবর্ত্তন কি অন্যথা হইবার যে সকল প্রার্থনা হয়, ও তাহার যে পুনর্বিচার হয়, তাহা আসিষ্টাণ্ট যে জজ প্রথমে ঐ মোকদ্দমা শুনিয়াছিলেন তিনি প্রধান জজ সাহেবের সঙ্গে উপবিষ্ট হইয়া, কিম্বা ১৮৫০ সালের ৯ আইনমতে নিযুক্ত অন্য যে কোন জজ উক্ত প্রধান জজ সাহেব ঐ প্রার্থনা ও নূতন বিচার শুনিতে ক্ষমতা দেন, তাঁহার সঙ্গে উপবিষ্ট হইয়া শুনিবেন ইতি।

[This Act to be read as part of Act IX. of 1850.]

[এই আইন ১৮৫০ সালের ৯ আইনের অংশমতে পাঠ হইবার কথা।]

XIII. This Act and the said Act IX. of 1850 shall be read and construed as one Act, as if the several provisions in the said Act contained, not inconsistent with the provisions of this Act, were repealed and re-enacted in this Act.

১৩ ধারা। এই আইন এবং ১৮৫০ সালের ৯ আইন একি আইনমতে পাঠ করিতে হইবেক ও তদনুসারে তাহার অর্থ করিতে হইবেক। অর্থাৎ উক্ত আইনের লিখিত যে সকল বিধান এই আইনের বিধানের অসঙ্গত নহে, তাহা সমুদয় রদ হইয়া এই আইনেতে পুনশ্চ প্রচলিত হইল এমন ভাবে ঐ দুই আইনের অর্থ একত্র ধরিতে হইবেক ইতি।

SCHEDULE OF FEES.

Sums not above.	Every Summons or Subpœna.		Warrant.	
Rupees.	Rs.	As.	Rs.	As.
600	2	4	6	0
700	2	8	7	0
800	2	12	8	0
900	3	0	9	0
1,000	3	4	10	0
Sums above 1,000 Rupees.	4 Annas additional for every 100 Rupees above 1,000 Rupees.		1 Rupee for each 100 Rupees above 1,000 Rupees.	

A. G. MACPHERSON,
Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

ফীসের তফসীল।

যত টাকার উর্দ্ধ নহে।	প্রত্যেক সমনের কি সক্কীনার।	পরওয়ানার।
টাকা।	টাকা।	টাকা।
৬০০৲	২৷৷০	৬৲
৭০০৲	২৷৷০	৭৲
৮০০৲	২৸০	৮৲
৯০০৲	৩৲	৯৲
১০০০৲	৩৷০	১০৲
১০০০৲ টাকার উর্দ্ধ	১০০০৲ টাকার উর্দ্ধ ফি শতের তদতিরিক্ত ... ৷০	১০০০৲ টাকার উর্দ্ধ ফি শতের তদতিরিক্ত ১৲ টাকা।

এ জি মাকফরসন।
লেজিসলেটিব ডিপার্টমেণ্টে
বাঙ্গলাদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE SUDDER DEWANNY ADAWLUT.

LEAVE OF ABSENCE.

The 30th June, 1862.

Baboo Bhyrub Chunder Kerr, Moonsiff of Bhutteary, Zillah Chittagong, for 14 days, from the 13th instant, under Clause 2, Section V. of the Uncovenanted Absentee Rules.

Moulvy Mohamed Natiq, Moonsiff of Mozuffurpore, for the ensuing Mohurrum holidays.

Baboo Mohun Lall Panday, Moonsiff of Ookhra, Zillah Beerbhoom, for two months, in extension of the leave granted to him on the 12th ultimo, under Clause 2, Section V. of the Uncovenanted Absentee Rules.

Baboo Poornoo Chunder Kastogree, Moonsiff of Zorwargunge, Zillah Chittagong, for one week, under Clause 2, Section V. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Registrar.*

ORDER BY THE HIGH COURT OF JUDICATURE IN BENGAL.

LEAVE OF ABSENCE.

The 11th July, 1862.

Moulvie Ali Ajmul Hossein, Moonsiff of Bahadoorgunge, Zillah Purneah, for three months, under Clause 1, Section VII. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP,
Registrar of the High Court of Judicature.

সদর দেওয়ানী আদালতের হুকুম।

ছুটী।

১৮৬২ সাল ৩০ জুন।

জিলা চাটিগাঁয়ের ভটিয়ারীর মুনসেফ শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র কর অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে বর্ত্তমান মাসের ১৩ তারিখঅবধি ১৪ দিনের ছুটী পাইয়াছেন।

মজঃফরপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ নাতিক আগামি মহরমের বন্দে ছুটী পাইয়াছেন।

জিলা বীরভূমের উখড়ার মুনসেফ শ্রীযুত বাবু মোহনলাল পাঁড়ে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে গত মাসের ১২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত দুই মাসের ছুটী পাইয়াছেন।

জিলা চাটিগাঁয়ের জরাবরগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র কাস্টগ্রী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক সপ্তাহের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

বঙ্গদেশের উপরিস্থ আদালতের হুকুম।

ছুটী।

১৮৬২ সাল ১১ জুলাই।

জিলা পুরণিয়ার বাহাদুরগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী আলী আজমল হুসেন অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

পবলিক ওর্কন ডিপার্টমেণ্ট।

১১২ নম্বর।

ফোর্ট উলিয়ম ১৮৬২ সাল ৫ জুলাই।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব অবগত হইয়াছেন যে জিলা যশোহরের নলদী পরগনার অন্তঃপাতি মহেশ খোলা ও আলাদাদপুর গ্রামের মধ্যে সরকারী কার্য্যের নিমিত্তে অর্থাৎ নড়াইলএলাকাখণ্ড ইমারৎ প্রস্তুত করণার্থে সরকারী ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক অতএব ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ঐ জিলাতে পূর্ব্বোক্ত অভিপ্রায়ে নীচের লিখিত কএক খণ্ড ভূমি লওয়া প্রয়োজন। অর্থাৎ

এলাকাখণ্ডের কাছারী বাড়ী নির্ম্মাণার্থ মহেশখোলা গ্রামে ৩/ বিঘা ।৩ আট কাঠা পরিমাণ এক খণ্ড ভূমি, তাহার উত্তর সীমা গুরুদাস রায় ও শিবচন্দ্র ঘোষের ভূমি। পূর্ব্বসীমা, চিত্র নদী। দক্ষিণ সীমা রামচন্দ্র ভক্তের ভূমি। পশ্চিম সীমা চন্দ্রকুমার রায়ের তালুকী ভূমি।

থানা করণার্থে আলাদাদপুরগ্রামে ২/ বিঘা পরিমাণ একখণ্ড ভূমি। তাহার চতুঃসীমা গুরুদাস রায়ের ভূমি, ও চিত্র নদী উক্ত জমীর এক অংশের উত্তর সীমা।

এই বিজ্ঞাপনে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের নিকটে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারামতে সম্বাদ দেওয়া যাইতেছে।

জে পি বীডল, লেপ্টেনেণ্ট কর্ণেল।

পবলিক ওর্কন ডিপার্টমেণ্ট

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

১৬১৭ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২ জুলাই।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব নীচের লিখিত স্থানে, ১৮৬০ সালের ৪২ আইনঅনুসারে ক্ষুদ্র মোকদ্দমার আদালত স্থাপন করিয়াছেন।

১ মুঙ্গের।
২ ভাগলপুর।
৩ শেরাজগঞ্জ।
৪ কুমারখালি।
৫ ফরীদপুর।
৬ রামপুরবোয়ালে।
৭ নাটোর।
৮ পাবনা।
৯ হুগলী।
১০ চাটিগাঁ।
১১ মেদিনীপুর।
১২ কটক।

পূর্ব্বোক্তআইনের ২ ধারামতে উক্ত প্রকারে স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের এলাকার এই২ সীমা নির্দ্ধারিত হইল। অর্থাৎ

মুঙ্গেরের আদালতের এলাকা, মুঙ্গেরের সদর মুনসেফের বর্ত্তমান এলাকার সমান।

ভাগলপুরের আদালতের এলাকা, ভাগলপুরের সদর মুনসেফের বর্ত্তমান এলাকার সমান।

শেরাজগঞ্জের আদালতের এলাকা, শেরাজগঞ্জের মুনসেফের এলাকার সমান।

কুমারখালীর আদালতের এলাকা, কুমারখালীর মুনসেফের এলাকার সমান।

ফরীদপুরের আদালতের এলাকা, ফরীদপুরের সদর মুনসেফের এলাকার সমান।

রামপুরবোয়ালের আদালতের এলাকা, রাজশাহীর সদর মুনসেফের এলাকার সমান।

নাটোরের আদালতের এলাকা, নাটোরের মুনসেফের এলাকার সমান।

পাবনার আদালতের এলাকা, পাবনার সদর মুনসেফের এলাকার সমান।

হুগলীর আদালতের এলাকা, শ্রীরামপুর ও হুগলীর উভয় মুনসেফের এলাকার সমান।

কটকের আদালতের এলাকা, কটকের সদর মুনসেফের এলাকার সমান।

চাটিগাঁয়ের আদালতের এলাকা, চাটিগাঁয়ের সদর মুনসেফের এলাকার সমান।

মেদিনীপুরের আদালতের এলাকা, মেদিনীপুরের সদর মুনসেফের এলাকার সমান।

নিয়োগ।

১৮৬২ সাল ১ জুলাই।

শ্রীযুত মৌলবী মহম্মদ রাফিক মুঙ্গেরে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী ওয়াহিদুদ্দীন ভাগলপুরে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু প্যারিমোহন বাঁড়ুয্যা শেরাজগঞ্জে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন ও পাবনাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু দিগম্বর বিশ্বাস কুমারখালীতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন ও পাবনাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু উপেন্দ্রচন্দ্র ন্যায়রত্ন ফরীদপুরে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু আনন্দচন্দ্র বাঁড়ুয্যা রাজশাহীতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ ডবলিউ লিণ্টন সাহেব (Mr. W. W. Linton,) নাটোরে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ রাইট সাহেব (Mr. W. Wright,) পাবনাতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন, ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু পঞ্চানন বাঁড়ুয্যা হুগলীতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী নাজিরউদ্দীন মহম্মদ কটকে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন, ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু কালীকিঙ্কর রায় চটিগাঁয়ের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন, ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু বেণীমাধব সোম মেদিনীপুরে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি ডি লিণ্টন সাহেব (Mr. C. D. Linton,) চুয়াডাঙ্গার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন।

শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র মুরশিদাবাদের ক্ষুদ্র মোক-

দ্দমার আদালতের জজ হইবেন ও ঐ জিলাতে প্রধান সদর আমীনের ক্রমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু নবীনকৃষ্ণ পালিত মেহেরপুরে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ হইবেন, ও নদীয়াতে প্রধান সদর আমীনের ক্রমতাক্রমে কর্ম্ম করিবেন।

নীচের লিখিত প্রধান সদর আমীনেরা প্রধান সদর আমীনেরদের প্রথম শ্রেণীভুক্ত হইয়াছেন। অর্থাৎ

চব্বিশ পরগনার শ্রীযুত বাবু তারক নাথ সেন। ও

পূরণিয়ার শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র চৌধুরী। ও

বীরভূমের শ্রীযুত বাবু শ্রীনাথ বিদ্যাবাগীশ। ও

ত্রিহুতের শ্রীযুত মৌলবী নাজির উদ্দীন মহম্মদ।

শ্রীযুত বাবু জগবন্ধু বাঁড়ুয্যা ত্রিপুরার প্রধান সদর আমীনী পদে নিযুক্ত হইয়াছেন ও ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্রমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু কৈলাস চন্দ্র দে চব্বিশ পরগনার দ্বিতীয় প্রধান সদর আমীন হইবেন ও ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে ডাকষ্টা সাহেব (Mr. J. DaCosta,) রাজশাহীর সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা মুরশিদাবাদের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

নীচের লিখিত মুনসেফেরা প্রথম শ্রেণী ভুক্ত হইয়াছেন। অর্থাৎ

শ্রীযুত বাবু রসিকলাল বসু। ও

শ্রীযুত বাবু গঙ্গাচরণ সরকার।

শ্রীযুত মৌলবী আলী আজীম বেহারের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী হরাদৎ আলী শাহাবাদের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু হরচন্দ্র চাটুয্যা পশ্চিম বর্দ্ধমানের প্রধান সদর আমীন হইবেন

শ্রীযুত মৌলবী ইমদাদ আলী ত্রিহুতের দ্বিতীয় প্রধান সদর আমীন হইবেন ও ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্রমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত মৌলবী ইত্রৎ হুসেন সারণের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত মৌলবী আনর আলী পূরণিয়ার প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু তারাকান্ত বিদ্যাসাগর বাকরগঞ্জের প্রধান সদর আমীন হইবেন।

শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম রঙ্গপুরের প্রধান সদর আমীন হইবেন ও ঐ জিলাতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্রমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু হরগৌরী বসু চাটিগাঁয়ের প্রধান সদর আমীন হইবেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১ জুলাই।

১৮৬২ সালের আপ্রিল মাসের ১৫ তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২২ তারিখের বাঙ্গলা গেজেটে প্রকাশ হয় তদতিরিক্ত শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব আজ্ঞা করিয়াছেন যে পোলীসের বিধি করণার্থে ১৮৬১ সালের ৫ আইন ছোট নাগপুর এলাকায় প্রবল হয়, সেই এলাকার সামিল এই২ জিলা। অর্থাৎ

হাজারিবাগ।

লোহারডগা।

মানভূম।

সিংহভূম।

নিয়োগ।

১৮৬২ সাল ১ জুলাই।

মেজর শ্রীযুত টি রাট্রে সাহেব (Major T. Rattray,) প্রথম শ্রেণীর ডেপুটী ইনসেপক্টর জেনরল হইয়া ছোট নাগপুর এলাকার কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

লেপ্টেনেণ্ট টি এচ লুইন সাহেব (Lieutenant T. H. Lewin,) হাজারিবাগে তৃতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ পি ডেবিস সাহেব (Mr. W. P. Davies,) লোহারডগাতে তৃতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত টি এচ বটান্‌শ সাহেব (Lieutenant T. H. Buttanshaw,) মানভূমে তৃতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এস এ টি জজ সাহেব (Lieutenant S. A. T. Judge,) সিংহভূমে দ্বিতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

দ্বিতীয় শ্রেণীর ডেপুটী ইনসেপক্টর জেনরল কাপ্তান শ্রীযুত এ ডবলিউ পিক্সলী সাহেব (Captain A. W. Pixley,) বর্দ্ধমান এলাকার কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

প্রথম শ্রেণীর ডেপুটী ইনসেপক্টর জেনরল মেজর শ্রীযুত জে আর পিউ সাহেব (Major J. R. Pughe,) পাটনা এলাকার কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

কাপ্তান শ্রীযুত ডি এচ অসবর্ণ (Captain D. H. Osborn,) বর্দ্ধমানের দ্বিতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

কাপ্তান শ্রীযুত ডবলিউ টি ফেগান সাহেব (Captain W. T. Fagan,) বীরভূমে দ্বিতীয় শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ই জে শটলওরার্থ সাহেব (Mr. E. J. Shuttleworth,) বাঁকুড়াতে প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন ও ঐ জিলার কর্ম্মের ভার পাইয়াছেন।

প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত জি বর্ণার্ড জনষ্টন সাহেব (Lieutenant G. Bernard Johnston,) চম্পারণ জিলার কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

সারণের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত আর এম স্কিনার সাহেব (Lieut. R. M. Skinner,) ঐ জিলার কর্ম্মের ভার প্রাপ্ত হইবেন।

মুঙ্গেরের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ টি প্লাটস সাহেব (Mr. F. T. Platts,) ঐ জিলার কর্ম্মের ভারপ্রাপ্ত হইবেন।

১৬৪৯ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২৭ জুন।

হুগলীর অনরারি মাজিষ্ট্রেট শ্রীযুত জি স্মিথ সাহেব (Mr. G. Smith,) ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

প্রথম অর্থাৎ উত্তরাংশের জরীপী কার্য্যের ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট রেবিনিউ সরবেয়র শ্রীযুত আর বি স্মার্ট সাহেব (Mr. R. B. Smart,) আগামি মাসের ১ তারিখ-অবধি রেবিনিউ সরবেয়র হইবেন।

১৮৬২ সাল ৩০ জুন।

রঙ্গপুরের বুদিয়াখালীর একটি২ মুনসেফ শ্রীযুত বাবু মহানন্দ রায় ঐ জিলাতে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইছেন।

১৮৬২ সাল ১ জুলাই।

শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র চৌধুরী জিলা পূর্ব্ব বর্দ্ধমানের প্রধান সদর অমীন হইবেন।

১৮৬২ সাল ৫ জুলাই।

শ্রীযুত জে ফর্লং সাহেব (Mr. J. Forlong,) ত্রিহুতে ফেরিফণ্ড কমিটির মেম্বর হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ হৌই সাহেব (Lieutenant W. Howey,) আসামে পোলীসের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

১৮৬২ সাল ৭ জুলাই।

শ্রীযুত এফ এচ পিলু সাহেব (Mr. F. H. Pellew,) বরিশালে সাধারণের বিজ্ঞাপনীয় কমিটির সেক্রেটারী হইবেন।

সবআসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু নীলমাধব মুখোপাধ্যায় হুগলীর দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভার পাইয়াছেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু রামসুন্দর ঘোষ রাজধানীতে গোমসূর্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট জেনরল সাহেবের অধীনে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ১ জুলাই।

ত্রিহুতের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এন সি মাকনামারা সাহেব (Dr. N. C. Macnamara,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১৯ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

প্রসীডেন্সী কালেজের আইন ও ব্যবস্থা বিদ্যার অধ্যাপক শ্রীযুত ডবলিউ এ মনণ্টক সাহেব (Mr. W. A. Montriou,) গত মার্চ মাসের ১৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটির বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন। তাঁহার ছুটীপ্রযুক্ত অনুপস্থিত থাকনকালে অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত উইলসন সাহেব (Mr. Wilson,) তাঁহার কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৫ জুলাই।

ত্রিহুতের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রুদ্রপ্রসাদ গত আপ্রিল মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৩০ জুন।

বঙ্গপ্রভৃতি দেশের জেলের ইন্‌সেপেক্টর সাহেব আইনঅনুসারে আপন চক্রের মধ্যে স্বীয় পদোপলক্ষে সকল ক্ষিপ্ত ব্যক্তিরদের আশ্রয় বাটীর পরিদর্শক হন।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেব উক্ত সাহেবের অতিরিক্ত নিম্নের লিখিত কার্য্যকারক সাহেবদিগকে ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারামতে স্ব২ পদোপলক্ষে ভবানীপুরের পাগলাগারদের পরিদর্শক পদে নিযুক্ত করিয়াছেন। অর্থাৎ

মেডিকেল ডিপার্টমেণ্টের প্রধান ইন্‌সেপেক্টর জেনরল সাহেব।

কলিকাতার পোলীসের কমিস্যনর সাহেব।

চব্বিশপরগনার মাজিষ্ট্রেট সাহেব।

চব্বিশপরগনার সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক সাহেব।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৫ জুলাই।]

১৭৫১ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৮ জুলাই।

শ্রীযুত এ মনি সাহেব (Mr. A. Money, C. B.,) চাটিগাঁ এলাকার রাজস্বের ও দাবের সারেরীর কমিস্যনর হইবেন, কিন্তু অন্য হুকুম না হওন পর্য্যন্ত ভাগলপুরের ও সান্তাল পরগনার কমিস্যনরের কর্ম্ম করিতে থাকিবেন।

নিমক চৌকীর এটিং তত্ত্বাবধারক শ্রীযুত অনরবিল এচ বি ডেবিক্স সাহেব (Hon'ble H. B. Devereux,) নিমক চৌকীর তত্ত্বাবধারক হইবেন।

শ্রীযুত ই জাকসন সাহেব (Mr. E. Jackson,) নদীয়ার সিবিল ও সেশন জজ হইবেন, কিন্তু আপনার বর্ত্তমান বিশেষ কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত সি এচ কাম্বেল সাহেব (Mr. C. H. Campbell,) যশোহরের সিবিল ও সেশন জজ হইবেন, কিন্তু আপনার বর্ত্তমান বিশেষ কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত এ এ সুইণ্টন সাহেব (Mr. A. A. Swinton,) ত্রিপুরার সিবিল ও সেশন জজ হইবেন।

শ্রীযুত ডবলিউ বি বকল সাহেব (Mr. W. B. Buckle,) বাকরগঞ্জের সিবিল ও সেশন জজ হইবেন, তিনি এইক্ষণে ছুটীক্রমে অনুপস্থিত আছেন।

তমলুকের নিমকের এজেণ্ট শ্রীযুত ডি কনলিফ সাহেব (Mr. D. Cunliffe,) হিজলীর নিমকের এজেণ্ট হইবেন।

নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ জে হার্শেল সাহেব (Mr. W. J. Herschel,) প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু অন্য হুকুম না হওন পর্য্যন্ত রেবিনিউ বোর্ডের দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্ম করিতে থাকিবেন।

মেদিনীপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি জে মাকেঞ্জি সাহেব (Mr. C. J. Mackenzie,) প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

পুরীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জি এন বার্লো সাহেব (Mr. G. N. Barlow,) ঐ জিলাতে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

সারণের একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ মাকনাটন সাটেব (Mr. F. Macnaghten,) ঐ জিলাতে মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

বাঁকুড়ার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডবলিউ এস ওয়েল্‌স সাহেব (Mr. W. S. Wells,) ঐ জিলাতে দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

শ্রীযুত ই এফ লাটুর সাহেব (Mr. E. F. Lautour,) হাবড়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন, কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত পাটনার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত ই ডি লকউড সাহেব (Mr. E. D. Lockwood,) বর্দ্ধমানের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন, কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত জি এল টি হারিস সাহেব (Mr. G. L. T. Harris,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এ এম মাকগ্রিগর সাহেব (Mr. A. M. Macgregor,) দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত এচ বেল সাহেব (Mr. H. Bell,) বঙ্গ দেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী হইবেন, কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত যশোহরে ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজের কর্ম্ম করিতে থাকিবেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিৎ ছোট সেক্রেটারী শ্রীযুত জে গিওগান সাহেব (Mr. J. Geoghegan,) ছোট সেক্রেটারী হইবেন।

শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E. T. Trevor,) ১৮৬০ সালের ৩২ আইনমতে কলিকাতা শহরে খাস কমিস্যনরের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৯ জুলাই।

শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr. J. P. H. Ward,) ১৮৬০ সালের ৩২ আইনমতে কলিকাতা শহরে কমিস্যনর বোর্ডের মেম্বর হইবেন।

শ্রীযুত জি ই মাকজিল সাহেব (Mr. G. E. MakGill,) মেদিনীপুরে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটীর মেম্বর হইবেন।

নীচের লিখিত কর্ম্মকারকেরা ১৮৩৫ সালের ৯ আইনের ২ ধারামতে ও ১৮১৯ সালের ১০ আইন ও ১৮৩৮ সালের ১৯ আইনের নির্দ্দিষ্টমতে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্টের বিচারকর্ত্তৃ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন। অর্থাৎ

হাবড়ার একটিৎ মাজিস্ট্রেট শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. P. Grant,) ও

হাবড়ার ডেপুটী মাজিস্ট্রেট শ্রীযুত মৌলবী ফেদা আলী। ও

শ্রীরামপুরের আসিস্টাণ্ট মাজিস্ট্রেট শ্রীযুত ডবলিউ আর লার্ম্মিনি সাহেব (Mr. W. R. Larminie,)

যশোহরের আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় ঐ জিলাতে ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরও হইবেন।

১৮৬২ সাল ১০ জুলাই।

শ্রীযুত আর এল মার্টিন সাহেব (Mr. R. L. Martin,) দক্ষিণ পশ্চিমাংশের বিদ্যালয়ের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়া দ্বিতীয় ইনিস্পেকটর হইবেন।

শ্রীযুত জে জি মেডলীকট সাহেব (Mr. J. G. Medlicott,) দক্ষিণ পূর্ব্বাংশের বিদ্যালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়া তৃতীয় ইনিস্পেকটর হইবেন, ও শ্রীযুত উডড্রু সাহেবের (Mr. Woodrow,) ছুটীক্রমে অনুপস্থিত থাকন কালে মধ্যখণ্ডের কর্ম্মেরও ভার পাইবেন।

শ্রীযুত জে সণ্ডার্স সাহেব (Mr. J. Saunders,) উত্তর পশ্চিমাংশের বিদ্যালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়া চতুর্থ ইনিস্পেকটর হইবেন।

শ্রীযুত বাবু ভূদেব মুখুয্যা মধ্যখণ্ডের বিদ্যালয়ের আসিস্টাণ্ট ইনিস্পেকটরের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ৮ জুলাই।

ত্রিপুরার একটিৎ জজ শ্রীযুত জি এ পেপর সাহেব (Mr. G. A. Pepper,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১৪ ধারামতে ছয় মাসের ছুটী পাইয়াছেন তদ্ভিন্ন যে বন্দরহইতে গমন করিবেন তথায় পঁহুছিবার জন্যে প্রস্তুত হইবার নিমিত্তে এক পক্ষের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৯ জুলাই।

পাটনার ডেপুটী মাজিস্ট্রেট (সাবেক ফতওয়া দায়রু) শ্রীযুত মৌলবী রামীজ উদ্দীন অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দুই সপ্তাহের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৪ জুলাই।

শাহাবাদের মাজিস্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিস্টাণ্টী পদে গত মাসের ১২ তারিখে শ্রীযুত এচ, সি, বি, সি রেবান সাহেবের (Mr. H. C. B. C. Raban,) নিযুক্ত হইবার যে কথা ছিল তাহা রহিত হইল।

১৮৬২ সাল ১০ জুলাই।

শ্রীযুত জে গিওগান সাহেব (Mr. J. Geoghegan,) বর্ত্তমান মাসের ৯ তারিখের অপরহ্নে বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারীর কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

এ ইডেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিৎ সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা বাকরগঞ্জ।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে এহার দ্বারা নমুদ দেওয়া যাইতেছে যে জেলা বাকরগঞ্জের নীচের লিখিত মহাল বকয়া সন ১২৬৮ সনের নাগায়ত কিস্তী চৈত্র ও হাল ১২৬৯ সনের নাৎ জ্যৈষ্ঠের বাকির নিমিত্তে ইৎ ১৮৬২ সনের ২৬ জুলাই মোতাবেক বাৎ ১২৬৯ সনের ১১ শ্রাবণ রোজ শনিবার অত্র কালেক্টরী কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬২ সন তাৎ ৪ জুলাই মোতাবেক ১২৬৯ সন তাৎ ২১ আষাঢ়।

২ দ্বিতীয় শ্রেণী।

এস্তমুরারি জমা ধার্য্য না হওয়া মহাল।

সাৎ নং

হাল নং ৩৯২২ সেলমাবাদ পরগনার লক্ষ মিশ্রিডাঙ্গা চক লিখিত মালিক শিবচন্দ্র রায় জমা ১২৬৩ সন ও হরসাল ৭১৬ ।৶১১ পাই।

E. TAYLER, *Offg. Collector.*

[*Government Gazette*, 15*th July*, 1862.]

জিলা মেদিনীপুর।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে মেদিনীপুর জিলার নীচের লিখিত মহাল সন ১৮৬২ সালের জুন মাসের ২৮ তারিখপর্য্যন্ত বাকী জমার নিমিত্তে সন ১৮৬২ সালের জুলাই মাসের ৩১ তারিখে মোতাবেক বাঙ্গলা সন ১২৬৯ সালের শ্রাবণ মাসের ১৬ তারিখে ও মোতাবেক আমলি সন ১২৬৯ সালের শ্রাবণ মাসের ১৭ তারিখে রোজ বৃহস্পতিবার ঐ জিলার কালেক্টরির কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক ইতি।

প্রথম শ্রেণী চিরবন্দবস্তী মহাল।

নং ১৩৫৫ মহাল কলাগেছ্যা পরগনে কাশীযোড়া লিখিত মালিক সার্থকরাম মাইতি সদর জমা ১১৪২৷৩
নং ১৮৪৫ মহাল নঞা পরগনে সবঙ্গ লিখিত মালিক চৌধুরী ব্রজমোহন শতপতি সদর জমা ৮৬৮৷২

কালেক্টরী কাছারি মেদিনীপুর তারিখ ৮ জুলাই সন ১৮৬২ সাল।

C. J. Mackenzie, *Collector.*

জিলা ঢাকা।

১৮৫৯ সনের ১১ আইনের ৬ ধারাক্রমে ইহা দ্বারায় সংসাদ দেওয়া যাইতেছে যে ঢাকা জিলার নীচের লিখিত মহাল ১৮৬২ সনের ২৮ জুনপর্য্যন্ত চলিত আইন ও আকটের দ্বারায় অন্যান্য যে২ দাওয়া বাকী জমার ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে ইঙ্গরেজী ১৮৬২ সনের ২৫ জুলাই মোতাবেক ১২৬৯ সনের ১০ শ্রাবণ তারিখে ঐ জিলার কালেকটরির কাছারিতে নীলামে ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬২ ইং তাং ২ জুলাই।

ষষ্ঠ শ্রেণী।

২০১ নম্বর। পরগনে রাজনগর চাকলে রায়পুর মুং হিং রাজকৃষ্ণ সেন জমীদারী বং বঙ্গচন্দ্র বাঁড়ুয্যা কিং গাওদিয়া ও ছত্রিশ ও ভোগদীয়া গয়রহ এলাকে থানে শ্রীনগর ও রাজাবাড়ী ও মুলকতগঞ্জ মোট সদর জমা ১৯৭৯।১ পাই এহার ষোলআনী রকমের ।/৬॥০ ক্রান্তসূর্য্যকান্ত বাঁড়ুয্যা চৌধুরী দাইকের ভোগদখলীয় স্বত্ব তাহার সদর জমা ৬৫৯৸৬৸ পাই।

Brij Mohun Dutt, *Offg. Deputy Collector.*

জিলা চব্বিশপরগনা।

এক্সেহারনামা কাছারী কালেক্টরী জিলা চব্বিশপরগনা এই যে।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারামতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলা চব্বিশপরগনার নীচের লিখিত মহালাত মালগুজারির বাকী বাবৎ ইঙ্গরাজী সন ১৮৬২ সালের ৩১ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৬৯ সাল ১৬ শ্রাবণ রোজ বৃহস্পতিবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনাওজর নীলাম ধরা যাইবেক ইংরাজী সন ১৮৬২ সাল তারিখ ১০ জুলাই মোতাবেক সন ১২৬৯ সাল তারিখ ২৭ আষাঢ়।

প্রথম শ্রেণীর এস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১৪ নং কিঃ পঃ মাগুরা ওং কিঃ চেতলা ওং লিখিত মালিক রাধাচরণ রায় ওং সদর জমা মায় খালাড়ী কোং ৮৭৮৬৶৭৸

৫৮ নং কিঃ পঃ মাগুরা কিঃ বাগীওংলিখিত মালিক অযোধ্যারাম বন্দ্যোপাধ্যায় ওং সদর জমা কোং ২০২২৷৶৬

৬২০ নং কিঃ পঃ হিলখী কিঃ হিলখী লিখিত মালিক রামং রায় ওং সদর জমা কোং ৫২৭৸৩

৬৫৩ নং পঃ সর্পরাজপুর কিঃ সর্পরাজপুর লিখিত মালিক রামচন্দ্র মুখোপাধ্যায় ওং সদর জমা কোং ৬৪৭৷৶৪

G. Bright, *Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৫ জুলাই।]

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬২ সাল তারিখ ৬ আগষ্ট বুধবার পূর্ব্বাহ্ন দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬০। ৬১ সালের উৎপন্ন আফিমের অষ্টম নীলাম হইবেক এবং ঐ নীলামে ২৪৪০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম——————১৩০৫
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম——————১১৩৫

জুমলা সিন্দুক ২৪৪০

২ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬১ সালের ৯ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬২ সালের ১১ এবং ২১ আগষ্ট এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্‌রী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ অথবা কোন রকম সরকারী মাতবর দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬২ সালের ১১ আগষ্ট সোমবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের লাট খালাসিসবরে কিস্মতের পূরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬২ সালের ২১ আগষ্ট বৃহস্পতিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরের লিখিত নীলামের ইশ্‌তেহারের পরিমাণ আফিম ভিন্ন বর্ত্তমান সনে সন ১৮৬০। ৬১ সালের উৎপন্ন বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পশ্চাৎ লিখিত তারিখহায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্র পশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যকমতে তারিখ বদল করিবেন।

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬২ সালের ৫ সেপ্টেম্বর শুক্রবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ১৫ আক্টোবর বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ১০ নবেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩০৫	১১৩৫	২৪৪০
ঐ ৪ ডিসেম্বর বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৩৫৬	১১৩৪	২৫২০
একুন	৫২৭১	৪৫৬২	৯৮৪০

বিমৌজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ
ফোর্ট উলিয়ম সন ১৮৬২ সাল তারিখ ৪ জুলাই।

হার্ডচেল। একটিং ছোট সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধ চন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

বঙ্গভাষায় পশ্চাৎ লিখিত আইন সকল কলিকাতার থাকর কোম্পানির ও পি এস ডিরোজারিও কোম্পানির পুস্তকালয়ে ও শ্রীরামপুরে গবর্ণমেণ্টের অনুবাদক শ্রী জান রাবিনসন সাহেবের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হওয়া যাইতে পারিবে।

দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ মূল্য	২ টাকা মাত্র।
দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ও ১৮৬১ সালের ২৩ আইন মূল্য	২৲ টাকা মাত্র।
ইষ্টাম্পের ১৮৬২ সালের ১০ আইন	॥০ আনামাত্র।
১৮৬২ সালের ৬ আইন মূল্য	৵ আনামাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৫ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারডেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 22, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ২২ জুলাই।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 5th March 1862, and was referred to a Select Committee with instructions to make their Report thereon in two months:—

A Bill to amend Chapter XII. of the Indian Penal Code and to provide for certain offences against the Coin.

[Preamble.]

WHEREAS it is expedient to amend Chapter XII. of the Indian Penal Code and to provide for certain offences against the Coin; It is enacted as follows:—

[Addition of Sections 254*a* and 254*b* to Chapter XII. of the Penal Code.]

I. The following Sections shall be added to the Indian Penal Code, and shall be read and taken as part of Chapter XII. thereof and shall be numbered as Sections 254*a* and 254*b* of the said Code: —

[Possession of Gold and Silver clippings or filings or Gold and Silver in bullion, solution, or otherwise, produced by impairing the Coin, with the knowledge that it was so produced.

254*a*. Whoever shall without lawful authority or excuse, (the proof whereof shall lie on the person accused), have in his possession or custody any filings or clippings or any Gold or Silver in bullion, dust, solution, or otherwise, which shall have been produced by impairing, diminishing, or lightening any Gold or Silver Coin in use or commonly received as money in British India, whether a legal tender or not, having known at the time

হোম ডিপার্টমেণ্ট।

লেজিস্লেটিব।

আইনের এই মুসাবিদা আইন ও ব্যবস্থাকরণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের মন্ত্রিসভাতে ১৮৬২ সালের ৫ মার্চ তারিখে উপস্থিত করা গেল ও বিশেষ কমিটীর প্রতি অর্পিত হইল। তাঁহারা দুই মাসের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিতে আদেশ পাইয়াছেন।

ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১২ অধ্যায় সংশোধনার্থ ও মুদ্রা বিষয়ে কোন২ অপরাধের বিধান করণার্থ আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১২ অধ্যায় সংশোধন করা ও মুদ্রা বিষয়ক কোন২ অপরাধের বিধান করা বিহিত। এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[দণ্ডবিধির আইনের ১২ অধ্যায়ে ২৫৪ক ও ২৫৪খ নম্বরের দুই নূতন ধারা দিবার কথা।]

১ ধারা। পশ্চাৎ লিখিত দুই নূতন ধারা ভারতবর্ষের দণ্ডবিধির আইনের মধ্যে দেওয়া যাইবেক ও সেই আইনের ১২ অধ্যায়ের একাংশস্বরূপ পাঠ ও জ্ঞান হইবেক, ও উক্ত আইনের ২৫৩ক ও ২৫৪খ ধারা বলিয়া গণ্য হইবেক।

[মুদ্রা লঘু করণদ্বারা সোণা কি রূপার যে ছাট কি গুঁড় কিম্বা খুদ্রং খণ্ড কি যে সোণা কি রূপা গলিত করিয়া কি অন্য প্রকারে পাওয়া যায়, তাহা সেইরূপে পাওয়া গিয়াছে জানিয়া, নিকটে রাখণের কথা।]

২৫৪ক ধারা। সোণার কি রূপার কোন মুদ্রা আইনমতের চলন মুদ্রা হইলে কি না হইলেও যদি তাহা ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে মুদ্রাস্বরূপে ব্যবহার হয় কি সামান্যতঃ গ্রাহ্য হয়, তবে সেই মুদ্রা অল্প মূল্য করণদ্বারা কি ন্যূন কি লঘু করণদ্বারা যে কোন গুঁড় কি ছাট কিম্বা সোণার কি রূপার যে চাক্কি কি ধূলা কি গলিত কি রূপান্তরের সোণা কি রূপা আইনমতের ক্ষমতা কি হেতুবিনা কোন ব্যক্তির অধিকারে কি রক্ষণে থাকে, (ও সেই ক্ষমতা কি হেতু আইনসিদ্ধ হওয়ার প্রমাণ ঐ অভিযুক্ত ব্যক্তিরই

when he became possessed thereof, that the same was produced or obtained by impairing, diminishing, or lightening any Coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to three years, and shall also be liable to fine, and if the Coin impaired, diminished, or lightened be the Queen's Coin, shall be punished with imprisonment of either description for a term which may extend to five years, and shall also be liable to fine.

[Possession without lawful authority or excuse of any greater number than five pieces of counterfeit Coin, or of Coin diminished in weight otherwise than by lawful wearing.]

254*b*. Whoever, without lawful authority or excuse (the proof whereof shall lie on the person accused), shall have in his possession or custody any greater number than five pieces of counterfeit Coin or of Coin diminished in weight otherwise than by lawful wear, shall be punishable with fine which may extend to forty Rupees and shall not be less than ten Rupees for every such piece of Coin which shall be found in the possession or custody of such person, besides forfeiting such Coin.

[The above Sections how to be described in proceedings or judgments.]

II. In any proceedings or judgments under the said Indian Penal Code, or under the Code of Criminal Procedure, it shall be sufficient to describe the said Sections as Sections 254*a* and 254*b* of the Indian Penal Code.

[Punishment of European British subjects.]

III. Any person, whether a European British subject or not, who shall be guilty of the offence described in the said section 254*b* of the Indian Penal Code, as hereinbefore set forth, shall be punishable for such offence by any Magistrate of Police in any of the Presidency Towns of Calcutta, Madras, or Bombay, or by any Magistrate, Joint Magistrate, or Subordinate Magistrate or Officer lawfully exercising any of the powers of a Magistrate, within whose jurisdiction the Coin or the person charged may be found.

[Proviso.]

(2.) Provided that in such case it shall not be competent to a Subordinate Magistrate of the 2nd class to impose a fine exceeding 100 Rupees, or to a Subordinate Magistrate of the 1st class to impose a fine exceeding 500 Rupees. But it shall be competent to the Magistrate, or Joint Magistrate of a District, or to any Officer authorized to exercise the powers of a Magistrate to impose a fine to the full extent authorised by the said Section 254*b*.

[Mode of punishment by Magistrate of Police.]

(3.) Any person hereby punishable by a Magistrate of Police, shall be punishable by summary conviction according to the provisions of Act XIII. of 1856 (*for regulating*

করিতে হইবেক) তাহা যে সময়ে সেই ব্যক্তির অধিকারে আইল সেই সময়ে যদি জানিত, যে কোন মুদ্রা অল্প মূল্য করণদ্বারা কি ন্যূন কি লঘুকরণদ্বারা ঐ সোণার কি রূপার ছাটপ্রভৃতি উৎপন্ন হইয়াছে কি প্রাপ্ত হওয়া গিয়াছে, তবে সেই ব্যক্তি তিন বৎসরের অনধিক কোন কাল কোন এক প্রকারে কয়েদ হইবেক, তাহার অর্থদণ্ডও হইতে পারিবেক, ও যে মুদ্রা অল্পমূল্য করা যায় কি ন্যূন কি লঘু করা যায়, তাহা যদি মহারাণীর মুদ্রা হয়, তবে সেই ব্যক্তি পাঁচ বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কোন এক প্রকারে কারাবদ্ধ হইবেক তাহার অর্থদণ্ডও হইতে পারিবেক।

[কৃত্রিম, কিম্বা ন্যায্যমতে ব্যবহার হইয়া ক্ষয় পাইয়াছে, এমত পাঁচ মুদ্রার অধিক আইনসিদ্ধ ক্ষমতা কি হেতুভিন্ন কোন ব্যক্তির নিকটে থাকনের কথা।]

২৫৪খ ধারা। কৃত্রিমমুদ্রার কিম্বা ন্যায্যমতের ব্যবহারভিন্ন যাহার ন্যূন ওজন হইয়াছে এমত মুদ্রার পাঁচটার অধিক যদি আইনসিদ্ধ ক্ষমতা কি হেতুভিন্ন কোন ব্যক্তির অধিকারে কি রক্ষণে পাওয়া যায় (ও সেই ক্ষমতা কি হেতু আইনসিদ্ধ হওয়ার প্রমাণ অভিযুক্ত ব্যক্তিরই করিতে হইবে) তবে সেই সকল মুদ্রা জব্দ হইবেক, ও তাহার অধিকারে, কি রক্ষণে যত মুদ্রা পাওয়া যায় তাহার প্রত্যেক মুদ্রার উপর তাহার চল্লিশ টাকার অনধিক ও দশ টাকার অন্যূন দণ্ড হইবেক ইতি।

[মোকদ্দমাঘটিত কোন কার্য্যেতে ও নিষ্পত্তিপত্রে উক্ত দুই ধারার যেরূপে উল্লেখ হইবে তাহার কথা।]

২ ধারা। ভারতবর্ষের উক্ত দণ্ডবিধির আইন কিম্বা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে যে কোন কার্য্য কি নিষ্পত্তি হয়, তাহাতে উক্ত দুই ধারার উল্লেখ করিতে হইলে, ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২৫৪ক কি ২৫৪খ ধারা বলিয়া উল্লেখ হইতে পারিবেক ইতি।

[ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদের দণ্ডের কথা।]

৩ ধারা। ইউরোপীয় ব্রিটনীয় প্রজা হইলে কি না হইলেও কোন ব্যক্তি ভারতবর্ষের দণ্ডবিধির আইনের পূর্ব্বোক্ত ২৫৪খ ধারার নির্দ্দিষ্ট অপরাধের অপরাধী হইলে, সেই অপরাধের নিমিত্তে, কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরে পোলীসের কোন মাজিষ্ট্রেটের দ্বারা তাহার দণ্ড হইতে পারিবেক, কিম্বা যাঁহার এলাকার মধ্যে ঐ মুদ্রা কি অভিযুক্ত ব্যক্তিকে পাওয়া যায়, এমত কোন মাজিষ্ট্রেট কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেবের, কিম্বা আইনমতে মাজিষ্ট্রেটের কোন ক্ষমতাক্রমে কর্ম্মকারি অধঃস্থ মাজিষ্ট্রেটের কি কার্য্যকারকের দ্বারা তাহার দণ্ড হইতে পারিবেক।

[বর্জ্জিত কথা।]

২ প্রকরণ। পরন্তু উক্ত স্থলে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ১০০৲ টাকার অধিক, ও অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ৫০০৲ টাকার অধিক দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না। কিন্তু জিলার মাজিষ্ট্রেট সাহেব কি জাইণ্ট মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতামতে কার্য্য করিবার অনুমতিপ্রাপ্ত কোন কার্য্যকারক উক্ত ২৫৪খ ধারার নির্দ্দিষ্টমতের সম্পূর্ণ অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

[পোলীসের মাজিষ্ট্রেটের দ্বারা দণ্ডের নিয়মের কথা।]

৩ প্রকরণ। এই আইনক্রমে পোলীসের মাজিষ্ট্রেট সাহেব যে কোন ব্যক্তির দণ্ড করিতে পারেন, তাহার দোষ সরাসরীমতে প্রমাণ হইলে, ১৮৫৬ সালের ১৩ আইনের (অর্থাৎ কলিকাতা ও মান্দ্রাজ ও বোম্বাই নগরের ও

the Police of the Towns of Calcutta, Madras, and Bombay, and the several stations of the settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca), and Act XLVIII. of 1860 (*to amend Act XIII. of* 1856.)

[Provisions of the Code of Criminal Procedure when applicable to the said offences.]

IV. The offences specified in the said Sections hereinbefore numbered 254*a* and 254*b*, when committed or tried in any place in which the Code of Criminal Procedure is in operation, shall be subject to all the provisions in the said Code of Criminal Procedure contained, except as in Section III. of this Act specified.

[Schedule to this Act to be read as part of the Schedule to the Code of Criminal Procedure.]

V. The Schedule annexed to this Act shall be added to, and shall be read and taken as part of the Schedule to the Code of Criminal Procedure.

[Preamble.]

VI. And whereas the provisions of the Indian Penal Code do not extend to the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, and it is necessary to make provision for the punishment of the offences specified in the Sections mentioned (Sections 254*a* and 254*b*) respectively, when committed within the said Settlement; it is enacted as follows:—

[Punishment for committing any offence under Section 254*a*, within the Straits' Settlement.]

Whoever shall, within the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, commit any offence specified in the Section hereinbefore numbered 254*a*, shall on conviction be liable to imprisonment with hard labor for a term not exceeding three years and to fine; and if the Coin impaired, diminished, or lightened be a Queen's Coin (that is to say, a Coin stamped or issued by authority of the Queen, or of the Government of India, or of the Government of any Presidency or of any Government in the Queen's Dominions), shall be liable to imprisonment with hard labor for a term not exceeding five years and to fine.

[Penalty for committing any offence under Section 254*b*, within the Straits' Settlement.]

VII. Whoever shall, within the Settlement of Prince of Wales' Island, Singapore, and Malacca, commit any offence specified in the Section hereinbefore numbered 254*b*, shall on conviction thereof before a Magistrate of Police or a Justice of the Peace of the said Settlement, besides forfeiting the said Coin, be liable to a penalty not exceeding forty Rupees and not less than ten Rupees for every piece of Coin of the description mentioned in that Section which shall be found in the possession or custody of such person.

[Consequence of non-payment of penalty under the last preceding Section.]

VIII. In case any penalty imposed in the last preceding Section shall not be forthwith paid,

পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা বসতি স্থানের পোলীসের বিধান করিবার আইনের) ও ১৮৫৬ সালের ১৩ আইন সংশোধনার্থ ১৮৬০ সালের ৪৮ আইনের বিধানক্রমে তাহার দণ্ড হইতে পারিবেক ইতি।

[যে স্থলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন উক্ত অপরাধে বর্ত্তে তাহার কথা।]

৪ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইন যেং স্থানে প্রচলিত আছে, এমত কোন স্থানে যদি পূর্ব্বোক্ত ২৫৪ক কি ২৫৪খ ধারার নির্দ্দিষ্ট অপরাধ করা যায়, কি তাহার বিচার হয়, তবে এই আইনের ৩ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন, ঐ অপরাধের বিষয়ে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের উক্ত আইনের সমস্ত বিধান খাটিবে ইতি।

[এই আইন সংযুক্ত তফসীল ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের তফসীলের এক অংশস্বরূপে পাঠ হইবার কথা।]

৫ ধারা। এই আইন সংযুক্ত তফসীল ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের তফসীলের সঙ্গে দিতে হইবেক ও তাহার এক অংশস্বরূপে জ্ঞান ও পাঠ করিতে হইবেক ইতি।

[হেতুবাদ।]

৬ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইন পুলুপিনাঙ্গ ও সিংহপুর ও মালাকা বসতি স্থানে প্রচলিত নহে। কিন্তু সেইং স্থানে ২৫৪ক ও ২৫৪খ ধারার লিখিত অপরাধ করা গেলে, তাহার দণ্ড করিবার বিধান করা আবশ্যক, এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[পুলুপিনাঙ্গপ্রভৃতি বসতিস্থানে ২৫৪ক ধারার লিখিত অপরাধ হইলে তাহার দণ্ডের কথা।]

যদি কোন ব্যক্তি পুলুপিনাঙ্গ কি সিংহপুর কি মালাকা বসতিস্থানে পূর্ব্বোক্ত ২৫৪ক ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ করে, তবে তাহার দোষ প্রমাণ হইলে তিন বৎসরের অনধিক কাল কঠিন পরিশ্রম সহিত কয়েদ ও অর্থদণ্ড হইতে পারিবে। ও যে মুদ্রার মূল্য ন্যূন করা গেল কি যে মুদ্রা ন্যূন কি লঘু করা গেল তাহা যদি মহারাণীর মুদ্রা হয়, (অর্থাৎ মহারাণীর কি ভারতবর্ষের গবর্ণমেণ্টের কি কোন প্রসীডেন্সীর গবর্ণমেণ্টের কিম্বা শ্রীশ্রীমতী মহারাণীর রাজ্যের অন্তর্গত কোন গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে মুদ্রাঙ্কিত কি প্রচলিত মুদ্রা হয়,) তবে সেই অপরাধী পাঁচ বৎসরের অনধিক কাল কঠিন পরিশ্রম সহিত কয়েদ ও তাহার জরীমানা হইতে পারিবেক ইতি।

[পুলুপিনাঙ্গপ্রভৃতি বসতিস্থানে ২৫৪খ ধারার লিখিত অপরাধ হইলে তাহার দণ্ডের কথা।]

৭ ধারা। যদি কোন ব্যক্তি পুলুপিনাঙ্গ কি সিংহপুর কি মালাকা বসতিস্থানে পূর্ব্বোক্ত ২৫৪খ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ করে, তবে উক্ত বসতিস্থানের পোলীসের মাজিষ্ট্রেট সাহেবের কি জুষ্টিস অফ দি পীস সাহেবের সম্মুখে তাহার অপরাধ প্রমাণ হইলে, তাহার উক্ত মুদ্রা জব্দ হইবেক, ও উক্ত ধারার নির্দ্দিষ্ট যত মুদ্রা ঐ ব্যক্তির অধিকারে কি রক্ষণে পাওয়া যায়, তাহার প্রত্যেক মুদ্রার জন্যে তাহার চল্লিশ টাকার অনধিক ও দশ টাকার অন্যূন দণ্ড হইবেক ইতি।

[উক্ত ধারার নির্দ্দিষ্ট অর্থদণ্ড না দেওয়ার ফলের কথা।]

৮ ধারা। ইহার পূর্ব্ব ধারামতের নির্দ্ধারিত কোন অর্থদণ্ড যদি অগৌণে না দেওয়া যায়, তবে উক্ত মালি-

it shall be lawful for such Magistrate or Justice of the Peace to commit the offender to gaol, there to be kept to hard labor for the space of three months or until such penalty shall be sooner paid.

ম্যাজিষ্ট্রেট সাহেব কি ডিষ্ট্রিক্ট অফ দি পীস সাহেব অপরাধিকে কারাবদ্ধ করিবেন; ও তিন মাসের মধ্যে অর্থদণ্ড না দেওয়া গেলে তাহার সেই তিন মাসপর্য্যন্ত কঠিন পরিশ্রম সহিত কারাবদ্ধ হইতে হইবেক ইতি।

1. Section.	2. Offence.	3. Whether the Police may arrest without Warrant or not.	4. Whether a Warrant or a Summons shall ordinarily issue in the first instance.	5. Whether bailable or not.	6. Punishment under the Indian Penal Code.	7. By what Court triable.
২৫৪৯	Possession of gold and silver clippings or filings or Gold or Silver in bullion, solution, or otherwise produced by impairing the Coin, with the knowledge that it was so produced.	May arrest without Warrant.	Warrant.	Not bailable.	Imprisonment of either description for three years, or fine, or both.	Court of Session.
২৫৪৯	Possession without lawful authority or excuse of any greater number than five pieces of counterfeit Coin, or of Coin diminished in weight otherwise than by lawful wearing.	Shall not arrest without Warrant.	Summons.	Bailable.	Fine.	Any Magistrate.

১ ধারা	২ অপরাধ	৩ পোলিস গ্রেফ্তারী পরওয়ানা বিনা গ্রেফ্তার করিতে পারে কি না	৪ প্রথমে গ্রেফ্তারী পরওয়ানা, কি সমন দিতে হয়	৫ হাজির জামিন লওয়া যাইতে পারে কি না	৬ ভারতবর্ষের দণ্ড বিধির আইনমতের দণ্ড	৭ যে আদালতের বিচার্য্য।
২৫৪৯	সোণা কি রূপার ছাট কি গুঁড় কি চাল্কি কি গলিত কি রূপান্তরের সোণা কি রূপা মুদ্রা হ্রাস করণের দ্বারা প্রাপ্ত হওয়াগিয়াছে জানিয়া তাহা অধিকারে রাখণ	বিনা পরওয়ানাতে গ্রেফ্তার করিতে পারিবে	পরওয়ানা	হাজির জামিন লওয়া যাইতে পারে না ...	তিন বৎসর পর্য্যন্ত কোন এক প্রকারে কয়েদ কি অর্থ দণ্ড কি ঐ উভয় দণ্ড ...	দেশস্থ আদালত।
২৫৪৯	কৃত্রিম মুদ্রা কিম্বা ন্যায্যমতের ব্যবহারকিন্ন যাহার গুরুতরূপ করা গিয়াছে এমত মুদ্রার পাচটার আইনসিদ্ধ ক্ষমতা কি হেতুবিনা নিকটে রাখণ।	বিনা পরওয়ানাতে গ্রেফ্তার অধিকারিবে না	সমন	হাজির জামিন লওয়া যাইতে পারে ...	অর্থদণ্ড	কোন মাজিষ্ট্রেট।

STATEMENT OF OBJECTS AND REASONS.

THIS Bill provides for two classes of offences against the Coin for which no provision is made by the Penal Code, but which are punishable in England under the English consolidating Act, and for which the experience of those conversant with the subject in this country, as well as my own so far as it goes, leads me to think that a punishment should be provided here.

The first is the offence of unlawfully having in possession gold or silver filings or clippings, or gold or silver in solution, bullion, or otherwise, produced by diminishing or lightening genuine Coin, with the knowledge that such gold or silver was so produced.

The Penal Code contains provisions dealing with the analogous case of unlawful possession of coining instruments used as dies, &c., and it was possibly thought that the possession of the proceeds of Coin illegally impaired, would be evidence of the offence of having impaired the Coin, or of having abetted such offence, and consequently that it was not necessary to treat it as a substantive offence. Cases, however, may arise in which no moral doubt can exist of the guilt of the person found in possession of such filings or proceeds of Coin, and yet where it might be impossible to convict of any of the offences specified in the Code; and the same reasons which have long existed in England for making the possession with guilty knowledge a substantive offence exist also, perhaps still more strongly, in India. Where there is reason to suppose that the actual lightening of the Coin has been effected by one man who has brought the proceeds in the shape of filings or solution to another for sale or deposit, the possession, with guilty knowledge by the defendant, is analogous in regard to the original offence against the Coin to that of the receiver of stolen goods in regard to the original theft. Both are equally principals in crime, and the receiver is treated as a substantive offender, being generally thought a far more dangerous culprit than the man who committed the original offence.,

This offence is punishable by the present Bill with imprisonment for three years, or, when the Coin defaced is a Queen's Coin, the offender is, in accordance with the principle of the Penal Code, visited with a heavier punishment extending to five years.

The second class of cases provided for by the present Bill is that of mere possession, without lawful authority or excuse, of more than a certain number of pieces of counterfeit Coin, or Coin unlawfully altered or diminished, which is rendered punishable on summary conviction before a Magistrate by fine not exceeding forty Rupees nor less than ten Rupees for each Coin, besides forfeiture of the Coin. A similar provision is still in force in the Presidency Towns, and upon charges against

[*Government Gazette*, 22*nd July*, 1862.]

অভিপ্রায় ও হেতু বর্ণনা।

এই আইনের মুসাবিদাতে মুদ্রাবিষয়ক যে দুই প্রকারের অপরাধের বিধান হইয়াছে। তাহার কোন বিধান দণ্ডবিধির আইনেতে হয় নাই, কিন্তু ইঙ্গলণ্ডীয় সংগৃহীত আইন গ্রন্থে ইংলণ্ডে তাহার দণ্ডের বিধান হইয়াছে ও তৎকার্য্যেতে যাঁহারা এতদ্দেশে প্রবীণ তাঁহারা বোধ করেন, ও আমিও তদ্বিষয়ের যেপর্য্যন্ত জানিতে পাইয়াছি সেইপর্য্যন্ত বোধ করি, যে এই দেশে তদ্বিষয়ের দণ্ডের বিধান করা কর্ত্তব্য।

প্রথম অপরাধ এই। সোণার কি রূপার যে ছাট কি গুঁড় কিম্বা চাক্তি কি গলিত কি রূপান্তরের যে সোণা কি রূপা, অকৃত্রিম মুদ্রা ন্যূন কি লঘু করণদ্বারা প্রাপ্ত হওয়া গিয়াছে, এই জ্ঞানে সেই সোণার কি রূপার ছাটপ্রভৃতি বেআইনীমতে নিকটে রাখণ।

মুদ্রা প্রস্তুতকরণের ছেনিপ্রভৃতি যন্ত্র নিকট রাখনের অপরাধ বিষয়ের বিধান দণ্ডবিধির আইনেতে আছে। ইহাতে এমত বোধ হইয়া থাকিবে যে মুদ্রা বেআইনীমতে ন্যূন করণদ্বারা সোণা রূপার ছাটপ্রভৃতি কোন ব্যক্তির নিকটে থাকাই ঐ ব্যক্তিকর্ত্তৃক মুদ্রা ন্যূন করণ অপরাধ হওয়ার কিম্বা সেই অপরাধে সহায়তা করার প্রমাণস্বরূপ হইতে পারে, এই প্রযুক্ত প্রকৃত অপরাধ বলিয়া ঐ ছাটপ্রভৃতি নিকট রাখণ অপরাধের বিধান করা আবশ্যক জ্ঞান হইল না। কিন্তু কোনং স্থলে এমন হইতে পারে, যে মুদ্রার ছাট কি মুদ্রাহইতে প্রাপ্ত সোণা কি রূপা কোন ব্যক্তির নিকটে প্রাপ্ত হওয়া গেলে তাহার দোষের কোন সন্দেহ ও না থাকিলেও তাহাকর্ত্তৃক উক্ত আইনের নির্দ্দিষ্ট কোন অপরাধ হওয়ার প্রমাণ করা অসাধ্য। ইংলণ্ডে সেই প্রকারের দ্রব্য অপরাধযুক্ত জ্ঞানে নিকট রাখা যে হেতুতে অপরাধ জ্ঞান হইয়াছে সেই হেতু ভারতবর্ষের মধ্যে আরও দৃঢ়রূপে থাকিতে পারে। কোন ব্যক্তি মুদ্রা লঘু করিয়া তদ্দ্বারা যে গুঁড় কি গলিত সোণা কি রূপা পাইয়াছে তাহা অন্য ব্যক্তির নিকটে বিক্রয় করিবার কি রাখিবার জন্যে আনে ও সেই অন্য ব্যক্তি অপরাধ জ্ঞানে তাহা নিকটে রাখে এমত জানিবার হেতু থাকিলে, প্রথম অপরাধসম্পর্কে দ্বিতীয় ব্যক্তির যে দোষ হয়, তাহা চৌর্য্য অপরাধসম্পর্কে চোরা দ্রব্য গ্রাহকের অপরাধের তুল্য। উভয় ব্যক্তি মুখ্য অপরাধী, ও গ্রাহক প্রথম অপরাধির তুল্য জ্ঞান হয়, বরং সাধারণমতে গ্রাহককে প্রথম অপরাধী অপেক্ষা অধিক দুষ্কর জ্ঞান হয়।

এই আইনের মুসাবিদাক্রমে ঐ অপরাধির তিন বৎসরপর্য্যন্ত কারারুদ্ধ হওন দণ্ড নির্দ্ধার্য্য হইয়াছে, কিম্বা যে মুদ্রা বিকৃত করা যায় তাহা মহারাণীর মুদ্রা হইলে দণ্ডবিধির আইনের মূলবিধানমতে, সেই অপরাধির গুরুতর দণ্ড, অর্থাৎ পাঁচ বৎসরপর্য্যন্ত কয়েদ হওন দণ্ড নির্দ্ধার্য্য হইয়াছে।

এই মুসাবিদাতে দ্বিতীয় যে প্রকারের অপরাধের বিধান হইয়াছে তাহা এই। আইনসিদ্ধ ক্ষমতা কি হেতুবিনা কৃত্রিম কিম্বা বেআইনীমত পরিবর্ত্তন কি ন্যূন করা কএকটী মুদ্রার অধিক নিকট রাখণ। তাহার দণ্ড এই, মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সরাসরী বিচারমতে ঐ অপরাধের প্রমাণ হইলে সেই মুদ্রা জব্দ হইবেক ও উক্ত প্রকার প্রত্যেক মুদ্রার উপর চল্লিশ টাকার অনধিক ও দশ টাকার ন্যূন অর্থদণ্ড হইবে। ৪ জর্জ রাজার ১ বৎসরের ৭৪ অধ্যায়ের ৭৫ ধারামতে কৃত্রিম মুদ্রা বিষয়ে সেই প্রকারের বিধান নানা রাজধানীর মধ্যে চলিত আছে

European British subjects throughout India, in regard to counterfeit Coin, under the 75th Section of the 9 Geo 4, c. 74, and has been found extremely useful in practice. The punishment being that of fine only, the burden of proving the lawful excuse or authority is thrown upon the defendant; and I have known cases of large seizures of Coin in which it would have been impossible under the ordinary criminal law to bring home an offence to the person in actual possession, but in which on his failure to prove a justification, forfeiture of the Coin and a heavy fine were enforced against him.

[24 and 25 Vic., c. 99, s. 23.]

A similar provision exists in England in respect to the coinage of any Foreign State; and there is, I apprehend, fully as much reason for retaining the provision in India as applicable to counterfeit Coin generally, as there was in originally introducing it in 1828.

I propose extending this provision to India generally. I also propose extending it not only to counterfeit Coin generally, but to all Coin on which any unlawful operation of impairing or diminishing has been performed. No solid ground of distinction seems to exist between the two classes of cases when once it appears that the impairing of the Coin in the latter case is the result not of fair wear and use but of a criminal operation performed on it.

(Sd.) W. Ritchie,

The 29th January 1862.

M. Wylie,
Deputy Secy. to the Govt. of India,
Home Department.

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

The following Bill was read in the Council of the Lieutenant Governor of Bengal for the purpose of making Laws and Regulations on the 29th March 1862, and was referred to a Select Committee who are to report thereon after the 2nd of May next:—

A Bill to authorise the imposition of fines for outrages and trespasses committed by Inhabitants of Villages or Members of Communities in the Provinces subject to the Government of Bengal.

[Preamble.]

Whereas in certain Districts in Bengal outrages and trespasses have been committed by persons residing at or near the scene of such outrages or trespasses, which persons, in the committing of those offences, have in fact been carrying out the wishes and intentions of the neighbouring villages or community: and whereas for the more effectual suppression of such outrages and trespasses in the Provinces subject to the Government of Bengal, it is desirable that fines should be levied upon

ও ইউরোপীয় ব্রিটনীয় প্রজারদের নামে সেই অপরাধের অভিযোগ হইলে ভারতবর্ষের সমস্ত স্থানে ঐ বিধি প্রচলিত আছে ও তাহার অনেক ফলও দর্শিয়াছে। ঐ অপরাধহেতুক কেবল অর্থদণ্ড হয়, এই হেতুক আইন-সিদ্ধ হেতুর ও ক্ষমতার প্রমাণ করণের ভার আসামীর প্রতি বর্ত্তে। আমিও কতবার দেখিয়াছি যে কোন ব্যক্তির নিকটে অনেক মুদ্রা পাওয়াগিয়াছে ও ফৌজদারী সাধারণ আইন অনুসারে তাহার অপরাধের প্রমাণ কোন প্রকারে হইতে পারিল না, কিন্তু সেই মুদ্রা ন্যায্য-মতে তাহার নিকটে থাকার প্রমাণ করিতে না পারাতে সেই সকল মুদ্রা রুদ্ধ হইল ও তাহার ভারি অর্থদণ্ডেরও আজ্ঞা হইয়াছিল।

বিদেশীয় কোন মুদ্রার বিষয়ে মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ৯৯ অধ্যায়ের ২৩ ধারাতে সেই প্রকারের বিধান ইঙ্গলণ্ডে চলিতেছে। ও ১৮২৮ সালে তদ্রূপ আইন প্রচলিত করণের যে হেতু ছিল, কৃত্রিম মুদ্রা সম্পর্কে সেই বিধান ভারতবর্ষের মধ্যে প্রচলিত করণের তত্তুল্য হেতু এখনও আছে, আমার এইরূপ বিবেচনা হয়।

এই বিধান আমি ভারতবর্ষের সমস্ত স্থানে প্রচলিত করিবার পরামর্শ দিতেছি। আর কেবল কৃত্রিম মুদ্রার প্রতি সেই বিধান চালাইতে চাহি এমত নহে, কিন্তু যে কোন মুদ্রা অন্যায়মতে ন্যূন কি লঘু করা গিয়াছে তদ্বিষয়েও চালাইতে চাহি। শেষোক্ত স্থলে যদি দৃষ্ট হয় যে, মুদ্রার মূল্যের ন্যূনতা করণ ন্যায্যমতের ব্যবহার দ্বারা না হইয়া কোন অপরাধযুক্ত ক্রিয়ার দ্বারা হইয়াছে, তবে উক্ত দুই প্রকার অপরাধের বিভিন্নতা মানিবার কোন গুরুতর হেতু নাই।

ডবলিউ রিচি।

১৮৬২ সাল ২৯ জানুআরি।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

লেজিস্লেটিব ডিপার্টমেণ্ট।

আইন ও ব্যবস্থা করণার্থ বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের কৌন্সেলে ১৮৬২ সালের ২৯ মার্চ তারিখে নীচের লিখিত আইনের মুসাবিদা পাঠ হইয়া বিশেষ কমিটির প্রতি অর্পিত হইল, আগামি মে মাসের ২ তারিখের পর তাঁহারা তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন প্রদেশে গ্রামবাসিগণের কি সম্প্রদায়ভুক্ত লোকেরদের অত্যাচার ও অনধিকার প্রবেশ নিমিত্তে অর্থদণ্ড করণের ক্ষমতা দেওনের আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

বঙ্গদেশের কোন২ জিলাতে অত্যাচার কি অনধিকার প্রবেশাপরাধ যে২ স্থানে হইয়াছে সেই২ স্থান কি তন্নিকট নিবাসি লোকেরদের দ্বারা ঐ অত্যাচার ও অনধিকার প্রবেশের অপরাধ হয় ও সেই লোকেরা উক্ত অপরাধ করণেতে ঐ২ নিকটবর্ত্তী গ্রামের কি সম্প্রদায়ের লোকেরদের অভিপ্রায় ও মনস্থ সফল করে। ও বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন দেশে তদ্রূপ অত্যাচার ও অনধিকার প্রবেশাপরাধ আরো সফলরূপে নিবারণার্থে, উচিত যে কোন গ্রাম নিবাসি কি সম্প্রদায়ভুক্ত অনেক লোক কি তাহারদের কর্ম্মকরেরা কোন অপরাধে লিপ্ত

villages and communities for offences in the commission of which many of the inhabitants of such villages or of the members of such communities or the agents of such inhabitants or members are engaged; It is enacted as follows:—

[When offences are committed under Sections 143, 146, 425, and 441 of Act XLV. of 1860, Magistrate may, in certain cases, impose a fine on a village, community, or class.]

I. If it shall be proved to the satisfaction of a Magistrate that the inhabitants of any village or villages or the members of any community within his jurisdiction, or any large number of them, have willfully and in combination with one another committed all or any of the offences defined in Sections 143, 146, 425, and 441 of Act XLV. of 1860, or been guilty of abetment (as defined in and by the said Act XLV. of 1860) of any of the said offences, it shall be lawful for such Magistrate to impose a fine upon the inhabitants of such village or villages or upon the members of such community or upon any specified class or caste of the said inhabitants or members; and the amount of such fine shall be fixed with reference to the means of the inhabitants or members, or of the class or caste of the inhabitants or members, and the nature of the offence committed.

[Magistrate shall report to Court of Session who may confirm or reverse, &c.]

II. Whenever a Magistrate shall order the imposition of a fine under this Act, he shall report his proceedings to the Court of Session to which he is subordinate. The Court of Session may direct the Magistrate to make further enquiry in the case, or may confirm, alter, or reverse the order of the Magistrate as the said Court shall think fit, and there shall be no appeal from any order of the Court of Session in the matter.

[Magistrate may exempt from fine persons aiding in discovering the real offenders.]

III. The Magistrate may, at his descretion, exempt from liability to pay any portion of a fine imposed under the provisions of this Act, any person whom he shall consider entitled to such exemption in consequence of his having given such information or assistance to the Magistrate or the Police as shall have led or shall be calculated to lead to the apprehension and conviction of any person guilty of any of the offences mentioned in Section I. of this Act.

[Fine in what manner to be assessed.]

IV. When a fine has been imposed and has been confirmed by the Court of Session, under the provisions of this Act, upon the inhabitants of a village or the members of a community or any specified class or caste of such inhabitants or members, the amount shall be assessed upon them by the Magistrate, or by a Punchayet appointed by the Magistrate, or in such other mode as the Magistrate may direct. Notice of the assessment

[*Government Gazette*, 22nd *July*, 1862.]

হইলে ঐ২ গ্রামের ও সম্প্রদায়ের সকল লোকের অর্থদণ্ড হয়, এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[১৮৬০ সালের ৪৫ আইনের ১৪৩, ও ১৪৬, ও ৪২৫ ও ৪৪১ ধারার লিখিত অপরাধ হইলে কোন২ স্থলে গ্রামের কি সম্প্রদায়ের কি শ্রেণীর লোকের জরীমানা করিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।]

১ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেবের এলাকার মধ্যগত কোন এক কি অধিক গ্রামের কি কোন সম্প্রদায়ের সকল লোক কি তাহারদের অনেক লোক ইচ্ছাপূর্ব্বক ও ষড়যন্ত্র করিয়া ১৮৬০ সালের ৪৫ আইনের ১৪৩, ও ১৪৬, ও ৪২৫, ও ৪৪১ ধারার নির্দ্দিষ্ট সকল কি কোন অপরাধ করিয়াছে অথবা (১৮৬০ সালের উক্ত ৪৫ আইনেতে ও সেই আইনের নির্দ্দিষ্টমতে) পূর্ব্বোক্ত কোন অপরাধের সহায়তা করণের দোষী হইয়াছে, ইহার প্রমাণ মাজিষ্ট্রেট সাহেবের সুবোধমতে করা গেলে তিনি ঐ এক কি অধিক গ্রামবাসিরদের কিম্বা ঐ সম্প্রদায়ের লোকেরদের কিম্বা উক্ত নিবাসিরদের কি সম্প্রদায়ের বিশেষ কোন শ্রেণীর কি জাতির অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। ঐ গ্রামবাসিগণের কি সম্প্রদায়ের লোকেরদের অথবা উক্ত নিবাসিরদের কি সম্প্রদায়ভুক্ত শ্রেণীর কি জাতির সঙ্গতি ও কৃতাপরাধের তারতম্যিক বিবেচনা করিয়া ঐ অর্থদণ্ড নিরূপণ হইবে ইতি।

[জরীমানা স্থিরতর কি অন্যথাপ্রভৃতি করণার্থে সেশন আদালতে মাজিষ্ট্রেট সাহেবের রিপোর্ট করিবার কথা।]

২ ধারা। এই আইনঅনুসারে মাজিষ্ট্রেট সাহেব অর্থদণ্ডের আজ্ঞা করিলে, আপনি যে সেশন আদালতের অধীন থাকেন সেই আদালতে আপনার কার্য্যের রিপোর্ট করিবেন। ঐ সেশন আদালত মাজিষ্ট্রেট সাহেবকে ঐ মোকদ্দমার অধিক অনুসন্ধান লইতে আজ্ঞা করিতে পারিবেন, কিম্বা যেমতে উপযুক্ত বোধ করেন সেইমতে মাজিষ্ট্রেট সাহেবের সেই আজ্ঞা দৃঢ়তর কি অন্যথা কি অসিদ্ধ করিতে পারিবেন, ও উক্ত বিষয়ে সেশন আদালত যে হুকুম করেন তাহার উপর আপীল হইবে না ইতি।

[কোন ব্যক্তিরা প্রকৃত অপরাধিদিগকে প্রকাশ করিতে সাহায্য করিলে তাহারদের অর্থদণ্ড মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমা করিতে পারিবার কথা।]

৩ ধারা। এই আইনের ১ ধারার লিখিত অপরাধের অপরাধি কোন ব্যক্তি যাহাতে ধৃত হয় কি হইতে পারে কিম্বা তাহার দোষ যাহাতে প্রমাণ হয় কি হইতে পারে, এমত সম্বাদ যদি তাহারদের কোন ব্যক্তি মাজিষ্ট্রেট সাহেবকে কি পোলীসকে দেয় কিম্বা যদি তৎকার্য্যেতে মাজিষ্ট্রেট সাহেবের কি পোলীসের সাহায্য করে, ও যদি তৎপ্রযুক্ত মাজিষ্ট্রেট সাহেব তাহাকে মুক্ত হওয়ার যোগ্য জ্ঞান করেন, তবে তিনি স্বীয় বিবেচনামতে ঐ ব্যক্তিকে ক্ষমা করিতে পারিবেন যেন এই আইনের বিধানমতের অর্থদণ্ডের কোন অংশ তাহার না দিতে হয়।

[অর্থদণ্ড যেরূপে ধার্য্য হইবে তাহার কথা।]

৪ ধারা। কোন গ্রামবাসি কি সম্প্রদায়ভুক্ত লোকেরদের কি উক্ত গ্রামবাসিরদের কি লোকেরদের কোন বিশেষ শ্রেণীর কি জাতির উপর এই আইনের বিধানানুসারে অর্থদণ্ডের আজ্ঞা হইয়া সেশন আদালত কর্ত্তৃক দৃঢ়তর হইলে পর, সেই অর্থদণ্ডের টাকা যে ব্যক্তির যত দিতে হইবেক তাহা মাজিষ্ট্রেট সাহেব ধার্য্য করিবেন কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের নিযুক্ত পঞ্চায়ৎকর্ত্তৃক কিম্বা মাজিষ্ট্রেট সাহেব অন্য যে প্রকারে আজ্ঞা করেন সেই প্রকারে ধার্য্য হইবে। ঐ অর্থদণ্ডের যত টাকা ব্যক্তি বিশেষের দিতে

and of the time fixed by the Magistrate for the payment thereof, shall be given by affixing the same in some conspicuous place in the village or villages to which the order relates or in the neighbourhood where the persons liable to the fine reside. The assessment, when approved by the Magistrate, shall be final, excepting when the amount assessed on any person shall exceed fifty Rupees, in which case an appeal by such person in respect of such assessment upon him shall be allowed to the Court of Session: provided that such appeal shall be presented to the Court of Session within fifteen days from the date of the notice given by the Magistrate of the assessment appealed against.

[Fine to be levied by distress and sale of moveable property, and in default of moveable by sale of immoveable property.]

V. If the full amount assessed be not paid into the Magistrate's Court within the time fixed by the Magistrate, which shall not be less than thirty days from the date of the assessment, the amount assessed may be levied by order of the Magistrate by distress and sale of the moveable property of the parties liable for the same, and in case no sufficient moveable property shall be found, any house or immoveable property and any rent-free or other saleable tenure belonging to the defaulter may be sold by order of the Magistrate for the purpose of realizing the amount due from him.

[Fine or part of it may be made over to one who has sustained loss from the commission of the offence.]

VI. When a fine has been imposed under this Act, the Magistrate may pay to any person who has suffered loss by the commission of the offence in respect of which the fine has been imposed, the amount of the fine, or of such part thereof as shall to such Magistrate seem fit. Provided that no payment shall be made under this Section of any sum which exceeds the loss from the commission of the offence actually sustained by the person to whom the payment is made.

[Right of appeal from order of Magistrate.]

VII. Excepting as provided in Section IV. of this Act, no appeal shall lie from any order passed by a Magistrate in carrying out the provisions of this Act, and no action or other proceeding shall be commenced or prosecuted against any person for any thing done under the authority of this Act.

[Interpretation.]

VIII. The word "Magistrate" as used in this Act shall include every person authorized by the Government of Bengal to exercise the powers vested in a Magistrate by this Act. The word "community" shall include any tribe or caste, or any society of people having common interests,

হইবে ও সেই টাকা দিবার যে সময় মাজিষ্ট্রেট সাহেব নিরূপণ করেন তাহার এত্তেলা যে গ্রামের কি যে২ গ্রামের উপর এ হুকুম সম্পর্ক রাখে সেই কি সেই২ গ্রামের কোন প্রকাশ স্থানে, কি এ অর্থদণ্ড দেওন যোগ্য ব্যক্তিদের বাস স্থানের নিকটে, লটকাইয়া দেওয়া যাইবে। মাজিষ্ট্রেট সাহেব ব্যক্তিবিশেষের উক্ত প্রকারের নির্দ্ধারিত যে অর্থদণ্ড গ্রাহ্য করেন তাহাই চূড়ান্ত হইবে, কিন্তু যদি কোন এক জনের উপর ৫০৲ টাকার অধিক ধার্য্য হয়, তবে সেই ব্যক্তি ঐ নির্দ্ধারিত দণ্ড বিষয়ে সেশন আদালতে আপীল করিতে পারিবে কিন্তু তদ্বিষয়ে মাজিষ্ট্রেট সাহেবের এত্তেলার তারিখঅবধি ১৫ দিনের মধ্যে সেশন আদালতে আপীল করিতে হইবে ইতি।

[অস্থাবর সম্পত্তি ক্রোক ও নীলাম করণদ্বারা ঐ জরীমানার টাকা আদায় হইবার কথা ও অস্থাবর সম্পত্তি না থাকিলে স্থাবর সম্পত্তি বিক্রয় হইবার কথা।]

৫ ধারা। ঐ অর্থদণ্ড ধার্য্য হওনের তারিখঅবধি ত্রিশ দিনের ন্যূন না হয় এমত যে সময় মাজিষ্ট্রেট সাহেব নিরূপণ করেন সেই সময়ের মধ্যে ঐ নির্দ্ধারিত সমুদয় টাকা মাজিষ্ট্রেট সাহেবের আদালতে দাখিল করিতে হইবে, না করিলে যাহারদের নিকটে ঐ নির্দ্ধারিত টাকা পাওনা থাকে তাহারদের অস্থাবর সম্পত্তি মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে ক্রোক ও নীলাম হইয়া আদায় হইতে পারিবে। ঐ টাকা আদায় হওনের উপযুক্ত অস্থাবর সম্পত্তি না পাওয়া গেলে, দণ্ড দিতে ত্রুটিকারি ব্যক্তির কোন বাটী কি স্থাবর সম্পত্তি ও কোন নিষ্কর কি বিক্রয়োপযুক্ত অন্য ভূমি, ঐ অর্থদণ্ডের টাকা আদায় হওনার্থে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞাক্রমে নীলাম হইতে পারিবে ইতি।

[উক্ত অপরাধের দ্বারা যাহার ক্ষতি হয় তাহাকে অর্থদণ্ডের সমুদয় কি কোন অংশ দিবার কথা।]

৬ ধারা। এই আইনমতে যখন কোন অর্থদণ্ডের আজ্ঞা হয়, তখন যে অপরাধহেতু ঐ অর্থদণ্ডের আজ্ঞা হয় তদ্দ্বারা যে ব্যক্তির ক্ষতি হইয়াছে তাহাকে ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ অর্থদণ্ডের সমুদয় টাকা কি তাহার যে অংশ উপযুক্ত বিবেচনা করেন তাহা দিতে পারিবেন। পরন্তু অপরাধদ্বারা ঐ ব্যক্তির যথার্থ যে ক্ষতি হইয়াছে তাহার অধিক টাকা এই ধারানুসারে তাহাকে দেওয়া যাইবে না ইতি।

[মাজিষ্ট্রেট সাহেবের হুকুমের উপর আপীল করণের ক্ষমতার কথা।]

৭ ধারা। এই আইনের ৪ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন অন্য স্থলে, এই আইনের চলিত বিধানানুসারে কার্য্য করত মাজিষ্ট্রেট সাহেব যে হুকুম করেন তাহার উপর আপীল নাই, ও এই আইনের অনুমতিক্রমে যে কোন কার্য্য করা যায় তাহার নিমিত্তে কোন ব্যক্তির নামে কোন নালিশ কি মোকদ্দমার অন্য কার্য্য উপস্থিত হইবেনা কি চলিবে না ইতি।

[অর্থকরণের কথা।]

৮ ধারা। এই আইনেতে "মাজিষ্ট্রেট" এই যে শব্দ আছে তাহার মধ্যে এই আইনমতে মাজিষ্ট্রেট সাহেবকে যে ক্ষমতা দেওয়া যায় সেই ক্ষমতাক্রমে কার্য্য করণার্থ বঙ্গদেশের গবর্ণমেণ্ট যে কোন ব্যক্তিকে ক্ষমতা দেন তাহাকেও বুঝাইবে। "সম্প্রদায়" শব্দে কোন বংশ কি জাতিকে কিম্বা কোন ধর্ম্মবিষয়ক কি সাম্প্রদায়িক কি রাজ-

religious or civil, or political, or having one common trade or occupation.

A. G. MACPHERSON,
Secy. to the Govt. of Bengal,
Legislative Department.

নীতিবিষয়ক সাধারণ সম্পর্কযুক্ত কি সাধারণ একি বাণিজ্য কি ব্যবসায়িকারি সমাজকে বুঝাইবে ইতি।

এ জি মাকফরসন।
লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।
বাঙ্গালা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতের হুকুম।

APPOINTMENTS.

The 14th July 1862.

Baboo Monu Lôll Chatterjee, L. L., to officiate as Moonsiff of Sonamgunj, Zillah Sylhet, on the full salary of a Moonsiff of the 2nd Grade.

Baboo Omesh Chunder Sircar, B. A. B. L., to officiate as Moonsiff of Sudder Station, Bhaugulpore.

Baboo Hurrish Chunder Mitter, Moonsiff of Bhotemaree, Zillah Rungpore, (on leave), to be Moonsiff of Bowfal, Zillah Backergunge.

Baboo Ramdoolubh Dass, Moonsiff of Sonamgunj, Zillah Sylhet, (on leave), to be Moonsiff of Umerpore, Zillah Bhaugulpore.

Moulvy Abdool Waheb, Moonsiff of Umerpore, in Zillah Bhaugulpore (on leave,) to be Moonsiff of Sonamgunj in Zillah Sylhet.

Moonshee Dadar Buxsh, Officiating Moonsiff of Nugwan, Zillah Midnapore, to be Moonsiff of the Sudder Station, Bhaugulpore, but to continue to officiate as Moonsiff of Nugwan, Zillah Midnapore, until the return of Baboo Bishumbhur Biddeabhoosun on leave.

The 19th July, 1862.

Baboo Bynath Sahoo, late Moonsiff of Mohavah, to be Moonsiff of Jaley, Zillah Tirhoot.

LEAVE OF ABSENCE.

The 14th July, 1862.

Baboo Ramdoolubh Dass, Moonsiff of Sonamgunj, Zillah Sylhet, for three months, from the 26th of May last, under Clause II., Section V., of the Uncovenanted Absentee Rules.

The 17th July 1862.

Baboo Muthooranath Ghose, Moonsiff of Madargunge, Zillah Mymensingh, for one month.

Baboo, Hurish Chunder Mitter, Moonsiff of Bhotemaree, Zillah Rungpore, for two months, in extension of that granted to him on the 5th Ultimo, under Clause II., Section V., of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Registrar.*

নিয়োগ।

১৮৬২ সাল ১৪ জুলাই।

শ্রীযুত বাবু মনিলাল চাটুর্য্যা L. L. দ্বিতীয় শ্রেণীর মুনসেফের বেতন প্রাপ্ত হইয়া জিলা সিলটের সুনামগঞ্জের মুনসেফের কর্ম্ম করিবেন।

শ্রীযুত বাবু উমেশচন্দ্র সরকার B. A. ও B. L. ভাগলপুর সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

জিলা রঙ্গপুরের ভোটমারির মুনসেফ শ্রীযুত বাবু হরিশচন্দ্র মিত্র জিলা বাকরগঞ্জের বহুফলের মুনসেফ হইবেন। তিনি এইক্ষণে ছুটী লইয়া অনুপস্থিত আছেন।

জিলা সিলটের সুনামগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রামদুলভ দাস জিলা ভাগলপুরের অমরপুরের মুনসেফ হইবেন। তিনি এইক্ষণে ছুটী লইয়া অনুপস্থিত আছেন।

জিলা ভাগলপুরের অমরপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল ওয়াহেব জিলা সিলটের সুনামগঞ্জের মুনসেফ হইবেন। তিনি এইক্ষণে ছুটী লইয়া অনুপস্থিত আছেন।

জিলা মেদিনীপুরের নগওয়ানের একটিং মুনসেফ শ্রীযুত মুনশী দাদর বক্স ভাগলপুর সদর মোকামের মুনসেফ হইবেন, কিন্তু ছুটী প্রাপ্ত শ্রীযুত বাবু বিশ্বম্ভর বিদ্যাভূষণ যত কালপ্রত্যাগমন না করেন তত কাল জিলা মেদিনীপুরের নগওয়ানের মুনসেফী কর্ম্ম করিতে থাকিবেন।

১৮৬২ সাল ১৯ জুলাই।

জিলা সিলটের মহুয়ার সাবেক মুনসেফ শ্রীযুত বাবু বৈদ্যনাথ সাহু ঐ জিলার জালির মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ১৪ জুলাই।

জিলা সিলটের সুনামগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রামদুর্লভ দাস অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে গত মে মাসের ২৬ তারিখ-অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৭ জুলাই।

জিলা ময়মনসিংহের মাদারগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু মথুরানাথ ঘোষ এক মাসের ছুটী পাইয়াছেন।

জিলা রঙ্গপুরের ভোটমারির মুনসেফ শ্রীযুত বাবু হরিশচন্দ্র মিত্র গত মাসের ৫ তারিখে যে ছুটী পান, তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

বিজ্ঞাপন।

১১০৩ A নম্বর।

১৮৬২ সাল ১৬ অপ্রিল।

অনরারি মাজিষ্ট্রেটেরদের উপদেশার্থ পশ্চাৎ লিখিত বিধি সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

বিধি।

১। অনরারি মাজিষ্ট্রেটেরা আপনারদের পদের কর্ম্ম নির্ব্বাহ করণে প্রবর্ত্ত হইবার পূর্ব্বে, যে জিলাতে নিযুক্ত হন সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে ১৮৩৭ সালের ২১ আইনের বিধান অনুযায়ি পশ্চাৎ লিখিত প্রতিজ্ঞা করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন। অর্থাৎ

আমি অমুক, অমুক জিলাতে অনরারি মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া প্রতিজ্ঞা করিতেছি যে, উক্ত জিলার মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতা যে২ স্থানে ব্যাপে, সেই২ স্থানে জিলার শান্তিরক্ষার কার্য্যেতে সাধ্যমতে উক্ত মাজিষ্ট্রেট সাহেবের সাহায্য করিব। ও বিনা-পক্ষপাতে ও সরলভাবে কর্ম্ম করিব এবং গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে যাহা লইতে স্পষ্টরূপে ক্ষমতা পাই তদ্ভিন্ন পদসংক্রান্ত কোন কার্য্য নির্ব্বাহ করণসম্পর্কে কোন রসুম কি বেতন কি পুরস্কার স্পষ্টরূপে কি চক্রান্তে চাহিব না ও গ্রহণ করিব না ও যে সময়ে যে আইন প্রচলিত হয় তদনুসারে আপনার বুদ্ধি ও ক্ষমতা ও বিবেচনাসাধ্যমতে আপন পদের কর্ম্ম নির্ব্বাহ করিব।

২। অনরারি মাজিষ্ট্রেটের প্রতি বিচারকর্ত্তার যে সকল কর্ম্ম অর্পণ হয় তাহা তিনি নির্ব্বাহ করিতে ক্ষমতাপন্ন হইবেন। তাঁহার সেই কর্ম্মের উপর রীতিমতে আপীল হইতে পারিবে। এবং তাঁহার সম্মুখে বিচার করণার্থে যে মোকদ্দমা উপস্থিত হয়, তাহাতে পোলীসের কর্ম্মকারকেরদের দ্বারা যে সকল পরওয়ানা দেওয়া যায়, ও তাহারদের দ্বারা জারী কি প্রেরণহওয়া প্রয়োজন হয় তৎসম্পর্কে ঐ কর্ম্মকারকেরদের উপর তাঁহার ক্ষমতা থাকে, তদ্ভিন্ন তাঁহার বিচারকর্ত্তৃপদ থাকাপ্রযুক্ত পোলীসের কর্ম্মকারকদিগকে তাঁহার কোন আজ্ঞা করিবার ক্ষমতা নাই।

৩। মোকদ্দমার বিচার করণকালে কি অন্য কোন সময়ে যদি অনরারি মাজিষ্ট্রেট বোধ করেন যে পোলীসের কোন কর্ম্মকারকের অত্যাচার হইয়াছে, তবে ঐ কর্ম্মকারকের উপরিস্থ যে পোলীসসংক্রান্ত কার্য্যকারক অতিনিকট থাকেন তাঁহার নিকটে তিনি সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

৪। অনরারি মাজিষ্ট্রেটের এলাকার মধ্যগত যে কোন মোকদ্দমা পোলীসের কোন কর্ম্মকারক কিম্বা কোন সাধারণ ব্যক্তি নিয়মিতরূপে উপস্থিত করেন তাহা তিনি গ্রাহ্য করিতে পারিবেন। ও জিলার মাজিষ্ট্রেট সাহেব আপনার অধঃস্থ অনরারি মাজিষ্ট্রেটের নিষ্পত্তি করিবার উপযুক্ত কোন ফৌজদারী মোকদ্দমা অনুসন্ধানপূর্ব্বক রিপোর্ট করণার্থে কিম্বা নিষ্পত্তি করণার্থে, অথবা যদি সেই অনরারি মাজিষ্ট্রেট সেশন আদালতে কি সুপ্রীম কোর্টে মোকদ্দমা সমর্পণ করিতে ক্ষমতাপন্ন হন, তবে তদ্রূপ মোকদ্দমা সমর্পণ করণাভিপ্রায়ে তাঁহার প্রতি অর্পণ করিতে পারিবেন।

৫। জিলার মাজিষ্ট্রেট সাহেব এলাকার কমিস্যনর সাহেবের অনুমতি লইয়া অনরারি মাজিষ্ট্রেটের এলাকারূপে কোন বিশেষ স্থান দিতে পারিবেন তাহা হইলে তাঁহার দ্বারা সেই স্থানের বহির্ভূত কোন মোকদ্দমার বিচার করিবার অপেক্ষা হইবে না।

৬। কোন অনরারি মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত থাকা কোন মোকদ্দমার বিচার করিবার কোন সময়ে তিনি যদি দেখিতে পান যে স্পষ্টরূপে কি চক্রান্তে সেই বিষয়ে তাঁহার স্বকীয় সংস্রব আছে, তবে তিনি একেবারে সকল বিচার কার্য্য রহিত করিয়া ঐ মোকদ্দমা নিষ্পত্ত্যর্থে জিলার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি অর্পণ করিবেন।

৭। অনরারি মাজিষ্ট্রেটেরা স্বং পদে নিযুক্ত হইবার সময়ে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ২২ ধারামতে অন্যূন প্রথম কি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের কিম্বা মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইতে পারিবেন ও ফৌজদারী বিচারকর্ত্তাস্বরূপে তাঁহারদের সম্মুখে যে সকল মোকদ্দমা উপস্থিত করা যায় তদ্বিষয়ে তাঁহারা সেই ক্ষমতাক্রমে কার্য্য করিবেন।

৮। অনরারি মাজিষ্ট্রেটেরা উপরিস্থ কার্য্যকারকেরদের সঙ্গে লিখনপঠন করিতে হইলে, সর্ব্বদা জিলার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা করিবেন।

৯। অনরারি মাজিষ্ট্রেটেরদের সম্মুখে যে মোকদ্দমা উপস্থিত হয়, সেই মোকদ্দমার উভয় পক্ষের লোকদিগকে অনাবশ্যকমতে বিলম্ব করিয়া না রাখেন এই বিষয়ে তাঁহারদের বিশেষ মনোযোগ করিতে হইবে।

১০। অনরারি মাজিষ্ট্রেটেরা পশ্চাৎ লিখিত বহী ও রেজিষ্টর সর্ব্বদা রাখিবেন। উপরিস্থ বিচারকর্ত্তা সাহেবেরা যে নিয়ম নির্দ্ধারণ করেন সেই নিয়মমতে তাঁহারা ঐ বহীতে লিখিবেন ও জিলার মাজিষ্ট্রেট সাহেব যখন ইচ্ছা করেন তখন তাহা দেখিতে পাইবেন। অর্থাৎ

গুরুতর মোকদ্দমার রেজিষ্টর।
ক্ষুদ্র মোকদ্দমার রেজিষ্টর।
নানাবিধ মোকদ্দমার রেজিষ্টর।
অর্থদণ্ডের রেজিষ্টর।
দরখাস্তের রেজিষ্টর।
প্রতি দিনের জমা খরচের বহী।
সোপর্দ্দ করা মোকদ্দমার কালেণ্ডর বহী।
উপস্থিত ব্যক্তিরদের দৈনিক রেজিষ্টর।
সমনের বহী।
পরওয়ানার বহী।
রুবকারির নকলের বহী।

১১। অনরারি মাজিষ্ট্রেটেরা জিলার মাজিষ্ট্রেট সাহেবের কাছারীহইতে রেজিষ্টর ও ছাপা করা ফারমপ্রভৃতি পাইবেন।

১২। অনরারি মাজিষ্ট্রেটেরদের কর্ত্তব্য যে তাঁহারদের সম্মুখে কোন মোকদ্দমার বিচার কালে সর্ব্ব সাধারণ লোকেরা যাহাতে অনায়াসে গমন করিতে পারে এমত কোন ঘরে কি স্থানে কাছারী করেন।

১৩। অনরারি মাজিষ্ট্রেটেরদের ব্যবহারার্থে জিলার মাজিষ্ট্রেট সাহেব এক২ টা মোহর প্রস্তুত করাইয়া দিবেন।

১৪। অনরারি মাজিষ্ট্রেটেরদের নিত্য মোকদ্দমার বিচার করিতে হইলে তাঁহারদের কাছারীর আমলারদের ও কাগজ কলমাদির নিমিত্তে কিছু টাকা সরকারহইতে দেওয়া যাইবেক।

১৫। জিলার মফঃসল দেশ নিবাসি কোন অনরারি মাজিষ্ট্রেট যখন কোন ব্যক্তির কয়েদ হইবার আজ্ঞা করেন কিম্বা কোন ব্যক্তিকে সেশন আদালতে কি সুপ্রীম কোর্টে সোপর্দ্দ করেন তখন ঐ ব্যক্তিরদের পরওয়ানা ও সোপর্দ্দ করণের কালেণ্ডর ও অন্য যে২ কাগজপত্র আবশ্যক হয় তাহা সমেত সেই ব্যক্তিকে পোলীসের অতি নিকট থানায় অবিলম্বে চালান করিবেন।

১৬। অনরারি মাজিষ্ট্রেটেরা অর্থদণ্ড কি আমানতী টাকাপ্রভৃতি যে সকল টাকা কোন মাসে প্রাপ্ত হন তাহা

তাঁহারা মাসের পোলীসের দ্বারা মাজিষ্ট্রেট সাহেবের নিকটে কিম্বা মহকুমার ভারপ্রাপ্ত কার্য্যকারকের নিকটে পঠাইবেন এবং তাঁহারা তৎকালে আপনারদের হিসাবের নকলও পাঠাইবেন। সেই হিসাব যে পাঠে লিখিতে হইবে তাহা জিলার মাজিষ্ট্রেট সাহেবের স্থানে পাইবেন।

১৭। অর্থদণ্ড কি আমানতী টাকাপ্রভৃতি কোন ব্যক্তিকে ফিরিয়া দিতে হইলে তাহা জিলার মাজিষ্ট্রেট সাহেব কিম্বা মহকুমার কার্য্যকারক অনররি মাজিষ্ট্রেটের স্থানে কবকারি পাইলে আপনারদের কাছারীহইতে দিবেন, কিন্তু অনররি মাজিষ্ট্রেট আপনি কোন টাকা দিবেন না।

১৮। জিলার মফঃসল দেশনিবাসি কোন অনররি মাজিষ্ট্রেট মাসের মধ্যে যে সকল মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি করেন তাহার রিকার্ড, ঐ মোকদ্দমার এক ফর্দ্দ সমেত, তাহার পর মাসের প্রথম তারিখে পোলীসের দ্বারা জিলার মাজিষ্ট্রেট সাহেবের কাছারীতে পাঠাইবেন।

১৯। যে সকল কার্য্য নিষ্পত্তি হয় ও যাহা উপস্থিত থাকে তাহার মাসিক ও ত্রৈমাসিক কৈফিয়ৎ অনররি মাজিষ্ট্রেট তৎপর মাসের তৃতীয় দিবসে কি তাহার পূর্ব্বে, ও বার্ষিক কৈফিয়ত জানুআরি মাসের ১০ তারিখপর্য্যন্ত, জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে পাঠাইবেন ইতি।

বঙ্গদেশের শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের আজ্ঞাক্রমে।

ই এচ লশিংটন।
বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

১৮২৩ নম্বর।
নিম্নে গ।
১৮৬২ সাল ২৩ জুন।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কুলদীপনারায়ণ সিংহ মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ১ জুলাই।

ছোট নাগপুরের আসিষ্টাণ্ট কমিসানর কাপ্তান শ্রীযুত এ পি এস মনক্রিফ সাহেব (Captain A. P. S. Monerieff,) পালামৌ এলাকাখণ্ডের কর্ম্মের ভার পাইয়াছেন।

ছোট নাগপুরের আসিষ্টাণ্ট কমিসানর লেপ্টেনেণ্ট শ্রীযুত আর সি মনি সাহেব (Lieutenant R. C. Money,) লোহারডগা জিলাতে অবস্থিত হইয়াছেন।

১৮৬২ সাল ১১ জুলাই।

ষ্টাফ পষ্টনের মেজর শ্রীযুত এন আর স্নাইড সাহেব (Major N. R. Sneyd,) বারাকপুরে ছ উনী স্থানের জাইণ্ট মাজিষ্ট্রেটের ও আবকারীর সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

কৃষ্ণনগরের ক্ষুদ্র মোকদ্দমার প্রধান আদালতের জজ শ্রীযুত এন এচ টমসন সাহেব (Mr. N. H. Thomson,) ফৌজদারী কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ১৮৫৯ সালের ১০ আইনক্রমে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন।

নদীয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সি টেলর সাহেব (Mr. W. C. Taylor,) ময়মনসিংহে নিযুক্ত হইয়াছেন, সেই জিলাতে তিনি মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

দেশীয় চিকিৎসক শ্রীযুত সেখ আক্তা হুসেন দিনাজপুরের দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন।

দেশীয় চিকিৎসক শ্রীযুত বাবুরাম দ্বারবাসিনীর দাতব্য ঔষধালয়ের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ১ জুলাই।

খিদিরপুরের ধর্ম্মোপদেশক শ্রীযুত পাদরী এফ এফ মাজুকেলী সাহেব (Reverend F. F. Mazuchelli,) গত আপ্রিল মাসের ২১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সাবেক কোর্ট অফ ডিরেক্টর্স সাহেবেরদের ১৮২৭ সালের ৫ আগষ্ট তারিখের ৫৩ নম্বরের হুকুমমতে তিন দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১০ জুলাই।

২৪ পরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ জি পেণ্টর সাহেব (Mr. H. G. Paynter,) তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

সিংহভূমের ডেপুটী কমিসানর শ্রীযুত ডাক্তর ডবলিউ এচ হেস সাহেব (Dr. W. H. Hayes,) রাজধানীতে চিকিৎসক সভায় উপস্থিত হইবার জন্যে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন। লেপ্টেনেণ্ট শ্রীযুত আর সি মনি সাহেব (Lieutenant R. C. Money,) কিয়ৎ কালের নিমিত্তে সিংহভূমে ডেপুটী কমিসানরের কর্ম্মের ভার গ্রহণ করিবেন।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত সি বুলনয়স সাহেব (Mr. C. Boulnois,) গত মে মাসের ২৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাস ১৮ দিনের অর্থাৎ আগামি অক্টোবর মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

চাটিগাঁয়ের সাবেক প্রধান সদর আমীন শ্রীযুত বাবু গঙ্গাচরণ সোম গত জানুআরি মাসের ১১ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বসিরহাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু হেমচন্দ্র কর অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১০ জুলাই।

আসামের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসানর শ্রীযুত ডবলিউ এচ ব্রৌন্লো সাহেব (Mr. W. H. Brownlow,) গত মাসের ২০ তারিখে যে ছুটী পান্ তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার

NOTICE.

Notice is hereby given, that the Court of Small Causes at Midnapore has been opened at that Sudder Station, from this date the 18th July 1862.

Parties holding diplomas for the higher or lower Grades of Pleader in the Civil Courts are hereby invited to practise in the said Court of Small Causes.

BENEE MADHUB SHOME, *Judge.*

Midnapore Court of Small Causes, the 18th July, 1862.

বিজ্ঞাপন পত্র।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে বিজ্ঞাপন করা যাইতেছে যে মেদিনীপুর জেলার অন্তঃপাতি মোকাম সহর মেদিনীপুরের ইস্‌মাইল কোজ কোর্ট নামে ছোট আদালতের কার্য্য অদ্য ১৮ জুলাই তারিখঅবধি আরম্ভ হইল।

যে২ ব্যক্তিরা উচ্চ কিম্বা নিম্নাদালতের ওকালতি করিবার ডিপ্লোমা অর্থাৎ ক্ষমতাপত্র প্রাপ্ত হইয়াছেন তাঁহারা উক্ত ছোট আদালতে ওকালতি করিবার কারণ উপস্থিত হইতে পারেন ইতি।

মোং মেদিনীপুরের ছোট আদালত।
সন ১৮৬২। ১৮ জুলাই।

বেণীমাধব সোম। জজ।

LAND ADVERTISEMENTS. ভূমিবিষয়ক ইশ্‌তিহার।

জিলা মুরশিদাবাদ।

ইস্তাহার দেওয়া যাইতেছে যে সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মানুযায়ি জেলা মুরশিদাবাদ সংক্রান্ত নিম্নের লিখিত কাএমি বন্দবস্তী মাহাল সন ১৮৬২ সালের লাগাইত কিস্তী জুনের রাজস্বের বাকী আদায় কারণ সন ১৮৬২ সালের ১ আগষ্ট মোতাবেক সন ১২৬৯ সালের ১৭ শ্রাবণ শুক্রবার জেলা মজকুরের কালেক্টরির কাছারিতে অবার্থ নীলাম হইবেক ইতি সন ১৮৬২। ৩ জুলাই মোতাবেক সন ১২৬৯। ২০ আষাঢ়।

শ্রেণীর নম্বর	মাহালের প্রকরণ	তৌজীর নম্বর	নাম মাহাল	নাম তালুকদার	সদর জমা	কৈ‍ৎ
১	প্রথম শ্রেণীর মাহাল	৪২৮	কিৎ মৌজে লোচনবাটী পরগনে কুলবেড়িয়া	আমীরন নেসা বেগম	৬৯৭৷৶৭	সমুদয় মাহাল নীলাম হইবেক।

ALEX. T. MACLEAN, *Offg. Collector.*

জিলা ভূলুয়া।

এস্তাহারনামা।

১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার মর্ম্মমতে ইহাতে সংবাদ দেওয়া যাইতেছে যে জেলে ভূলুয়ার নীচের লিখিত মহাল সন ১৮৬২ সালের ২৮ জুন তারিখপর্য্যন্ত সূর্য্যাস্তের বাকী মালগুজারি আদায়ের নিমিত্তক এবং উক্ত আইনের মর্ম্মানুসারে চর সাহা ভিকারির জিম্মাদারানের দেনা বাকির জন্য জিম্মাদারানের জমীদারি সন ১৮৬২ সালের ২৮ জুলাই মোতাবেক বাঙ্গলা সন ১২৬৯ সনের ১৩ শ্রাবণ রোজ সোমবার ঐ জেলার কালেক্টরি কাছারিতে বিনাওজর নীলাম ধরা যাবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক ইতি সন ১৮৬২ সন তারিখ ৫ জুলাই।

প্রথম শ্রেণীর ইস্তমুরারি জমা ধার্য্যহওয়া মহাল।

১৬ নং কাএমী জমীদারী পরগনে সন্দ্বীপ হিস্যে ।২৸ কড়া তরফ ভবানীচরণ মালিক ষোড়শীবালা দেবী সদর জমা ১১৭৪৩৸৵১০

১৭ নং কাএমী জমীদারী পরগনে সন্দ্বীপ চাকলে হাতিয়া মৌজে চর আবজল ভবানীচরণ ও নিলক্ষ্মীময় কেশ্তলি ও লালা কালু মালিক শ্রীমতী ষোড়শীবালা দেবী সদর জমা ১২৫০০৷৵৫

১৮ নং কাএমী জমীদারী পরগনে সন্দ্বীপ চাকলে রামগঞ্জ হিস্যে ৵৫৶ কাগ নিঃ ভবানীচরণ মালিক শ্রীমতী ষোড়শীবালা দেবী সদর জমা ২৩৩৩৷৵৬

৩ মহাল।

চতুর্থ শ্রেণী চর সাহা ভিকারির জিম্মাদারানের দেনা বকয়া বাকীর জন্য যে মহাল নীলাম হইবেক।

১৫ নং পরগনে দাড়রা হিস্যে ।০ আনা মালিক মাহাম্মদ আবগদ চৌধুরী ও আমীনদ্দীন আহাম্মদ চৌধুরী স্বয়ং ও অলি মহাফেজ আশরফদ্দীন আহাম্মদ চৌধুরী নাবালগ মধ্যে মাহাম্মদ আবগদ চৌধুরী ও আমীনদ্দীন আহাম্মদ চৌধুরী বাকীদারানের স্বত্ব সদর জমা ১৫৪৭৷৵৪

H. HANKEY, *Offg. Collector.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২২ জুলাই।]

বিক্রয় নেমকের মাসিকবারী হিসাব সন ১৮৬২ সাল তারিখ ৩০ জুন।

১	২	৩	৪	৫		৬
এজেন্সীর নাম	সন ১২৬৭ সাল অথবা ১৮৬০।৬১ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০।৬১ সাল	সন ১২৬৮ সাল মোতাবেক ইং ১৮৬১।৬২ সাল	মৌজুদ নেমকের একুম।		দর ফি ১০০৲ মোন
				পাঙ্গা	করকচ	মোট একুন	
হিজলী।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর	০	৩৭,৩৫০৲	১,০১,২৭০৲	১,৩৯,৩২০৲	০	১,৩৯,৩২০৲	৪০৪৲
ঐ ঐ কৃষ্ণ নগর	১০,৩২২৲	২৯৮৬৲	১,৬৬,০৩১৲	১,৭৯,৪০২৲	০	১,৭৯,৪০২৲	ঐ
ঐ ঐ রাম নগর	০	৫৩,০২০৲	৯২,৪১৮৲	১,৫২,৫০৮৲	০	১,৫২,৫০৮৲	ঐ
ঐ ঐ কালী নগর	০	৫৭,০৮১৲	১,৯১,৬৩৩৲	২,৪৮,৭১৪৲	০	২,৪৮,৭১৪৲	ঐ
ঐ ঐ পুরী ঘাটা	০	৬৬,৭৩২৲	৫৭,২৭০৲	১,২৪,০০২৲	০	১,২৪,০০২৲	ঐ
একুন	১০,৩২২৲	২,১৭,২৩৯৲	৬,১৬,৩২২৲	৮,৪৩,৯৫৩৲	০	৮,৪৩,৯৫৩৲	
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।	০	৩,৬৩,২৭৫৲	৫,০৫,৮২৮৲	৮,৬৯,১৭৩৲	০	৮,৬৯,১৭৩৲	৪০৪৲
একুন	০	৩,৬৩,২৭৫৲	৫,০৫,৮২৮৲	৮,৬৯,১৭৩৲	০	৮,৬৯,১৭৩৲	
সালিখা।							
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	৭,৪২,১৪০৲	৫,০০,০০০৲	০	০	৭,৪২,১৪০৲	৭,৪২,১৪০৲	৩৯২৲
ঐ ঐ চিলকা	১,৫৮,২০৬৲	০	০	০	১,৫৮,২০৬৲	১,৫৮,২০৬৲	৩৮৯৲
ঐ ঐ সিন্ধু	০	৫,০০,০০০৲	০	০	৫,০০,০০০৲	৫,০০,০০০৲	৪১৬৲
মিশ্রিত করকচ নেমক	২৯০০৲	২৮০১৲	০	০	২,৯০০৲	২,৯০০৲	
পাঙ্গা নেমক কটক	৩২,০৬৫৲	৭৫,২৪৮৲	০	১,০৭,৩১৩৲	০	১,০৭,৩১৩৲	৪২৩৲
ঐ ঐ বালেশ্বর	১৫,৮১৫৲	২,৮৫,১৫৭৲	০	৩,০০,১৭২৲	০	৩,০০,১৭২৲	ঐ
ঐ ঐ খোরদা	২৪,৮৬৭৲	১,০২,৫৬৩৲	০	১,২৫,৪৩০৲	০	১,২৫,৪৩০৲	ঐ
ঐ ঐ চিলকা	৩৩,১৪৮৲	২৯,০৯৫৲	০	১,৩২,২৪৩৲	০	১,৩২,২৪৩৲	ঐ
ঐ ঐ রামনগর	২৮৲	৪৭,১৬২৲	০	৪৭,১৯০৲	০	৪৭,১৯০৲	ঐ
ঐ ঐ পুরিঘাটা	৭৭১৯৲	১৫,৯৫৭৲	০	২৩,৬৭৬৲	০	২৩,৬৭৬৲	ঐ
ঐ ঐ কৃষ্ণনগর	১,৯৭৩৲	১,৩৯,৪৮৮৲	০	১,৪১,৪৬১৲	০	১,৪১,৪৬১৲	ঐ
ঐ ঐ নারায়ণপুর	০	২,৯৬,৩২৬৲	০	২,৯৬,৩২৬৲	০	২,৯৬,৩২৬৲	ঐ
একুন	১০,১৬,৮৬১৲	১৫,৬১,০৬৬৲	০	১১,৭৪,৬৮১৲	১৪,০৩,২৪৬৲	২৫,৭৭,৯২৭৲	

[৫৫৩]

এজেন্সীর নাম।	সন ১২৬৭ সাল অথবা ১৮৬০।৬১ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০।৬১ সাল	সন ১২৬৮ সাল মোতাবেক ইং ১৮৬১।৬২ সাল	মৌজুদ নেমকের একুন।			
				পাঙ্গা	করকচ	মোট একুন	দর ফি ১০০/ মোন
	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
ঘুসুড়ি।							
পাঙ্গানেমক-ঘাট কালীনগর	০	১,০২,২৩৮/	০	১,০২,২৩৮/	০	১,০২,২৩৮/	৪২৩/
ঐ ঐ রসুলপুর	০	৪২,১১৮/	০	৪২,১১৮/	০	৪২,১১৮/	ঐ
মিশ্রিত ঐ ঐ রামনগর	০	৬৮,৪২৭/	০	৬৮,৪২৭/	০	৬৮,৪২৭/	ঐ
সন ১২৬৫।৬৬।৬৭ সালের একুন।	০	২১,২৮৫৩/	০	২,১২,৮৫৩/	০	২১,২৮৫৩/	
আরাকিন।							
পাঙ্গা নেমক-ঘাট কৈকফু।	১৩,৪৪৮/	৬,২৮১/	০	২০,৪২৯/	০	২০,৪২৯/	
একুন।	১৩,৪৪৮/	৬,২৮১/	০	২০,৪২৯/	০	২০,৪২৯/	
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক সদর ঘাট	০	১,৬৮,৪৬৬/	০	১,৬৮,৪৬৬/	০	১,৬৮,৪৬৬/	৪০৪৲
ঐ ঐ বাগখালী...	০	২৪৯১০/	০	২৪,৯১০/	০	২৪৯১০/	ঐ
ঐ ঐ আরাকিন...	০	২,১৮৫/	০	২,১৮৫/	০	২,১৮৫/	ঐ
করকচ নেমক মাদ্রাজ ...	৪৫০,৬৫/	১,৫৭,০৩২/	১,১৩,৫৫৩/	০	৩,১৫৬৫০/	৩১৫৬৫০/	ঐ
ঐ ঐ জোদ্দা ...	০	৩,০৭৭/	০	০	৩,০৭৭/	৩০৭৭/	ঐ
একুন।	৪৫০৬৫/	৩,৫৩,৪৮৫/	১,১৫,৭০৮/	১,২৫,৫৬১/	৩১৮৭২৭/	৫১৪২৮৮/	

এজেন্সীর নাম।	সন ১২৬৭ সাল অথবা ১৮৬০। ৬১ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০। ৬১ সাল	সন ১২৬৮ সাল মোতাবেক ইং ১৮৬১। ৬২ সাল	মৌজুদ নেমকের একুন			
				পাঙ্গা	করকচ	মোট একুন	দর ফি ১০০/ মোন
কটক।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কো৲ টকা
পাঙ্গা নেমক	০	০	০	১,১৪,১৯৯/	০	১,১৪,১৯৯/	৪০৪/
একুন।	০	০	০	১,১৪,১৯৯/	০	১,১৪,১৯৯/	ঐ
পুরী।							
পাঙ্গা নেমক	০	০	০	১,৪২,০৪৪/	০	১,৪২,০৪৪/	ঐ
করকচ নেমক	০	০	০	০	১৫,৫৪,০৩৬/	১৫,৫৪,০৩৬/	ঐ
একুন।	০	০	০	১,৪২,০৪৪/	১৫,৫৪,০৩৬/	১৬,৯৬,০৮০/	ঐ
বালেশ্বর।							
পাঙ্গা নেমক	০	০	০	৩,৫৯,২০২/	০	৩,৫৯,২০২/	ঐ
একুন।	০	০	০	৩,৫৯,২০২/	০	৩,৫৯,২০২/	ঐ
মোট একুন।	১০,৮৫,৭৬৬/	২৭,২১,৮২২/	১২,৩৭,২৫৮/	৩৯,৩৯,০২৫/	৩২,৭৬,০০৯/	৭২,১৫,১০৪/	ঐ

মন্তব্য।

শহর কলিকাতার অন্তর্গত রিবিনিউ বোর্ডের দপ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানা পাওয়া যায় সেই রওয়ানা গোলা ঘাটে দাখিল করিয়া যে সকল ব্যক্তিরা নেমক প্রার্থনা রাখে তাহারদিগকে ৬ মাসের লিখিত দরে ১ মাসের লিখিত সরকারী গোলাহইতে ১০/ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

বোর্ড রিবিনিউ। ফোর্ট উলিয়ম ১৮৬২ সাল তারিখ ১০ জুন।

ডবলিউ জে হার্ষচেল। একটিং ছোট সেক্রেটারী।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধ চন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

বঙ্গভাষায় পশ্চাৎ লিখিত আইন সকল কলিকাতার থাকর কোম্পানির ও পি এস ডিরোজারিও কোম্পানির পুস্তকালয়ে ও শ্রীরামপুরে গবর্ণমেণ্টের অনুবাদক শ্রী জান রাবিনসন সাহেবের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হওয়া যাইতে পারিবে।

দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ মূল্য ... ... ২ টাকা মাত্র

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ও ১৮৬১ সালের ২৩ আইন মূল্য ... ... ২৲ টাকা মাত্র।

ইষ্টাম্পের ১৮৬২ সালের ১০ আইন ... ... ॥০ আনামাত্র।

১৮৬২ সালের ৬ আইন মূল্য ... ... ৵ আনামাত্র

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২২ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিরুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1200. ১২০০) (৫৫৩)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, JULY 29, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ২৯ জুলাই

HOME DEPARTMENT.

No. 3226.

JUDICIAL.

Fort William, the 1st July 1862.

THE following Act of Parliament, 24 and 25 Vic., Cap. 104, is published for general information :—

ANNO VICESIMO QUARTO & VICESIMO QUINTO VICTORIÆ REGINÆ.

****

CAP. CIV.

An Act for establishing High Courts of Judicature in India.

[*6th August* 1861.]

BE it enacted by the Queen's Most Excellent Majesty, by and with the Advice and Consent of the Lords Spiritual and Temporal, and Commons, in this present Parliament assembled, and by the Authority of the same, as follows :

[High Courts may be established in the several Presidencies of India.]

1. It shall be lawful for Her Majesty, by Letters Patent under the Great Seal of the United Kingdom, to erect and establish a High Court of Judicature at *Fort William* in *Bengal* for the *Bengal* Division of the Presidency of *Fort William* aforesaid, and by like Letters Patent to erect and establish like High Courts at *Madras* and *Bombay* for those Presidencies respectively, such High Courts to be established in the said several Presidencies at such Time or respective Times as to Her Majesty may seem fit, and the High Court to be established under any such Letters Patent in any of the said Presidencies shall be deemed to be established from and after the Publication of such Letters Patent in the same Presidency, or such

হোম ডিপার্টমেণ্ট।

৩২২৬ নম্বর।

জুডিসিয়ল।

ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ১ জুলাই।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার ২৪। ২৫ বৎসরের পারলিমেণ্টের আইনের ১০৪ অধ্যায় সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার চতুর্ব্বিংশ ও পঞ্চ বিংশ বৎসরে।

১০৪ অধ্যায়।

ভারতবর্ষে উপরিস্থ আদালত স্থাপন করিবার আইন।

[১৮৬১ সাল ৬ আগষ্ট।]

বর্ত্তমান রাজমন্ত্রিসভাগত পরমার্থ ও সৎসারসম্পর্কীয় লার্ড সাহেবেরদের ও কামন সাহেবেরদের পরামর্শ ও সম্মতি ও অনুমতিক্রমে শ্রীশ্রীমতী মহারাণী পশ্চাৎ লিখিত বিধান করিয়াছেন।

[ভারতবর্ষের নানা প্রসীডেন্সীতে হাই কোর্ট নামে উপরিস্থ আদালত স্থাপিত হইবার কথা।]

১ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী গ্রেট ব্রিটন ও ঐরলাণ্ড সংযুক্ত রাজ্যের বৃহৎ মোহরে মুদ্রাঙ্কনক্রমে পেটেণ্টপত্র দানপূর্ব্বক ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর বঙ্গদেশের নিমিত্তে বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে মোকদ্দমার বিচারার্থ উপরিস্থ আদালত রচনা ও সংস্থাপন করিতে পারিবেন। ও সেই প্রকারের পেটেণ্টপত্র দানপূর্ব্বক মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীর নিমিত্তে ঐং স্থানে তদ্রূপ উপরিস্থ আদালত রচনা ও সংস্থাপন করিতে পারিবেন। শ্রীশ্রীমতী যে সময় কি যেং সময় উপযুক্ত বোধ করেন সেই সময়ে উক্ত নানা প্রসীডেন্সীর মধ্যে উক্ত উপরিস্থ আদালত স্থাপিত হইবেক। ও কোন প্রসীডেন্সীতে তদ্রূপ পেটেণ্টপত্র যে সময়ে প্রচারিত হয়, কিম্বা ঐ পেটেণ্টপত্রে অন্য যে সময় নির্দ্ধারিত থাকে, সেই সময়াবধি পূর্ব্বোক্ত কোন রাজধানীর মধ্যে পূর্ব্বোক্ত

other time as in such Letters Patent may be appointed in this Behalf.

[Constitution of High Courts.]

2. The High Court of Judicature at *Fort William* in *Bengal* and at the Presidencies of *Madras* and *Bombay* respectively shall consist of a Chief Justice and as many Judges, not exceeding Fifteen, as Her Majesty may from Time to Time think fit and appoint, who shall be selected from—

1*st*. Barristers of not less than Five Years standing; or,

2*nd*. Members of the Covenanted Civil Service of not less than Ten Years standing, and who shall have served as Zillah Judges, or shall have exercised the like Powers as those of a Zillah Judge for at least Three Years of that period; or,

3*rd*. Persons who have held Judicial Office not inferior to that of Principal Sudder Ameen or Judge of a Small Cause Court for a period of not less than Five Years; or,

4*th*. Persons who have been Pleaders of a Sudder Court or High Court for a Period of not less than Ten Years, if such Pleaders of a Sudder Court shall have been admitted as Pleaders of a High Court:

Provided that not less than One Third of the Judges of such High Courts respectively, including the Chief Justice, shall be Barristers, and not less than One Third shall be Members of the Covenanted Civil Service.

[Certain existing Judges herein named to be the First Judges of the High Court.]

3. Provided always, That the Persons who at the Time of the Establishment of such High Court in any of the said Presidencies are Judges of the Supreme Court of Judicature and permanent Judges of the Court of Sudder Dewanny Adawlut or Sudder Adawlut of the same Presidency shall be and become Judges of such High Court without further Appointment for that Purpose; and the Chief Justice of such Supreme Court shall become the Chief Justice of such High Court.

[Tenure of Office of High Courts.]

4. All the Judges of the High Courts established under this Act shall hold their Offices during Her Majesty's Pleasure: Provided that it shall be lawful for any Judge of a High Court to resign such Office of Judge to the Governor General of *India* in Council or Governor in Council of the Presidency in which such High Court is established.

[Precedence of Judges of High Courts.]

5. The Chief Justice of any such High Court shall have Rank and Precedence before the other Judges of the same Court, and such of the other Judges of such Court as on its Establishment shall

কোন পেটণ্ট পত্রক্রমে ঐ প্রধান আদালত স্থাপিত হইল জান হইবেক ইতি।

[উপরিস্থ আদালতের রচনার কথা।]

২ ধারা। বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে এবং মান্দ্রাজ ও বোম্বাই রাজধানীতে মোকদ্দমার বিচারার্থ যে উপরিস্থ আদালত স্থাপন হইবেক, তাহাতে এক জন চীফ জুষ্টিস সাহেব ও পঞ্চদশের অনধিক যত জন জজ সাহেবকে শ্রীশ্রীমতী সময়ে২ উপযুক্ত জান করিয়া নিযুক্ত করেন তাঁহারা থাকিবেন। ঐ জজ সাহেবেরা পশ্চাৎ লিখিত প্রকার ব্যক্তিরদের মধ্যেহইতে মনোনীত হইবেন।

প্রথম। যে বারিষ্টর সাহেবেরা পঞ্চ বৎসরের অন্যূন কাল ঐ কর্ম্ম করিয়াছেন।

দ্বিতীয়। সিবিলসম্পর্কীয় সিরিশ্তার চিহ্নিত যে সাহেবেরা দশ বৎসরের অন্যূন কাল ঐ কর্ম্ম করিয়াছেন, ও তন্মধ্যে অন্যূন তিন বৎসরপর্য্যন্ত জিলার জজের কর্ম্ম কি জিলার জজের তুল্য ক্ষমতাক্রমে কার্য্য করিয়াছেন।

তৃতীয়। যাঁহারা পঞ্চ বৎসরের অন্যূন কাল প্রধান সদর আমীনের কি ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের অধীন বিচারপতি পদ ধারণ করিয়াছেন।

চতুর্থ। যাঁহারা দশ বৎসরের অন্যূন কাল সদর আদালতের কি উপরিস্থ আদালতের উকিল হন। সদর আদালতের উকিল হইলে, প্রয়োজন যে তাঁহারা উপরিস্থ আদালতেও ওকালতী করিতে অনুমতি পান।

কিন্তু চীফ জুষ্টিস এবং ঐ উপরিস্থ আদালতের জজ সাহেবেরদের তিন অংশের একাংশের অন্যূন ব্যক্তি বারিষ্টর হইবেন। ও তিনাংশের একাংশের অন্যূন ব্যক্তি সিবিল সম্পর্কীয় সিরিশ্তার চিহ্নিত কর্ম্মকারক হইবেন ইতি।

[এই ধারার লিখিত বর্ত্তমান কএক জন জজ সাহেবের ঐ উপরিস্থ আদালতের প্রথম জজ হওয়ার কথা।]

৩ ধারা। কিন্তু উক্ত কোন রাজধানীতে উক্ত প্রকারের উপরিস্থ আদালত যে সময়ে সংস্থাপিত হয় সেই সময়ে, সেই২ রাজধানীতে যাঁহারা সুপ্রীম কোর্টের জজ ও সদর দেওয়ানী আদালতের কি সদর আদালতের স্থিরতর জজ আছেন, তাঁহারা, সেই উপরিস্থ আদালতের জজের পদে নিযুক্ত হইবার অন্য আজ্ঞাবিনা, সেই আদালতের জজ হইবেন। ও সেই সুপ্রীম কোর্টের চীফ জুষ্টিস সাহেব ঐ উপরিস্থ আদালতের চীফ জুষ্টিস হইবেন।

[উপরিস্থ আদালতের জজ সাহেবেরদের উক্ত পদে থাকিবার কালের কথা।]

৪ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী যত কাল ইচ্ছা করেন তত কালপর্য্যন্ত এই আইনমত স্থাপিত উপরিস্থ আদালতের সকল জজ সাহেব স্বং পদে থাকিবেন। পরন্তু উপরিস্থ আদালতের কোন জজ সাহেব যদি আপনার পদ ত্যাগ করিতে চাহেন, তবে সেই উপরিস্থ আদালত যে রাজধানীতে স্থাপিত হয় সেই রাজধানীর হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরকে কিম্বা হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর সাহেবকে আপনার সেই অভিপ্রায় জ্ঞাত করিয়া সফল করিতে পারিবেন।

[উপরিস্থ আদালতের জজ সাহেবেরদের তারতম্যের কথা।]

৫ ধারা। তদ্রূপ কোন উপরিস্থ আদালতের চীফ জুষ্টিস সাহেব ঐ আদালতের অন্য জজ সাহেবেরদের অপেক্ষা প্রধান শ্রেণীস্থ ও অগ্রগণ্য হইবেন। ও উপরিস্থ আদালতের স্থাপনকালে ঐ আদালতের অন্য যে জজ সাহেবেরা সুপ্রীম কোর্ট-

have been transferred thereto from the Supreme Court shall have Rank and Precedence before the Judges of the High Court not transferred from the Supreme Court, and, except as aforesaid, all the Judges of each High Court shall have Rank and Precedence according to the Seniority of their Appointments, unless otherwise provided in their Patents.

হইতে উক্ত আদালতে নিযুক্ত হন তাঁহারা, সুপ্রীম কোর্টহইতে ঐ উপরিস্থ আদালতে যাঁহারা নিযুক্ত না হন এমত অন্য জজ সাহেবহইতে অগ্রগণ্য হইবেন। ও পূর্ব্বোক্ত স্থলভিন্ন উপরিস্থ প্রত্যেক আদালতের সকল জজ সাহেব নিযুক্ত হইবার সময়ানুসারে অগ্রগণ্য হইবেন। কেবল যদি তাঁহারদের নিযুক্ত হইবার পেটণ্ট পত্রে প্রকারান্তরের বিধান থাকে, তবে সেই বিধান প্রবল হইবেক ইতি।

[Salaries, &c., of Judges of the High Courts.]

[উপরিস্থ আদালতের জজ সাহেবদিগের বেতনাদির কথা।]

6. Any Chief Justice or Judge transferred to any High Court from the Supreme Court shall receive the like Salary and be entitled to the like Retiring Pension and Advantage as he would have been entitled to for and in respect of Service in the Supreme Court, if such Court had been continued, his Service in the High Court being reckoned as Service in the Supreme Court; and, except as aforesaid, it shall be lawful for the Secretary of State in Council of *India* to fix the Salaries, Allowances, Furloughs, Retiring Pensions, and (where necessary) Expenses for Equipment and Voyage of the Chief Justices and Judges of the several High Courts under this Act, and from Time to Time to alter the same: Provided always, that such Alteration shall not affect the Salary of any Judge appointed prior to the Date thereof.

৬ ধারা। সুপ্রীম কোর্টহইতে কোন উপরিস্থ আদালতে যে চীফ জুষ্টিস সাহেব কি জজ সাহেব নিযুক্ত হন, তিনি ঐ সুপ্রীম কোর্ট থাকিলে সুপ্রীম কোর্টে কর্ম্ম করত যে বেতন পাইতেন, ও কর্ম্ম ত্যাগ করণ কালে তাঁহার যে পেনশ্যন কি উপকারাদি হইত, সেই বেতন পাইবেন ও তাঁহার সেই পেনশ্যনপ্রভৃতি হইবে। ও সুপ্রীম কোর্টে তিনি যত কাল কর্ম্ম করিলেন ততকাল সেই উপরিস্থ আদালতে কর্ম্ম করণের ন্যায় গণ্য হইবেক। উক্ত স্থলভিন্ন এই আইনমত উপরিস্থ নানা আদালতের চীফ জুষ্টিস সাহেবেরা ও জজ সাহেবেরা যে বেতন ও উপরি টাকা ও নিয়মিত ছুটী, ও কর্ম্মত্যাগের কালে যে পেনশ্যন পাইবেন, ও আবশ্যক হইলে তাঁহারদের এদেশে আগমনার্থে যে২ দ্রব্যাদি ও পাথেয় প্রয়োজন হয় তন্নিমিত্তে তাঁহারা যত টাকা পাইবেন তাহা হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেব নির্দ্ধার্য্য করিবেন ও সময়ে২ তাহা পরিবর্ত্তন করিতে পারিবেন। কিন্তু যদি পরিবর্ত্তন করেন, তবে পরিবর্ত্তন করণের তারিখের পূর্ব্বে যে জজ সাহেবেরা নিযুক্ত হন তাঁহারদের বেতনের কিছু ন্যূনতা হইবেক না ইতি।

[Provision for Vacancy of the Office of Chief Justice or other Judge.]

[চীফ জুষ্টিস সাহেবের কি অন্য জজ সাহেবের পদ শূন্য হইলে তাহাতে অন্য ব্যক্তিকে নিযুক্ত করিবার বিধান।]

7. Upon the happening of a Vacancy in the Office of Chief Justice, and during any Absence of a Chief Justice, the Governor General in Council or Governor in Council, as the case may be, shall appoint One of the Judges of the same High Court to perform the Duties of Chief Justice of the said Court until some Person has been appointed by Her Majesty to the Office of Chief Justice of the same Court and has entered on the Discharge of the Duties of such Office, or until the Chief Justice has returned from such Absence; and upon the happening of a Vacancy in the Office of any other Judge of any such High Court, and during any Absence of any such Judge, or on the Appointment of any such Judge to act as Chief Justice, it shall be lawful for the Governor General in Council or Governor in Council, as the case may be, to appoint a Person, with such Qualifications as are required in Persons to be appointed to the High Court, to act as a Judge of the said High Court, and the Person so appointed shall be authorized to sit and to perform the Duties of a Judge of the said Court until some Person has been appointed by Her Majesty to the Office of Judge of the same Court, and has entered on the Discharge of the Duties of such Office, or until the absent Judge has returned from such Absence,

৭ ধারা। চীফ জুষ্টিসের পদ শূন্য হইলে কিম্বা কোন চীফ জুষ্টিস সাহেব অনুপস্থিত থাকিলে, শ্রীশ্রীমতী মহারাণী যত কাল অন্য ব্যক্তিকে ঐ আদালতের চীফ জুষ্টিসের পদে নিযুক্ত না করেন, ও তিনি যত কাল ঐ পদের কর্ম্মে প্রবর্ত্ত না হন, কিম্বা উক্ত চীফ জুষ্টিস সাহেব যত কাল আপন কর্ম্মে প্রত্যাগমন না করেন, তত কালপর্য্যন্ত উক্ত আদালতের চীফ জুষ্টিসের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কিম্বা স্থলবিশেষে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ সাহেব ঐ উপরিস্থ আদালতের কোন এক জন জজ সাহেবকে নিযুক্ত করিবেন। ও তদ্রূপ কোন উপরিস্থ আদালতের অন্য কোন জজ সাহেবের পদ শূন্য হইলে, ও তদ্রূপ কোন জজ সাহেবের অনুপস্থিত কালে, কিম্বা তদ্রূপ কোন জজ সাহেব চীফ জুষ্টিসের কর্ম্ম করিতে নিযুক্ত হইলে, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর, কিম্বা স্থলবিশেষে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ সাহেব উপরিস্থ আদালতে নিযোজ্য ব্যক্তিরদের উপযুক্ত ক্ষমতাপন্ন কোন এক ব্যক্তিকে উক্ত উপরিস্থ আদালতের জজের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে নিযুক্ত করিবেন। ও শ্রীশ্রীমতী মহারাণী যত কালপর্য্যন্ত কোন ব্যক্তিকে সেই আদালতের জজের পদে নিযুক্ত না করেন, ও তিনি যাবৎ সেই পদের কর্ম্ম নির্ব্বাহ করিতে প্রবর্ত্ত না হন, কিম্বা সেই অনুপস্থিত জজ সাহেব যাবৎ প্রত্যাগমন না করেন, তত কালপর্য্যন্ত, কিম্বা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কিম্বা হজুর কৌন্সেলে পূর্ব্বোক্ত শ্রীযুত গবর্নর্ সাহেব ঐ একটি২ জজ সাহেবের নিযুক্ত হওয়ার

or until the Governor General in Council or Governor in Council as aforesaid shall see Cause to cancel the Appointment of such acting Judge.

[Abolition of Supreme Courts and Sudder Courts.]

8. Upon the Establishment of such High Court as aforesaid in the Presidency of *Fort William* in *Bengal* the Supreme Court and the Court of Sudder Dewanny Adawlut and Sudder Nizamut Adawlut at *Calcutta* in the same Presidency shall be abolished:

And upon the Establishment of such High Court in the Presidency of *Madras* the Supreme Court and the Court of Sudder Adawlut and Foujdarry Adawlut in the same Presidency shall be abolished:

And upon the Establishment of such High Court in the Presidency of *Bombay* the Supreme Court and the Court of Sudder Dewanny Adawlut and Sudder Foujdarry Adawlut in the same Presidency shall be abolished:

And the Records and Documents of the several Courts so abolished in each Presidency shall become and be Records and Documents of the High Court established in the same Presidency.

[Jurisdiction and Powers of High Courts.]

9. Each of the High Courts to be established under this Act shall have and exercise all such Civil, Criminal, Admiralty, and Vice-Admiralty, Testamentary, Intestate, and Matrimonial Jurisdiction, original and appellate, and all such Powers and Authority for and in relation to the Administration of Justice in the Presidency for which it is established, as Her Majesty may by such Letters Patent as aforesaid grant and direct, subject, however, to such Directions and Limitations as to the Exercise of original Civil and Criminal Jurisdiction beyond the Limits of the Presidency Towns as may be prescribed thereby; and, save as by such Letters Patent may be otherwise directed, and subject and without prejudice to the Legislative Powers in relation to the Matters aforesaid of the Governor General of *India* in Council, the High Court to be established in each Presidency shall have and exercise all Jurisdiction and every Power and Authority whatsoever in any Manner vested in any of the Courts in the same Presidency abolished under this Act at the Time of the abolition of such last-mentioned Courts.

[High Courts to exercise same Jurisdiction as Supreme Courts.]

10. Until the Crown shall otherwise provide under the powers of this Act, all Jurisdiction now exercised by the Supreme Courts of *Calcutta*, *Madras*, and *Bombay*, respectively over Inhabitants of such Parts of *India* as may not be comprised within the local Limits of the Letters Patent to be issued under this Act establishing High

আজ্ঞা যাবৎ কোন কারণে রহিত করা উচিত জ্ঞান না করেন, তত কালপর্য্যন্ত পূর্ব্বোক্তমতের নিযুক্ত ব্যক্তি উক্ত আদালতের জজস্বরূপ উপস্থিত হইয়া জজের কর্ম্ম নির্ব্বাহ করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[সুপ্রীম কোর্ট ও সদর আদালতের রুদ্ধ হইবার কথা।]

৮ ধারা। বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে পূর্ব্বোক্তমতের উপরিস্থ আদালত সংস্থাপিত হইলে সেই প্রসীডেন্সীর অন্তর্গত কলিকাতার সুপ্রীম কোর্ট ও সদর দেওয়ানী আদালত ও সদর নিজামৎ আদালত উঠাইয়া দেওয়া যাইবেক।

ও মান্দ্রাজ রাজধানীতে তদ্রূপ উপরিস্থ আদালত স্থাপিত হইলে, সেই রাজধানীর সুপ্রীম কোর্ট ও সদর আদালত ও ফৌজদারী আদালত উঠাইয়া দেওয়া যাইবেক।

ও বোম্বাই রাজধানীতে তদ্রূপ উপরিস্থ আদালত স্থাপিত হইলে, সেই রাজধানীর সুপ্রীম কোর্ট ও সদর দেওয়ানী আদালত ও সদর ফৌজদারী আদালত উঠাইয়া দেওয়া যাইবেক।

ও প্রত্যেক রাজধানীর যেং আদালত তদ্রূপে রুদ্ধ হয়, সেইং আদালতের সকল কাগজপত্র ও দলীলদস্তাবেজ সেইং রাজধানীতে স্থাপিত উপরিস্থ আদালতের কাগজপত্র ও দলীলদস্তাবেজ হইবেক ইতি।

[উপরিস্থ আদালতের এলাকার ও ক্ষমতার কথা।]

৯ ধারা। এই আইনমতে স্থাপিত প্রত্যেক উপরিস্থ আদালত যে প্রসীডেন্সীতে স্থাপিত হয়, তন্মধ্যে দেওয়ানী ও ফৌজদারী ও আডমিরালটি ও বৈম-আডমিরালটি ও উইলসম্পর্কীয় ও যাঁহারা উইল না লিখিয়া মরেন তাঁহারদের সম্পত্তিসম্পর্কীয় ও বিবাহসম্পর্কীয় সকল বিষয়ের যে মোকদ্দমা প্রথমে কি আপীলক্রমে উপস্থিত হয় সেই সকল মোকদ্দমার বিচারার্থে শ্রীশ্রীমতী মহারাণী পূর্ব্বোক্ত পেটেণ্টপত্রদ্বারা যে সকল ক্ষমতা ও শক্তি প্রদান ও আজ্ঞা করেন, তাহা প্রাপ্ত হইয়া তদনুসারে কার্য্য করিবেন। কিন্তু রাজধানীর সীমার বহির্ভূত স্থানে দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাক্রমে কার্য্য করণ বিষয়ে উক্ত পত্রেতে যে বিধান ও সীমা নির্দ্দিষ্ট থাকে তদনুসারে কার্য্য করিতে হইবেক। আরো প্রত্যেক প্রসীডেন্সীর যে সকল আদালত এই আইনমতে রুদ্ধ হয়, সেই আদালতের রুদ্ধ হওন কালে তাহার যে সকল এলাকা ছিল, ও তৎপ্রতি যেং ক্ষমতা ও শক্তি কোন প্রকারে প্রদান হইয়াছিল, সেইং প্রসীডেন্সীতে স্থাপিত প্রত্যেক উপরিস্থ আদালত সেই এলাকা প্রাপ্ত হইয়া সেই শক্তি ও ক্ষমতাক্রমে কার্য্য করিবেন। কিন্তু উক্ত পেটেণ্টপত্রে প্রকারান্তরের বিধান থাকিলে তাহা প্রবল হইবে, ও পূর্ব্বোক্ত বিষয়ে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ব্যবস্থা করণের যে ক্ষমতা আছে তাহা বলবৎ থাকিবেক ও কিছুমাত্র খর্ব্ব হইবেক না ইতি।

[সুপ্রীম কোর্টের তুল্য ক্ষমতাক্রমে উপরিস্থ আদালতের কর্ম্ম করিবার কথা।]

১০ ধারা। ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীতে উপরিস্থ আদালত স্থাপনার্থ যে পেটেণ্টপত্র এই আইনমতে প্রকাশ করা যাইতেছে, সেই পত্রের মধ্যে ভারতবর্ষের যেং স্থান নির্দ্ধারিত না থাকে, সেইং স্থান নিবাসি ব্যক্তিরদের উপর কলিকাতার ও মান্দ্রাজের ও বোম্বাইয়ের সুপ্রীম কোর্টের যে সকল ক্ষমতা আছে ঐং উপরিস্থ আদালতেরও সেইং ক্ষমতা থাকিবে। কিন্তু

Courts at *Fort William*, *Madras*, and *Bombay*, shall be exercised by such High Courts respectively.

[Existing Provisions applicable to Supreme Courts to apply to High Courts.]

11. Upon the Establishment of the said High Courts in the said Presidencies respectively all Provisions then in force in *India* of Acts of Parliament, or of any Orders of Her Majesty in Council, or Charters, or of any Acts of the Legislature of *India*, which at the Time or respective Times of the establishment of such High Courts are respectively applicable to the Supreme Courts at *Fort William* in *Bengal*, *Madras*, and *Bombay* respectively, or to the Judges of those Courts, shall be taken to be applicable to the said High Courts and to the Judges thereof respectively, so far as may be consistent with the Provisions of this Act, and the Letters Patent to be issued in pursuance thereof, and subject to the Legislative Powers in relation to the Matters aforesaid of the Governor General of *India* in Council.

[Provision as to pending Proceedings in abolished Courts.]

12. From and after the Abolition of the Courts abolished as aforesaid in any of the said Presidencies, the High Court of the same Presidency shall have Jurisdiction over all Proceedings pending in such abolished Courts at the Time of the Abolition thereof, and such Proceedings, and all previous Proceedings in the said last-mentioned Courts, shall be dealt with as if the same had been had in the said High Court, save that any such Proceedings may be continued, as nearly as Circumstances permit, under and according to the Practice of the abolished Courts respectively.

[Power to High Courts to provide for Exercise of Jurisdiction by single Judges or Division Courts.]

13. Subject to any Laws or Regulations which may be made by the Governor General in Council the High Court established in any Presidency under this Act may by its own Rules provide for the Exercise, by One or more Judges, or by Division Courts constituted by Two or more Judges of the said High Court, of the original and appellate Jurisdiction vested in such Court, in such Manner as may appear to such Court to be convenient for the due Administration of Justice.

[Chief Justice to determine what Judges shall sit alone or in the Division Courts.]

14. The Chief Justice of each High Court shall from Time to Time determine what Judge in each Case shall sit alone, and what Judges of the Court, whether with or without the Chief Justice, shall constitute the several Division Courts as aforesaid.

[*Government Gazette*, 29*th July*, 1862.]

শ্রীশ্রীমতী মহারাণী যখন এই আইনের শক্তিক্রমে প্রকারান্তরের বিধান করেন তখন তাহা প্রবল হইবেক ইতি।

[বর্ত্তমান যে২ বিধান সুপ্রীম কোর্টের প্রতি খাটে তাহা উপরিস্থ আদালতসকলের প্রতি খাটিবার কথা।]

১১ ধারা। উক্ত উপরিস্থ আদালত যে সময়ে উক্ত সকল প্রসীডেন্সীতে স্থাপিত হয়, সেই সময়াবধি পারলিমেণ্টের আক্টের কিম্বা হজুর কৌন্সেলে শ্রীশ্রীমতী মহারাণীর কোন আজ্ঞার কিম্বা চার্টরের কিম্বা ভারতবর্ষের ব্যবস্থাপকেরদের কৃত আইনের যে সকল বিধান প্রচলিত থাকে, ও সেই২ উপরিস্থ আদালত সংস্থাপনের কালে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম ও মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীর প্রতি কিম্বা ঐ২ কোর্টের জজ সাহেবেরদের প্রতি খাটে, সেই২ আক্টপ্রভৃতি, এই আইনের বিধানে ও তদনুযায়ি প্রকাশিত পেটণ্টপত্রে যেপর্য্যন্ত সঙ্গত হয়, সেইপর্য্যন্ত উক্ত উপরিস্থ আদালতের প্রতি ও সেই২ আদালতের জজ সাহেবেরদের প্রতি খাটে এমত জ্ঞান হইবেক। কিন্তু পূর্ব্বোক্ত নানা বিষয়ে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের ব্যবস্থা করণের যে ক্ষমতা আছে তাহা প্রবল থাকিবে ইতি।

[যে২ আদালত রুদ্ধ হইয়াছে তাহাতে উপস্থিত থাকা মোকদ্দমার বিধান।]

১২ ধারা। উক্ত কোন প্রসীডেনসীর মধ্যে যে সকল আদালত পূর্ব্বোক্তমতে রুদ্ধ হয়, তাহার রুদ্ধ হওনকালে যে সকল মোকদ্দমা ঐ২ আদালতে উপস্থিত ছিল, সেই সকল মোকদ্দমার উপর ঐ রুদ্ধ আদালতের রুদ্ধ হওনের কালাবধি ঐ২ প্রসীডেনসীর উপরিস্থ আদালতের এলাকা থাকিবে। ও সেই সকল মোকদ্দমা, ও উক্ত রুদ্ধ আদালতে যে সকল মোকদ্দমা পূর্ব্বে উপস্থিত করা গিয়াছে তদ্বিষয়ের কার্য্য উক্ত উপরিস্থ আদালতে উপস্থিত হওয়ার মত চলিবেক। কিন্তু ভাবগতিক দৃষ্টে যেপর্য্যন্ত হইতে পারে সেইপর্য্যন্ত ঐ সকল রুদ্ধ আদালতের ব্যবহারানুসারে ঐ মোকদ্দমার কার্য্য চলিতে পারিবেক ইতি।

[এক২ জন জজ সাহেবের কি আদালতখণ্ডের দ্বারা মোকদ্দমার বিচার হইবার বিধান করিতে উপরিস্থ আদালতের ক্ষমতার কথা।]

১৩ ধারা। কোন প্রসীডেনসীতে এই আইনমতে যে উপরিস্থ আদালত সংস্থাপিত হয়, সেই আদালত যথার্থ বিচার উপযুক্তমতে হইবার জন্যে যে নিয়ম বিহিত বোধ করেন এমত কোন নিয়ম করিয়া, উক্ত আদালতে প্রথমতঃ উপস্থিত হওয়া ও আপীলী মোকদ্দমা শুনিবার যে ক্ষমতা থাকে, সেই ক্ষমতাক্রমে উক্ত উপরিস্থ আদালতের এক কি অধিক জন জজ সাহেবদ্বারা, কিম্বা দুই কি ততোধিক জন জজ সাহেবদিগকে লইয়া আদালত খণ্ডদ্বারা কার্য্য হইবার বিধান আপনি করিতে পারিবেন। কিন্তু ইহাতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে কোন আইন কি ব্যবস্থা করেন তাহা প্রবল মানিতে হইবেক ইতি।

[যে জজ সাহেব একক বসিবেন কি যে২ সাহেবদিগকে লইয়া আদালতখণ্ড হইবেক তাহা চীফ জুষ্টিস সাহেবের নির্দ্ধারণ করিবার কথা।]

১৪ ধারা। উক্ত প্রত্যেক স্থলে যে জজ সাহেবের একক বসিতে হইবেক, ও আদালতের যে২ জজ সাহেবদিগকে লইয়া পূর্ব্বোক্তমতের আদালতখণ্ড হইবেক, ও তাঁহারদের সঙ্গে চীফ জুষ্টিস সাহেব বসিবেন কি না, এই২ বিষয় প্রত্যেক উপরিস্থ আদালতের চীফ জুষ্টিস সাহেব সময়ে২ নির্দ্ধার্য্য করিবেন ইতি।

[High Court to superintend and to frame Rules of Practice for subordinate Courts.]

15. Each of the High Courts established under this Act shall have Superintendence over all Courts which may be subject to its appellate Jurisdiction, and shall have Power to call for Returns, and to direct the Transfer of any Suit or Appeal from any such Court to any other Court of equal or superior Jurisdiction, and shall have Power to make and issue General Rules for regulating the Practice and Proceedings of such Courts, and also to prescribe Forms for every Proceeding in the said Courts for which it shall think necessary that a Form be provided, and also for keeping all Books, Entries, and Accounts to be kept by the Officers, and also to settle Tables of Fees to be allowed to the Sheriff, Attorneys, and all Clerks and Officers of Courts, and from Time to Time to alter any such Rule or Form or Table; and the Rules so made, and the Forms so framed, and the Tables so settled shall be used and observed in the said Courts, provided that such General Rules and Forms and Tables be not inconsistent with the Provisions of any Law in force, and shall before they are issued have received the Sanction, in the Presidency of *Fort William*, of the Governor General in Council, and in *Madras* or *Bombay* of the Governor in Council of the respective Presidencies.

[অধঃস্থ সকল আদালতের উপর উপরিস্থ আদালতের কর্তৃত্ব থাকিবার ও সেই২ আদালতের রীতির নিয়ম করিবার কথা।]

১৫ ধারা। এই আইনমতের স্থাপিত উপরিস্থ প্রত্যেক আদালতে অধঃস্থ যে আদালতের হুকুমের উপর আপীল হইতে পারে, সেই আদালতের উপর ঐ উপরিস্থ আদালতের কর্তৃত্ব থাকিবেক। ও উপরিস্থ সেই আদালত ঐ অধঃস্থ আদালতের স্থানে রিটর্ণ তলব করিতে পারিবেন, ও কোন মোকদ্দমা কি আপীলী মোকদ্দমা উক্ত কোন আদালতহইতে উঠাইয়া তত্তুল্য কি ততোধিক ক্ষমতাপন্ন অন্য আদালতের প্রতি অর্পণ করিতে পারিবেন, ও সেই২ অধঃস্থ আদালতের ব্যবহারের ও কার্য্যের সাধারণ বিধান করিয়া প্রচার করিতে পারিবেন, ও উক্ত আদালতের কোন কার্য্যের নিমিত্তে যে স্থলে ফারম অর্থাৎ পাঠ নিরূপণ করা আবশ্যক বোধ করেন সেই স্থলে ফারমও নির্দ্ধার্য্য করিবেন, ও কর্ম্মকারকেরদের যে সকল পুস্তক ও খাতা রাখিতে ও তাহাতে যে সকল কথা লিখিতে হইবেক তাহা রাখিবার ও লিখিবার বিধি করিবেন, ও আদালতের শরিফ ও উকীলেরা ও কেরাণীরা ও আমলাগণ যত রসুম পাইবেন তাহারও ফর্দ্দ প্রস্তুত করিবেন, ও সময়ে২ সেই২ বিধি কি পাঠ কি ফর্দ্দ মতান্তর করিতে ক্ষমতাপন্ন হইবেন। ও উক্ত প্রকারে যে২ বিধি করা যায় ও যে২ ফারম নিরূপণ হয় ও যে২ ফর্দ্দ নির্দ্ধারিত হয়, তাহা উক্ত আদালতে ব্যবহার ও মান্য হইবেক। কিন্তু এ সাধারণ বিধি ও ফারম ও ফর্দ্দ প্রচলিত কোন আইনের বিধানেতে অসঙ্গত না হয়, ও ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর মধ্যে প্রচলিত হইবার পূর্ব্বে তদ্বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরূনর্ জেনরল বাহাদুরের সম্মতির প্রয়োজন, ও মান্দ্রাজ ও বোম্বাইয়ে প্রচলিত হওনের পূর্ব্বে ঐ২ প্রসীডেন্সীরহজুর কৌন্সেলেশ্রীযুত গবরূনর্ সাহেবের সম্মতির প্রয়োজন ইতি।

[Her Majesty may establish a High Court in the North Western Provinces.]

16. It shall be lawful for Her Majesty, if at any Time hereafter her Majesty see fit so to do, by Letters Patent under the Great Seal of the United Kingdom, to erect and establish a High Court of Judicature in and for any Portion of the Territories within Her Majesty's Dominions in *India*, not included within the Limits of the local Jurisdiction of another High Court, to consist of a Chief Justice and of such Number of other Judges, with such Qualifications as are required in Persons to be appointed to the High Courts established at the Presidencies hereinbefore mentioned, as Her Majesty from Time to Time may think fit and appoint; and it shall be lawful for Her Majesty by such Letters Patent to confer on such Court any such Jurisdiction, Powers, and Authority as under this Act is authorized to be conferred on or will become vested in the High Court to be established in any Presidency hereinbefore mentioned; and, subject to the Directions of such Letters Patent, all the Provisions of this Act having reference to the High Court established in any such Presidency, and to the Chief Justice and other Judges of such Court, and to the Governor General or Governor of the Presidency in which such High Court is established, shall, as far as

[উত্তর পশ্চিম দেশে শ্রীশ্রীমতীর উপরিস্থ আদালত স্থাপন করিবার ক্ষমতার কথা।]

১৬ ধারা। ইহার পর কোন সময়ে যদি শ্রীশ্রীমতী মহারাণী উপযুক্ত বোধ করেন, তবে তিনি সংযুক্ত রাজ্যের বৃহৎ মোহরাঙ্কিত পেটণ্টপত্রক্রমে উপরিস্থ আদালতের এলাকার সীমান্তর্গত স্থানের বহির্ভূত, ভারতবর্ষে শ্রীশ্রীমতীর অধিকৃত দেশের কোন অংশে মোকদ্দমার বিচারার্থ অন্য কোনউপরিস্থ আদালত রচনা ও সংস্থাপন করিতে পারিবেন। সেই আদালতে চীফ জুষ্টিস এক জন, এবং পূর্ব্বলিখিত প্রসীডেন্সীতে স্থাপিত উপরিস্থ আদালতে নিযোজ্য ব্যক্তিরদের যদ্রূপ ক্ষমতা প্রয়োজন তত্তুল্য ক্ষমতাপন্ন যত জন জজ সাহেবকে শ্রীশ্রীমতী মহারাণী সময়ে২ উপযুক্ত জ্ঞান করিয়া নিযুক্ত করেন তত জন জজ সাহেব নিযুক্ত হইবেন। ও পূর্ব্ব লিখিত কোন প্রসীডেন্সীতে স্থাপিত উপরিস্থ আদালতে যে সকল ক্ষমতা ও শক্তি ও এলাকা এই আইনমতে অর্পিত হয় কি বর্ত্তে, সেই সকল ক্ষমতাপ্রভৃতি শ্রীশ্রীমতী মহারাণীর পেটণ্টপত্রক্রমে উপরোক্ত আদালতেও অর্পণ করিতে পারিবেন। এবং পূর্ব্বোক্ত কোন প্রসীডেন্সীতে স্থাপিত উপরিস্থ আদালতে, ও সেই আদালতের চীফ জুষ্টিস ও অন্য জজ সাহেবদিগের সঙ্গে, ও যে প্রসীডেন্সীতে উক্ত উপরিস্থ আদালত স্থাপিত হয়, তাহার গবরূনর্ জেনরল বাহাদুরের কি গবরূনর্ সাহেবের সঙ্গে এই আইনের যে সকল বিধানের সম্পর্ক থাকে, তাহা বিষয় বুঝিয়া যে পর্য্যন্ত সাধ্য হয় সেই পর্য্যন্ত ঐ পেটণ্ট পত্রলিখিত আদেশানুসারে উক্ত প্রদেশে স্থাপিত উপরিস্থ আদালতের ও তাহার চীফ জুষ্টিস ও অন্য জজ সাহেবদিগের

Circumstances may permit, be applicable to the High Court established in the said Territories, and to the Chief Justice and other Judges thereof, and to the person administering the Government of the said Territories.

[Other or supplemental Charters may be granted within three years after Establishment of a Court.]

17. It shall be lawful for Her Majesty, if Her Majesty shall so think fit, at any Time within Three Years after the Establishment of any High Court under this Act, by Her Letters Patent, to revoke all or such Parts or Provisions as Her Majesty may think fit of the Letters Patent by which such Court was established, and to grant and make such other Powers and Provisions as Her Majesty may think fit, and as might have been granted or made by such First Letters Patent, or without any such Revocation as aforesaid, by like Letters Patent to grant and make any additional or supplementary Powers and Provisions which might have been granted or made in the first instance.

[Territorial limits of Jurisdiction of Courts may be altered by Order in Council.]

18. It shall be lawful for Her Majesty, from Time to Time by Her Order in Council, to transfer any Territory or Place from the Jurisdiction of One to the Jurisdiction of any other of the High Courts established under this Act, and generally to alter and determine the territorial Limits of the Jurisdiction of the said several Courts as to Her Majesty, with the Advice of Her Privy Council, may seem meet.

[Interpretation of terms.]

19. The Word "Barrister" in this Act shall be deemed to include Barristers of *England* or *Ireland* or Members of the Faculty of Advocates in *Scotland*; and the Words "Governor General and Governor" shall comprehend the Officer administering the Government.

[To be continued.]

ও ঐ প্রদেশের কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহক ব্যক্তির প্রতি বর্ত্তিবে ইতি।

[কোন আদালতের স্থাপন হইবার পর তিন বৎসরের মধ্যে অন্য কি অতিরিক্ত চার্টর দেওয়া যাইতে পারিবার কথা।]

১৭ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর যে পেটণ্ট পত্রক্রমে এই আইনমতে কোন উপরিস্থ আদালত স্থাপিত হয় সেই পেটণ্ট পত্রের সকল অংশ কি বিধান কিম্বা তন্মধ্যের কোন২ অংশ কি বিধান শ্রীশ্রীমতী উক্ত আদালতের সংস্থাপনের কালাবধি তিন বৎসরের মধ্যে উপযুক্ত জ্ঞান করিলে রহিত করিয়া অন্য যে২ ক্ষমতা দান, ও যে২ বিধান করা উপযুক্ত জ্ঞান করেন, ও সেই প্রথম পেটণ্ট পত্রদ্বারা দিতে কি করিতে পারিতেন, তাহা দিতে কি করিতে ক্ষমতাপন্না হইবেন। অথবা পূর্ব্বোক্তমতের কোন বিধানাদি রহিত না করিয়া প্রথম স্থলে যাহা দিতে কি করিতেপারিতেন এমত অধিক কি অতিরিক্ত কোন ক্ষমতা দান করিতে ও কোন বিধান করিতে পারিবেন ইতি।

[হজুর কৌন্সেলের আজ্ঞাক্রমে আদালতের এলাকার সীমা পরিবর্ত্তনের কথা।]

১৮ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী কোন সময়ে হজুর কৌন্সেলে আজ্ঞা করত কোন প্রদেশ কি স্থান এই আইনমতের স্থাপিত কোন উপরিস্থ আদালতের এলাকার সীমাহইতে উঠাইয়া তদ্রূপ অন্য আদালতের এলাকার সীমাভুক্ত করিতে পারিবেন। ও শ্রীশ্রীমতীর প্রিবি কৌন্সেলের সাহেবেরদের পরামর্শক্রমে যেমন উপযুক্ত বোধ করেন, তেমনি শ্রীশ্রীমতী সাধারণমতে উক্ত নানা আদালতের এলাকার স্থানসম্পর্কীয় সীমা পরিবর্ত্তন ও নির্ণয় করিতে পারিবেন ইতি।

[কএক শব্দের অর্থের কথা।]

১৯ ধারা। এই আইনের মধ্যে বারিষ্টর শব্দেতে ইঙ্গলণ্ডের কি ঐরলণ্ডের বারিষ্টর সাহেব ও স্কট লাণ্ডে আডবোকেটের শ্রেণীর অন্তর্গত ব্যক্তিগণও গণিত হন। ও "গবরনর্ জেনরল বাহাদুর ও গবরনর্ সাহেব" এইং শব্দেতে কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহক কার্য্যকারকদিগকে বুঝাইবে ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE, LOWER PROVINCES.

No. 43.

Dated 5th July 1862.

To all Officers under the Board.

The accompanying Form is prescribed for applications for extra Grants, not provided for in the year's Budget.

By Order of the Board of Revenue,

H. L. DAMPIER,
Secretary.

[*Government Gazette, 29th July*, 1862.]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরকুলর অর্ডর।

৪৩ নম্বর।

১৮৬২ সাল ৫ জুলাই।

বোর্ডের অধীন সকল কার্য্যকারকের প্রতি পত্র।

বৎসরের বজেটে অর্থাৎ আনুমানিক ব্যয়ের ফর্দ্দেতে যত টাকা ধরা আছে, ততোধিক টাকা কোন বিশেষকার্য্যহেতুক দিবার প্রার্থনা হইলে তাহা এই পাঠে লিখিতে হইবেক।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে।

এচ এল ডাম্পিয়র।
সেক্রেটারী।

Form of Application for extra Budget Grant.

District.	Budget Head.	Amount assigned under the Head for the year.	No. and date of Orders communicating the assignment.	Amount of extra Grant required.	Collector's reason of Grant being required in excess of the amount originally assigned.	Whether the amount can be met by any probable saving under any other Head of the Budget.	Remarks by Commissioner.	Remarks by Board.	Remarks by Government of Bengal.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 21.

From H. T. Prinsep, Esquire, Register of the Sudder Dewanny Adawlut, to the Zillah Judges, in the Lower Provinces.

Dated Calcutta, 6th June 1862.

I am directed to forward the accompanying copy of a letter from the Officiating Under-Secretary to the Government of Bengal to the address of the Secretary to the Board of Revenue, and

বঙ্গদেশের অতিরিক্ত টাকা দান করিবার প্রার্থনা লিখিবার পাঠ।

জিলা।	কতটুকু দেওয়ার প্রার্থনা হইতে হইবে।	কোন শিরোনামার অধীনে টাকা ব্যয় হইবার প্রার্থনা হইল।	ঐ টাকা নিষ্পন্নের আজ্ঞাপত্রের নম্বর ও তারিখ।	কি কারণ প্রযুক্ত অধিক টাকা ব্যয় হইবার প্রার্থনা হইল।	প্রার্থনা মত টাকা নিষ্পন্ন হইবার কি কারণ।	কোন আদেশের অধীনে প্রার্থনা করা গেল।	কমিশনরের মন্তব্য লিখিতে হইবে।	বোর্ডের মন্তব্য লিখিতে হইবে।	বঙ্গদেশের গবর্ণমেণ্টের মন্তব্য।

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২১ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের জিলার জজ সাহেবেরদের প্রতি সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ৬ জুন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী সাহেব রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের নিকটে যে পত্র পাঠাইয়াছিলেন তাহার নকল আমি আজ্ঞাক্রমে তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে তুমি

to request, that in communication with the Collector, you will appoint one Ameen at least to every Sub-Division, or if that appear insufficient, one to each Moonsiffee.

You are requested to report the number of men so appointed.

(Signed) H. T. PRINSEP,
Register.

No. 236 (A.)

From J. P. H. Ward, Esquire., Officiating Under-Secretary to the Government of Bengal, to the Secretary to the Board of Revenue.

Fort William, the 20th March 1862.

I am directed to acknowledge the receipt of your letter No. 903, dated 23rd December last, submitting the Report relative to the Agency for the sale of distrained property under Act X. of 1859. In reply I am to inform you that, in the Lieutenant Governor's opinion, the system of having two or three Ameens for the sale of distrained property in a whole District, each one being employed for sales occurring all over the District, is obviously indefensible. There should be, he thinks, at least one such Ameen in every Sub-Division, where Sub-Divisions are completely constituted; and one in every tract of moderate extent throughout a District, where the Sub-Divisions are still incomplete and inadequate in numbers.

2nd. He can see no necessity for employing different persons to sell under executions under Act X. from those employed to sell under executions in ordinary Civil suits. What is essential is that one man so employed should not have so large a tract of country to execute his functions in as to make the proper execution of those functions impossible, or to involve excessive travelling charges. As the fees will probably not be enough to pay for two Ameens in each Sub-Division, and as the Civil Court Ameens are appointed by the Judges, it will be necessary to request the Sudder Court to direct the Zillah Judges to appoint one in each Sub-Division of their Districts, and to leave distraints in Act X. cases to them. Where, from the insufficiency of the number of Sub-Divisions as yet constituted, that strength of District Ameens will not be enough, the Judge must be authorized to appoint more, distributing all suitably over the Zillah.

3rd. Whenever the business in one Sub-Division is more than one man can perform, the fees will amount to a corresponding sum, and will enable Government to appoint more than one Ameen in each Sub-Division. When that is the case,

কালেক্টর সাহেবের সঙ্গে লিখনপঠন করিয়া প্রত্যেক মহকুমাতে অতি ন্যূন এক জন আমীনকে নিযুক্ত কর, তাহাতে যদি কর্ম্ম না চলে, তবে প্রত্যেক মুনসেফের চৌকীতে এক২ জন আমীনকে নিযুক্ত কর।

তদ্রূপে যত ব্যক্তিকে নিযুক্ত করা যায় তদ্বিষয়ের রিপোর্ট কর।

এচ টি প্রিনসেপ। রেজিষ্টর।

২৩৬ (A) নম্বর।

রেবিনিউ বোর্ডের সেক্রেটারী সাহেবের প্রতি বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটি২ ছোট সেক্রেটারী শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ২০ মার্চ।

১৮৫৯ সালের ১০ আইনমতে যে সম্পত্তি ক্রোক হয় তাহার নীলাম করণার্থে যে ব্যক্তিরা নিযুক্ত হন তাঁহারদের এক রিপোর্ট তোমার গত ডিসেম্বর মাসের২৩ তারিখের ৯০৩ নম্বরের যে পত্রে প্রেরণ করিয়াছিলা, তাহা প্রাপ্ত হওয়া গিয়াছে, ও আমি আদেশক্রমে তাহার এই উত্তর লিখিতেছি। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব বোধ করেন যে, এক জিলার মধ্যে ক্রোককরা সম্পত্তি নীলাম করিবার জন্যে কেবল দুই তিন জন আমীনকে নিযুক্ত করিয়া, জিলার যে স্থানে যে নীলাম হয় তাহাতে ঐ আমীনদিগকে পাঠাইবার যে নিয়ম আছে তাহা কোন মতে উপযুক্ত নহে। তাঁহার বিবেচনা এই, মহকুমা যে স্থলে সম্পূর্ণরূপে নির্দ্ধারিত হইয়াছে সেই স্থলে প্রত্যেক মহকুমায় এক২ জন আমীনকে নিযুক্ত করিতে হয়। ও যে স্থলে মহকুমা সম্পূর্ণরূপে নির্দ্ধারিত হয় নাই কিম্বা মহকুমার সংখ্যা অপেক্ষাকৃত ন্যূন হয়, এমন স্থলে প্রত্যেক জিলার উপযুক্ত স্থানে২ এক২ জন আমীনকে নিযুক্ত করা উচিত।

২। ১০ আইনমতের ডিক্রীক্রমে নীলাম করণার্থে কএক জনকে, ও সাধারণ দেওয়ানী মোকদ্দমার ডিক্রীক্রমে নীলাম করণার্থে অন্য কএক জনকে নিযুক্ত করিবার কোন আবশ্যক দৃষ্টি করেন না। ফলতঃ উক্ত কর্ম্ম যে স্থানের মধ্যে করিতে হয় তাহা অতিবিস্তৃত হওয়াপ্রযুক্ত এক জনের সেই কর্ম্ম উপযুক্তমতে নির্ব্বাহ করা অসাধ্য হইলেও, কিম্বা তাহার পথ খরচ অতি বাহুল্য হইলেও, এমন স্থলে কেবল এক জনকেই নিযুক্ত করা উচিত নয়। এক মহকুমার মধ্যে নীলামদ্বারা যত ফীস পাওয়া যায় তাহাতে দুই জন আমীনের বেতন কুলাইবে এমত সম্ভাবনা নাই, ও দেওয়ানী আদালতের আমীনদিগকে জজ সাহেবেরা নিযুক্ত করেন, অতএব জিলার জজ সাহেবেরা আপন২ জিলার প্রত্যেক মহকুমায় এক জন আমীনকে নিযুক্ত করিয়া ১০ আইনমতের ক্রোকি সম্পত্তি নীলাম করিবার ভারও তাঁহারদের হস্তে সমর্পণ করেন এইরূপ আজ্ঞা তাঁহারদিগকে করিতে সদর আদালতের সাহেবদিগকে আদেশ করা আবশ্যক। কোন জিলাতে অল্প মহকুমা নির্দ্ধারিত হওয়াতে যদি প্রত্যেকে এক২ জন আমীন নিযুক্ত হইলেও কার্য্য উপযুক্তমতে চলিতে না পারে, তবে অধিক আমীনকে নিযুক্ত করিয়া জিলার ভিন্ন২ স্থানে তাঁহারদিগকে উপযুক্ত মতে বিলি করিতে জজ সাহেবদিগকে অনুমতি দিতে হইবেক।

৩। এক মহকুমায় কর্ম্মের বাহুল্যপ্রযুক্ত যদি এক জনে নির্ব্বাহ হইতে না পারে তবে ফীসও তদনুসারে অধিক হইবেক, তাহাতে গবর্ণমেণ্ট প্রত্যেক মহকুমায় অধিক জন আমীনকে নিযুক্ত করিতে পারিবেন। এমন স্থলে উক্ত আমীনেরদের এক জন উক্ত ১০ আইনের১২২ ধারা

one of the Ameens can be appointed specially for Act X. cases under Section CXXII. of the Law.

4th. A separate account should be kept by the proper Officers of these fees, both in Civil Court cases and Act X. cases, and the Deputy Auditor General will be directed to form the whole into one fund, against which all the salaries of the several Ameens throughout this Government will be regularly charged.

5th. As time will not admit of a reference to the Sudder Court for an Estimate shewing the additional grant necessary to meet the cost of this proposed additional number of Ameens, a rough calculation will be made in this office, and the amount included in the Budget now about to be submitted to the Government of India.

(Signed) J. P. H. WARD,
Offg. Under-Secy. to the Govt. of Bengal.

No. 22.

From H. T. Prinsep, Esquire., Register of the Sudder Dewanny Adawlut, to the Zillah Judges in the Lower Provinces.

Dated Calcutta, the 14th June 1862.

I am directed to remind you that you should invariably address the Government *through* this Court whenever you find it necessary to suggest arrangements for the temporary appointment of officers to officiate as Principal Sudder Ameen or Sudder Ameen in your district.

(Signed) H. T. PRINSEP,
Register.

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 19.

From H. T. Prinsep, Esquire., Register of the Nizamut Adawlut, to the Sessions Judges in the Lower Provinces and the Judicial Commissioner of Chota Nagpore.

Dated Calcutta, the 14th June 1862.

Act IV. of 1840 having been repealed by the new Code of Criminal Procedure, I am directed to state, that the Government no longer require the submission of the monthly statements of suits tried under that law. The Court therefore direct the discontinuance of these statements, but they will hold you strictly responsible for supervising the work of the several Magisterial officers subordinate to you, and taking care that no delay occurs in deciding cases under Chapter 22 of the Code of Criminal Procedure.

(Signed) H. T. PRINSEP,
Register.

মতে কেবল ঐ আইনমতের মোকদ্দমার নিমিত্তে নিযুক্ত হইতে পারিবেন।

৪। দেওয়ানী আদালতের মোকদ্দমায় ও ১০ আইনমতের মোকদ্দমায় যে সকল ফীস আদায় হয় তাহার হিসাব উপযুক্ত কর্ম্মকারকেরা যতন্ত্র রাখিবেন। ও ডেপুটী আডিটর জেনরল সাহেবকে আদেশ হইবেক যে সে সমুদয় ফিস লইয়া একি তহবীল করেন। এই গবর্ণমেণ্টের অধীন সমস্ত আমীনের বেতন সেই হিসাবে নিয়মিতরূপে খরচ লেখা যাইবে।

৫। অধিক জন আমীনকে উক্তমতে নিযুক্ত করা গেলে অধিক যে খরচ লাগিবে তাহার জন্যে যত টাকার অনুমতি লইতে হইবেক, ইহার ফর্দ্দ এইক্ষণে সদর আদালতহইতে আনাইবার অবকাশ নাই, এইপ্রযুক্ত তাহার খরচ এই আফীসে অনুমানমতে ধরিয়া যে বজেট ভারতবর্ষের গবর্ণমেণ্টের নিকট সম্প্রতি অর্পিত হইবেক তাহার মধ্যে লেখা যাইবে।

জে পি এচ ওয়ার্ড।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং ছোট সেক্রেটারী।

---

২২ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের জিলার জজ সাহেবেরদের প্রতি সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১৪ জুন।

তোমার জিলার মধ্যে কোন কর্ম্মকারকদিগকে অল্প কালের নিমিত্তে প্রধান সদর আমীনের কি সদর আমীনের কর্ম্ম নির্ব্বাহ করণার্থে নিযুক্ত করিবার পরামর্শ দেওয়া যখন তোমার আবশ্যক বোধ হয় তখন গবর্ণমেণ্টের নিকটে তোমার সেই পত্র এই আদালতের দ্বারা সর্ব্বদাই পাঠাইতে হইবেক, এই কথা তোমাকে আদেশমতে স্মরণ করাইতেছি।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

সদর নিজামৎ আদালতের সরক্যুলর।

১৯ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের সেসন জজ সাহেবেরদের ও ছোটনাগপুরের জুডিসিয়ল কমিসানর সাহেবের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিনসেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১৪ জুন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের নূতন আইনক্রমে ১৮৪০ সালের ৪ আইন রদ হওয়াতে তোমারদিগকে আদেশমতে জ্ঞাত করিতেছি, যে ঐ ৪ আইনমত বিচারিত মোকদ্দমার মাসিক কৈফিয়ৎ প্রেরণের আর প্রয়োজন নাই। অতএব আদালত আজ্ঞা করেন যে ঐ কৈফিয়ৎ রহিত করা যায়, কিন্তু তোমার অধীন সকল মাজিষ্ট্রেটী কর্ম্মকারকের কর্ম্মের তত্ত্বাবধারণ বিষয়ে, এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের আইনের ২২ অধ্যায়মতের মোকদ্দমা নিষ্পত্তি করণে বিলম্ব না হওয়ার বিষয়ে, সদর আদালতের সাহেবেরা তোমারদিগকে অতি দৃঢ়মতে দায়ী জ্ঞান করিবেন।

এচ টি প্রিনসেপ।
রেজিষ্টর।

No. 450.

From H. T. Prinsep, Esquire., Register of the Nizamut Adawlut, to P. G. E. Taylor, Esquire, Sessions Judge of East Burdwan.

Dated Calcutta, the 14th June 1862.

In reply to your letter No. 87, dated the 27th ultimo, I am directed to inform you that as the Code of Criminal Procedure directs that a memorandum shall be made in the hand-writing of the presiding Officer, the Court is of opinion that the Note Book prescribed by Circular Order No. 7, of the 27th June 1850, is no longer required and may be discontinued.

(Signed) H. T. PRINSEP,
Register.

MEMO.

No. 20.

Copy forwarded for the information and guidance of the Criminal Authorities in the Lower Provinces.

By order of the Sudder Court,

(Signed) H. T. PRINSEP,
Register.

Nizamut Adawlut,
The 14th June, 1862.

No. 283.

From H. Bell, Esquire, Under-Secretary to the Government of Bengal, to the Register of the Sudder Court.

Fort William, the 10th May 1862.

I am directed to forward to you the accompanying copy of a letter No. 15, dated the 30th ultimo, from the Government of India, in the Home Department, together with an extract from the *Calcutta Gazette* of the 30th ultimo, containing an Erratum in the published copies of the Schedule annexed to the Code of Criminal Procedure; and to request that the Court will draw the attention of the officers subordinate to it to the Erratum in question.

2. A printed copy of the Erratum will be forwarded to each officer who has been furnished with Act XXV. of 1861, in order that it may be bound up with the Act.

(Signed) H. BELL,
Under-Secy. to the Govt. of Bengal.

From M. WYLIE, Esquire, Deputy Secretary to the Government of India, Home Department, to E. H. LUSHINGTON, Esquire, Secretary to the Government of Bengal,—(No. 15, dated the 30th April, 1862.)

I am directed by His Excellency the Governor General in Council to forward, for the information of the Hon' ble the Lieutenant Governor of Bengal, the annexed extract from the *Calcutta Gazette*

৪৫০ নম্বর।

পূর্ব্ব বর্দ্ধমানের শেসন জজ শ্রীযুত পি জি ই টেলর সাহেবের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিনসেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১৪ জুন।

তোমার গত মাসের ২৭ তারিখের ৮৭ নম্বরের পত্রের এই উত্তর আদেশমতে দিতেছি। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে আজ্ঞা হইয়াছে যে বিচারপতি স্বহস্তে মন্তব্য কথা লেখেন। অতএব সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে, ১৮৫৯ সালের ২৭ জুন তারিখের ৭ নম্বরের সরক্যুলর অর্ডরেতে যে নোট বুক লিখিবার আজ্ঞা হইয়াছিল তাহার আর প্রয়োজন না হওয়াতে তাহা রহিত হইতে পারে।

এচ টি প্রিনসেপ। রেজিষ্টর।

মন্তব্য কথা।

২৮ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ফৌজদারী কার্য্যকারকদিগের জ্ঞাপন ও উপদেশার্থে এই পত্রের নকল সদর আদালতের আজ্ঞাক্রমে পাঠান যাইতেছে।

এচ টি প্রিনসেপ।
রেজিষ্টর।

নিজামৎ আদালত।
১৮৬২ সাল ১৪ জুন।

---

২৮৩ নম্বর।

সদর আদালতের রেজিষ্টর সাহেবের প্রতি বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত এচ বেল সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ১০ মে।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের গত মাসের ৩০ তারিখের ১৫ নম্বরের পত্রের পশ্চাৎ লিখিত নকল ও গত মাসের ৩০ তারিখের কলিকাতা গেজেট হইতে গৃহীত কথা আমি আদেশমতে তোমার নিকটে পাঠাইতেছি। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের যে তফসীল প্রকাশ হইয়াছে তাহার অশুদ্ধ কথার সংশোধন তাহাতে হইয়াছে। সদর আদালতের সাহেবেরা আপনারদের অধীন সকল কর্ম্মকারককে সেই বিষয়ে মনোযোগ করান, আমার এই আদেশ।

২। ১৮৬১ সালের ২৫ আইন যে২ কর্ম্মকারককে দেওয়া গিয়াছে তাঁহারদের নিকটে এ অশুদ্ধ শোধনের কথা ছাপা হইয়া আইনের সঙ্গে বাঁধিবার জন্যে পাঠান যাইবে।

এচ বেল।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত ই এচ লশিংটন সাহেবের প্রতি হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী শ্রীযুত এম ওয়াইলি সাহেবের ১৮৬২ সালের ৩০ আপ্রিল তারিখের ১৫ নম্বরের পত্র।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে অদ্যকার তারিখের গেজেট হইতে গৃহীত কথা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের জ্ঞাপনার্থে পাঠাইতেছি। ফৌজদারী মোকদ্দমার কার্য্য

of this day, containing an *Erratum* in the published copies of the Schedule annexed to the Code of Criminal Procedure.

2. The Code, as passed and assented to by His Excellency the Governor General, contains the words "according as the offence abetted is bailable or not," in the Schedule opposite to Sections CXVI. and CXVII. of the Indian Penal Code, but the substitution of the word "Ditto," in the published copies, renders many offences not bailable which would be bailable under the words used in the Code as passed.

3. I am directed to request that His Honor will be pleased to call the attention of the Sudder Court to the correction now made in the *Gazette*, and will desire that Court to instruct the Courts and Officers subordinate to it to correct their copies of the Code accordingly.

4. In like manner, with regard to the Provinces under the Government of Bengal, which are not subject to the General Regulations, I am directed to request that the attention of the authorities in those Provinces may be called to the *Erratum* in question.

FORT WILLIAM, HOME DEPARTMENT,
LEGISLATIVE.
The 30th April 1862.

Notification.—The following *Erratum* in the Schedule to the Code of Criminal Procedure, as published in the *Calcutta Government Gazette*, is notified for general information.

In column 5, opposite to both the clauses of Section CXVI. and to Section CXVII. of the Indian Penal Code, for "*ditto*" read "*according as the offence abetted is bailable or not.*"

(Signed) M. WYLIE,
Deputy Secretary to the Government of India,
Home Department.

No. 21.

Copy forwarded for the information and guidance of the Criminal Authorities.

By order of the Sudder Court,

H. T. PRINSEP,
Register.

Nizamut Adawlut,
The 16th June 1862.

No. 22.

From H. T. Prinsep, Esquire, Register of the Nizamut Adawlut, to the Criminal Authorities in the Lower Provinces.

Dated Calcutta, the 16th June 1862.

The Court are pleased to call the attention of

বিধানের আইনের সঙ্গে যে তফসীল প্রচারিত হয় তাহার এক অশুদ্ধ কথা তাহাতে সংশোধন হইয়াছে।

২। শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে যে আইন প্রচলিত হইয়াছিল, তাহার তফসীলে ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১১৬ ধারার ও ১১৭ ধারার পার্শ্বে এই কথা ছিল "যে অপরাধের সহায়তা হয় তন্নিমিত্তে হাজির জামিন লওয়া যাইতে পারিলে কি না পারিলে তদনুসারে"। কিন্তু যে সকল তফসীল ছাপা হইয়াছে তাহাতে উক্ত কথার পরিবর্ত্তে "ঐ" শব্দ দেওয়া গিয়াছে। ইহাতে উক্ত প্রকারের প্রচলিত আইনক্রমে যে২ অপরাধের নিমিত্তে হাজির জামিন লওয়া যাইতে পারে, এমত অনেক অপরাধের নিমিত্তে হাজির জামিন না লইবার বিধান হইয়াছে।

৩। আরো আজ্ঞাক্রমে এই আদেশ করিতেছি, উক্ত অশুদ্ধ শোধনের যে কথা এইক্ষণে গেজেটে প্রকাশ হইয়াছে তদ্বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সদর আদালতের সাহেবদিগকে মনোযোগ করান, ও সদর আদালতের অধীন সকল আদালত ও কর্ম্মকারক উক্ত আইনের যে২ প্রস্থ পাইয়াছেন তাহাতে সেই অশুদ্ধ কথা সংশোধন করিতে আদেশ করিবার আজ্ঞা করেন।

৪। আরো বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন যে২ প্রদেশে সাধারণ আইন প্রচলিত নহে সেই২ প্রদেশের কার্য্যকারক সাহেবদিগকে উক্ত অশুদ্ধ শোধনের বিষয়ে মনোযোগ করান আজ্ঞাক্রমে আমার এই আদেশ।

ফোর্ট উলিয়ম হোম ডিপার্টমেণ্ট।
ব্যবস্থাপক।
১৮৬২ সাল ৩০ আপ্রিল।

বিজ্ঞাপন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের যে তফসীল বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ হয় তাহার পশ্চাৎ লিখিত অশুদ্ধ কথা, সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১১৬ ও ১১৭ ধারার পার্শ্বে ৫ ঘরের লিখিত "ঐ" শব্দের পরিবর্ত্তে "যে অপরাধের সহায়তা হয় তাহার নিমিত্তে হাজির জামিন লওয়া যাইতে পারিলে কি না পারিলে তদনুসারে" এই কথা পাঠ করিতে হইবেক।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

২১ নম্বর।

সদর আদালতের আজ্ঞাক্রমে ফৌজদারী কর্ম্মকারকেরদের জ্ঞাপন ও উপদেশার্থে উক্তপত্রের নকল পাঠান গেল।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

নিজামত আদালত
১৮৬২ সাল ১৬ জুন।

---

২২ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ফৌজদারী কার্য্যকারক সাহেবেরদের নিকটে নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিনসেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১৬ জুন।

সদর আদালতের সাহেবেরা ফৌজদারী সকল কার্য্য-

all Criminal Authorities to Section 44, Chapter III. Act XXV. of 1861, (Code of Criminal Procedure,) in which provision is made for the application of fines or any portion thereof, imposed upon a conviction, for any offence made punishable by fine, (whether fine be the sole punishment, or not ;) by way of compensation, for the benefit of the person who has suffered by such offence.

2. Act XVI. of 1850, having been repealed by Act XVII. of 1862, the Court's Circular Order No. 55, dated 21st February 1851, which prohibited the carrying into execution of an order of fine under that Act "until the period allowed for appeal has elapsed, and in the event of appeal being made, until the final sentence has been passed," has been necessarily superseded, and the Criminal Authorities are reminded that there is nothing in the present Law to prevent *immediate* action for the levy of the fine, under the sole restriction, that "if the fine be awarded by a Court whose decision is subject to revision, the amount awarded to the person injured shall not be *paid* to such person, until a period of two months shall have elapsed from the date of the award."

3. The Court take this opportunity of cautioning the Magisterial Officers and Sessions Judges against the imposition of excessive fines under the provisions of the Section referred to. The fines thus imposed should be fixed in proportion to the apparent means and status of the offender, as it is obviously useless to impose a fine which evidently is beyond the ability of the person fined to pay.

(Signed) H. T. PRINSEP,
Register.

No. 23.

From H. T. Prinsep, Esquire, Register of the Nizamut Adawlut, to the Criminal Authorities in the Lower Provinces.

Dated Calcutta, the 18th June 1862.

It having been brought to the notice of the Court, that Prisoners convicted of bad livelihood under the Code of Criminal Procedure are made to labor during the period of their confinement, I am directed to state that the practice should be discontinued, as Section 301 of the Code of Criminal Procedure simply directs that such persons "shall be committed to prison," and does not allow of labor being imposed as for rigorous imprisonment.

(Signed) H. T. PRINSEP,
Register.

[*Government Gazette, 29th July*, 1862.]

কারকদিগকে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৩ অধ্যায়ের ৪৪ ধারাতে মনোযোগ করিতে আজ্ঞা করিতেছেন। তাহাতে এই বিধান হইয়াছে। কোন অপরাধের প্রমাণ হইয়া সেই অপরাধের কেবল অর্থদণ্ড কি তদ্ভিন্ন অন্য কোন দণ্ড হইতে পারিলে যখন অর্থদণ্ডের আজ্ঞা হয় তখন সেই দণ্ডের টাকা কি তাহার কোন অংশ ঐ অপরাধক্রমে ক্ষতিগ্রস্থ ব্যক্তির ক্ষতিপূরণার্থে তাহাকে দেওয়া যাইতে পারিবে।

২। ১৮৬২ সালের ১৭ আইনক্রমে ১৮৫০ সালের ১৬ আইন রদ হইয়াছে। ঐ আইনঅনুসারে অর্থদণ্ডের আজ্ঞা হইলে, আপীল করিবার মিয়াদ অতীত না হওনপর্য্যন্ত, ও যদি আপীল হয় তবে চূড়ান্ত নিষ্পত্তি না হওয়াপর্য্যন্ত ঐ আজ্ঞামতে কার্য্য না হয়, এমত আজ্ঞা সদর আদালতের ১৮৫১ সালের ২১ ফেব্রুআরি তারিখের ৫৫ নম্বরের যে সরকুলর অর্ডরে হইয়াছিল তাহাও রদ হইয়াছে। ফৌজদারী কার্য্যকারক সাহেবদিগকে স্মরণ করাণ যাইতেছে যে, এইক্ষণকার চলিত আইনমতে অর্থদণ্ডের টাকা আদায় করণের উপায় অগৌণে করার কোন নিষেধ নাই, কেবল এই বিষয় মানিতে হইবেক যে, ঐ অর্থদণ্ডের আজ্ঞা যে আদালত করেন তাঁহার নিষ্পত্তি যদি উপরিস্থ আদালতে অন্যথা হইতে পারে, তবে ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে যে টাকা দিবার আজ্ঞা হয় তাহা ঐ আজ্ঞার তারিখঅবধি দুই মাস অতীত না হইলে তাহাকে দেওয়া যাইবেক না।

৩। সদর আদালতের সাহেবেরা এই সুযোগে মাজিষ্ট্রেটী কর্ম্মকারকদিগকে ও সেশন জজ সাহেবদিগকে সতর্ক করিতেছেন, যে তাঁহারা পূর্ব্বোক্ত ধারার বিধানমতে অতিরিক্ত অর্থদণ্ডের আজ্ঞা না করেন। অপরাধির যে সঙ্গতি ও অবস্থা দৃষ্ট হয় তদনুসারে তাহার অর্থদণ্ড নির্দ্ধার্য্য করিতে হইবেক। ফলতঃ কোন ব্যক্তি যত টাকা দিতে স্পষ্টরূপে অশক্ত, তাহার তত টাকা দণ্ড করাই বৃথা।

এচ টি প্রিন্সেপ।
রেজষ্টরি।

---

২৩ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ফৌজদারী কার্য্যকারক সাহেবেরদের প্রতি নিজামৎ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ১৮ জুন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে যে ব্যক্তিরদের দিনপাতের সঙ্গতির সদুপায় না থাকা প্রমাণ হয়, তাহারদের কয়েদ থাকন কালে কোন২ স্থলে পরিশ্রমও করিবার আজ্ঞা হইয়াছে, সদর আদালতের সাহেবেরা এই কথা জ্ঞাত হওয়াতে, আমি আদেশমতে জানাইতেছি যে সেই রীতি স্থগিত করা উচিত। যেহেতুক ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩০১ ধারাতে উক্ত প্রকারের লোকদিগের কেবল কারাবদ্ধ হইবার আজ্ঞা হইয়াছে, পরিশ্রমসহিত কারাবদ্ধ হইলে যে পরিশ্রম করাইতে হয় তাহার অনুমতি ঐ ধারাতে নাই।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENT.

The 26th July, 1862.

Moulvie Furzeelut Hossein, late Assessor and Deputy Collector, to be Moonsiff of Kishengunj, Zillah Purneah.

LEAVE OF ABSENCE.

The 26th July, 1862.

Moulvie Tumeezooddeen Ahamed, Moonsiff of Teghra, Zillah Bhaugulpore, for three months from the 1st of September next under Clause I. Section VII. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Register*.

FINANCIAL DEPARTMENT.

No. 123.

Fort William, the 19th July 1862.

Notification.—Under Section I., Act XVI. of 1862, the Governor General of India in Council directs that within the Districts of the Lower Provinces subject to the Government of Bengal, including the Town of Calcutta, and excepting the Cities of Dacca and Moorshedabad, the General or Special Notices required by Sections XXXVII. and XXXVIII. of Act XXXII. of 1860 shall not be issued for the year commencing from the 31st day of July 1862, in respect to the duties contained in Schedules 1 and 2 of the said Act; and that in the said Districts of the Lower Provinces, including the Town of Calcutta, and excepting the Cities of Dacca and Moorshedabad, the Returns of Profits or Income chargeable with duties under the said Schedules, as prescribed by Section XXXIX. of the said Act for the year commencing as above, shall not be required; but that in the place of such Notices a General Notice shall be issued in the said Districts of the Lower Provinces, including the Town of Calcutta, and excepting the Cities of Dacca and Moorshedabad, to the effect that, except as provided in Sections V. and VI. of Act XVI. of 1862, the assessment of the duties contained in the said Schedules for the year commencing as above, upon the several persons liable thereto, either on their own behalf or on behalf of any other person, shall be at the same rate and on the same amount at and on which such persons were or shall be assessed for the year ending on the 31st day of July 1862.

C. BERNARD,
Under Secy. to the Govt. of India.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৯ জুলাই।]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতের হুকুম

নিয়োগ।

১৮৬২ সাল ২৬ জুলাই।

জিলা পূরণিয়ার কৃষ্ণগঞ্জের সাবেক আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী ফজীলতহুসেন ঐ স্থানের মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ২৬ জুলাই।

জিলা ভাগলপুরের তেঘরার মুনসেফ শ্রীযুত মৌলবী তমীজউদ্দীন আহম্মদ অচিন্তিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি তিন মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

ফিনান্সিয়ল ডিপার্টমেণ্ট।

১২৩ নম্বর।

ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ১৯ জুলাই।

বিজ্ঞাপন।

১৮৬২ সালের ১৬ আইনের ১ ধারামতে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর আজ্ঞা করিয়াছেন যে কলিকাতায় ও শহর ঢাকা ও মুরশিদাবাদভিন্ন বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন বঙ্গদেশের সকল জিলার মধ্যে ১৮৬০ সালের ৩২ আইনের ৩৭ ও ৩৮ ধারাক্রমে সাধারণ ও বিশেষ যে২ এত্তেলা প্রকাশ করিতে হয় তাহা ঐ আইনের ১ ও ২ নম্বরের তফসীলের লিখিত টাক্স সম্পর্কে, ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে, দেওয়া যাইবে না। কলিকাতায় ও শহর ঢাকা ও মুরশিদাবাদভিন্ন বঙ্গদেশের উক্ত সকল জিলার মধ্যে উক্ত আইনের ৫৯ ধারার নির্দ্দিষ্টমতে যে লভ্যের কি আয়ের উপর উক্ত তফসীল অনুসারে টাক্স ধার্য্য হইতে পারে তাহার রিটর্ণ, পূর্ব্বোক্ত তারিখে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে দিবার আজ্ঞা হইবে না, পূর্ব্বোক্ত এত্তেলার পরিবর্ত্তে কলিকাতায় ও শহর ঢাকা ও মুরশিদাবাদভিন্ন বঙ্গদেশের সকল জিলার মধ্যে এই মর্ম্মের সাধারণ এক এত্তেলা প্রকাশ হইবে যে ১৮৬২ সালের ১৬ আইনের ৫ ও ৬ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন উক্ত তারিখে যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে উক্ত তফসীলের লিখিত টাক্স, যে ব্যক্তিরা আপনারদের নিমিত্তে কি অন্য কোন কাহার পক্ষে দিবার যোগ্য হন, তাঁহারদের উপর ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসর শেষ হয় সেই বৎসরের নিমিত্তে যত টাকার যে টাক্স ধার্য্য হইয়াছিল কি হয় তাহাই আদায় হইতে থাকিবে।

সি বর্ণার্ড।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE.

Notice is hereby given, that the Court of Small Causes at Midnapore has been opened at that Sudder Station, from this date the 18th July 1862.

Parties holding diplomas for the higher or lower Grades of Pleader in the Civil Courts are hereby invited to practise in the said Court of Small Causes.

BENEE MADHUB SHOME, *Judge.*

Midnapore Court of Small Causes, the 18th July, 1862.

বিজ্ঞাপন পত্র।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে বিজ্ঞাপন করা যাইতেছে যে মেদিনীপুর জেলার অন্তঃপাতি মোকাম সহর মেদিনীপুরের ইস্মাইল কোজ কোর্ট নামে ছোট আদালতের কার্য্য অদ্য ১৮ জুলাই তারিখঅবধি আরম্ভ হইল।

যে২ ব্যক্তিরা উক্ত কিম্বা নিম্নাদালতের ওকালতি করিবার ডিপ্লোমা অর্থাৎ ক্ষমতাপত্র প্রাপ্ত হইয়াছেন তাঁহারা উক্ত ছোট আদালতে ওকালতিকরিবার কারণ উপস্থিত হইতে পারেন ইতি।

মোং মেদিনীপুরের ছোট আদালত।

সন ১৮৬২। ১৮ জুলাই।

বেণীমাধব শোম। জজ।

INSOLVENT COURT. যোত্রহীনের আদালত।

IN THE COURT FOR THE RELIEF OF INSOLVENT DEBTORS AT CALCUTTA.

In the matter of JOHN LYALL the ELDER, and others, Insolvents.

Notice is hereby given, that Saturday, the Second day of August next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the first day of February 1855, until the thirtieth day of June 1862, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given, at the Office of the Chief Clerk three clear days before the hearing.

JOHN COCHRANE, *Official Assignee.*

Official Assignee's Office, Calcutta, the 23rd July, 1862.

কলিকাতার যোত্রহীন ঋণিরদের উপকারার্থ আদালত।

যোত্রহীন বৃদ্ধ জান লায়েল দি ও অন্য দিগের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয় পুনশ্চ শুনিবার জন্যে আগামি আগষ্ট মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৫ সালের ফেব্রুআরি মাসের ১ তারিখ অবধি ১৮৬২ সালের জুন মাসের ৩০ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল করা গিয়াছে ও তাহা তথায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ে লিপ্ত অন্য যে কেহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবে।

জান কাকরেন। সরকারী আসৈনি।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২৩ জুলাই।

In the matter of THOMAS EDWARD MICHELL TURTON, an Insolvent.

Notice is hereby given, that Saturday, the 2nd day of August next, is appointed for further hearing in this matter for the purpose of declaring a dividend and that an Account in detail of the Receipts and Disbursements of the Assignee from the 1st day of July 1856, until the 1st day of July instant, has been filed and may be inspected in the Office of the Chief Clerk. Any Creditor or other person interested, who may intend to establish or oppose any claim upon the Estate of the said Insolvent will be heard, notice having been given at the Office of the Chief Clerk three clear days before the hearing.

Official Assignee's Office, Calcutta, 24th July, 1862.

যোত্রহীন টমাস এডওয়ার্ড মিচেল টরটন সাহেবের বিষয়ে।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে ডিবিডেণ্ড প্রকাশ করিবার নিমিত্তে ঐ বিষয়ের পুনশ্চ শুননির জন্যে আগামি আগষ্ট মাসের ২ তারিখ শনিবার নির্দ্ধারিত হইয়াছে এবং ১৮৫৬ সালের জুলাই মাসের ১ তারিখঅবধি বর্ত্তমান জুলাই মাসের ১ তারিখপর্য্যন্ত আসৈনি সাহেবের জমা খরচের বিস্তারিত হিসাব প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় দাখিল করা গিয়াছে, ও তাহা তথায় দেখা যাইতে পারে। যে কোন মহাজন কি এ বিষয়ে লিপ্ত অন্য যে কহ উক্ত যোত্রহীনের ইস্টেটের উপর কোন দাওয়া স্থাপন কি প্রতিবন্ধকতা করিতে চাহেন তিনি শুননির দিবসের পূর্ব্ব তিন দিন থাকিতে প্রধান ক্লার্ক সাহেবের দফ্তরখানায় সম্বাদ দিলে তাঁহার কথা শুনা যাইবেক।

সরকারী আসৈনি সাহেবের দফ্তরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২৪ জুলাই।

[*Government Gazette, 29th July*, 1862.]

The like notice in the matter of KAISREECHUND and ISSREECHUND, Insolvents, wherein the Account of the Assignee is filed from 29th April 1857, to 1st July instant.

যোত্রহীন কেশরীচাঁদ ও ঈশ্বরীচাঁদের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয় যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৭ সালের ২৯ আপ্রেল তারিখ অবধি বর্ত্তমান মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করা গিয়াছে।

The like notice in the matter of DOORGAPERSAUD GOOLZAREEMULL, an Insolvent, wherein the Account of the Assignee is filed from 27th August 1859, to 1st July instant.

যোত্রহীন দুর্গাপ্রসাদ গুলজারিমলের বিষয়ে সেই প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। তাহাতে আসৈনি সাহেবের ১৮৫৯ সালের আগষ্ট মাসের ২৭ তারিখ অবধি বর্ত্তমান জুলাই মাসের ১ তারিখপর্য্যন্ত হিসাব দাখিল করাগিয়াছে।

In the matter of JAMES FRANCIS CORCORAN, an Insolvent.

On Saturday, the 5th day of July instant, upon an application of the Assignee in this matter, it was ordered that the said Assignee do from and out of the sum of Co.'s Rs. 6,694-14-8 in his hands pay a dividend at the rate of Co.'s Rs. 40 per cent. (which will amount to the sum of Co.'s Rs. 6,175-11-2,) upon the several claims admitted on the Schedule of the said Insolvent so soon as such claims shall be duly substantiated to the satisfaction of the said Assignee.

Notice whereof is hereby given.

Official Assignee's Office, Calcutta, 24th July, 1862.

যোত্রহীন জেমস ফ্রেনসিস করকোরান সাহেবের বিষয়ে।

আসৈনি সাহেব বর্ত্তমান জুলাই মাসের ৫ তারিখ শনিবারে যে দরখাস্ত করেন তাহাতে হুকুম হইয়াছিল যে উক্ত যোত্রহীনেরদের তফসীলের যে সকল দাওয়া মঞ্জুর হইয়াছে তাহা উক্ত আসৈনি সাহেবের খাতিরজমামতে সাবুদ হইবামাত্র তাঁহার হাতে কোম্পানির যে ৬,৬৯৪৸৵৮ টাকা আছে তাহাহইতে তিনি প্রত্যেক দাওয়ার উপর শতকরা ৪০৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেন। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৬,১৭২৷৵২ কোম্পানির টাকা ৷ দেন।

ইহার দ্বারা সম্বাদ দেওয়া গেল।

সরকারী আসৈনি সাহেবের দফতরখানা। কলিকাতা ১৮৬২ সাল ২৪ জুলাই।

The like notice in the matter of ALFRED DUMAT, an Insolvent, wherein it was ordered that out of Rs. 4,468-3-6 a Dividend at 7 per cent. (amounting to Rs. 3,851-12-9) be paid.

যোত্রহীন আলফ্রেড ডুমাট সাহেবের বিষয়ে উক্ত প্রকারের সম্বাদ দেওয়া যাইতেছে। এই বিষয়ে হুকুম হইল যে ৪,৪৬৮৵৬ টাকাহইতে শতকরা ৭৲ টাকার হিসাবে ডিবিডেণ্ড দেওয়া যায়। অর্থাৎ সর্ব্বসুদ্ধ ৩,৮৫১৸৯ টাকা দেওয়া যায়।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

১৮৫৯ সালের ৮। ১০। ১১ আইন সংশোধন রদব্যতীত সমুদয় ১৮৬০ সালের ৪২ আইন ১৮৬১ সালের ১০। ১২। ২৩ ও ১৮৬২ সালের ২। ৩। ৬। ৭ জমীদারী ও দেওয়ানী কার্য্যবিধাননামক আইন একত্রে বান্ধাই মুল্য ২৲ টাকা ফৌজদারী গাইড মুল্য ২৲ টাকা দণ্ডবিধি ৪৫ আইন মুল্য ৸০ আনা ও কার্য্যবিধান ৫। ২৫। ৩০ সরকুলর অর্ডরসহিত মুল্য ১৲ টাকা ১৮৬০ সালের ৪২ আইন ১৮৬২ সালের ২ আইন দ্বারা সংশোধন মুল্য ।০ আনা ১৮৫৯ সালের ১০। ১১ আইন ১৮৬২ সালের ৩। ৬। ৭ আইন দ্বারা সংশোধন মুল্য ।০ আনা ১৮৬২ সালের ইষ্টাম্প ১০ আইন মুল্য ॥০ আনা বিক্রয়ার্থে প্রস্তুত আছে ডাকযোগে মুল্য পাঠাইলে পাইবেন।

কলিকাতা বটতলার ২৪৫ নং পুস্তকালয়। শ্রীইন্দ্রনারায়ণ ঘোষ।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধ চন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মুল্য ২৲ দুই টাকা মাত্র।

বঙ্গভাষায় পশ্চাৎ লিখিত আইন সকল কলিকাতার থাকর কোম্পানির ও পি এস ডিরোজারিও কোম্পানির পুস্তকালয়ে ও শ্রীরামপুরে গবর্ণমেণ্টের অনুবাদক শ্রী জান রাবিনসন সাহেবের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হওয়া যাইতে পারিবে।

দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ মুল্য	২৲ টাকা মাত্র
দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ও ১৮৬১ সালের ২৩ আইন মুল্য	২৲ টাকা মাত্র।
ইষ্টাম্পের ১৮৬২ সালের ১০ আইন	॥০ আনামাত্র।
১৮৬২ সালের ৬ আইন মুল্য	৵ আনামাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৯ জুলাই।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 5, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ৫ আগষ্ট।

HOME DEPARTMENT.

No. 3226.

JUDICIAL.

Fort William, the 1st July 1862.

ANNO VICESIMO QUARTO & VICESIMO QUINTO VICTORIÆ REGINÆ.

CAP. CIV.

An Act for establishing High Courts of Judicature in India.

[Continued from page 559.]

WITH reference to the Act 24 and 25 Vic., Cap. 104, Section 1, the following Letters Patent, under the Royal Sign Manual, establishing a High Court of Judicature for the Bengal Division of the Presidency of Fort William, are hereby published:—

LETTERS PATENT constituting the High Court of Judicature for the Bengal Division of the Presidency of Fort William, bearing date the Fourteenth day of May, in the Twenty-fifth Year of the reign of Victoria, in the year of our Lord one thousand eight hundred and sixty-two.

[Recital of Act 24 and 25 Vic., cap. 104.]

VICTORIA, by the Grace of God, of the United Kingdom of Great Britain and Ireland, Queen, Defender of the Faith, To all to whom these Presents shall come, greeting: Whereas by an Act of Parliament passed in the Twenty-fourth and Twenty-fifth Years of Our Reign, entituled "An Act for establishing High Courts of Judicature in India," it was, amongst other things, enacted that it should be lawful for Her Majesty, by Letters Patent under the Great Seal of the United Kingdom, to erect and establish a High Court of Judicature at Fort William in Bengal, for the Bengal

হোম ডিপার্টমেণ্ট।

৩২২৬ নম্বর।

জুডিসিয়ল।

ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ১ জুলাই।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার চতুস্ত্রিংশ ও পঞ্চ বিংশ বৎসরে।

১০৪ অধ্যায়।

ভারতবর্ষে উপরিস্থ আদালত স্থাপন করিবার আইন।

[৫৫৯ পৃষ্ঠাহইতে চলিতেছে।

শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ের ৯ ধারার উপলক্ষে শ্রীশ্রীমতীর স্বাক্ষরিত যে পেটণ্ট পত্রদ্বারা ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর অন্তঃপাতি বঙ্গদেশের নিমিত্তে মোকদ্দমার বিচারার্থ উপরিস্থ আদালত সংস্থাপিত হয়, সেই পত্র নিম্নভাগে প্রকাশ করা যাইতেছে।

ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর অন্তঃপাতি বঙ্গদেশে মোকদ্দমার বিচারার্থে উপরিস্থ আদালত সংস্থাপনার্থ পেটণ্টপত্র। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার পঞ্চবিংশ বৎসরের ও আমারদের প্রভু খীষ্টের এক সহস্র অষ্টশত বাষট্টি বৎসরের তারিখ ১৪ মে।

[মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ের পুনরুক্তি।]

ঈশ্বরের অনুগ্রহক্রমে গ্রেট ব্রিটন ও ঐরলাণ্ড সংযুক্ত রাজ্যের রাণী ও খীষ্টীয় ধর্ম্ম রক্ষিকা শ্রীশ্রীমতী বিক্টরীয়া এই প্রকাশিত বাক্য যাঁহারদের নিকটে উপস্থিত হয়, তাঁহারদিগকে বন্দনাপূর্ব্বক জ্ঞাত করিতেছেন। আমারদের রাজত্ব কালের চতুর্বিংশ ও পঞ্চবিংশ বৎসরে "ভারতবর্ষের মধ্যে মোকদ্দমার বিচারার্থ উপরিস্থ আদালত স্থাপনার্থ আইন" নামে পারলিমেণ্টের এক আইন প্রচারিত হয়। তাহাতে বিধানান্তরের মধ্যে এই বিধানও হইয়াছিল যে, পূর্ব্বোক্ত ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর অন্তঃপাতি বঙ্গদেশের নিমিত্তে শ্রীশ্রীমতী মহারাণী, সংযুক্ত রাজ্যের বৃহৎ মোহরাঙ্কিত পেটণ্ট পত্রক্রমে, বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীতে মোক-

Division of the Presidency of Fort William aforesaid, and that such High Court should consist of a Chief Justice and as many Judges, not exceeding fifteen, as her Majesty might, from time to time, think fit to appoint, who should be selected from among persons qualified as in the said Act is declared: Provided always, that the persons who, at the time of the establishment of such High Court, were Judges of the Supreme Court of Judicature, and permanent Judges of the Court of Sudder Dewanny Adawlut or Sudder Adawlut of the same Presidency, should be and become Judges of such High Court without further appointment for that purpose, and the Chief Justice of such Supreme Court should become the Chief Justice of such High Court, and that upon the establishment of such High Court as aforesaid, the Supreme Court and the Court of Sudder Dewanny Adawlut and Sudder Nizamut Adawlut at Calcutta, in the said Presidency, should be abolished:

And that the High Court of Judicature so to be established should have and exercise all such civil, criminal, admiralty and vice-admiralty, testamentary, intestate, and matrimonial jurisdiction, original and appellate, and all such powers and authority for, and in relation to, the administration of justice in the said Presidency as Her Majesty might, by such Letters Patent as aforesaid, grant and direct, subject, however, to such directions and limitations, as to the exercise of original Civil and Criminal jurisdiction beyond the limits of the Presidency town, as might be prescribed thereby; and save as by such Letters Patent might be otherwise directed, and subject and without prejudice to the legislative powers in relation to the matters aforesaid of the Governor General of India in Council, the High Court so to be established should have and exercise all jurisdiction, and every power and authority whatsoever, in any manner vested in any of the Courts in the same Presidency abolished under the said Act at the time of the abolition of such last-mentioned Courts.

[Establishment of High Court at Fort William.]

1. Now know ye that We, upon full consideration of the premises, and of Our especial grace, certain knowledge, and mere motion, have thought fit to erect and establish, and by these presents We do, accordingly, for Us, Our heirs and successors, erect and establish, at Fort William in Bengal, for the Bengal Division of the Presidency of Fort William aforesaid, a High Court of Judicature, which shall be called the High Court of Judicature at Fort William in Bengal, and We do hereby constitute the said Court to be a Court of Record.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৫ আগষ্ট।]

দ্দমার বিচারার্থ উপরিস্থ আদালত রচনা ও সংস্থাপন করিতে ক্ষমতাপন্না হইবেন। ও সেই উপরিস্থ আদালতে এক জন চীফ জুষ্টিস সাহেব থাকিবেন, ও পঞ্চদশের অনধিক যত জন জজ সাহেবকে শ্রীশ্রীমতী সময়েং নিযুক্ত করা উপযুক্ত জ্ঞান করেন তাঁহারা নিযুক্ত থাকিবেন। এবং যে ব্যক্তিরা উক্ত আইনের ব্যক্তমতে যোগ্য হন তাঁহারদের মধ্যহইতে সেই জজ সাহেবেরা মনোনীত হইবেন। কিন্তু সেই উপরিস্থ আদালত সংস্থাপন কালে যাঁহারা উক্ত রাজধানীর সুপ্রীম কোর্টের জজ ছিলেন, এবং সদর দেওয়ানী আদালতের কি সদর আদালতের স্থিরতর জজ ছিলেন, তাঁহারদের নিযুক্ত হইবার অন্য কোন আজ্ঞা ব্যতিরেকে তাঁহারা সেই উপরিস্থ আদালতের জজ হইবেন। এবং সেই সুপ্রীম কোর্টের চীফ জুষ্টিস সাহেব ঐ উপরিস্থ আদালতের চীফ জুষ্টিস হইবেন। এবং পূর্ব্বোক্ত উপরিস্থ আদালত সংস্থাপন হইলে, উক্ত প্রসীডেন্সীর অন্তর্গত কলিকাতার সুপ্রীম কোর্ট ও সদর দেওয়ানী আদালত ও সদর নিজামৎ আদালত রুদ্ধ হইবেক।

আরো শ্রীশ্রীমতী মহারাণী পূর্ব্বোক্ত প্রকারের পেটেণ্ট পত্রদ্বারা দেওয়ানী ও ফৌজদারী ও আডমিরালটি ও ভৈস-আডমিরালটি ও উইলবিষয়ক ও যাঁহারা উইল না লিখিয়া মরেন তাঁহারদের সম্পত্তিবিষয়ক ও বিবাহবিষয়ক প্রথমোপস্থিত ও আপীলী মোকদ্দমার বিচারার্থে যে ক্ষমতা, ও উক্ত প্রসীডেন্সীর মধ্যে যথার্থ বিচারকরণার্থে ও তৎসম্পর্কে যে সকল ক্ষমতা ও শক্তি প্রদান ও আদেশ করেন, সেই ক্ষমতা পূর্ব্বোক্তমতের সংস্থাপ্য উপরিস্থ আদালত প্রাপ্ত হইবেন ও তদনুসারে কার্য্য করিবেন। কিন্তু রাজধানীর সীমার বাহিরে প্রথমত উপস্থিত করা দেওয়ানী ও ফৌজদারী মোকদ্দমাসম্পর্কীয় ক্ষমতার বিষয়ে যে আদেশ ও যে সীমা উক্ত পত্রের মধ্যে নির্দ্দিষ্ট হয় তাহা প্রবল থাকিবে। এবং উক্ত প্রসীডেন্সীর উক্ত যেং আদালত উক্ত আইনমতে রুদ্ধ হইয়াছে তাহা রুদ্ধ হওন কালে সেইং আদালতের যে সকল এলাকা ছিল ও যে সকল শক্তি ও ক্ষমতা সেইং আদালতে কোন প্রকারে অর্পিত হইয়াছিল, পূর্ব্বোক্ত সংস্থাপ্য আদালতের সেইং এলাকা ও সেই সকল শক্তি ও ক্ষমতা থাকিবে। কিন্তু যদি উক্ত পেটেণ্টপত্রে প্রকারান্তরের আদেশ হয়, তবে তাহা প্রবল হইবে। এবং পূর্ব্বোক্ত বিষয়ে হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের ব্যবস্থা করণের যে ক্ষমতা আছে তাহা প্রবল থাকিবে ও কিছুমাত্র খর্ব্ব হইবে না।

[ফোর্ট উলিয়ম রাজধানীতে উপরিস্থ আদালত সংস্থাপনের কথা।]

১ ধারা। এইক্ষণে সর্ব্ব জন জ্ঞাত হও, যে আমরা পূর্ব্বোক্ত বিষয় সম্পূর্ণরূপে বিবেচনা করিয়া, আপনারদের বিশেষ অনুগ্রহ ও নিশ্চিত জ্ঞান ও স্বেচ্ছাক্রমে, পূর্ব্বোক্ত ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর বঙ্গদেশের নিমিত্তে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীতে মোকদ্দমার বিচারার্থ উপরিস্থ আদালত রচনা ও সংস্থাপন করা উপযুক্ত বোধ করিয়াছি, ও এই আজ্ঞাপত্রক্রমে আপনারদের পক্ষে ও আপনার পুত্রপৌত্রাদির ও উত্তরাধিকারিরদের পক্ষে রচনা ও স্থাপন করিলাম। সেই আদালতের নাম "বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাইকোর্ট" অর্থাৎ উপরিস্থ আদালত। ও সেই আদালত আমরা রিকার্ডের আদালত (অর্থাৎ যে আদালতের মোকদ্দমাঘটিত সমস্ত কার্য্য চির স্মরণার্থ লিখিয়া রাখা যায় এমত আদালতস্বরূপে) স্থাপন করিলাম ইতি।

[Constitution and first Judges of the High Court.]

2. And we do hereby appoint and ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall, until further or other provision shall be made by Us or Our heirs and successors in that behalf, in accordance with the recited Act, consist of a Chief Justice and thirteen Judges, the first Chief Justice being Sir Barnes Peacock, Knight, and seven of the Judges being Sir Charles Robert Mitchel Jackson, Knight, Sir Mordaunt Lawson Wells, Knight, Henry Thomas Raikes, Esq., Charles Binny Trevor, Esq., George Loch, Esq., Henry Vincent Bayley, Esq. and Charles Steer, Esq., according to the appointments made by the said Act; and We do hereby constitute and appoint John Paxton Norman, Esq., Walter Morgan, Esq., Francis Baring Kemp, Esq., Walter Scott Seton-Karr, Esq., and Louis Stuart Jackson, Esq., being respectively qualified, as in the said Act is declared, to be Judges of the said High Court.

[Declaration to be made by Judges.]

3. And We do hereby ordain that the Chief Justice and every Judge of the said High Court of Judicature at Fort William in Bengal, previously to entering upon the execution of the duties of his office, shall make and subscribe the following declaration before such authority or person as the Governor General in Council may commission to receive it:—

"I, *A. B.*, appointed Chief Justice [*or* a Judge] "of the High Court of Judicature at Fort William "in Bengal, do solemnly declare that I will faithfully perform the duties of my office to the best "of my ability, knowledge, and judgment."

4. And We do hereby grant, ordain, and appoint that the said High Court of Judicature at Fort William in Bengal shall have and use, as occasion may require, a seal bearing a device and impression of Our Royal arms, within an exergue or label surrounding the same, with this inscription, "The Seal of the High Court at Fort William in Bengal." And We do further grant, ordain, and appoint that the said seal shall be delivered to and kept in the custody of the Chief Justice, and in case of vacancy of the office of Chief Justice, or during any absence of the Chief Justice, the same shall be delivered over and kept in the custody of the person appointed to act as Chief Justice under the provisions of Section 7 of the recited Act; and We do further grant, ordain, and appoint that, whensoever it shall happen that the office of Chief Justice or of the Judge to whom the custody of the said seal be committed shall be vacant, the

Seal.

[উপরিস্থ আদালতের রচনার ও তাহার প্রথম বিচারকর্ত্তারদের কথা।]

২ ধারা। আরো আমরা এই পত্রক্রমে আজ্ঞা ও নির্দ্ধার্য্য করি যে, আমারদের দ্বারা কিম্বা আমারদের পুত্রপৌত্রাদির কি উত্তরাধিকারিরদের দ্বারা পূর্ব্বোক্ত আইন অনুসারে, অধিক কি অন্য বিধান যত কাল না করা যায় তত কালপর্য্যন্ত, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতে চীফ জুষ্টিস এক জন ও জজ সাহেব ত্রয়োদশ জন নিযুক্ত হইবেন। উক্ত আইনঅনুযায়ি নিয়োগক্রমে নাইট উপাধিক শ্রীযুত সর বার্ণস পীকক সাহেব প্রথম চীফ জুষ্টিস হইবেন। ও নাইট উপাধিক শ্রীযুত সর চার্লস রাবর্ট মিচেল জাকসন সাহেব, ও নাইট উপাধিক শ্রীযুত সর মর্ডাণ্ট লাসন ওয়েলস সাহেব, ও শ্রীযুত হেনরি তামস রেকস সাহেব, ও শ্রীযুত চার্লস বিনি ট্রবর সাহেব, ও শ্রীযুত জর্জ লক সাহেব ও শ্রীযুত হেনরি বিনসেণ্ট বেলী সাহেব ও শ্রীযুত চার্লস ষ্টিয়র সাহেব ইহারা সাত জন জজ হইবেন। ও শ্রীযুত জান পাকষ্টন নর্ম্মান সাহেব, ও শ্রীযুত ওয়াল্টর মরগান সাহেব ও শ্রীযুত ফ্রান্সিস বারিং কেম্প সাহেব ও শ্রীযুত ওয়াল্টর স্কট সীটনকার সাহেব ও শ্রীযুত লুইস ষ্টুয়র্ট জাকসন সাহেব পূর্ব্বোক্ত আইনের নির্দ্ধারিতমতে ক্ষমতাপন্ন হওয়াতে, তাঁহারদিগকেও আমরা উক্ত উপরিস্থ আদালতের জজস্বরূপে নিযুক্ত ও নির্দ্ধার্য্য করিলাম ইতি।

[জজ সাহেবেরদের যে প্রতিজ্ঞা করিতে হইবেক তাহার কথা।]

৩ ধারা। আরো আমরা এই ধারাক্রমে নির্দ্ধার্য্য করি যে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতের চীফ জুষ্টিস সাহেব ও প্রত্যেক জন জজ সাহেব আপনং পদের কর্ম্ম নির্ব্বাহ করিতে প্রবর্ত্ত হইবার পূর্ব্বে, হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর যে কার্য্যকারককে কি যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহার সম্মুখে, পশ্চাৎ লিখিত প্রতিজ্ঞা করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন। অর্থাৎ

আমি অমুক বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতের চীফ জুষ্টিসের (অথবা জজের) পদে নিযুক্ত হইয়া ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করিতেছি যে আপন ক্ষমতা ও জ্ঞান ও বুদ্ধি সাধ্যমতে বিশ্বস্তরূপে স্বীয় পদসম্পর্কীয় কার্য্য নির্ব্বাহ করিব ইতি।

৪ ধারা। আরো এই ধারাক্রমে অনুমতি দিই ও আজ্ঞা ও নির্দ্ধার্য্য করি যে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতের এক মোহর থাকিবে ও প্রয়োজনমতে তাহার ব্যবহার হইবেক। তাহাতে অস্মদাদির রাজকীয় চিহ্ন অঙ্কিত থাকিবে, ও চতুর্দ্দিগে The Seal of the High Court at Fort William in Bengal, (অর্থাৎ বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতের মোহর) এই কথা খোদিত থাকিবে। আরো আমরা অনুমতি দি ও আজ্ঞা ও নির্দ্ধার্য্য করি যে সেই মোহর চীফ জুষ্টিস সাহেবকে দেওয়া যায় ও তিনি তাহা রক্ষা করেন। ঐ চীফ জুষ্টিসের পদ শূন্য হইলে, কিম্বা চীফ জুষ্টিস সাহেব কোন সময়ে ছুটী গ্রহণ করিলে যে ব্যক্তি পূর্ব্ব লিখিত আইনের ৭ ধারার বিধানমতে চীফ জুষ্টিসের কর্ম্ম নির্ব্বাহ করিতে নিযুক্ত হন তাঁহাকে দেওয়া যাইবে ও তাঁহার নিকটে থাকিবে। আমরা আরো এই অনুমতি দিই ও আজ্ঞা ও নির্দ্ধার্য্য করি যে, যদি চীফ জুষ্টিসের পদ, কিম্বা উক্ত মোহর যে জজ সাহেবের রক্ষণে অর্পিত হয়, তাঁহারও পদ শূন্য

মোহর

said High Court shall be and is hereby authorized and empowered to demand, seize, and take the said seal from any person or persons whomsoever, by what ways and means soever the same may have come to his, her, or their possession.

[Writs, &c., to issue in name of the Crown and under seal.]

5. And We do hereby further grant, ordain, and appoint that all writs, summons, precepts rules, orders, and other mandatory process to be used, issued, or awarded by the said High Court of Judicature at Fort William in Bengal, shall run and be in the name and style of Us, or of Our heirs and successors, and shall be sealed with the seal of the said High Court.

[Appointment of Officers.]

6. And We do hereby authorize and empower the Chief Justice of the said High Court of Judicature at Fort William in Bengal from time to time, as occasion may require, and subject to any rules and restrictions which may be prescribed by the Governor General in Council, to appoint so many and such clerks and other ministerial officers as shall be found necessary for the administration of justice, and the due execution of all the powers and authorities granted and committed to the said High Court by these our Letters Patent. And We do hereby ordain that every such appointment shall be forthwith submitted to the approval of the Governor General in Council, and shall be either confirmed or disallowed by the Governor General in Council. And it is Our further will and pleasure, and We do hereby, for Us, Our heirs and successors, give, grant, direct, and appoint that all and every the officers and clerks to be appointed as aforesaid shall have and receive respectively such reasonable salaries as the Chief Justice shall, from time to time, appoint for each office and place respectively, and as the Governor General in Council shall approve of: Provided always, and it is Our will and pleasure, that all and every the officers and clerks to be appointed as aforesaid shall be resident within the limits of the jurisdiction of the said Court so long as they shall hold their respective offices; but this proviso shall not interfere with or prejudice the right of any officer or clerk to avail himself of leave of absence under any rules prescribed by the Governor General in Council, and to absent himself from the said limits during the term of such leave, in accordance with the said Rules.

Admission of Advocates, Vakeels, and Attorneys.

[Powers of High Court in admitting Advocates, Vakeels, and Attorneys.]

7. And We do hereby authorize and empower the said High Court of Judicature at Fort William in Bengal to approve, admit, and enrol such and

হয়, তবে সেই মোহর যে কোন উপায়ে কি প্রকারে যাঁহার কি যাঁহারদের হস্তগত হয় এমত কোন ব্যক্তির কি ব্যক্তিরদের স্থানে উক্ত উপরিস্থ আদালত উক্ত মোহর দাওয়া করিয়া ধরিতে ও লইতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[পরওয়ানাপ্রভৃতি মহারাণীর নামোল্লেখে ও মোহরাঙ্কিত হইয়া বাহির হইবার কথা।]

৫ ধারা। আরো এই ধারাক্রমে অনুমতি দিই ও আজ্ঞা ও নির্দ্ধার্য্য করি যে, বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতের দ্বারা যে সকল পরওয়ানা ও সমন ও প্রিসেপ্ট ও বিধি ও হুকুম ও আজ্ঞাসূচক অন্য পরওয়ানা ব্যবহার কি প্রচারিত হয় তাহা আমারদের কিম্বা আমারদের পুত্রপৌত্রাদির কি উত্তরাধিকারিরদের নামে হইবেক ও লেখা যাইবেক, ও উক্ত উপরিস্থ আদালতের মোহরাঙ্কিত হইবে ইতি।

[কর্ম্মকারকদিগকে নিযুক্ত করিবার কথা।]

৬ ধারা। আরো যথার্থ বিচার হইবার নিমিত্তে এবং আমারদিগের এই পেটেণ্ট পত্রক্রমে উক্ত উপরিস্থ আদালতে যে সকল শক্তি ও ক্ষমতা দত্ত ও অর্পিত হইয়াছে তদনুসারে উপযুক্তমতে কর্ম্ম নির্ব্বাহ হইবার নিমিত্তে যত জন ও যে২ প্রকারের কেরাণী ও অন্য আমলাদিগকে নিযুক্ত করা আবশ্যক হয়, তাহারদিগকে প্রয়োজনমতে সময়ে২ নিযুক্ত করিতে আমরা বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতের চীফ জুষ্টিস সাহেবকে শক্তি ও ক্ষমতা দান করিলাম, কিন্তু এতদ্বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে কোন বিধি কি নিষেধ করেন তাহা মান্য হইবে। আমরা এই ধারাক্রমে নির্দ্ধারণ করি যে, উক্ত প্রকারে কোন ব্যক্তিকে নিযুক্ত করা গেলে তদ্বিষয় হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের সম্মতির জন্যে তাঁহাকে অগৌণে জ্ঞাত করিতে হইবে, ও হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সেই ব্যক্তির নিযুক্ত হওয়া দূর কি অগ্রাহ্য করিবেন। আরো আমারদিগের এই ইচ্ছা ও অভিপ্রায় এবং আমরা এই ধারাক্রমে আপনারদের পক্ষে ও আমারদের পুত্রপৌত্রাদির ও উত্তরাধিকারিরদের পক্ষে এই দান করি ও অনুমতি দিই ও আদেশ ও নির্দ্ধারণ করি যে, পূর্ব্বোক্তমতে যে সকল ও যে প্রত্যেক কর্ম্মকারক ও কেরাণী নিযুক্ত হন, তাঁহারা চীফ জুষ্টিস সাহেবের সময়ে২ নির্দ্ধারিত, ও হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের গ্রাহ্য, আপন২ প্রত্যেক পদের ও স্থানের উপযুক্ত বেতন প্রাপ্ত হন। পরন্তু এই বিধি করিলাম ও আমারদের এই অভিপ্রায় ও ইচ্ছা যে, পূর্ব্বোক্তমতে যে সকল ও যে প্রত্যেক কর্ম্মকারক ও কেরাণী নিযুক্ত হন তাঁহারা যত কাল স্বং পদ ধারণ করেন তত কালপর্য্যন্ত উক্ত আদালতের এলাকার সীমার মধ্যে বাস করিবেন। কিন্তু হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের নির্দ্দিষ্ট কোন বিধিক্রমে কোন কর্ম্মকারকের কি কেরাণীর ছুটী গ্রহণ করিবার এবং উক্ত বিধিঅনুসারে ঐ ছুটীর কালপর্য্যন্ত উক্ত সীমার বাহিরে থাকিবার যে অধিকার থাকে তাহার সঙ্গে এই বিধির কোন সম্পর্ক নাই ও তাঁহার সেই অধিকারের কোন ব্যাঘাত হইবে না ইতি।

আডবোকেট ও উকীল ও টর্ণিদিগকে অনুমতি দিবার বিধি।

[আডবোকেট ও উকীল ও টর্ণিদিগকে অনুমতি দিবার বিষয়ে উপরিস্থ আদালতের ক্ষমতার কথা।]

৭ ধারা। আরো আমরা এই ধারাক্রমে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতকে এই শক্তি ও ক্ষমতা প্রদান করিলাম যে, উক্ত উপরিস্থ

so many Advocates as to the said High Court shall seem meet, who shall be and are hereby authorized to appear and plead for the suitors of the said High Court, subject to the rules and directions of such Court.

8. And We do further authorize and empower the said High Court of Judicature at Fort William in Bengal to approve, admit, and enrol such and so many Vakeels as to the said High Court shall seem meet, who shall be and are hereby authorized to appear, plead, and act for the suitors of the said High Court, subject to the rules and directions of such Court.

9. And We do further authorize and empower the said High Court of Judicature at Fort William in Bengal to approve, admit, and enrol such and so many Attorneys-at-law as to the said High Court shall seem meet, who shall be and are hereby authorized to appear and act for the suitors of the said High Court, subject to the rules and directions of such Court.

[In making rules for the qualifications &c., of Advocates, Vakeels and Attorneys.]

10. And We do hereby ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall have power to make rules for the qualification and admission of proper persons to be Advocates, Vakeels, and Attorneys-at-law of the said High Court, and shall be empowered to remove, on reasonable cause, the said Advocates, Vakeels, or Attorneys-at-law, and no person whatsoever but such Advocates or Vakeels shall be allowed to plead for, or on behalf of, any suitor in the said High Court; and no person or persons whatever but such Vakeels or Attorneys-at-law shall be allowed to act for any suitor in the said High Court, except that any suitor shall be allowed to appear, plead, or act on his own behalf, or on behalf of a co-suitor.

[To be continued.]

আদালতের বিবেচনায় যে প্রকারের যত জন আডবোকেট উপযুক্ত হন তাঁহারদিগকে গ্রাহ্য করেন ও অনুমতি দেন ও তাঁহারদের নাম লিখিয়া রাখেন। তাঁহারদিগকে উক্ত উপরিস্থ আদালতের বিধি ও আদেশানুসারে উক্ত আদালতে বাদির কি প্রতিবাদির পক্ষে উপস্থিত হইয়া সওয়াল জওয়াব করিতে ক্ষমতা দেওয়া যাইবে ও এই ধারাক্রমে ক্ষমতা দেওয়া গেল ইতি।

৮ ধারা। আরো বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতকে এই শক্তি ও ক্ষমতা দান করিলাম যে, উক্ত উপরিস্থ আদালতের বিবেচনায় যে প্রকারের যত জন উকীল উপযুক্ত হন তাঁহারদিগকে গ্রাহ্য করেন ও অনুমতি দেন ও তাঁহারদের নাম লিখিয়া রাখেন, ও তাঁহারদিগকে ঐ উপরিস্থ আদালতের বিধি ও আদেশানুসারে ঐ আদালতে বাদিরদের কি প্রতিবাদিরদের পক্ষে উপস্থিত হইয়া সওয়াল জওয়াব করিতে ও কার্য্য করিতে ক্ষমতা দেওয়া যাইবে, ও এই ধারাক্রমে ক্ষমতা দেওয়া গেল ইতি।

৯ ধারা। আরো আমরা বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতকে এই শক্তি ও ক্ষমতা প্রদান করিলাম যে, উক্ত উপরিস্থ আদালতের বিবেচনায় যেপ্রকারের যত জন টর্ণি উপযুক্ত হন তাঁহারদিগকে গ্রাহ্য করেন ও অনুমতি দেন ও তাঁহারদের নাম লিখিয়া রাখেন ও তাঁহারদিগকে ঐ উপরিস্থ আদালতের বিধি ও আদেশানুসারে ঐ আদালতে বাদিরদের ও প্রতিবাদিরদের পক্ষে উপস্থিত হইয়া কার্য্য করিতে ক্ষমতা দেওয়া যাইবে ও এই ধারাক্রমে ক্ষমতা দেওয়া গেল ইতি।

[আডবোকেট ও উকীল ও টর্ণির যোগ্যতাপ্রভৃতির বিধি করণের ক্ষমতার কথা।]

১০ ধারা। আরো আমরা ইহাতে নির্দ্ধারণ করিলাম যে উক্ত উপরিস্থ আদালতের আডবোকেট ও উকীল ও টর্ণি হইবার জন্যে যে২ প্রকারের জ্ঞান গুণাদি থাকা প্রয়োজন তদ্বিষয়ের, ও উপযুক্ত ব্যক্তিদিগকে গ্রাহ্য করণের বিধি করিতে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালত ক্ষমতাপন্ন হইবেন। এবং উক্ত আডবোকেট কি উকীল কি টর্ণিদিগকে উপযুক্ত হেতুতে অবসর করিতে ক্ষমতাপন্ন হইবেন। ও তদ্রূপ আডবোকেট কি উকীলভিন্ন কোন ব্যক্তি উক্ত উপরিস্থ আদালতে বাদির কি প্রতিবাদির পক্ষে সওয়াল জওয়াব করিতে অনুমতি পাইবেন না এবং তদ্রূপ উকীল কি টর্ণিভিন্ন কোন ব্যক্তি কি ব্যক্তিরা উক্ত উপরিস্থ আদালতে কোন বাদির কি প্রতিবাদির পক্ষে কার্য্য করিতে অনুমতি পাইবেন না। কিন্তু কোন বাদী কি প্রতিবাদী আপনার পক্ষে কি আপনার সঙ্গি বাদির কি প্রতিবাদির পক্ষে উপস্থিত হইয়া সওয়াল জওয়াব করিতে কি কার্য্য করিতে পারিবেন ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

CIRCULAR ORDER OF THE BOARD OF REVENUE, LOWER PROVINCES.

No. 44.

Dated 12th July 1862.

To all Officers under the Board.

The annexed orders of the Supreme Government, contained in a Circular of the Public Works Department, dated 27th May last, No. 47, are for-

[*Government Gazette, 5th August*, 1862.]

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

৪৪ নম্বর।

১৮৬২ সাল ১২ জুলাই।

বোর্ডের অধীন সকল কার্য্যকারকের প্রতি পত্র।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের গত মে মাসের ২৭ তারিখের ৪৭ নম্বরের সরক্যুলর অর্ডরেতে সুপ্রীম গবর্ণমেণ্টের পশ্চাৎ লিখিত হুকুম প্রকাশ হইয়াছিল। তাহা

warded for the information and guidance of Revenue Officers.

By order of the Board of Revenue,

H. L. DAMPIER,
Secretary.

রাজস্বসম্পর্কীয় কার্য্যকারকেরদের জ্ঞাপন ও উপদেশার্থে পাঠান যাইতেছে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে।

এচ এল ডাম্পিয়র।
সেক্রেটারী।

Circular No. 47 of 1862, of the Public Works Department, dated 27th May 1862.

His Excellency the Governor General in Council directs that the attention of all Governments and Administrations entrusted with power of sanctioning expenditure for Public Works, should be specially called to the necessity of exercising strict care in applying the funds of the State exclusively to public objects. Nothing should, under any colour, be allowed to be carried out by means of the public funds for the advantage of any *individual* or *body of private persons*, unless in accordance with some declared or established Rule or Principle recognized by the Government of India, or after a special reference to that authority. The heads of the classification of Public Works expenditure, as fixed by the Government of India, will afford a fair general test by which to judge of the character of any undertaking, whether it be a public work or not, and in case of doubt, the proper course to adopt will be to refer to His Excellency the Governor General in Council for instructions.

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৬২ সালের ২৭ মে তারিখের ৪৭ নম্বরের সরক্যুলর।

পবলিক ওর্কস অর্থাৎ রাজকীয় গৃহ পথপ্রভৃতির নিমিত্তে অর্থ ব্যয় করিবার অনুমতি দেওনের ক্ষমতা যে সকল গবর্ণমেণ্টকে ও কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক ব্যক্তিদিগকে দেওয়া গেল, তাঁহারা রাজকীয় ধন কেবল রাজকীয় কর্ম্মেতে ব্যয় করেন, এতৎপক্ষে অতিদৃঢ়রূপে সতর্ক থাকা বিষয়ে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর মনোযোগ করিতে আদেশ করেন। সাধারণ কোন ব্যক্তির কি লোকসমাজের উপকারার্থ কর্ম্ম রাজকীয় ধনব্যয়ে কোন ছলেই করিতে হইবেক না। কেবল যদি রাজকীয় ধনব্যয়ে তদ্রূপ কর্ম্ম হইবার বিধি প্রকাশ হয় কি নির্দ্ধারিত থাকে, কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্টের তদ্রূপ নিয়ম স্বীকার হইয়া থাকে, কিম্বা ঐ গবর্ণমেণ্টের তদ্বিষয়ের বিশেষ অনুমতি হয়, তবে হইতে পারিবেক। রাজকীয় কর্ম্মার্থে ব্যয়করা ধনের হিসাবখাতায় ঐ২ কর্ম্ম শ্রেণীবদ্ধ হইয়া যে২ দফামতে লিখিতে হইবেক তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্ট নির্দ্ধার্য্য করিয়াছেন। অতএব কোন কর্ম্ম প্রকৃতপ্রস্তাবে রাজকীয় কর্ম্ম কি না এই কথা সেই সকল দফাবৃষ্টে নিরূপণ হইতে পারিবেক। যদি কোন স্থলে সন্দেহ থাকে, তবে তাহা নিষ্পত্তি করিবার নিমিত্তে হজুর কৌনসেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের নিকটে পত্র লেখা উচিত।

2. It is further most distinctly to be understood that it is a general condition precedent to the delegation of all authority to disburse public money, that it shall be *bond fide* for a public object; and the Budget Rules, by which the Reserve is made available, at the discretion of the Local Governments, to meet all expenditure otherwise unprovided for, are by no means to be interpreted to allow of any relaxation whatever of this essential condition.

২। রাজকীয় ধন প্রকৃতপ্রস্তাবে রাজকীয় কর্ম্মে ব্যয় হইবেক, ঐ ধন ব্যয় করণের ক্ষমতাদানের এই সাধারণ নিয়ম অতিস্পষ্টরূপে হৃদয়ঙ্গম করা উচিত। বাজেট অর্থাৎ বার্ষিক ব্যয়ের আনুমানিক ফর্দ্দ লিখিবার বিধির মধ্যে এই বিধি আছে, যে প্রয়োজনীয় অন্য যে ব্যয় শোধন হইবার প্রকারান্তর বিধান হয় নাই তাহা স্থানবিশেষের গবর্ণমেণ্টের বিবেচনামতে উদ্বর্ত্ত টাকা হইতে দেওয়া যাইবেক। কিন্তু ইহাতে পূর্ব্বোক্ত অতি গুরুতর নিয়ম কিছু আল্গা হইতে পারে, এমত জ্ঞান করিতে হইবেক না।

3. His Excellency the Governor General in Council would especially desire to guard the Local Governments and Administrations against any disposition to extend, without direct authority, the rule under which the provision of dwelling houses at the expense of the State is now permitted, as there is perhaps greater risk in this than in most things, of allowing private convenience to be provided for at the public expense. Excepting the lower ranks of the European Army, the number of persons in the public service entitled to receive houses at the public expense is small, and it is scarcely possible that such a privilege can ever be rightly extended to any one not in the direct service of the Government.

৩। এইক্ষণে কোন২ ব্যক্তিকে রাজকীয় ধনব্যয়ে বাসগৃহ দেওনের বিধি আছে। কিন্তু স্পষ্ট আজ্ঞা না হইলে সেই বিধিমতে বিস্তারিতরূপে কর্ম্ম করিবার কল্পনা না হয়, এই বিষয়েহজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর স্থান বিশেষের সকল গবর্ণমেণ্টকে ও কর্ত্তৃত্ব কার্য্যনির্ব্বাহক ব্যক্তিদিগকে বিশেষমতে সতর্ক করিতেছেন। যেহেতুক ইহাতে রাজকীয় ধন ব্যয় পূর্ব্বক সাধারণ ব্যক্তির উপকাররূপকার্য্য যেপর্য্যন্ত হয়, তত্তুল্য প্রায় অন্য স্থলে হয় না। ইউরোপীয় সৈন্যগণভিন্ন রাজকীয় ব্যয়ে গৃহ পাইতে রাজকীয় কর্ম্মকারক অত্যল্প ব্যক্তির অধিকার থাকে। ও যাঁহারা প্রকৃত প্রস্তাবে গবর্ণমেণ্টের কর্ম্মে নিযুক্ত না থাকেন এমত ব্যক্তিদিগকে সেই অধিকার দেওয়া প্রায় উচিত হইতে পারে না।

R. STRACHEY, *Lieut.-Col., R. E.,*
Secy. to the Govt. of India.

আর ষ্ট্রেচি। লেপ্টেনেণ্ট কর্ণেল। R. E.
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৫ আগষ্ট।]

No 45.

Dated 16th July 1862.

To all Commissioners and District Revenue Officers.

The price of Abkarree Opium to the Department having been raised to Rupees 7-4 per seer, for all Opium supplied of the manufacture of the season 1861-62, District Officers will be careful in preparing Estimates, Statements, &c., to see that the net cost of all Abkarry Opium of that season which may be supplied to them is calculated at the rate of Rupees 7-4 per seer, instead of at Rupees 5-8 as hitherto.

2nd. The season of manufacture will be found stated in the advices of despatch of Opium which are sent to Collectors.

By order of the Board of Revenue,

H. L. DAMPIER,
Secretary.

No. 46.

Dated 16th July, 1862.

To all Collectors of Revenue.

Collectors are requested to adopt the annexed Forms of Comparative Statements of Rum and Country Spirits, in lieu of the Form of Quarterly Statements now in force.

The Superintendent of the Allipore Jail Press has been directed to supply each Collector with twenty of each of the Forms. They should be adopted from the 1st Quarter of 1862-63.

By order of the Board of Revenue,

H. L. DAMPIER,
Secretary.

৪৫ নম্বর।

১৮৬২ সাল ১৬ জুলাই।

কমিস্যনর সাহেবগণের ও জিলার রাজস্বসম্পর্কীয় কার্য্যকারকেরদের প্রতি পত্র।

১৮৬১। ৬২ সালে যে সকল আফীম প্রস্তুত হইয়া আবকারী ডিপার্টমেণ্টে পাঠান যায় তাহার মূল্য শের প্রতি ৭।৷৹ টাকাপর্য্যন্ত বৃদ্ধিহওয়াতে, জিলার কার্য্যকারকেরা ইষ্টিমেট ও কৈফিয়ৎ প্রস্তুত করণ কালে ইহাতে মনোযোগ করিবেন যে, উক্ত সালের যত আবকারী আফীম তাহারদিগকে দেওয়া যায় তাহার নিট খরচ শেরপ্রতি ৫৷৷৹ টাকা না লিখিয়া ৭।৹ টাকার দরে লেখেন।

২। আফীম যে সালে প্রস্তুত হয় তাহা আফীম চালান হইবার যে জ্ঞাপনপত্র কালেক্টর সাহেবেরদের নিকটে পাঠান যায় তাহাতে লেখা থাকিবে।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে।

এচ এল ডাম্পিয়র।
সেক্রেটারী।

---

৪৬ নম্বর।

১৮৬২ সাল ১৬ জুলাই।

রাজস্বের সকল কালেক্টর সাহেবের প্রতিপত্র।

রম ও দেশীয় শরাবের ত্রৈমাসীক কৈফিয়তের যে পাঠ এইক্ষণে প্রচলিত আছে তাহার পরিবর্ত্তে কালেক্টর সাহেবদিগকে ইহাতে আদেশ করা যাইতেছে যে পূর্ব্ব ও বর্ত্তমান বৎসরে রম ও দেশীয় যত শরাব ব্যবহার হয় তাহা মিলাইবার কৈফিয়ৎ পশ্চাৎ লিখিত পাঠে লেখেন।

আলীপুরের জেলের ছাপাখানার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে অনুমতি দেওয়া গিয়াছে যে প্রত্যেক কালেক্টর সাহেবকে প্রত্যেক কৈফিয়তের বিশ২ ফর্দ্দ দেন। ১৮৬২। ৬৩ সালের প্রথম তিন মাসঅবধি উক্ত পাঠ ব্যবহার হইবেক।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে।

এচ এল ডাম্পিয়র।
সেক্রেটারী।

[*Government Gazette, 5th August*, 1862.]

Comparative Statement of Duty inclusive of Retail license fees, realized on Country Spirits in the Division of for the Quarter of 186 -6 .

1	2	Quantity in Gallons 25 Under Proof.				Revenue Derived.								15	16	17
						In corresponding Quarter of previous year.				In the Quarter of (quarter under review.)						
District.	System.	3 In the corresponding Quarter of the previous year.	4 In the Quarter of (quarter under review.)	5 Increase.	6 Decrease.	7 Duty.	8 No. of Licenses.	9 Amount of fees on license.	10 Total.	11 Duty.	12 No. of Licenses.	13 Amount of fees on License.	14 Total.	Increase of duty (including retail license fees) in the Quarter of	Decrease of duty (including retail license fees) in the Quarter of	Remarks.
	Fixed duty system *i. e.*, from Sudder Distilleres and the Tract supplied by them.															
	From daily Tax.															
	Total ..															

Note.—Opposite Daily Tax, Columns 8, 9, 10, 12, 13, 14, will be filled up on the fixed duty system, the rate of duty per gallon London Proof should be stated in the Column of Remarks.

অমুক নাসের অমুক ৩ মাসে অমুক এলাকাতে দেশীয় শরাবের দ্বারা খুচরা বিক্রয়ের অনুমতিপত্রের কিস্ মুজ মত মামুল আদায় হয় তাহার তৈফিয়ৎ।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
জিলা।	নিয়ম।	২৪ গালনের প্রুফের ন্যূন তীব্র।				গত বৎসরের উক্ত ৩ মাসের।				বর্ত্তমান ৩ মাসের।			যত রাজস্ব আদায় হয় তাহা।		
		গত বৎসরের উক্ত ৩ মাস।	বর্ত্তমান ৩ মাস।	ঐ কি।	ঐ তীব্র।	মাসুল।	গত অনুমতিপত্রের সংখ্যা।	অনুমতিপত্রের উপর কিস্ মাসুল হার তাহা।	মোট।	মাসুল।	গত অনুমতিপত্রের সংখ্যা।	অনুমতিপত্রের উপর কিস্ মাসুল হার তাহা।	মোট।	অনুক্ত শরাবের ৩ মাসে প্রুফের কিস্ মাসুল ধার্য্য হইয়া যত টাকা আদায় হয় তাহা।	গত বৎসরের উক্ত ৩ মাসে অনুক্ত শরাবের কিস্ মাসুল ধার্য্য হইয়া যত টাকা আদায় হয় তাহা।	মন্তব্য কথা।
	নিরূপিত মাসুলের নিয়ম অর্থাৎ সদর ভাটিখানা ও তাহা হইতে বেহ স্থানে পাঠান যায় তাহা। প্রতি নিসের উপর হইতে যত আদায় হয় তাহা। মোট।															

মন্তব্য কথা—প্রতি নিসের উপরের পার্শ্বে ৮ ও ৯ ও ১০ ও ১১ ও ১২ ও ১৩ ও ১৪ ঘরে নিরূপিত মামুল নিয়মানুসারে লেখা যাইবে। অন্য প্রুফ শরাবের গালন প্রতি যত মামুল হয় তাহা মন্তব্য কথার ঘরে লিখিতে হইবে।

Comparative Statement of the Consumption of Rum.

1	NUMBER OF GALLONS IMPORTED INTO THE DISTRICT AND MANUFACTURED IN THE DISTRICT, WHICH PASSED OUT INTO CONSUMPTION.						REVENUE DERIVED FROM RUM.											18
District.	2	3	4	5	Difference between columns 5 & 2.		8	9	10	11	12	13	14	15	16	17	REMARKS.	
	Total number of gallons consumed in the District in the corresponding quarter of the previous year, taken from Column 3 of the Statement of that Quarter.	Total number imported into the District and passed out into consumption from Distilleries in the District, during the Quarter of (Quarter under review.)	Deduct the Quantity exported under passes to other Districts.	Balance consumed in the District.	Increase. 6	Decrease. 7	In corresponding Quarter of last year, taken from Column 15 of the Statement of that Quarter.	Duty paid into the District Treasury.	Duty paid in other Districts, the Rum being imported under certificates of payment.	Total.	Deduct duty on Rum exported into other Districts.	Balance, being duty on Rum consumed in the District.	Add Retail License Fees.*	Total Revenue from Rum consumed in the District.	Increase.	Decrease.		

* NOTE.—To embrace the Fee on *all* Licenses which cover the retail of Rum.

১	জিলা।		
২	গত বৎসরের প্রথম তিন মাসের কৈফিয়তের ৫ ঘর মতে জিলাতে যত গালন খরচ হইয়াছে তাহার মোট।		জিলাতে আমদানী কি প্রস্তুত করা যত গালন খরচের নিমিত্তে রফ্তানী হয়।
৩	বর্ত্তমান বৎসরের ৩ মাসে যত গালন জিলাতে আমদানী হইয়াছে ও খরচের নিমিত্তে জিলার ভাটিখানা হইতে রফ্তানী হইয়াছে তাহার মোট।		
৪	চালানক্রমে অন্য জিলাতে যত রফ্তানী হইয়াছে তাহার বাদ।		
৫	জিলাতে যত খরচ হইয়াছে।		
৬	বৃদ্ধি।	৫ ও ২ ঘরের প্রভেদ।	
৭	ন্যূনতা।		
৮	গত বৎসরের প্রথম ৩ মাসে যত আদায় হয় তাহা ঐ ত্রৈমাসিক কৈফিয়তের ১৫ ঘর হইতে লওয়া যায়।		যত রম খরচ হয় তাহার কৈফিয়ৎ।
৯	জিলার ত্রেজুরিতে যত মাসুল দেওয়া গিয়াছে।		রম হইতে যত টাকা আদায় হয়।
১০	অন্য জিলাতে মাসুল দিবারসর্টিফিকটক্রমে যে রম আমদানী হয় তাহার যত মাসুল দেওয়া গিয়াছে।		
১১	মোট।		
১২	অন্য জিলাতে যত রম রফ্তানী হইয়াছিল তাহার মাসুল বাদ।		
১৩	বাকী অর্থাৎ জিলাতে যত রম খরচ হইয়াছে তাহার মাসুল।		
১৪	খুজুরা বিক্রয়ের অনুমতিপত্রের ফিস।*		
১৫	জিলাতে যত রম বিক্রয় হইয়াছে তাহাতে যত টাকা আদায় হইল।		
১৬	বৃদ্ধি।		
১৭	ন্যূনতা।		
১৮			মন্তব্য কথা।

*মন্তব্য কথা—খেজুরা বিক্রয়ের সকল অনুমতিপত্রের ফিস ও ইহাতে লিখিতে হইবে।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 28th July, 1862.

Moulvie Abdool Munsoor, Moonsiff of Khoolnea, Zillah Jessore, to be Moonsiff of Cowcally, Zillah Backergunge.

Baboo Moddun Mohun Turkobhooshun, Moonsiff of Cowcally, Zillah Backergunge, to be Moonsiff of Khoolnea, Zillah Jessore.

Baboo Bhugwan Chunder Sein, Moonsiff of Sherepore, to be Moonsiff of Nicklee, Zillah Mymensingh.

The 31st July, 1862.

Moulvy Ahmed Ally, late Law Officer of Nuddea, to be Moonsiff of Bhotemaree, Zillah Rungpore.

LEAVE OF ABSENCE

During the late Mohurrum Vacation.

The 28th July, 1862.

East Burdwan.

Moonshee Khodabuxsh, Moonsiff of Potena.

Baboo Kedarnath Banerjee, Moonsiff of Ousgaon.

The 1st August, 1862.

Moulvie Tuffuzzul Rohoman, Moonsiff of Hemtabad, Zillah Dinagepore, for four months, in extension of the leave granted to him on the 15th May last.

H. T. PRINSEP, *Register*.

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ২৮ জুলাই।

জিলা যশোহরের খুলনিয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল মনসুর জিলা বাকরগঞ্জের কাওয়াখালীর মুনসেফ হইবেন।

জিলা বাকরগঞ্জের কাওয়াখালীর মুনসেফ শ্রীযুত বাবু মদন মোহন তর্কভূষণ জিলা যশোহরের খুলনিয়ার মুনসেফ হইবেন।

শেরপুরের মুনসেফ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন জিলা ময়মনসিংহের নিকলীর মুনসেফ হইবেন।

১৮৬২ সাল ৩১ জুলাই।

নদীয়ার পূর্ব্বকার ফওয়াদারক শ্রীযুত মৌলবী আহমদ আলী জিলা রঙ্গপুরের বোটমারীর মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ২৮ জুলাই।

পূর্ব্ব বর্দ্ধমানের পতন্যার মুনসেফ শ্রীযুত মুন্‌শী খোদা বকস ও আউশগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কেদারনাথ বাঁড়ুয্যা গত মহরমের বন্দে ছুটী পান।

১৮৬২ সাল ১ আগষ্ট।

জিলা দিনাজপুরের হেমতাবাদের মুনসেফ শ্রীযুত মৌলবী তফজ্জল রহমান গত মে মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চারি মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরুনর সাহেবের হুকুম।

১৮৮৩ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১১ জুলাই।

কাপ্তান শ্রীযুত ডবলিউ মাকডনালড সাহেব (Captain W. Macdonald,) কিয়ৎকালের নিমিত্তে কামরূপের পল্টনের দ্বিতীয় অধ্যক্ষ হইবেন।

১৮৬২ সাল ১৫ জুলাই।

নীচের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেটেরা ১৮৩৫ সালের ৯ আইনের ২ ধারানুসারে, ১৮১৯ সালের ১০ আইন ও ১৮৩৮ সালের ২৯ আইনের নির্দ্দিষ্টমতে নিম্ন চৌকীর সুপরিণ্টেণ্ডের বিচারকর্ত্তৃ ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

বালেশ্বরের শ্রীযুত মৌলবী আবদুল্লা খাঁ।

কটকের শ্রীযুত বাবু জগমোহন রায়।

পুরীর শ্রীযুত বাবু নরসিংহচন্দ্র দাস।

পুরীর অন্তর্গত খুর্দ্দাহের শ্রীযুত বাবু কান্তিচন্দ্র চাটুয্যা।

১৮৬২ সাল ১৭ জুলাই।

বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট শ্রীযুত এচ এল হারিসন সাহেব (Mr. H. L. Harrison,) ১৮৬০ সালের ৩২ আইনের ২৩ ধারামতে কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত ডবলিউ ই ওয়ার্ড সাহেব (Mr. W. E. Ward,) শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি এ কেলী সাহেব (Mr. C. A. Kelly,) বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ১৫ জুলাই।

মেহরপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের সাবেক জজ শ্রীযুত বাবু কাশীশ্বর মিত্র, অচিকিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৯৫২ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১০ জুলাই।

শ্রীযুত আর এল মার্টিন সাহেব (Mr. R. L. Martin,) বিদ্যালয়ের দ্বিতীয় ইন্‌স্পেক্টর হইয়া দক্ষিণ পূর্ব্ব খণ্ডে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত জে জি মেডলিকট সাহেব (Mr. J. G. Medlicott,) বিদ্যালয়ের তৃতীয় ইন্‌স্পেক্টর হইয়া দক্ষিণ পশ্চিম খণ্ডে নিযুক্ত হইয়াছেন ও শ্রীযুত উড্রু সাহেবের (Mr. Woodrow,) ছুটীক্রমে অনুপস্থিত থাকাপর্য্যন্ত মধ্যম খণ্ডের কর্ম্মেরও ভারপ্রাপ্ত হইবেন।

১৮৬২ সাল ২৬ জুলাই।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু অন্নদাচরণ কাষ্টগী গয়াতে যাত্রিগণের চিকিৎসালয়ের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু মনোহর

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৫ আগষ্ট।]

মুখুয্যা ছাপরার ঔষধালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ১২ জুলাই।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ ডেবী সাহেব (Mr. W. Davey.) নাশির নগর এলাকাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন, ও ত্রিপুরাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন, আরো তিনি ঐ আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলের অনুসন্ধান লইবার কিম্বা উক্ত আদালতের সম্মুখে বিচার হওনার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার কি তাহারদের স্থানে হাজির জামিন লইবার ও তদর্থে যে সকল ক্ষমতার আবশ্যক হয় তদনুসারে কার্য্য করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

নাশিরনগরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি সি কিল্‌বি সাহেব (Mr. G. C. Kilby,) তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশের রাজস্ব সম্পর্কীয় জরীপী কার্য্যে নিযুক্ত হইয়াছেন, এবং ঢাকা ও সিলট ও ময়মনসিংহ ও ত্রিপুরাতে ১৮২২ সালের ৭ আইন ও ১৮২৫ সালের ৯ আইনমতে কালেক্টরের সম্পূর্ণ ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

শ্রীযুত এফ জোন্‌স সাহেব (Mr. F. Jones,) দ্বিতী অর্থাৎ দক্ষিণাংশের জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

নিমক ডিপার্টমেণ্টের নীচের লিখিত কর্ম্মকারকেরা উচ্চ পদ প্রাপ্ত হইয়াছেন। অর্থাৎ

কলিকাতার নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত ডবলিউ এল ওএন সাহেব (Mr. W. L. Owen,) দ্বিতীয় শ্রেণীতে। ও

চাটিগাঁয়ের নিমকের আসিষ্টাণ্ট এজেণ্ট শ্রীযুত জে ই ব্রুস সাহেব (Mr. J. E. Bruce,) তৃতীয় শ্রেণীতে। ও

মেদিনীপুরের নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু জগদীশনাথ রায় চতুর্থ শ্রেণীতে। ও

কটকের নিমকের আসিষ্টাণ্ট এজেণ্ট শ্রীযুত সি ডবলিউ মাকেঞ্জি সাহেব (Mr. C. W. Mackenzie.) চতুর্থ শ্রেণীতে নিযুক্ত হইয়াছেন।

আসামের আসিষ্টাণ্ট কমিস্যনর লেপ্টেনেণ্ট শ্রীযুত এ এন ফিলিপস সাহেব (Lieutenant A. N. Phillips,) তেজপুরে অবস্থিত হইয়াছেন।

১৮৬২ সাল ২১ জুলাই।

শ্রীযুত জি ব্রাইট সাহেব (Mr. G. Bright,) চব্বিশ পরগনার সিবিল ও সেশন জজের কর্ম্ম করিবেন।

চব্বিশ পরগনার একটিং মাজিষ্ট্রেট শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr. J. P. H. Ward,) ঐ জিলার কালেক্টরেরও কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল বনগাঁ এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহিমাচন্দ্র পাল, রাণাঘাট এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন। ও নদীয়াতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। আরো তিনি উক্ত কার্য্যবিধানের ৩৮ ধারামতে, সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলের অনুসন্ধান লইবার ও উক্ত আদালতের সম্মুখে বিচারহওনার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার ও তাহারদের স্থানে হাজির জামিন লইবার ও তদর্থে যে সকল ক্ষমতার আবশ্যক হয় তদনুসারে কার্য্য করিবার ক্ষমতা পাইয়াছেন।

খুলনের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কান্তিচন্দ্র চাটুয্যা, ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলের অনুসন্ধান লইবার ও উক্ত আদালতের সম্মুখে বিচার হওনার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার কি তাহারদের স্থানে হাজির জামিন লইবার ও তদর্থে যে সকল ক্ষমতার আবশ্যক হয় তদনুসারে কার্য্য করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২১ জুলাই।

সিবিলসম্পর্কীয় সিক্রিশ্তার শ্রীযুত ই ডিলাটুর সাহেব (Mr. E. de Lautour,) কিয়ৎকালের নিমিত্তে হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১১ জুলাই।

১৮৬০ সালের ৪২ আইনের ২ ধারামতে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে দীনাপুর নগরে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত উক্ত আইনঅনুসারে স্থাপিত হইয়াছে তাহার এলাকার সীমান্ত স্থান এই২।

বাঁকীপুরের ডাক বাঙ্গলার উত্তরে গঙ্গার তীরাবধি আনদরা ও গয়ার রাস্তার বরাবর পুণপুণনদীপর্য্যন্ত পূর্ব্ব সীমা। পুণপুণ নদীর শারিফাবাদ গ্রামপর্য্যন্ত ও তথাহইতে বীরপুর ও লক্ষ্মীনারায়ণপুর ও চক জান মহম্মদ ও ফিসখোরা ও বৈকুণ্ঠপুর ও আমহারা গ্রাম ধরিয়া রামনগরপর্য্যন্ত দক্ষিণ সীমা। রামনগরহইতে মনিয়ারপর্য্যন্ত সরকারী রাস্তা পশ্চিম সীমা। ইহার মধ্যে এই সকল গ্রাম ধরা আছে, রামনগর ও বিষ্ণুদত্তপুর ও খৈরপুর ও মিরজাপুর ও গোকুলপুর ও খোদাবন্দপুর ও আনন্দপুর ও মসজীদ ও মনাহর। মনিয়ারঅবধি সোণনদী যে স্থানে গঙ্গায় মিলে সেই স্থানপর্য্যন্ত ঐ সোণনদী ও তথাহইতে গঙ্গার বরাবর বাঁকীপুরের যে ডাক বাঙ্গলাহইতে পূর্ব্ব সীমা ধরা গেল সেই বাঙ্গলার উত্তরাংশপর্য্যন্ত উত্তর সীমা।

সোণ ও গঙ্গার প্রধান খাতের ও পূর্ব্বোক্ত ভূমির মধ্যে যে সকল দিয়াড়া থাকে তাহাও উক্ত সীমার মধ্যে।

১৮৬০ সালের ৪২ আইনের ১১ ধারামতে ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত পাটনা শহরে স্থাপন হইয়াছে তাহার এলাকার সীমান্ত স্থান এই২।

পূর্ব্ব সীমা ফতওয়া। ইহার মধ্যে উক্ত শহর ও রেলওয়ে ইষ্টেসন ও ফতওয়াঅবধি দেবা নদীপর্য্যন্ত সরকারী রাস্তা ধরা গিয়াছে। সেই দেবা নদী যে স্থানে সরকারী রাস্তা ভেদ করে সেই স্থানঅবধি যে স্থানে পুণপুণ নদীর সঙ্গে মিলে সেই স্থানপর্য্যন্ত ঐ দেবা নদী, ও সেই স্থানঅবধি পুণপুণ নদী যে স্থানে গয়ার শাখা রাস্তা ভেদ করে সেই স্থানপর্য্যন্ত ঐ পুণপুণ নদী দক্ষিণ সীমা। গয়ার শাখা রাস্তা ও আন্দরার রাস্তা ও বাঁকীপুরের ডাক বাঙ্গলা পশ্চিম সীমা। গঙ্গা উত্তর সীমা। ঐ নদীর ও তাহার শুষ্ক খাতের মধ্যে যে সকল দিয়াড়া আছে তাহাও এই সীমার মধ্যে ধরা গেল।

২০৩০ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১৭ জুলাই।

বাঁকীর তহসীলদার শ্রীযুত বাবু রঘুনাথ বসু মুনসেফের ও ডেপুটী কালেক্টরের ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

কিওনঝড়ের তহসীলদার শ্রীযুত বাবু সদানন্দ সরকার ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬২ সাল ২১ জুলাই।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা রঙ্গপুরের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী মহম্মদ ওয়াজীদ পূরণিয়ার সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত ডবলিউ ডাকষ্টা সাহেব (Mr. W. DaCosta,) ভাগলপুরের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত মৌলবী ফরীদুদ্দীন সারণের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

১৮৬২ সাল ২৩ জুলাই।

শ্রীযুত বাবু মথুরানাথ গুপ্ত চম্পারণে দলীল দস্তাবেজের রেজিষ্টর হইবেন।

শ্রীযুত বাবু কুঞ্জলাল বাঁড়ুয্যা মুরশিদাবাদে দলীল দস্তাবেজের রেজিষ্টার হইবেন।

ঝিনিদহের মুনসেফ শ্রীযুত বাবু মধুসূদন দত্ত যশোহরে ১৮৫৯ সালের ১০ আইনের ১২০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইয়াছেন। আরও তিনি বঙ্গ দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কৌন্সেলের ১৮৬২ সালের ৬ আইনের ১২ ধারানুসারে উক্ত আইন মতে ও ১৮৫৯ সালের ১০ আইনমতে যে মোকদ্দমা তাঁহার সম্মুখে উপস্থিত হয় তাহা গ্রাহ্য করিবার ক্ষমতা পাইয়াছেন।

বাঁকুড়ার একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এল সি টিসেণ্ডি সাহেব (Mr. L. C. Tissendie,) কটক একাকীতে নিযুক্ত হইয়াছেন, ও সেই এলাকার সকল কি কোন জিলার মধ্যে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

১৮৬২ সাল ২৪ জুলাই।

নীচের লিখিত কর্ম্মকারকেরা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কিম্বা উপরিস্থ আদালতের বিচার্য্য মোকদ্দমায় প্রথম স্থলের অনুসন্ধান লইবার ও ঐ২ আদালতের সম্মুখে বিচার হওনার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার কিম্বা তাহারদের স্থানে হাজির জামিন লইবার ও তদর্থে যে২ ক্ষমতার আবশ্যক হয় সেই সকল ক্ষমতানুসারে কর্ম্ম করিবার ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

শ্রীরামপুরের শ্রীযুত ডবলিউ আরি লারমনি সাহেব (Mr. W. R. Larminie.)

মেহেরপুরের শ্রীযুত জে ডি মাকলীন সাহেব (Mr. J. D. Maclean.)

চুয়াডাঙ্গার শ্রীযুত জে টুইডি সাহেব (Mr. J. Tweedie.)

নীচের লিখিত ডেপুটী মাজিষ্ট্রেটেরা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমায় প্রথম স্থলের অনুসন্ধান লইবার ও উক্ত আদালতের সম্মুখে বিচার হওনার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার কিম্বা তাহারদের স্থানে হাজিরজামিন লইবার ও তদর্থে যে২ ক্ষমতার আবশ্যক, সেই সকল ক্ষমতাক্রমে কার্য্য করিবার শক্তি পাইয়াছেন। অর্থাৎ

জিলা কটকের কেন্দ্রপাড়ার শ্রীযুত বাবু হরচন্দ্র ঘোষ ও

জিলা ঢাকার মুন্সীগঞ্জের শ্রীযুত বাবু চণ্ডীচরণ সিংহ ও

জিলা রাজশাহীর নাটোরের শ্রীযুত এফ গ্রাণ্ট সাহেব (Mr. F. Grant.)

শ্রীযুত এচ জে রেনলডস সাহেব (Mr. H. J. Reynolds,) ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত এফ জোন্স সাহেব (Mr. F. Jones,) তৃতীয় অর্থাৎ পূর্ব্বাংশের জরীপীকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জি এস ফেগান সাহেব (Mr. G. S. Fagan,) কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রথম জজের কর্ম্ম করিবেন।

শ্রীযুত আইজাক উইলসন সাহেব (Mr. Isaac Wilson,) কলিকাতার পোলীসের মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন।

শ্রীযুত মুনশী কফায়ৎউল্লা গোয়ালপাড়ার সদর আমীন হইবেন।

শ্রীযুত মুন্শী রামশরণ মজুমদার শিবসাগরের মুনসেফ হইবেন।

নীচের লিখিত মহাশয়েরা পূরণিয়ার ফেরিঘাট কমিটির মেম্বর হইবেন অর্থাৎ

মেজর শ্রীযুত এফ ক্রসমান সাহেব (Major F. Crossman.) ও

শ্রীযুত জে এচ টমসন সাহেব (Mr. J. H. Thompson.)

ছুটী।

১৮৬২ সাল ১৫ জুলাই।

কুমারখালীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ এম রাইলী সাহেব (Mr. H. M. Reily,) অঙ্কিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৬ জুলাই।

মুরশিদাবাদের জজ শ্রীযুত এ ই রসেল সাহেব (Mr. A. E. Russell,) রাজশাহীর একটিং কমিস্যনরের প্রতি আপন সেশনের কর্ম্মের ভার অর্পণ করিয়া তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থিত কালে উক্ত কমিস্যনর সাহেব কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ২৪ জুলাই।

শাহাবাদের জজ শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) গমনার্থ বন্দরে পঁহুছিবার জন্যে দশ দিনের ছুটী পাইয়াছেন।

ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি এফ হার্ভি সাহেব (Mr. C. F. Harvey,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

২০৮৬ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১৯ জুলাই।

মেজর শ্রীযুত ডবলিউ এ এ টমসন সাহেব (Major W. A. A. Thomson,) ১৮১০ সালের ১৯ আইনানুসারে মুরশিদাবাদে লোকেল এজেণ্ট হইবেন।

১৮৬২ সাল ২৫ জুলাই।

শ্রীযুত বাবু গঙ্গাধর রায় কিয়ৎ কালের নিমিত্তে পাবনায় ও ময়মনসিংহে ১৮৬০ সালের ৩২ আইন অনুসারে আসেসর ও ডেপুটী কালেকটর হইবেন।

শ্রীযুত ডবলিউ ডাকষ্টা সাহেব (Mr. W. DaCosta,) ভাগলপুরের সদর আমীন হইবেন, ইহাতেই বর্ত্তমান মাসের ২১ তারিখে তাঁহার যে নিয়োগ তাহা রহিত হইল।

১৮৬২ সাল ২১ জুলাই।

বীরভূমের নীচের লিখিত মুনসেফেরা ১৮৫৯ সালের ২০ আইনের ২৫০ ধারামতে ডেপুটী কালেকটরের ক্ষমতা পাইয়াছেন। অর্থাৎ

আমধাড়ার শ্রীযুত বাবু রামলাল সেন। ও

গোপালপুরের শ্রীযুত বাবু কেদারেশ্বর রায়। ও

কান্দরার শ্রীযুত বাবু দীননাথ চাটুর্য্যা। ও

কান্দরের শ্রীযুত বাবু তারাপ্রসন্ন মুখুর্য্যা। B. A. B. L.

মেদিনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী মহম্মদ আলী নদীয়া এলাকাতে নিযুক্ত হইয়াছেন, সেই এলাকার সকল কি কোন জিলার মধ্যে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

বগুড়ার একটি সদর আমীন শ্রীযুত বাবু মদনগোপাল সিংহ ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

বীরভূমের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু কঙর উদয় কৃষ্ণ বাঁকড়াতে নিযুক্ত হইয়া রাণীগঞ্জে অবস্থিত হইয়াছেন।

১৮৬২ সাল ২৮ জুলাই।

সব লেপ্টেনেণ্ট শ্রীযুত হিদায়ৎ আলী ১ পোলীস পল্টনের লেপ্টেনেণ্ট হইবেন।

১৮৬২ সাল ২৯ জুলাই।

ডেপুটী মাজিষ্ট্রেট ও কালেকটর শ্রীযুত সৈয়দ আবদুল মজীদ মুনশীগঞ্জ এলাকাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন ও ঢাকাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু চণ্ডীচরণ সিংহ জাহানাবাদ এলাকাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন, ও হুগলী ও বর্দ্ধমানে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে ও ১৮৫৪ সালের ১০ আইনের ২ ধারামতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন, আর তিনি ঐ কার্য্য বিধানের আইনের ৩৮ ধারামতে শেসন আদালতের বিচার্য্য মোকদ্দমায় প্রথম স্থলের অনুসন্ধান লইবার ও উক্ত আদালতে বিচারার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার ও তাহারদের স্থানে হাজির জামিন লইবার ও তদর্থে যে২ ক্ষমতার আবশ্যক হয় তদনুসারে কার্য্য করিবার ক্ষমতা পাইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ২২ জুলাই।

প্রসীডেন্সী কালেজের প্রাকৃতিক বিজ্ঞান ও জ্যোতিষ বিদ্যার অধ্যাপক শ্রীযুত ডাক্তর এচ হালিউর সাহেব (Dr. H. Hallcur,) গত মাসের ২০ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ১ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২৬ জুলাই।

জাহানাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত সৈয়দ আবদুল মজীদ গত মাসের ২৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

পিরোজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী দলীল উদ্দীন আহম্মদ গত মাসের ২৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কর্ম্মকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

নওয়াখালীর সদর আমীন শ্রীযুত বাবু নবকুমার বাঁড়ুয্যা অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে আগামি সেপ্টেম্বর মাসের ২৬ তারিখ-বধি দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৫ জুলাই।

পরীক্ষক বোর্ডের মহাশয়েরদের বিজ্ঞাপনমতে প্রকাশ করা যাইতেছে যে শ্রীযুত সি টি মেটকাফ সাহেব (Mr. C. T. Metcalfe,) ১৮৫১ সালের ১৯ নবেম্বর তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট উচ্চ শ্রেণীর পরীক্ষে-ত্তীর্ণ হইয়াছেন।

২২৯১ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২৮ জুলাই।

নীচের লিখিত সাহেবেরা ১৮৫৮ সালের ৩৬ আইনের ২ ধারামতে ভবানীপুরে ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর পরিদর্শক হইবেন।

শ্রীযুত সেথ এ আপকার সাহেব (Mr. Seth A. Apcar.)

শ্রীযুত জে এচ ফরগসন সাহেব (Mr. J. H. Fergusson.)

শ্রীযুত পেট্রিক কিথ সাহেব (Mr. Patrick Keith.)

সর-আসিষ্টণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু উদয়চাঁদ দত্ত গয়াতে যাত্রিদের চিকিৎসালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ২৯ জুলাই।

মেদনীপুরের একটি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এ এম মাকগ্রিগর সাহেব (Mr. A. M. MacGregor,) ১৮৩৫ সালের ২ আইনের ২ ধারামতে ১৮১৯ সালের ১০ আইন ও ১৮৩৮ সালের ১৯ আইনের নির্দ্দিমতে নিমক চৌকীর সুপরিণ্টেণ্ডের বিচারকর্ত্তৃক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ২৯ জুলাই।

আসামের ডেপুটী কমিশ্যনর মেজর শ্রীযুত ই এ রৌলাট সাহেব (Major E. A. Rowlatt,) নিয়মিত ছুটী লইয়া ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে গত মাসের ১২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আগষ্ট মাসের ৮ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

বারাকপুরের ছাউনি স্থানের জাইণ্ট মাজিষ্ট্রেট কাপ্তান শ্রীযুত বি এচ বগ সাহেব (Captain B. H. Baugh,) ইউরোপে গমনার্থ প্রস্তুত হইবার জন্যে দুই দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৩০ জুলাই।

পশ্চিম বর্দ্ধমানের জজ শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr. G. C. Fletcher,) আপন কর্ম্মের ভার ঐ জিলার প্রধান সদর আমীনের প্রতি অর্পণ করিয়া চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১৪ ধারামতে, দশ দিনের ছুটী পাইয়াছেন।

নদীয়ার ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কাশীনাথ ঘোষ গত মাসের ১২ তারিখে যে ছুটী পান, তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৩০ জুলাই।

সিংহভূমের ডেপুটী কমিস্যনর শ্রীযুত ডাক্তর ডবলিউ এচ হেস সাহেব (Dr. W. H. Hayes,) বর্ত্তমান মাসের ১০ তারিখে যে ছুটী পান, তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৮ জুলাই।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের অধীন সকল কর্ম্মকারককে জ্ঞাত করা যাইতেছে যে তাঁহারদের যে সকল ছাপা করা পাঠের প্রয়োজন হয় সেই সকল পাঠ আলীপুর জেলের ছাপাখানাহইতে প্রাপ্ত হইবেন। কিন্তু তদ্রূপ পাঠ প্রাপণার্থ পত্র পূর্ব্বমত কাগজ কলমাদির সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে পাঠাইতে হইবেক।

সিবিল পেমাষ্টর সাহেবকে আজ্ঞা হইয়াছে যে, ১৮৬২ সালের আগষ্ট মাসের ১ তারিখঅবধি, কেবল আলিপুরের জেলখানার ছাপাখানায় যে পাঠপ্রভৃতি ছাপা হইয়াছে তাহার বিল গ্রাহ্য করেন।

এ ইডন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বঙ্গদেশের রেলওয়ের পব্লিক ওর্কস ডিপার্টমেণ্ট।

ফোর্ট উইলিয়ম, ১৮৬২ সাল ২৬ জুলাই।

বিজ্ঞাপন।

কোন বিশেষ কর্ম্মোপলক্ষে অর্থাৎ জিলা নদীয়াতে ইষ্টর্ণ বেঙ্গল রেলওয়ের বাগ্‌বাঁ ষ্টেসন করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের কিছু ভূমি লওয়া প্রয়োজন, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ইহা অবগত হওয়াতে, প্রকাশ হইতেছে যে উক্ত কর্ম্মের নিমিত্তে উক্ত রেলরোডের পশ্চিম ও কৃষ্ণনগর ও নারায়ণপুর রাস্তার দক্ষিণ পঞ্চাশ একরের অধিক পরিমাণ ভূমির প্রয়োজন। কালেক্টর সাহেবের আফিসে ঐ ভূমির নক্‌শা হইয়াছে, তাহাতে মাঠের নক্‌শাতে যে রেখা টানা আছে তাহা সেই প্রয়োজনীয় ভূমির দক্ষিণ ও পশ্চিম সীমার চিহ্ন।

সেই জমীতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের জ্ঞাপনার্থে এই সম্বাদ ১৮৫৭ সালের ৬ আইনমতে দেওয়া যাইতেছে।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের হুকুমক্রমে।

রেলওয়ের ব্রাঞ্চে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটারীর পরিবর্ত্তে।

জে ই কুক।

গবর্ণমেণ্টের আসিষ্টণ্ট সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENT. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার.

জ্ঞাপনপত্র।

ইনকম টাক্‌সের আইনের ১ ও ২ নম্বরের তফসীল হুজুর কৌন্‌সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে সম্বাদ দেওয়া যাইতেছে যে কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নামে বিশেষ এত্তেলা না দেওয়া গেলে সেই ব্যক্তির ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসর শেষ হয় সেই বৎসরের নিমিত্তে ইনকম টাক্‌সের ১৮৬০ সালের ৩২ আইনের ১ ও ২ নম্বরের তফসীলমতের যে টাক্‌স ধার্য্য হইয়াছিল সেই টাক্‌স ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখঅবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে ধার্য্য থাকিবে। যদি কোন ব্যক্তি আপনার সেই টাক্‌স ধার্য্য হওয়ার বিষয়ে আপত্তি করে তবে সেই ব্যক্তি উক্ত তফসীলমতের লক্ষ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম কমিস্যনর সাহেবেরদের স্থানে কি যে জিলাতে বাস করে সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে কি যে স্থানে বাস করে সেই স্থানের আসেসরের নিকটে প্রার্থনা করিতে পারিবে। সেই বৎসরের ৩১ জুলাই তারিখঅবধি ২ দুই মাসের মধ্যে তাহার সেই রিটর্ণ দাখিল করিতে হইবে। তাহা করিলে তাহার সেই রিটর্ণ অনুসারে তাহার টাক্‌স ১৮৬০ সালের উক্ত ৩২ আইনমতে ধার্য্য হইবেক ইতি সন ১৮৬২ সাল তারিখ ১ আগষ্ট।

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্‌তিহার।

১৮৫৯ সালের ৮। ১০। ১১ আইন সংশোধন রদব্যতীত সমুদয় ১৮৬০ সালের ৪২ আইন ১৮৬১ সালের ১০। ১২। ২৩ ও ১৮৬২ সালের ২। ৩। ৬। ৭ জমীদারী ও দেওয়ানী কার্য্যবিধাননামক আইন একত্রে বান্ধাই মূল্য ২৲ টাকা ফৌজদারী গাইড মূল্য ২৲ টাকা দণ্ডবিধি ৪৫ আইন মূল্য ৸০ আনা ও কার্য্যবিধান ৫। ২৫। ৩৩ সরক্যুলর অর্ডরসহিত মূল্য ১৲ টাকা ১৮৬০ সালের ৪২ আইন ১৮৬২ সালের ২ আইন দ্বারা সংশোধন মূল্য ।০ আনা ১৮৫৯ সালের ১০। ১১ আইন ১৮৬২ সালের ৩। ৬। ৭ আইন দ্বারা সংশোধন মূল্য ।০ আনা ১৮৬২ সালের ইষ্টাম্প ১০ আইন মূল্য ॥০ আনা বিক্রয়ার্থে প্রস্তুত আছে ডাকযোগে মূল্য পাঠাইলে পাইবেন।

কলিকাতা বটতলার ২৪৫ নং পুস্তকালয়। শ্রীইন্দ্রনারায়ণ ঘোষ।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধ চন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৫ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

গবর্ণমেণ্ট গেজেটের ক্রোড়পত্র।

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 5, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ৫ আগষ্ট।

৭০ নম্বর।

বিজ্ঞাপন।

বাঙ্গলা দেশের গবর্ণমেণ্টের অধীন নানা জিলাতে ১৮৬১ সালে যাঁহারা সাধারণের উপকারার্থে নিজ ব্যয়ে যে২ কার্য্য করিয়াছেন তাহার কৈফিয়ৎ সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

জিলা	যাঁহারা করিয়াছেন তাঁহারদের নাম	যে২ প্রকারের কার্য্য	যে২ স্থানে করিয়াছেন	খরচ
বর্দ্ধমান ...	বাবু শারদাপ্রসাদ রায়	ঔষধালয় ও চিকিৎসালয়	চকদীঘি	২৮,৪২৫৲
ঐ	ঐ	চারি মাইল দীর্ঘে এক... রাস্তা	চকদীঘি অবধি জামালপুরপর্য্যন্ত ...	৫০০০৲
২৪ পরগনা	বাবু মহেশচন্দ্র মুখুয্যা	বেলঘরিয়া অবধি পানিহাটীতে গঙ্গাতীরপর্য্যন্ত কাঁচা রাস্তায় পাথর দেওন... ...	বেলঘরিয়া ও পানিহাটী	৫০৭৫৲
আক্যাব	ঞানী	জৈর২ অথবা অতিথিশালা	আলে থান গেও প্রেন্	১২০৲
	পূ ঔং	ঐ	কটান প্রেন ...	১৭২৲
	উগাড়ী	পুষ্করিণী ...	উ টোং প্রেন ...	১৫০৲
	মী থাণ্ডা	ঐ	কুং টাং প্রেন ...	১২০৲
	খিট ফায়ে... ...	ঐ	রোয়া প্রেন ...	১০০৲
	মৌজু	জৈর২ অথবা অতিথিশালা	কিওংনা প্রেন ...	২৫০৲
	খীলু	ঐ	টং পো প্রেন ...	১০০৲
	ঔঙ্গীও ওয়ে ...	সাঁকো	রোয়া প্রেন ...	১০০৲
	খীজা টী	ঐ	রোয়া প্রেন ...	১২০৲
রামড়ী	গিউআ আ ...	সরাই	এং সেট উই ...	১০০৲
	কায়েন্ জো ...	সাঁকো	রাম বক্ষ ...	১২৫৲
	হ্লা থুন শোয়ে ...	পুষ্করিণী ...	রান থেট ...	১৮০৲
	থোন পো শোয়ে ...	ঐ	থান টোং ...	১০০৲
	থা থেউন ঔং ...	সরাই	রোয়া প্রেন ...	১৫০৲
	মী কিউ অয়েন বুন ...	পুষ্করিণী ...	মায়ও মা টোং বেট ...	৪০০৲
সান্দোয়ে	আবাস আলী ...	ইন্দারা ...	শুদে কিওন্নি ...	১০০৲
বেহার	মসমৎ অটেস্ট ফেতিমা ...	পাকা সাঁকো ...	মৌজা গঙ্গপুর, পরগনা সময় ...	২০০৲
	ঐ বিবি লগোয়া ...	ঐ ...	মৌজা কবানপুর পরগনা সময় ...	৪৫২৲
	হনাম মহতো ...	পাকা ইঁদারা ..	মৌজা লিকারিয়া পরগনা বিলাওয়ার	১১০৲
	যোদ্ধিমহতন ...	ঐ ...,	ঐ ...	১৫০৲
	মহন্ত সোরা ভারতি ...	ঐ ...	মৌজা কেনানি পরগনা বিলাওয়ার ...	১১০৲

জিলা	যাঁহারা করিয়াছেন তাঁহার-দের নাম	যে২ প্রকারের কার্য্য	যে২ স্থানে করিয়াছেন	খরচ
বেহার	লালবেহারি সিংহ ...	পাকা ইঁদারা ...	মৌজা মোকদুমপুর পরগনা উকড়ি ...	১০০৲
	নন্দবেহারি লাল ...	ঐ ...	মৌজা লারারি পরগনা অক্কা ...	২৫০৲
পাটনা	বাবু শা ...	১ পাকা ইঁদারা ...	ফুলওয়ে অবধি নওবৎ-পুরপর্য্যন্ত উচ্চীকৃত রাস্তার পার্শ্বস্থিত পাহাড়পুর	৫০০৲
	নেপালের মহারাজা ...	প্রস্তরের সোপানবিশিষ্ট ১ পাকা ঘাট ...	পাটনা নগরের খিড়কী ঘাটে	৮৮৭৲
সারণ	কাজি রামজান আলী ...	১ পাকা ইঁদারা ...	নবরূপুর ...	৩৫০৲
	রামদিহল মহতো ...	১ ঐ ...	বদুওয়া ...	১০০৲
	ধরণী তেলী ...	১ ঐ ...	পহেলীজা ...	১০০৲
	ছোলী তেলী ...	১ ঐ ...	সেওয়ান ...	২৫০৲
	আসেসর ও ডেপুটী কালেক্টর বাবু মধুসূদন মিত্র ...	১ ঐ ...	তেল্‌পা ...	২৫০৲
	রামপ্রসন্ন রায় ও রামচরণ রায়	মাধবপুর অবধি জিন্দাপীরপর্য্যন্ত প্রায় অর্দ্ধ মাইল দীর্ঘ রাস্তা (ও এক সাঁকো) ...	মাধবপুর ...	২০০৲
শাহাবাদ	কেবলানন্দ দুবের স্ত্রী ...	প্রস্তরে গাঁথা পাকা ইঁদারা	আরা ...	৫০০৲
	অহীবম রায় ...	পাকা ইঁদারা ...	পীপরপাতি ...	১২৫৲
	পতি রায় ...	ঐ ...	ইৎরাজ চত্তরে ...	২০০৲
	জগরাম্নে ওঝা ...	ঐ ...	সিমারিয়া ...	২৫০৲
	শিবদত্ত সা ...	ঐ ...	মদুকগঞ্জ ...	৪৫০৲
	আখনরী মনোহর সিংহ ...	ঐ ...	ঐ রামচন্দ্র নুআউন্‌ ...	২০০৲
	শুনেশ্বর তেওয়ারি ...	ঐ ...	বৈরি ...	১০০৲
	ভন্দু কলওয়ার ...	ঐ ...	মঝরিয়া ...	১০০৲
	ফুলি মিশ্র ...	ঐ ...	বর্কাগাঁ ...	১০০৲
	নহবৎ পাণ্ডে ...	ঐ ...	বাকাওন ...	২২৫৲
	মহারাজা মহেশ্বর বক্‌শ সিংহ	ঐ ...	সিমরি ...	২০০৲
	সালিগ চৌধুরী ...	ঐ ...	দুমরুন্‌ ...	১৫০৲
	মহাদি ওঝার স্ত্রী ...	ঐ ...	ঐ ...	২০০৲
ত্রিহুত	লাঙ্গি সাহু ...	পুষ্করিণী ...	মৌজা জুড়া পরগনা জাকহা ...	১,৭০০৲
	পুসন্‌মল্লা ...	ঐ ...	মৌজা কাটআহা পরগনা কমমা ...	৫০০৲
	বাবু লাল ...	ঐ ...	মৌজা মৌরাটি পরগনা হাটি ...	৭০০৲
	রাম সেবক ঠাকুর ...	ঐ ...	মৌজা চকশাহা দত্ত পরগনা হাটি ...	৪০০৲
	হনুমান খাঁওয়াস ...	ঐ ...	মৌজা গগৎপুর পরগনা হাটি ...	৪০০৲
	বাবু বসদেশ সিংহের মাতা	ঐ ...	মৌজা মহেশউদ্দীনপুর পরগনা হাটি ...	৪০০০৲
	মসমৎ ভুলয়ী খোওয়াসীন	ঐ ...	মৌজা শেরপুর পরগনা হাটি ...	১৯০০৲
	ছিক্কু দত্ত চৌধুরী ...	ঐ ...	মৌজা উদয়ী পরগনা ভৌওর ...	১০০০৲
	নথর ঝা ...	ঐ ...	ঐ	৫০০৲
	গোপাল ঝা ...	ঐ ...	মৌজা ভওর পরগনা ভওর ...	৯০০৲

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৫ আগষ্ট।]

জিলা	যাঁহারা করিয়াছেন তাঁহার- দের নাম	যে২ প্রকারের কার্য্য	যে২ স্থানে করিয়াছেন	খরচ
ত্রিহুত	নথরাম ...	পাকা ইঁদারা ...	মৌজা ভরাড়া পরগনা গোপালপুর ...	১৫০৲
	বচু চৌধুরী ...	পুষ্করিণী ...	মৌজা লাদুড়া পরগনা তীর্সি ...	৩০০৲
	জগমোহন সিংহ ...	ঐ ...	মৌজা মুনি পোহারি পরগনা বরিআল ...	২০০৲
	শিবারাম মন্দির ...	ঐ ...	মৌজা অর্লি পরগনা বাহুর ...	৩০০৲
	ভোলানাথ রায় ...	ঐ ...	ঐ ...	৪০০৲
	মোলনাথ বৈনাথগীর ...	ঐ ...	মৌজা গাখা পরগনা জদ্বি ...	৫০০৲
	বিজি মণ্ডল ...	ঐ ...	মৌজা করবরওয়া পরগনা জদ্বি ...	৪০০৲
	তুলসীপ্রসাদ মিশ্র ...	ঐ ...	মৌজা দৈবপুর পরগনা জারিআল ...	১০০৲
	মসমৎ লক্ষ্মী জী ...	ঐ ...	মৌজা তুরকৌলী পরগনা জারিআল ...	৫০০৲
	মসমৎ ইন্দ্র কমল ...	ঐ ...	মৌজা হতিন বর্ষা পরগনা ভোলা ...	৫৫৫৲
	নথু মণ্ডল ...	ঐ ...	মৌজা ঝিকুতি পরগনা ভোলা ...	৩০০৲
	গোপী সাহু ...	পাকা ইঁদারা	মৌজা বিন্দপুর পরগনা মতিয়া ...	১১০৲
	বাবু রাম সাহু ...	ঐ	মৌজা সীতামারী পরগনা মহিতা ...	১২৫৲
	বকসু পঞ্জিয়ার ...	ঐ	মৌজা রসিরা পরগনা মহিতা ...	১০৫৲
	বাবু মহতাব সিংহ ...	পুষ্করিণী	মৌজা ভুপুর প্রথম সারেইসা ...	১৪০০৲
	চণ্ডী দত্ত চৌধুরী ...	ঐ	মৌজা বাজেদপুর মোজিয়া পরগনা সারেইসা ...	৯০০৲
বাকরগঞ্জ	সর্ব্বজয়া পেশাগর	পাকা ঘাট সুদ্ধ এক পুষ্করিণী ...	ফাঁড়ি অগরপুর ...	৩৭৫৲
	কবীর মণ্ডল ...	এক পুষ্করিণী ...	কোতওয়ালী পাড়া থানার এলাকার অন্তর্গত সাতপুর ...	২০০৲
	জয়েজয় সমাদার	ঐ ...	কোতওয়ালী পাড়া থানার এলাকার অন্তর্গত খাগেল ...	১৫০৲
	চণ্ডীচরণ কর	ঐ ...	কোতওয়ালী পাড়া থানার এলাকার অন্তর্গত বোজানিয়া ...	৩০০৲
ঢাকা	সাবু বণিক ...	ঐ ...	নৌকান্দী থানা রূপগঞ্জ ...	১৫০৲
	সফলরাম রিশি ...	ঐ ...	জলাকান্দী থানা রূপগঞ্জ ...	১৫০৲
	কান্তিরাম সাহার মাতা ...	ঐ ...	কলাগাছি থানা রূপগঞ্জ ...	১৫০৲
33. And We do further ordain that so much of the Letters Patent bearing date the Twenty-sixth day of March, in the Fourteenth Year of the reign of His Majesty King George the Third, in the year of our Lord One thousand seven hundred and seventy-four, as authorizes and empowers the Supreme Court to take cognizance of and proceed in causes, suits, and business in the exercise of ecclesiastical jurisdiction shall cease and determine, except as hereinafter mentioned.

[Testamentary and intested jurisdiction.]

34. And We do further ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall have the like power and authority as that which may now be exercised by the said Supreme Court, whether within or without the Bengal Division of the Presidency of Fort William, in relation to the granting of probates of last wills and testaments, and letters of administration of the goods, chattels, credits, and all other effects whatsoever of persons dying intestate, whether within or without the said Bengal Division.

Matrimonial Jurisdiction.

[Matrimonial jurisdiction.]

35. And We do further ordain that the said High Court of Judicature at Fort William in Bengal shall have jurisdiction in matters matrimonial between Our subjects professing the Christian religion, and that such jurisdiction shall extend to the local limits within which the Supreme Court now has ecclesiastical jurisdiction: Provided always that nothing herein contained shall be held to interfere with the exercise of any jurisdiction in matters matrimonial by any Court not established by Royal Charter within the said Presidency lawfully possessed thereof.

Powers of Single Judges and Division Courts.

[Single Judges and Division Courts.]

36. And We do hereby declare, that any function which is hereby directed to be performed by the said High Court of Judicature at Fort William Bengal, in the exercise of its original or appellate ,sdiction, may be performed by any Judge, or y any Division Court thereof, appointed or con-uted for such purpose, under the provisions of Thirteenth Section of the aforesaid Act of the nd 25th years of Our reign.

মোকদ্দমাসম্পর্কীয় যে ক্ষমতা এইক্ষণে প্রাপ্ত হইয়া কার্য্য করিতে পারেন, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালত তত্তুল্য সকল ক্ষমতা প্রাপ্ত হইয়া তদনুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

উইল সম্পর্কীয় ক্ষমতার ও যাঁহারা উইল না লিখিয়া মরেন তাঁহারদের বিষয়ি ক্ষমতার কথা।

[মৃত লোকেরদের সম্পত্তি বিষয়ক পূর্ব্বলিখিত পেটণ্ট পত্রের কোন অংশ রদ হইবার কথা।]

৩৩ ধারা। আমারদের আরো এই নির্দ্ধারণ যে, আমারদের প্রভু খ্রীষ্টের ১৭৭৪ সালের ও তৃতীয় জর্জ রাজার রাজত্ব কালের চতুর্দ্দশ বৎসরের ২৬ মার্চ তারিখের পেটণ্টপত্রের যে সকল কথাদ্বারা সুপ্রীম কোর্টকে মৃতব্যক্তিরদের সম্পত্তি বিষয়ক মোকদ্দমা গ্রাহ্য ও বিচার করিবার ও তৎসম্পর্কীয় ক্ষমতাক্রমে কার্য্য করিবার অনুমতি ও শক্তি দেওয়া যায়, তাহা পশ্চাৎ নির্দ্দিষ্ট স্থল ভিন্ন স্থগিত ও রহিত হইবেক ইতি।

[উইল সম্পর্কীয়, ও যাঁহারা উইল না লিখিয়া মরেন তাঁহারদের সম্পত্তি সম্পর্কীয় ক্ষমতার কথা।]

৩৪ ধারা। আরো আমারদের এই নির্দ্ধারণ যে, ফোর্ট উলিয়ম প্রসীডেন্সীর অধীন বঙ্গদেশের অন্তর্গত কি বহির্ভূত স্থানে মৃত ব্যক্তির স্থাবর ও অস্থাবর সম্পত্তি বিষয়ে তাঁহার শেষ লিখিত নিয়মপত্র সম্পর্কে, এবং যাঁহারা উক্ত বঙ্গদেশের অন্তর্গত কি বহির্ভূত স্থানের মধ্যে উইল না লিখিয়া মরেন তাঁহারদের মাল ও দ্রব্য ও প্রাপ্য বিষয় ও অন্য সকল সম্পত্তির অধ্যক্ষতা করণের ক্ষমতাপত্র সম্পর্কে, উক্ত সুপ্রীম কোর্ট এইক্ষণে যে শক্তি ও ক্ষমতাক্রমে কার্য্য করিতে পারেন, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালত তত্তুল্য শক্তি ও ক্ষমতাপন্ন হইবেন ইতি।

বিবাহ সম্পর্কীয় ক্ষমতার কথা।

[বিবাহ সম্পর্কীয় ক্ষমতার কথা।]

৩৫ ধারা। আমারদের আরো এই নির্দ্ধারণ যে, আমারদের যে প্রজাগণ খ্রীষ্টীয় ধর্ম্মাবলম্বী হন, তাঁহারদের মধ্যে বিবাহসম্পর্কীয় সমস্ত বিষয়ে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতের ক্ষমতা থাকিবে। ও সুপ্রীম কোর্টের যে সীমার মধ্যে মৃত ব্যক্তিরদের সম্পত্তি সম্পর্কীয় ক্ষমতা এইক্ষণে আছে, সেই সীমার মধ্যে বিবাহ সম্পর্কে উক্ত উপরিস্থ আদালতের ক্ষমতা থাকিবে। কিন্তু উক্ত প্রসীডেন্সীর মধ্যে কোন আদালত রাজকীয় চার্টরদ্বারা স্থাপিত না হইয়া বিবাহসম্পর্কীয় যে কোন ক্ষমতা আইনমতে প্রাপ্ত হইয়াছেন সেই আদালতের সেই ক্ষমতানুসারে কর্ম্ম করণের কোন ব্যাঘাত এই ধারার কোন কথাতে হইবেক না ইতি।

এক২ জন জজ সাহেবের ও আদালতের খণ্ডের ক্ষমতার কথা।

[এক২ জন জজ সাহেবের ও আদালতের খণ্ডের কথা।]

৩৬ ধারা। আমারদের আরো এই নির্দ্ধারণ যে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতের মোকদ্দমা প্রথমে গ্রাহ্য করিবার কি আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতার উপলক্ষে উক্ত আদালতের যে কোন কর্ম্ম করিবার আদেশ এই আইনেতে হইল, তাহা উক্ত আদালতের কোন এক জন জজ সাহেব কিম্বা আমারদের রাজত্ব কালের ২৪ ও ২৫ বৎসরের পূর্ব্বোক্ত আইনের ত্রয়োদশ ধারার বিধানমতে সেই কার্য্য নির্ব্বাহার্থে যে আদালত খণ্ড নিযুক্ত কি সংস্থাপিত হন, সেই খণ্ড করিতে পারিবেন ইতি।

Civil Procedure.

[Regulation of proceedings.]

37. And We do further ordain that the proceedings in all matters coming before the said High Court of Judicature at Fort William in Bengal, in the exercise of its testamentary and intestate jurisdiction, shall be regulated by the rules relating to the granting of probates and letters of administration contained in the aforesaid Letters Patent of His Majesty King George the Third, and by such further or other rules in respect thereof as are now in force; and that the proceedings in all matters coming before the said High Court, in the exercise of its matrimonial jurisdiction, shall be regulated, as nearly as may be, by the rules and proceedings of Our Court for Divorce and Matrimonial Causes in England; and that, save as hereinbefore in this clause otherwise provided, the proceedings in Civil suits of every description between party and party brought in the said High Court shall be regulated by the Code of Civil Procedure prescribed by an Act passed by the Governor General in Council, and being Act No. VIII. of 1859, and by such further or other enactments of the Governor General in Council in relation to civil procedure as are now in force: Provided always that the regulation of such proceedings respectively shall be subject to such laws and regulations as shall be hereafter made by the Governor General in Council in relation to such proceedings respectively.

Criminal Procedure.

[Regulation of proceedings.]

38. And We do further ordain that the proceedings in all Criminal cases which shall be brought before the said High Court of Judicature at Fort William in Bengal, in the exercise of its ordinary original Criminal jurisdiction, and also in all other Criminal cases over which the said Supreme Court now has jurisdiction, shall be regulated by the procedure and practice now in use in the said Supreme Court, and that the proceedings in all other Criminal cases shall be regulated by the Code of Criminal Procedure prescribed by an Act passed by the Governor General in Council, and being Act No. XXV. of 1861, or by such further or other enactments of the Governor General in Council in relation to Criminal procedure as are now in force: Provided always that the regulation of such proceedings, respectively, shall be subject to such laws and regulations as shall be hereafter made by the Governor General in Council in relation to such proceedings respectively.

Appeals to Privy Council.

[Power to appeal.]

39. And We do further ordain that any person or persons may appeal to Us, Our heirs or successors, in Our or their Privy Council, in any matter not being of Criminal jurisdiction, from any

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের কথা।

[কার্য্য করিবার বিধান।]

৩৭ ধারা। আমারদের আরো এই নির্দ্ধারণ যে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতের উইলসম্পর্কীয় ও যাঁহারা উইল না লিখিয়া মরেন তাঁহারদের সম্পত্তিসম্পর্কীয় ক্ষমতার উপলক্ষে উক্ত আদালতের সম্মুখে যেসকল বিষয় উপস্থিত হয় তাহাতে তৃতীয় জর্জ রাজার পূর্ব্বোক্ত পেটেণ্টপত্রে প্রোবেট ও অধ্যক্ষতা করণের ক্ষমতাপত্র দেওনের যে সকল বিধি আছে, সেই বিধিমতে ও তদতিরিক্ত কি অন্য যে সকল বিধি এইক্ষণে প্রচলিত আছে তদনুসারে উক্ত আদালত কার্য্য করিবেন। ও উক্ত আদালতের বিবাহসম্বন্ধীয় ক্ষমতার উপলক্ষে যে সকল মোকদ্দমা উক্ত আদালতের সম্মুখে উপস্থিত হয় তাহাতে, ইঙ্গলণ্ডে বিবাহসম্বন্ধ লোপ করণসম্পর্কীয় ও বিবাহসম্পর্কীয় মোকদ্দমা শুনিবার আমারদের আদালতের যে বিধি ও কার্য্যবিধান আছে উক্ত আদালত সাধ্যমতে তদনুসারে কার্য্য করিবেন। এবং দুই পক্ষের মধ্যে সর্ব্বপ্রকারের যে দেওয়ানী মোকদ্দমা উক্ত উপরিস্থ আদালতে উপস্থিত করা যায় তাহাতে এই আইনের এই ধারার যে স্থলে প্রকারান্তরের বিধি হইয়াছে সেই স্থলভিন্ন, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ১৮৫৯ সালের ৮ আইনেতে দেওয়ানী মোকদ্দমার যে কার্য্যবিধান নির্দ্দিষ্ট করিয়াছেন তদনুসারে, ও দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানসম্পর্কে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের তদতিরিক্ত কি অন্য যে কোন বিধান এইক্ষণে প্রবল আছে তদনুসারে, উক্ত উপরিস্থ আদালতে কার্য্য হইবেক। কিন্তু উক্ত সকল কার্য্যসম্পর্কে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে কোন আইন কি বিধান উত্তর কালে করেন, তদনুসারে সেই কার্য্যের বিধান প্রবল হইবেক ইতি।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের কথা।

[কার্য্য করিবার বিধান।]

৩৮ ধারা। আমারদের আরো এই নির্দ্ধারণ যে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতের ফৌজদারী মোকদ্দমা প্রথমে শুনিবার সাধারণ ক্ষমতার উপলক্ষে যে সকল ফৌজদারী মোকদ্দমা উক্ত আদালতে উপস্থিত করা যায়, ও অন্য যে সকল ফৌজদারী মোকদ্দমায় এইক্ষণে উক্ত সুপ্রীম কোর্টের ক্ষমতা আছে, তাহাতে এইক্ষণে উক্ত সুপ্রীম কোর্টের যে কার্য্যবিধান ও ব্যবহার প্রচলিত আছে তদনুসারে কার্য্য হইবেক। ও অন্য সকল ফৌজদারী মোকদ্দমাতে, হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ১৮৬১ সালের ২৫ আইনেতে ফৌজদারী মোকদ্দমার যে কার্য্যবিধান নির্দ্দিষ্ট করিয়াছেন তদনুসারে কিম্বা ফৌজদারী মোকদ্দমার কার্য্যসম্পর্কে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের তদতিরিক্ত কি তদ্ভিন্ন যে কোন বিধান এইক্ষণে প্রচলিত আছে তদনুসারে কার্য্য হইবেক। পরন্তু উক্ত কোন কার্য্যসম্পর্কে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর উত্তর কালে যে কোন আইন ও ব্যবস্থা করেন, তদনুসারে সেই কার্য্যের বিধান প্রবল হইবেক ইতি।

প্রিবি কৌন্সেলে আপীলের কথা।

[আপীল করিবার ক্ষমতার কথা।]

৩৯ ধারা। আমারদের আরো এই নির্দ্ধারণ যে, ফৌজদারী মোকদ্দমাভিন্ন অন্য কোন মোকদ্দমায় আপীল হইয়া বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতের যে চূড়ান্ত নিষ্পত্তি কি ডিক্রী

final judgment, decree, or order of the said High Court of Judicature at Fort William in Bengal made on appeal, and from any such final judgment, decree, or order made in the exercise of original jurisdiction by a majority of the full number of Judges of the said High Court as hereinbefore mentioned: Provided in either case that the sum or matter at issue is above the amount or value of 10,000 Rupees, or in case such judgment, decree, or order shall involve, directly or indirectly, any claim, demand, or question to or respecting property amounting to or of the value of 10,000 Rupees, or from any other final judgment, decree, or order made either on appeal or otherwise as aforesaid, when the said High Court shall declare that the case is a fit one for appeal to Us, Our heirs or successors, in Our or their Privy Council. Subject always to such rules and orders as are now in force, or may from time to time be made, respecting appeals to Ourselves in Council from the Courts of the said Presidency. Except so far as the said existing rules and orders respectively are hereby varied, and subject also to such further rules and orders as We may, with the advice of Our Privy Council, hereafter make in that behalf.

[Appeal from interlocutory judgments.]

40. And We further ordain that it shall be lawful for the said High Court of Judicature at Fort William in Bengal, at its discretion, on the motion, or if the said High Court be not sitting, then for any Judge of the said High Court upon the petition of any party who considers himself aggrieved by any preliminary or interlocutory judgment, decree, order, or sentence of the said High Court, in any such proceeding as aforesaid, not being of Criminal jurisdiction, to grant permission to such party to appeal against the same to Us, Our heirs and successors, in Our or their Privy Council, subject to the same rules, regulations, and limitations as are herein expressed respecting appeals from final judgments, decrees, orders, and sentences.

[Appeal in Criminal cases, &c.]

41. And We do further ordain that from any judgment, order, or sentence of the said High Court of Judicature at Fort William in Bengal, made in the exercise of original Criminal jurisdiction, or in any Criminal case where any point or points of law have been reserved for the opinion of the said High Court in manner hereinbefore provided, by any Court which has exercised original jurisdiction, it shall be lawful for the person aggrieved by such judgment, order, or sentence to appeal to Us, Our heirs or successors in Council,

কি আজ্ঞা হয়, তাহার উপর, এবং উক্ত উপরিস্থ আদালতের সমস্ত জজ সাহেবের অধিকাংশ ব্যক্তি ইহার পূর্ব্বের লিখিতমতে মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাক্রমে তদ্রূপ যে কোন চূড়ান্ত নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞা করেন, তাহার উপর কোন ব্যক্তি কি ব্যক্তিরা আমারদের নিকটে কি আমারদের পুত্র পৌত্রাদির কি উত্তরাধিকারিরদের নিকটে আমারদের কি তাঁহারদের প্রিবি কৌন্সেলে আপীল করিতে পারিবেন। পরন্তু ইহাতে নিয়ত প্রয়োজন যে, যে টাকা কি যে বিষয় লইয়া বিবাদ হয় তাহা কি তাহার মূল্য ১০,০০০৲ টাকার অধিক হয়, অথবা সেই নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞাতে ১০,০০০৲ টাকার কি সেই মূল্যের কোন দাওয়ার কি দাবীর কি সম্পত্তিবিষয়ক বিবাদের স্পষ্টরূপে কি চক্রান্তে সম্পর্ক থাকে, অথবা আপীলক্রমে কি পূর্ব্বোক্ত প্রকারান্তরে যে চূড়ান্ত নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম হয় তাহার উপর আমারদের নিকটে কি আমারদের পুত্র পৌত্রাদির কি উত্তরাধিকারিরদের নিকটে আমারদের কি তাঁহারদের প্রিবি কৌন্সেলে আপীল হওয়া উচিত এই কথা যদি উক্ত উপরিস্থ আদালত প্রকাশ করেন, তবে আপীল হইতে পারিবেক। কিন্তু উক্ত রাজধানীর আদালতহইতে হজুর কৌন্সেলে আমারদের নিকটে আপীল বিষয়ে যে সকল বিধি ও আজ্ঞা এইক্ষণে প্রবল আছে কি সময়ে২ করা যায় তাহা এই আইনদ্বারা যেপর্য্যন্ত মতান্তর না হইয়াছে সেইপর্য্যন্ত সর্ব্বদাই মান্য করিতে হইবেক। আরো আমরা আপনারদের প্রিবি কৌন্সেলের পরামর্শক্রমে তদ্বিষয়ের অন্য যে কোন বিধি ও আজ্ঞা উত্তর কালে করিব তাহাও সর্ব্বদা মান্য করিতে হইবেক ইতি।

[মোকদ্দমার বিচার কালে যে হুকুম হয় তাহার উপর আপীলের কথা।]

৪০ ধারা। আরো আমারদের এই নির্দ্ধারণ যে, ফৌজদারী মোকদ্দমাভিন্ন পূর্ব্বোক্তমতের কোন মোকদ্দমায় বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালত প্রথম স্থলে কি মোকদ্দমার বিচার করণ কালে যে নিষ্পত্তি কি ডিক্রী কি আজ্ঞা করেন, তাহাতে যদি কোন ব্যক্তি আপনাকে ক্ষতি গ্রস্ত জ্ঞান করেন, তবে তাঁহার প্রার্থনামতে উক্ত উপরিস্থ আদালত, অথবা যদি সেই সময়ে উপরিস্থ আদালত উপবিষ্ট না হন, তবে ঐ ব্যক্তির দরখাস্তমতে উক্ত উপরিস্থ আদালতের কোন জজ সাহেব উপযুক্ত বোধ করিলে, সেই ব্যক্তিকে আমারদের নিকটে কি আমারদের পুত্র পৌত্রাদির কি উত্তরাধিকারিরদের নিকটে আমারদের কি তাঁহারদের প্রিবি কৌন্সেলে আপীল করিবার অনুমতি দিতে পারিবেন। কিন্তু চূড়ান্ত নিষ্পত্তির কি ডিক্রীর কি হুকুমের কি দণ্ডাজ্ঞার উপর আপীল বিষয়ের যে বিধি ও ব্যবস্থা ও যে সীমা এই আইনে নির্দ্দিষ্ট হইয়াছে তদনুসারে ঐ আপীল হইবেক ইতি।

[ফৌজদারী মোকদ্দমায় আপীলের কথা।]

৪১ ধারা। আরো আমারদের এই নির্দ্ধারণ যে, ফৌজদারী মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাক্রমে কার্য্য করত বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালত যে নিষ্পত্তি কি হুকুম কি দণ্ডাজ্ঞা করেন তাহার উপর, কিম্বা অন্য কোন আদালত মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাক্রমে কার্য্য করত ইহার পূর্ব্বের বিধানমতে কোন ফৌজদারী মোকদ্দমায় আইনঘটিত কোন এক কি অধিক বিষয় উক্ত উপরিস্থ আদালতের মত প্রকাশার্থে অর্পণ করিলে, সেই মোকদ্দমায় যে নিষ্পত্তি কি হুকুম কি দণ্ডাজ্ঞা হয়, তাহাতে যে ব্যক্তি আপনাকে ক্ষতিগ্রস্ত জ্ঞান করেন তিনি তাহার উপর

provided the said High Court shall declare that the case is a fit one for such appeal, and under such conditions as the said High Court may establish or require, subject always to such rules and orders as We may, with the advice of Our Privy Council, hereafter make in that behalf.

[Rule as to transmission of copies of evidence and other documents.]

42. And We do further ordain that, in all cases of appeal made from any judgment, order, sentence, or decree of the said High Court of Judicature at Fort William in Bengal to Us, Our heirs or successors, in Our or their Privy Council, such High Court shall certify and transmit to Us, Our heirs and successors, in Our or their Privy Council, a true and correct copy of all evidence, proceedings, judgments, decrees, and orders had or made, in such cases appealed, so far as the same have relation to the matters of appeal, such copies to be certified under the seal of the said High Court. And that the said High Court shall also certify and transmit to Us, Our heirs and successors, in Our or their Privy Council, a copy of the reasons given by the Judges of such Court, or by any of such Judges, for or against the judgment or determination appealed against. And We do further ordain that the said High Court shall, in all cases of appeal to Us, Our heirs or successors, conform to and execute, or cause to be executed, such judgments and orders as We, Our heirs or successors, in Our or their Privy Council, shall think fit to make in the premises, in such manner as any original judgment, decree, or decretal orders, or other order or rule of the said High Court, should or might have been executed.

Call for Records, &c., by the Government.

[High Court to comply with requisition from Government for records, &c.]

43. And it is Our further will and pleasure that the said High Court of Judicature at Fort William in Bengal shall comply with such requisitions as may be made by the Government for records, returns, and statements, in such form and manner as such Government may deem proper.

[Provisions of former Letters Patent inconsistent with the Act 24 and 25 Vict., c. 104., and with these Letters Patent to be void on the establishment of the High Court.]

44. And it is Our further will and pleasure

হজুর কৌন্সেলে আমারদের নিকটে কি আমারদের পুত্র পৌত্রাদির কি উত্তরাধিকারিরদের নিকটে আপীল করিতে পারিবেন। কিন্তু এমন স্থলে প্রয়োজন যে সেই মোকদ্দমার উপর আপীল হওয়া উচিত উক্ত উপরিস্থ আদালত এই কথা প্রকাশ করেন, ও উক্ত উপরিস্থ আদালত যে২ নিয়ম স্থাপন ও আজ্ঞা করেন তদনুসারে ঐ আপীল হয়। পরন্তু আমরা আপনারদের প্রিবি কৌন্সেলের পরামর্শক্রমে তদ্বিষয়ের যে সকল বিধি ও আজ্ঞা উত্তর কালে করিব তাহা মানিতে হইবেক ইতি।

[প্রমাণের নকল ও অন্য২ দলীল প্রেরণ করিবার বিধি।]

৪২ ধারা। আরো আমারদের এই নির্দ্ধারণ যে' বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতের কোন নিষ্পত্তির কি হুকুমের কি দণ্ডাজ্ঞার কি ডিক্রীর উপর যখন আমারদের কি আমারদের পুত্র পৌত্রাদির কি উত্তরাধিকারিরদের নিকটে আমারদের কি তাঁহারদের প্রিবি কৌন্সেলে আপীল হয়, তখন সেই আপীলী মোকদ্দমার যে সকল প্রমাণ কি কার্য্য কি নিষ্পত্তি কি ডিক্রী কি হুকুম প্রাপ্ত হওয়া কি করা গিয়াছে, আপীলের বিষয়সম্পর্কীয় সেই সকল প্রমাণাদির সত্য ও যথার্থ নকলে সর্টিফিকেট লিখিয়া উক্ত উপরিস্থ আদালত আমারদের নিকটে কি আমারদের পুত্রপৌত্রাদির কি উত্তরাধিকারিরদের নিকটে আমারদের কি তাঁহারদের প্রিবি কৌন্সেলে পাঠাইবেন। ঐ নকল যথার্থ হওয়ার সর্টিফিকট উক্ত উপরিস্থ আদালতের মোহরক্রমে প্রকাশ হইবেক। ও যে বিচারের কি নিষ্পত্তির উপর আপীল হয়, তাহার সপক্ষ কি বিপক্ষ যে কোন হেতু উক্ত উপরিস্থ আদালতের জজ সাহেবেরা কি তাঁহারদের মধ্যে কোন ব্যক্তিরা প্রকাশ করেন, তাহাও উক্ত উপরিস্থ আদালত আমারদের নিকটে কি আমারদের পুত্রপৌত্রাদির কি উত্তরাধিকারিরদের নিকটে আমারদের কি তাঁহারদের প্রিবি কৌন্সেলে সর্টিফিকটসুদ্ধ পাঠাইবেন। আরো আমারদের এই নির্দ্ধারণ যে, যখন আমারদের নিকটে কি আমারদের পুত্রপৌত্রাদির কি উত্তরাধিকারিরদের নিকটে কোন মোকদ্দমার উপর আপীল হয়, তখন মোকদ্দমার প্রথম বিচারকালে উক্ত উপরিস্থ আদালতের নিষ্পত্তি কি ডিক্রী কি ডিক্রীসম্পর্কীয় হুকুম কি অন্য হুকুম কি বিধিক্রমে কার্য্য যেরূপে হয় কি হইতে পারে, সেইরূপে উক্ত আপীলী মোকদ্দমার বিচারক্রমে আমরা কি আমারদের পুত্রপৌত্রাদি কি উত্তরাধিকারিরা আমারদের কি তাঁহারদের প্রিবি কৌন্সেলে যে সকল নিষ্পত্তি ও আজ্ঞা করেন তদনুসারে উক্ত উপরিস্থ আদালত কার্য্য করিবেন ও তাহা সফল করিবেন কি করাইবেন ইতি।

গবর্ণমেণ্টের দ্বারা কাগজপত্রপ্রভৃতি তলব হইবার কথা।

[গবর্ণমেণ্ট কাগজপত্রপ্রভৃতি তলব করিলে সেই আদেশমতে উপরিস্থ আদালতের কার্য্য করিবার কথা।]

৪৩ ধারা। আরো আমারদের এই ইচ্ছা ও অভিপ্রায় যে, গবর্ণমেণ্ট যখন বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালতকে কোন কাগজপত্র কি রিটর্ণ কি কৈফিয়ৎ পাঠাইতে আদেশ করেন, তখন ঐ গবর্ণমেণ্ট যে পাঠ ও যে নিয়ম উপযুক্ত জ্ঞান করেন সেই পাঠে ও সেই নিয়মে উক্ত আদালত ঐ আদেশমতে কর্ম্ম করিবেন ইতি।

[উপরিস্থ আদালত স্থাপন হইলে তৎপূর্ব্ব লিখিত পেটণ্টপত্রের যে সকল বিধান মহারাণী বিকটরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ১০৪ অধ্যায়ের ও এই পেটণ্টপত্রের অসঙ্গত হয় তাহা রহিত হইবার কথা।]

44. And it is Our further will and pleasure

that, from and after the establishment of the said High Court of Judicature at Fort William in Bengal, so much of the aforesaid Letters Patent granted by His Majesty King George the Third as is inconsistent with the recited Act and with these Letters Patent shall cease, determine, and be utterly void to all intents and purposes whatsoever.

In witness whereof We have caused these Our Letters to be made Patent. Witness Ourself at Westminster the Fourteenth day of May in the Twenty-fifth Year of Our Reign.

By Warrant under the Queen's Sign Manual.

C. Romilly.

By Order of the Governor General in Council,

E. C. Bayley,
Secy. to the Govt. of India.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENT.

The 8th August, 1862.

Baboo Gunnesh Chunder Chowdry, to be Officiating Moonsiff of Buddeakhally, Zillah Rungpore.

LEAVE OF ABSENCE.

The 6th August, 1862.

Moulvie Ameenooddeen Mohamed, Moonsiff of Sonamookhy, Zillah West Burdwan, for three months, in extension of that granted to him on the 2nd May last, under Clause II., Section V., of the Uncovenanted Absentee Rules.

H. T. Prinsep,
Register.

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

পথ।

১৩৪ নম্বর।

১৮৬২ সাল ৪ আগষ্ট।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব অবগত হইয়াছেন যে নিম্নের লিখিত কএক খণ্ড ভূমি কিয়ৎকালের নিমিত্তে সরকারী ব্যয়ে সাধারণ অভিপ্রায়ে অর্থাৎ কটকের বড় রাস্তা সুন্দর করণার্থে লওয়া প্রয়োজন। অতএব ১৮৫৭ সালের ৬ আইনের ৩৭ ধারার বিধানানুযায়ি এই বিজ্ঞাপন, ঐ জমীতে যাঁহারদের সম্পর্ক আছে তাঁহারদিগকে ঐ আইনের ২ ধারামতে দেওয়া গেল।

বালেশ্বর ও কটক জিলার অন্তর্গত, বালেশ্বরের নিকটস্থ সুবর্ণরেখা নদীর ও কটকের নিকটস্থ মহানদীর বাম তটের মধ্যবর্ত্তি কটকের বড় রাস্তার উভয় পার্শ্বে ন্যূনাধিক এক শত মাইল দীর্ঘ এক খণ্ড ভূমি। ঐ ভূমি খণ্ডের প্রস্থ গড়ে ৩০ফুট, রাস্তার মধ্যস্থানহইতে মাপিলে উভয় দিগে ১২৫ ফুট।

জে পি বীডন, লেপ্টেনেণ্ট কর্ণেল।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১২ আগষ্ট।]

প্রায় যে, বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উক্ত উপরিস্থ আদালত সংস্থাপন হইলে পর, তৃতীয় জর্জ রাজার পূর্ব্বোক্ত পেটেণ্টপত্রের যে সকল কথা পূর্ব্ব লিখিত আইনের কথাতে ও এই পেটেণ্টপত্রেতে অসঙ্গত হয়, তাহা সর্ব্বতোভাবে ও সর্ব্বপ্রকারে রহিত ও স্থগিত ও সম্যক প্রকারে ব্যর্থ হইবেক ইতি।

ইহার প্রমাণার্থে আমরা আপনারদের এই পত্র পেটেণ্ট অর্থাৎ প্রকাশ্য করিয়াছি। আমারদের রাজত্ব কালের পঞ্চ বিংশ বৎসরের মে মাসের চতুর্দ্দশ দিবসে আমারদের স্বাক্ষর হয়।

শ্রীশ্রীমতী মহারাণীর স্বাক্ষরিত আজ্ঞাপত্রক্রমে।

সি রমিলি।

হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে।

ই সি বেলি।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতের হুকুম।

নিয়োগ।

১৮৬২ সাল ৮ আগষ্ট।

শ্রীযুত বাবু গণেশচন্দ্র চৌধুরী জিলা রঙ্গপুরের বদিয়াখালীর একটিং মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ৬ আগষ্ট।

জিলা পশ্চিম বর্দ্ধমানের সোণামুখীর মুনসেফ শ্রীযুত মৌলবী আমীনুদ্দীন মহম্মদ গত মে মাসের ২ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

২২৩৬ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১ আগষ্ট।

হুগলীর ও চব্বিশ পরগনার একটিং অতিরিক্ত সেশন জজ শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch,) ঐ২ জিলাতে সিবিল জজ সাহেবের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

হাজারিবাগের ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কালীদাস পালিত কিয়ৎকালের নিমিত্তে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ১ আগষ্ট।

বরহির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ জি উইলসন সাহেব (Mr. A. G. Wilson,) আপন কর্ম্মের ভার হাজারিবাগের ডেপুটী কমিসানর কাপ্তান শ্রীযুত এচ এম বডম সাহেবের (Captain H. M. Boddam,) প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে ৩

মাসের ছুটী পাইয়াছেন তাঁহার অনুপস্থিত থাকন কালে অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত উক্ত কাপ্তান সাহেব আপন কর্ম্মের অতিরিক্ত তাঁহার কর্ম্মও করিবেন।

ভাগলপুর পাহাড়ের পল্টনের আজুটাণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত জি জে পেসলি সাহেব (Lieutenant G. J. Passley,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৪ আগষ্ট।

আলিগণ্ডে আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত ডবলিউ মাষ্টর্স সাহেব (Mr. W. Masters,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৪ আগষ্ট।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত এফ টকর সাহেব (Mr. F. Tucker,) গত মাসের ২৪ তারিখে শিমলানামক বাষ্পীয় জাহাজে ভারতবর্ষহইতে গমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

২৩২৭ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২ আগষ্ট।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ই ওয়াই ওয়ালকট সাহেব (Lieutenant E. Y. Walcott,) আসামে আসিষ্টাণ্ট কমিস্যনর হইবেন।

কওয়াখালীর মুনসেফ শ্রীযুত মৌলবী আবদুল মনসুর বাকরগঞ্জে ১৮৫৯ সালের ১০ আইনের ১৫০ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ৪ আগষ্ট।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু শ্রীনাথ মুখুয্যা মজফরপুরের ঔষধালয়ের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ৫ আগষ্ট।

বাকরগঞ্জের একটিং জজ শ্রীযুত ডবলিউ এচ হেণ্ডরসন সাহেব (Mr. W. H. Henderson,) ১৮৫২ সালের ১৫ আপ্রিল তারিখের যে বিজ্ঞাপন ঐ মাসের ২১ তারিখের কলিকাতার গেজেটে প্রকাশ হয় তন্নির্দ্দিষ্টমতে ১৮২৮ সালের ৩ আইনঅনুসারে খাস কমিস্যনরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ৬ আগষ্ট।

শ্রীযুত এ সি ব্রেট সাহেব (Mr. A. C. Brett,) ভাগলপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৭ আগষ্ট।

নীচের লিখিত একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরেরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন। অর্থাৎ

ত্রিপুরাতে শ্রীযুত বাবু রামাক্ষয় চাটুয্যা।

নদীয়াতে শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র রায়।

পূরণিয়াতে শ্রীযুত বাবু হরিচরণ ঘোষ।

নদীয়াতে শ্রীযুত বাবু মহিমাচন্দ্র পাল।

নদীয়াতে ও যশোহরে ও চব্বিশ পরগনাতে শ্রীযুত বাবু রতনলাল ঘোষ।

ছিলটে শ্রীযুত বাবু কালীকাদাস দত্ত B. A. ও B. L.

নওয়াখালীতে শ্রীযুত এচ ডবলিউ বারবর সাহেব (Mr. H. W. Barber.)

ছুটী।

১৮৬২ সাল ৪ আগষ্ট।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী সৈয়দ অবীদুল্লা, গত মে মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে, চিকিৎসকের সর্টিফিকটক্রমে, তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৬ আগষ্ট।

চাটিগাঁয়ের একটিং প্রধান সদর আমীন, শ্রীযুত আর ফিনি সাহেব (Mr. R. Finney,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

গাজিপুরের আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত সি এম আরমষ্ট্রং সাহেব (Mr. C. M. Armstrong,) আপন কর্ম্মের ভার বারাণসের আফীনের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত টি উইলসন সাহেবের (Mr. T. Wilson,) প্রতি অর্পণ করিয়া অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন, তাঁহার অনুপস্থিত কালে অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত উক্ত উইলসন সাহেব আপন কর্ম্মের অতিরিক্ত তাঁহার কর্ম্মও করিবেন।

সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বাবু অয়দাচরণ কাষ্টগী অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে চারি মাসের ছুটী পাইয়াছেন।

ত্রিহুতের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর এন সি মাকনামারা সাহেব (Dr. N. C. Macnamara,) গত মাসের ১ তারিখে অনুগ্রহের যে ছুটী পান তৎপরিবর্ত্তে ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফেব্রুআরি তারিখের বিজ্ঞাপনমতে স্বকীয় কর্ম্মের নিমিত্ত দুই মাস ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৫ সাল আগষ্ট।

কলিকাতার একটিং শিপিং মাষ্টর শ্রীযুত সি বর্ব্বাঙ্ক সাহেব (Mr. C. Burbank,) মারীন ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৬২ সাল ৬ আগষ্ট।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত এম এচ লাকরষ্টীন সাহেব (Assistant Surgeon M. H. Lackersteen,) মিলিটারী ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাধীনে নিযুক্ত হইয়াছেন।

১৮৬২ সাল ৭ আগষ্ট।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত সি বুলনয়স সাহেব (Mr. C. Boulnois,) গত মাসের ১০ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৫ আগষ্ট।

ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে ১৮৫৬ সালের ২০ আইন অদ্যকার তারিখঅবধি মানকর ও রাঙ্গপুর ও জোগলপুর, ও লালবাজার খাঁপাড়া ও মল্লিকপাড়া ও বুদ্‌বুদ গ্রামে প্রচলিত হইবে।

আরো সম্বাদ দেওয়া যাইতেছে যে এই আইনের ৩ ধারামতে উক্ত গ্রাম সকল উক্ত আইনের বিধান সফল করণার্থে সংযুক্ত হইবে।

ঐ আইনের ৪ ধারামতে বিজ্ঞাপন দেওয়া যাইতেছে যে দ্বিতীয় অংশের রাজস্বের জরীপী কার্য্যকারকের দ্বারা যে নক্সা প্রস্তুত হইয়াছে তাহাতে উক্ত গ্রাম সকলের যে২ সীমা নিরূপণ হইল সেই সকল গ্রামের সেই

সীমা নির্দ্ধার্য্য হইবে, ও ঐ নক্সা বর্দ্ধমানের কালেক্টর সাহেবের কাছারীতে দেওয়া গিয়াছে যাঁহারদের দৃষ্টি করিবার ইচ্ছা থাকে তাঁহারা দেখিতে পাইবেন।

এ আইনের ১০ ধারামতে সম্বাদ দেওয়া যাইতেছে যে উক্ত সংযুক্ত গ্রাম বাসিরদের উপর যে টাক্স বসান যাইবে তাহা টাক্স দিবার যোগ্য ব্যক্তিরদের অবস্থা ও সম্পত্তানুসারে ধার্য্য হইবে।

এ ইডেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS — গবর্ণমেণ্টের ইশ্তিহার

জিলা হুগলী।

জ্ঞাপনপত্র।

ইনকম টাক্সের আইনের ১ ও ২ নম্বরের তফসীল।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে সম্বাদ দেওয়া যাইতেছে যে কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নামে বিশেষ এত্তেলা না দেওয়া গেলে সেই ব্যক্তির ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসর শেষ হয় সেই বৎসরের নিমিত্ত ইনকম টাক্সের ১৮৬০ সালের ৩২ আইনের ১ ও ২ নম্বরের তফসীলমতের যে টাক্স ধার্য্য হইয়াছিল সেই টাক্স ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখঅবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে ধার্য্য থাকিবে। যদি কোন ব্যক্তি আপনার সেই টাক্স ধার্য্য হওয়ার বিষয়ে আপত্তি করে তবে সেই ব্যক্তি উক্ত তফসীলমতের লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম কমিস্যনর সাহেবেরদের স্থানে কি যে জিলাতে বাস করে সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে কি যে স্থানে বাস করে সেই স্থানের আসেসরের নিকটে প্রার্থনা করিতে পারিবে ও সেই বৎসরের ৩১ জুলাই তারিখঅবধি দুই মাসের মধ্যে তাহার সেই রিটর্ণ দাখিল করিতে হইবে। তাহা করিলে তাহার সেই রিটর্ণ অনুসারে তাহার টাক্স ১৮৬০ সালের উক্ত ৩২ আইনমতে ধার্য্য হইবেক ইতি তারিখ।

১৮৬২ সাল ১ আগষ্ট।

কালেক্টরের দস্তখৎ।

C. B. Garret, *Offg. Collector.*

জিলা বর্দ্ধমান।

জ্ঞাপনপত্র।

ইনকম টাক্সের আইনের ১ ও ২ নম্বরের তফসীল।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে সম্বাদ দেওয়া যাইতেছে যে কোন ব্যক্তির কি ব্যক্তিরদের নামে বিশেষ এত্তেলা না দেওয়া গেলে সেই ব্যক্তির ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখে যে বৎসর শেষ হয় সেই বৎসরের নিমিত্ত ইনকম টাক্সের ১৮৬০ সালের ৩২ আইনের ১ ও ২ নম্বরের তফসীলমতের যে টাক্স ধার্য্য হইয়াছিল সেই টাক্স ১৮৬২ সালের ৩১ জুলাই তারিখঅবধি যে বৎসর আরম্ভ হয় সেই বৎসরের নিমিত্তে ধার্য্য থাকিবে। যদি কোন ব্যক্তি আপনার সেই টাক্স ধার্য্য হওয়ার বিষয়ে আপত্তি করে তবে সেই ব্যক্তি উক্ত তফসীলমতের লভ্য কি আয় লিখিবার রিটর্ণের ফারম কমিস্যনর সাহেবেরদের স্থানে কি যে জিলাতে বাস করে সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে কি যে স্থানে বাস করে সেই স্থানের আসেসরের নিকটে প্রার্থনা করিতে পারিবে ও সেই বৎসরের ৩১ জুলাই তারিখঅবধি দুই মাসের মধ্যে তাহার সেই রিটর্ণ দাখিল করিতে হইবে। তাহা করিলে তাহার সেই রিটর্ণ অনুসারে তাহার টাক্স ১৮৬০ সালের উক্ত ৩২ আইনমতে ধার্য্য হইবেক ইতি তারিখ।

কালেক্টর কি কমিস্যনরের দস্তখৎ।

বর্দ্ধমান কালেক্টরি তারিখ ৪ আগষ্ট ১৮৬২।

Stuart Hogg, *Offg. Collector.*

LAND ADVERTISEMENT — ভূমিবিষয়ক ইশ্তিহার।

জিলা মেদিনীপুর।

ভূমি নীলামবিষয়ক ইস্তাহার।

এহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের জমীদারির যে স্বত্ব আছে তাহা এই জেলার কালেক্টরির কাছারিতে ইঙ্গরেজী সন ১৮৬২ সালের ২৫ আগষ্ট মতাবক ১০ ভাদ্র ১২৬৯ সাল বাঙ্গলা ও ১১ ভাদ্র ১২৬৯ সাল আমলি রোজ সোমবার প্রথম খরিদারানের ত্রুটিপ্রযুক্ত পুনঃনীলামের দ্বারা বিক্রয় হইবেক যে ব্যক্তি খরিদ করিবেক তাহাকে নীচের লিখিত শর্ত্ত আমলে আনিতে হইবেক।

নীলামের শর্ত্ত।

১। মহাল নির্দ্ধারিত উর্দ্ধ মূল্যের উপর সর্ব্ব উচ্চ ডাককরণিয়াকে বিক্রয় করা যাইবেক।

২। খরিদের মূল্য এক শত টাকার অনূর্দ্ধ হইলে তাহা সমুদয় তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক খরিদের মূল্য ১০০৲ টাকার অধিক হইলে তাহার শতকরা ২৫৲ টাকার হিসাবে বায়না তৎক্ষণাৎ দিতে হইবেক সমুদয় পণের টাকা নীলামের দিনকে এক দিবস গণনা করিয়া ১৫ দিবসের অথবা যদি সেই দিবস কাছারি বন্দ থাকে

তবে বন্দের পর প্রথম যে দিবস কাছারি খোলা যাইবেক সেই দিবস দিবা দুই প্রহরপর্য্যন্ত দাখিল না করা গেলে বায়নার টাকা সরকারে জব্দ হইবেক এবং মহাল পুনঃনীলাম করা যাইবেক আর পুনঃনীলামের ক্ষতিপূরণের দায়িক প্রথম খরিদার হইবেক।

৩। ঐ নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে সকল পাট্টা বর্ত্তমান আছে তাহা নিয়মিত কালপর্য্যন্ত ঐ নীলাম হওয়া সত্ত্বেও বহাল থাকিবেক এবং বন্দবস্তী কাগজের দ্বারা ও প্রচলিত আইনক্রমে যাহার যে সত্ত্ব আছে তাহা বাহাল থাকিবেক ও খোদকস্তা প্রজা যে মালের কর্ম্মকারকের কৃত জমাবন্দিতে দস্তখৎ করিয়াছে তাহার সত্ত্বকে খরিদার সম্মান করিতে বাধ্য থাকিবেক।

৪। অত্র মহালে বার্ষিক বাঁদ মেরামতি খরচা হারহারিমতে যে কিছু দেওয়া যায় তদনুসারে খরিদারকে দিতে হইবেক ও বাঁদ মেরামতি ও রক্ষার কার্য্য এইক্ষণে যেরূপ হইতেছে তদনুসারে হইবেক।

৫। নীচের লিখিত তফসীলের সদর জমার ঘরে যে অঙ্ক লিখিত হইল এ টাকা রাজস্বস্বরূপ সরকারে আদায়করণ জন্যে নীলাম খরিদার দায়িক হইবেক।

৬। নির্দ্ধারিত যে জমা ঐ মহালের ধার্য্য আছে তাহার অতিরিক্ত নীলাম খরিদারকে উক্ত সদর জমার উপর শতকরা এক টাকার হিসাবে বেশী জমা দিতে হইবেক ঐ অতিরিক্ত জমা রাস্তাইত্যাদির মেরামতির জন্যে ব্যয় হইবেক এবং এই অতিরিক্ত জমা ও অপরাপর বাকীর ন্যায় আদায় হইবেক।

১ নম্বর	কালেক্টরির তৌজীর নং	মহালের নাম ও পরগনা	রকবা বিঘা কাঠা বিঘা	সদর জমা	উচ্চ মূল্য
১	১৩৫২	কোদালিয়া পং কাশীযোড়া	১০৮৯।১১	১৪৫৭৷৷০	২৯১৫৲

মেদিনীপুরের কালেক্টরি ৪ আগষ্ট ১৮৬২।

কৈঃ

এই মহাল আমলি ১২৬৯ সালের শেষপর্য্যন্ত ইজারা বিলি আছে নীলাম খরিদারের ক্ষমতা থাকিবেক যে এই মহালহইতে আদায় উসুল গত ১৯ জুলাইহইতে করিবে ও সরকারের রাজস্বের দায়িক ও ঐ তারিখহইতে হইবে ইতি।

COLVIN MACKENZIE, *Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশ্তিহার।

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধ চন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজে উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে শ্রীরামপুরের ছাপাখানায় থেকর ওষ্টেল রেজারিও কাৎ নিকট রঙ্গপুর ও গুয়াহাটী আসামে বিক্রেয় আছে ল্য পাঠাইলে পাইবেন।

সটীক শ্রীমদ্ভগবত ... ৩৩৲
শব্দাম্বুধি ৩৮০০০ শৎ ২৷৷০
শব্দকল্পতরুপ্রত্যেকফরমা৴
নূতনাভিধান ২০০০০ ঐ ১৲
অমরার্থ দীধিতি ... ১৷৷০
হরিভক্তি বিলাস সটীক ১০৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অষ্টাদশ পুরাণের অনুবাদ গৌড়ীয় ভাষায় ১ অবধি ৩৪ সংখ্যাপর্য্যন্ত ৮৷৷০ এবং প্রতিমাসে এক২ খণ্ড প্রকাশ হইতেছে ।০
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায় অনুবাদিত ১।২।৩।৪।৫।৬।৭।৮।৯।১০ ৬৸০
একাদশস্কন্ধশ্লোক ও পদ্য ২
যোগবাশিষ্ঠ ১নাৎ২৬ সর্গ৪
জ্ঞানরত্নাকর ... ২৲
অষ্টাদশ পর্ব্ব মহাভারত' প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪৲
শপ্তকাণ্ড রামায়ণ প্রৎ ...২৲
আরব্যোপাখ্যান ১নাৎ ৫
পঞ্চম খণ্ডে ... ... ৫৲
অপূর্ব্বোপাখ্যান, ২১প্রৎ২
বত্রিশ সিংহাসন, গদ্য ১৲
আঢ্যকৃত ইংবাং ডিক্সনরি অর্থাৎ ইং শব্দের ইংও বাং অর্থসম্বলিত ৭২০ পৃষ্ঠা এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে কখন প্রকাশ হয় নাই...৫৲
শিবসংকীর্ত্তন ..১৲
ইংরাজী শকুন্তলা .....১৲
ইং প্রবোধচন্দ্র নাটক ১৲
পুরাণের অনুক্রমণিকা ।০
হিতোপদেশ ইংবাংসং ২
কাজীর বিচার ৷৷০
অন্নদামঙ্গল বিদ্যাসুন্দর
মানসিংহচৌরপঞ্চাশতএক জেলেদে ১০ খণ্ড প্রতিমূর্ত্তি
রোবক ও হকিম মৌলবী আবদুল মজিদকৃত পারস্য ভাষার অভিধান ৪০
রিচার্ডসন কৃত ইং পারস্য এবং পারস্য ও ইং ডিক্সনরি ২ বালাম ..... ৫০৲
রোম দেশীয় ইতিহাস ৬৲
গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲
ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲
ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲
পঞ্চাবেতিহাস ... ...১৲
প্রাচীন ঐ ... ...২৲
ন্যায়দর্শন ২৷৷০
পুরাবৃত্ত বিবরণ ... ..১৲
চাহার দরবেশ ... ১৲
প্রিয়ম্বদ... ... ... ১৲
কেরি বাংইংডিক্সনরি ৫০৲
বিদ্যাকল্পদ্রুম ৩২৲
পূর্ণচন্দ্রোদয় বার্ষিক... ৮৲
রাজা রামমোহন রায়ের জীবন চরিত্র ও গীতাবলী।০
বেদান্তসার ... ১৲
কোলব্রুকের অমরকোষ ৮৲
হিতোপদেশ অর্থসম্বলিত ১
চাণক্যও নবরত্নেরশ্লোক ৵
ইনক মটাক্স ।০
গবর্ণমেণ্টআইন ইং ১৭৯৩ নাৎ ১৮৩৩।৯ বালম ১০০
শব্দসাধন মুক্তাবলী ৩ খণ্ড
চমৎকার হিরাজাদ ১
আলালের ঘরের দুলাল৸০
মাজিষ্ট্রেটী উপদেশ ৬৲
তিলোত্তমা কাব্য ১৲
নাট্য পরিশিষ্ট নাটক ১৲
প্রস্থান ভেদ ... ।০
সটীক শ্রীমদ্ভগবদ্গীতা
নন্দ গিরির টীকাসম্বলিত ৭
কবিকঙ্কন কৃত চণ্ডী
দণ্ডবিধির আইন ৩
ফৌজদারী আইন ২৲
সুললিত নাটক ।০
লীলাঞ্জন ঐ ৸০

হস্তাক্ষরে লিখিত।

মূল গ্রন্থ ... ... ৩০৲
আয়ুর্ব্বেদ ঐ ... ২০৲
অভিধান চূড়ামণি ঐ ২৫৲
সারাবলী ঐ ... ১০৲

নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ যন্ত্রের আমদানী হইয়াছে

শ্রীঅদ্বৈতচন্দ্র আঢ্য।

[*Government Gazette, 12th August*, 1862.]

বঙ্গভাষায় পশ্চাৎ লিখিত আইন সকল কলিকাতার থাকর কোম্পানির ও পি এস ডিরোজারিও কোম্পানির পুস্তকালয়ে ও শ্রীরামপুরে গবর্ণমেণ্টের অনুবাদক শ্রী জান রাবিনসন সাহেবের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হওয়া যাইতে পারিবে।

দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ মূল্য ... ... ২৲ টাকা মাত্র

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ও ১৮৬১ সালের ২৩ আইন মূল্য ... ... ২৲ টাকা মাত্র।

ইষ্টাম্পের ১৮৬২ সালের ১০ আইন ... ... ॥০ আনামাত্র।

১৮৬২ সালের ৬ আইন মূল্য ... ... ৵ আনামাত্র

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২২ আগষ্ট।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1203. ১২০৩) (৬০১)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, AUGUST 19, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ১৯ আগষ্ট।

HOME DEPARTMENT.

LEGISLATIVE.

FORT WILLIAM, THE 19TH JULY 1862.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 19th July 1862, and is hereby promulgated for general information :—

ACT No. XX. OF 1862.

An Act to provide for the levy of Fees and Stamp Duties in the High Court of Judicature at Fort William in Bengal; and to suspend the operation of certain Sections of Act VIII. of 1859 in the said High Court.

[Preamble.]

WHEREAS the High Court of Judicature at Fort William in Bengal, constituted by Her Majesty's Letters Patent, dated the 14th day of May 1862, was established by the publication of the said Letters Patent subsequently to the date of the passing of Act X. of 1862 (*to consolidate and amend the law relating to Stamp Duties*), and it is doubtful whether the proceedings in the said High Court are excepted from the Stamp Duties imposed by Section XXX. of the said Act X. of 1862 according to the Schedule B thereunto annexed; and whereas it is expedient as a temporary arrangement to provide that Court Fees, and not Stamp Duties, shall be paid in respect of proceedings in, and business coming before, the said High Court in the exercise of its ordinary original jurisdiction, and on appeal from its ordinary original Civil jurisdiction, according to the practice which prevailed in the late Supreme Court of Judicature at Fort William in Bengal, and that Stamp Duties shall be levied on all instruments and writings specified as requiring Stamps in the Schedule B

হোম ডিপার্টমেণ্ট।

লেজিসলেটিব।

ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ১৯ জুলাই।

হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের পশ্চাৎ লিখিত আইনেতে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর ১৮৬২ সালের ১৯ জুলাই তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬২ সালের ২০ আইন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতে রসুম ও ইষ্টাম্পের মাসুল আদায়ের বিধান করিবার ও উক্ত উপরিস্থ আদালতে ১৮৫৯ সালের ৮ আইনের কএক ধারা স্থগিত করিবার আইন।

[হেতুবাদ।]

শ্রীশ্রীমতী মহারাণীর ১৮৬২ সালের ১৪ মে তারিখের পেটণ্ট পত্রদ্বারা সংস্থাপিত বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালত, ইষ্টাম্পের মাসুলবিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ ১৮৬২ সালের ১০ আইন প্রচলিত হইবার তারিখের পর, উক্ত পেটণ্ট পত্র প্রকাশ করণদ্বারা স্থাপিত হইয়াছে। ও ১৮৬২ সালের উক্ত ১০ আইনের ৩০ ধারাক্রমে, ঐ আইনের B চিহ্নিত তফসীলঅনুসারে যে ইষ্টাম্পের মাসুল ধার্য্য হইল তাহা উক্ত উপরিস্থ আদালতে উপস্থিত করা মোকদ্দমা প্রভৃতিতে বর্ত্তে কি না সন্দেহ হয়। কিন্তু বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর পূর্ব্বকার সুপ্রীম কোর্টে যে নিয়ম ছিল, তদনুসারে উক্ত উপরিস্থ আদালতে মোকদ্দমা প্রথমে শুনিবার সাধারণ ক্ষমতাক্রমে, ও দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার সাধারণ ক্ষমতার উপর আপীলক্রমে যে সকল কার্য্য ও কর্ম্ম হয়, তাহাতে ইষ্টাম্পের মাসুল না লইয়া আদালতের ফীস লইবার নিয়ম কিয়ৎকালের নিমিত্তে করা বিহিত। এবং বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর বঙ্গপ্রভৃতি দেশের নিমিত্তে পূর্ব্বকার সদর দেওয়ানী ও নিজামৎ আদালতে যেরূপে ইষ্টাম্পের মাসুল আদায় হইত, তদ্রূপে দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার সাধারণ ক্ষমতার উপর

annexed to the said Act X. of 1862, which shall be filed, exhibited, or recorded in, or which shall be received or furnished by the said High Court in the exercise of its appellate jurisdiction, not being on appeal from its ordinary original Civil jurisdiction, or in the exercise of its jurisdiction as a Court of reference and Revision in Criminal cases, in the same manner as such Stamp Duties were levied in the late Court of Sudder Dewanny and Nizamut Adawlut for the Lower Provinces of the Presidency of Fort William in Bengal; and whereas, by an arrangement made between the Government and the said Supreme Court certain Officers of that Court were remunerated for their services by fixed salaries instead of by fees, and the fees received by such Officers were paid to the account of Government, and formed into a general fund out of which the salaries of such Officers were defrayed, and it is desirable to continue this arrangement in respect to such of the said Officers attached to the said Supreme Court who, as a temporary measure, have been appointed Officers of the said High Court, and in respect to any officers who may hereafter be appointed to the said High Court; and whereas it is expedient to suspend the operation in the said High Court of certain Sections of Act VIII. of 1859 (*the Code of Civil Procedure*) relating to the manner in which the Judgments and orders of the Courts of Civil Judicature are to be recorded; It is enacted as follows:—

[Court empowered to prepare Tables of Court Fees in respect of business coming before it in the exercise of its ordinary original jurisdiction and on appeal from its ordinary original Civil jurisdiction.]

I. It shall be lawful for the said High Court of Judicature to prepare and settle Tables of Fees to be received as Court Fees and to be paid to such Officer or Officers as the said High Court shall direct in respect of proceedings in or business coming before such High Court in the exercise of its ordinary original jurisdiction, and on appeal from its ordinary original Civil jurisdiction, and no Stamp Duties shall be chargeable in respect of such proceedings or other business under Section XXX. of the said Act X. of 1862. The said High Court may from time to time add to or reduce or alter or amend the Tables of Fees so prepared as it may deem necessary and proper. Provided that such Tables shall not be inconsistent with the provisions of any law for the time being in force, and provided also that, before such Tables or such amended Tables are issued, they shall have received the sanction of the Governor General in Council. The Tables of Fees so prepared and any amended Tables shall, as soon as they have received the sanction of the Governor General in Council, be published in the *Calcutta Gazette*, and from and after such publication no other fees than those sanctioned as aforesaid shall be taken by any Officer of the said High Court in respect

আপীলভিন্ন আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতাক্রমে, কিম্বা ফৌজদারী মোকদ্দমাসম্পর্কীয় সন্দিগ্ধ বিষয় গ্রাহ্য করণের ও উক্ত মোকদ্দমা পুনর্বিবেচনা করিবার আদালতস্বরূপে উক্ত উপরিস্থ আদালতের যে ক্ষমতা থাকে তদনুসারে কার্য্য হইলে, ১৮৬২ সালের উক্ত ১০ আইনের B চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট ইষ্টাম্পের যোগ্য যে সকল পত্র ও লিপি উক্ত উপরিস্থ আদালতে দাখিল কিম্বা প্রমাণস্বরূপে উপস্থিত কি রিকার্ড করা যায়, কিম্বা গ্রাহ্য হয় কি ঐ আদালতকর্ত্তৃক দেওয়া যায়, তাহাতে ইষ্টাম্পের মাসুল আদায় করা উচিত। আরো গবর্ণমেণ্টের ও উক্ত সুপ্রীম কোর্টের মধ্যে যে নিয়ম নির্দ্ধার্য্য হইয়াছিল, তদনুসারে উক্ত আদালতের কোন২ কার্য্যকারক আপনারদের পরিশ্রমার্থে রসুম প্রাপ্ত না হইয়া নির্দ্ধারিত বেতন পাইতেন, ও সেই কার্য্যকারকদিগকে যে রসুম দেওয়া যাইত তাহা গবর্ণমেণ্টের নামে জমা হইত, ও সেই সকল রসুমে এক তহবীল হইয়া তাহাহইতে উক্ত কর্ম্মকারকেরদের বেতন দেওয়া যাইত, এবং উক্ত সুপ্রীম কোর্টে নিযুক্ত উক্ত যে কর্ম্মকারকেরা কিঞ্চিৎকালের নিমিত্তে উক্ত উপরিস্থ আদালতের কর্ম্মকারকস্বরূপে নিযুক্ত হইয়াছেন, ও যে কার্য্যকারকেরা ইহার পরে উক্ত উপরিস্থ আদালতে নিযুক্ত হইবেন, তাঁহারদের বিষয়ে উক্ত নিয়ম প্রচলিত রাখা বিহিত। এবং দেওয়ানী আদালতের নিষ্পত্তি ও হুকুম যে প্রকারে রিকার্ড করিতে হইবেক এতদ্বিষয়ে দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইনের কএক ধারা উক্ত উপরিস্থ আদালতে স্থগিত করা বিহিত, এই সকল কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[আদালতের কোন মোকদ্দমা প্রথমে শুনিবার সাধারণ ক্ষমতাক্রমে, কিম্বা দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতার উপর আপীলক্রমে যে কার্য্য উপস্থিত হয়, তৎসম্পর্কে আদালতের রসুমের ফর্দ্দ প্রস্তুত করিবার ক্ষমতার কথা।]

১ ধারা। উক্ত উপরিস্থ আদালতের মোকদ্দমা প্রথমে শুনিবার সাধারণ ক্ষমতাক্রমে, কিম্বা দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার সাধারণ ক্ষমতার উপর আপীলক্রমে কার্য্য হইলে, মোকদ্দমাঘটিত যে কোন কার্য্য কি কর্ম্ম তথায় উপস্থিত হয়, তৎসম্পর্কে আদালতের রসুম বলিয়া যে রসুম লওয়া যাইবেক তাহার ফর্দ্দ উক্ত উপরিস্থ আদালত প্রস্তুত করিয়া নির্দ্ধার্য্য করিতে পারিবেন। এবং ঐ রসুম যে কার্য্যকারককে কি কার্য্যকারকদিগকে দিতে আজ্ঞা করেন তাঁহাকে কি তাঁহারদিগকে দেওয়া যাইবেক। এবং মোকদ্দমাঘটিত কি অন্য কার্য্যসম্পর্কে ১৮৬২ সালের উক্ত ১০ আইনের ৩০ ধারানুযায়ি ইষ্টাম্পের মাসুল লাগিবে না। রসুমের যে ফর্দ্দ উক্ত প্রকারে প্রস্তুত করা যায় তাহা উক্ত উপরিস্থ আদালত আবশ্যক ও উপযুক্তমতে সময়ে২ বৃদ্ধি কি ন্যূন কি পরিবর্ত্তন কি সংশোধন করিতে পারিবেন। কিন্তু প্রয়োজন যে সেই ফর্দ্দ তৎকালীন প্রচলিত কোন আইনের অসঙ্গত না হয়, ও সেই ফর্দ্দ কি সেই সংশোধিত ফর্দ্দ প্রকাশ হইবার পূর্ব্বে তাহাতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের সম্মতি হয়। রসুমের যে ফর্দ্দ উক্ত প্রকারে প্রস্তুত করা যায়, কি উক্ত প্রকারে সংশোধিত হয়, তাহাতে হজুর কৌন্সলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর সম্মত হইলে পর, তাহা কলিকাতা গেজেটে প্রকাশ হইবেক। ও তদ্রূপ প্রকাশ হইবার কালাবধি উক্ত উপরিস্থ আদালতের কোন কার্য্যকারক উক্ত রসু-

of any Duty to which such Tables of Fees may relate.

[On what sides of the High Court Stamp Duties to be levied.]

II. No instrument or writing of any of the kinds specified as requiring Stamps in the Schedule B annexed to the said Act X. of 1862, shall be filed, exhibited, or recorded in, or shall be received or furnished by the said High Court of Judicature in any case coming before such Court in the exercise of its appellate jurisdiction under Section 15 of the said Letters Patent, or in the exercise of its extraordinary original jurisdiction under Sections 13 and 23 of the said Letters Patent, or as a Court of Appeal, Reference, or Revision under Sections 26 and 27 of the said Letters Patent, unless such instrument or writing be upon a Stamp of a value not less than that indicated by the Schedule B annexed to the said Act X. of 1862, as the proper stamp for similar instruments and writings in the said Sudder Court, anything in Section XXX. of the said Act to the contrary notwithstanding, but subject to the proviso therein contained.

[Fees to be duly accounted for.]

III. The fees received by the Officers of the said High Court under Section I. of this Act, shall be paid to the account of Government, and the Officer or Officers of the said High Court, whose duty it shall be, under the orders of the said High Court, to receive the same, shall respectively cause all fees received by him or them to be duly and regularly entered in one or more book or books to be kept for that purpose in their Offices, distinguishing the fees under their several heads, and shall pay over the fees so received by them at such time and in such manner as the said High Court with the approval of the Governor General in Council shall direct; and such Officer shall quarterly, within one month after the 31st day of March, the 30th day of June, the 30th day of September, and the 31st day of December in every year, render a true and faithful account in writing to an Officer to be appointed by the Governor General in Council of all such fees, in such form of account, and with such particulars of receipt or otherwise, and accompanied by such vouchers as the Governor General in Council shall from time to time think proper to direct or require.

[Act not to apply to fees allowable to the Sheriff, Attorneys, or Clerks or Officers of the Court, &c.]

IV. Nothing in this Act shall be held to apply to the fees to be allowed to the Sheriff, Attorneys, or any Clerk or Officer of the said High Court who shall be paid by fees instead of by a fixed salary, or to the fees, if any, which such Sheriff, Attorneys,

যের ফর্দ্দ লিখিত মাসুল সম্পর্কে পূর্ব্বোক্তমতের সম্মতিপ্রাপ্ত রসুমভিন্ন অন্য কোন রসুম লইবেন না ইতি।

উপরিস্থ আদালতের যে অংশে ইষ্টাম্পের মাসুল আদায় হইতে পারিবেক তাহার কথা।)

২ ধারা। উক্ত পেটণ্টপত্রের ১৫ ধারামতে উক্ত উপরিস্থ আদালতের আপীলী মোকদ্দমা শুনিবার ক্ষমতাক্রমে, কিম্বা উক্ত পেটণ্টপত্রের ১৩ ও ২৩ ধারামতে মোকদ্দমা প্রথমে শুনিবার অতিরিক্ত ক্ষমতাক্রমে, কিম্বা উক্ত পেটণ্টপত্রের ২৬ ও ২৭ ধারামতে আপীল আদালত, কিম্বা যাহাতে সন্দিগ্ধ বিষয় অর্পণ হইতে পারে কি মোকদ্দমার পুনর্বিচার হইতে পারে এমত আদালতস্বরূপে, উক্ত উপরিস্থ আদালতে যে কোন মোকদ্দমা উপস্থিত হয়, তৎসম্পর্কীয় কোন দলীল কি লিপি যদি ১৮৬২ সালের উক্ত ১০ আইনের B চিহ্নিত তফসীলে ইষ্টাম্পের যোগ্য বলিয়া নির্দ্দিষ্ট থাকে, তবে উক্ত সদর আদালতে সেই প্রকারের দলীলের ও লিপির উপযুক্ত ইষ্টাম্প বলিয়া যত মূল্যের ইষ্টাম্প ১৮৬২ সালের উক্ত ১০ আইনের B চিহ্নিত তফসীলে নির্দ্ধারিত হইয়াছে তাহার ন্যূন মূল্যের ইষ্টাম্প কাগজে সেই দলীল কি লিপি লেখা গেলে, তাহা উক্ত উপরিস্থ আদালতে দাখিল হইবেক না ও প্রমাণস্বরূপে উপস্থিত ও রিকার্ড ও গ্রাহ্য হইবেক না কি আদালতকর্ত্তৃক দেওয়া যাইবেক না। উক্ত আইনের ৩০ ধারাতে এই ধারার বিপক্ষ কোন কথা থাকিলেও নয়। কিন্তু উক্ত ৩০ ধারার বর্জ্জনীয় কথা প্রবল মানিতে হইবেক ইতি।

[রসুমের হিসাব উপযুক্তমতে রাখিবার কথা।)

৩ ধারা। উক্ত উপরিস্থ আদালতের কার্য্যকারকেরা এই আইনের ১ ধারামতে যে সকল রসুম প্রাপ্ত হন তাহা গবর্ণমেণ্টের নামে জমা হইবেক। এবং উক্ত উপরিস্থ আদালতের আজ্ঞাক্রমে উক্ত আদালতের যে কার্য্যকারকের কি যে কার্য্যকারকেরদের সেই রসুম গ্রহণ করিতে হয়, তিনি কি তাঁহারা যে সকল রসুম প্রাপ্ত হন তাহা লিখিবার এক কি অধিক পুস্তক স্বং আফিসে রাখিয়া, ঐ সকল রসুম ভিন্নং দফাক্রমে ঐ পুস্তকে উপযুক্তমতে ও নিয়মিতরূপে লেখাইবেন। এবং হজুর কৌন্সেলে শ্রীযুত গবরূনর জেনরল বাহাদুরের সম্মতিক্রমে উক্ত উপরিস্থ আদালত যে সময় ও যে নিয়ম নির্দ্ধার্য্য করেন, সেই সময়ে সেই নিয়মমতে তাঁহারা উক্ত মতের প্রাপ্ত রসুম হস্তান্তর করিবেন। আরো উক্ত কর্ম্মকারকেরা প্রতি বৎসরের তিনং মাসে, অর্থাৎ মার্চ মাসের ৩১ তারিখের ও জুন মাসের ৩০ ও সেপ্টেম্বর মাসের ৩০ ও ডিসেম্বর মাসের ৩১ তারিখের পর এক মাসের মধ্যে, ঐ সকল রসুমের সত্য ও যথার্থ হস্তলিখিত হিসাব হজুর কৌন্সেলে শ্রীযুত গবরূনর জেনরল বাহাদুরের নিযুক্ত কোন কর্ম্মকারককে দিবেন, ও হজুর কৌন্সেলে শ্রীযুত গবরূনর জেনরল বাহাদুর সময়ে২ সেই হিসাব লিখিবার যে পাঠ নিরূপণ করেন তদনুসারে লিখিবেন ও তিনি রসীদ প্রভৃতির যে বুরাত এ বৌচর অর্থাৎ প্রমাণপত্র আজ্ঞা করেন তাহাও ঐ হিসাবের সঙ্গে দিবেন ইতি।

[আদালতের সরিফ সাহেবের কি উকীলেরদের কিম্বা ক্লার্কেরদের কি কর্ম্মকারকেরদের যে রসুম লইবার অনুমতি হয় তদ্বিষয়ে এই আইন না খাটিবার কথা।]

৪ ধারা। উক্ত উপরিস্থ আদালতের সরিফের কি উকীলেরদের রসুমের কিম্বা যে কোন ক্লার্ক কি কার্য্যকারক নির্দ্ধারিত বেতনভোগী না হইয়া রসুমদ্বারা পারিশ্রমিক পান তাঁহারদের রসুমের প্রতি, কিম্বা যদি উক্ত সরিফ কি উকীলেরা কি কোন ক্লার্ক কি কর্ম্মকারক নির্দ্ধারিত কোন

or any Clerk or Officer shall be allowed to receive in addition to any fixed salary.

বেতনের অতিরিক্ত রসুম গ্রহণ করিবার অনুমতি পান, তবে সেই রসুমের প্রতি এই আইনের কোন কথা খাটে না ইতি।

[Parts of Act VIII. of 1859 suspended. High Court to record its judgments and orders as it shall by rule direct.]

[১৮৫৯ সালের ৮ আইনের একাংশ স্থগিত হইবার কথা ও উপরিস্থ আদালতের নির্দ্ধারিত বিধিমতে নিষ্পত্তি ও হুকুম রিকার্ড করিবার কথা।]

V. The operation of the following Sections of the said Act VIII. of 1859, namely, Sections 184, 185, 186, and 359, relating to the manner in which the judgments of the Courts of Civil Judicature are to be recorded, and so much of the said Act as extends the provisions of the foregoing Sections to the orders of the Courts of Civil Judicature not being judgments or decrees, is hereby suspended in the said High Court; and the said High Court and every Division Court and Judge thereof shall record their judgments and the orders passed by them respectively in such manner as the said High Court shall by any general rule or rules from time to time direct.

৫ ধারা। দেওয়ানী আদালতের নিষ্পত্তি যে প্রকারে রিকার্ড করিতে হইবেক, তৎসম্পর্কে ১৮৫৯ সালের উক্ত ৮ আইনের ১৮৪ ও ১৮৫ ও ১৮৬ ও ৩৫৯ ধারা, এবং উক্ত আইনের যে সকল কথাদ্বারা পূর্ব্বোক্ত ধারার বিধান, নিষ্পত্তি কি ডিক্রীভিন্ন, দেওয়ানী আদালতের অন্য হুকুমের উপর প্রচলিত হয়, সেই কথা উক্ত উপরিস্থ আদালতে এই ধারাক্রমে স্থগিত হইল। এবং উক্ত উপরিস্থ আদালত সময়ে২ কোন সাধারণ বিধি করিয়া নিষ্পত্তি ও আজ্ঞা রিকার্ড করিবার যে নিয়ম নির্দ্ধার্য্য করেন, তদনুসারে উক্ত উপরিস্থ আদালত ও আদালতখণ্ড ও প্রত্যেক জজ সাহেব আপন২ নিষ্পত্তি ও হুকুম রিকার্ড করিবেন ইতি।

[Court may fix time for preferring appeal from judgments, &c., of its own Judges or Division Courts.]

[বিচারকর্ত্তারদের ও আদালত খণ্ডের ডিক্রীপ্রভৃতির উপর আপীল করিবার সময় আদালতের নিরূপণ করিবার কথা।]

VI. The High Court may by its own rules fix the time within which appeals from judgments, orders, or decrees made by any Division Court or by any Judge or Judges of the said High Court in the exercise of its original jurisdiction shall be preferred.

৬ ধারা। উপরিস্থ আদালতের কোন খণ্ড কিম্বা কোন জজ সাহেব কি সাহেবেরা মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাক্রমে যে নিষ্পত্তি কি হুকুম কি ডিক্রী করেন, তাহার উপর আপীল যে সময়ের মধ্যে করিতে হইবেক, তাহা উক্ত উপরিস্থ আদালত স্বকীয় বিধিক্রমে নিরূপণ করিতে পারিবেন ইতি।

[Judgment may be signed in High Court on any Warrant of Attorney or Cognovit on which judgment might have been signed in the Supreme Court.]

[কোন টর্ণির ওয়ারণ্ট কি কগনোবিটক্রমে যে নিষ্পত্তিতে সুপ্রীম কোর্টে স্বাক্ষর হইতে পারিত তাহাতে উক্ত উপরিস্থ আদালতে স্বাক্ষর হইতে পারিবার কথা।]

VII. Judgment may be signed in the said High Court upon every Warrant of Attorney and Cognovit Actionem upon which a Judgment might have been signed in the said late Supreme Court if such Court had not been abolished, and every such judgment may be signed, enrolled, and enforced in and by the said High Court in the same manner, and in the same manner only, as it might have been in the said Supreme Court.

৭ ধারা। পূর্ব্বকার উক্ত সুপ্রীম কোর্ট রুদ্ধ না হইলে যেমন টর্ণির ওয়ারণ্টক্রমে কিম্বা কগনোবিট অর্থাৎ নালিশের বিষয় স্বীকার করণক্রমে কোন নিষ্পত্তি হইলে তাহাতে উক্ত সুপ্রীম কোর্টে স্বাক্ষর হইতে পরিত, তেমনি উক্ত উপরিস্থ আদালতেও স্বাক্ষর হইতে পারিবেক। এবং সেই সুপ্রীম কোর্টে তদ্রূপ প্রত্যেক নিষ্পত্তিতে যে প্রকারে স্বাক্ষর হইতে পারিত ও তাহা যে প্রকারে আদালতের কাগজপত্রের মধ্যে লেখা যাইতে পারিত ও ঐ কোর্টকর্ত্তৃক প্রবল হইতে পারিত কেবল সেই প্রকারে উক্ত উপরিস্থ আদালতে ঐ নিষ্পত্তিতে স্বাক্ষর হইতে পারিবে ও তাহা লেখা যাইতে পারিবে ও সেই আদালতকর্ত্তৃক প্রবল করা যাইতে পারিবেক ইতি।

[Execution may issue in certain cases before the amount due for costs has been ascertained, and execution for costs may issue subsequently when their amount is ascertained.]

[কোন২ স্থলে খরচা নির্দ্ধার্য্য হইবার পূর্ব্বে ডিক্রী জারী হইতে পারিবার কথা, ও খরচা নিরূপণ হইবার পরে খরচার ডিক্রী জারী হইতে পারিবার কথা।]

VIII. Whenever it shall appear necessary to a Judge of the said High Court that a decree made in the exercise of the ordinary original Civil jurisdiction of the said Court ought to be enforced before the amount of the costs incurred in the suit can be ascertained by taxation, the Judge may order that the decree shall be executed forthwith, except as to so much thereof as relates to the costs; and as to so much thereof as relates to the costs that the same may be executed as soon as the amount thereof shall be ascertained by taxation.

৮ ধারা। দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার সাধারণ ক্ষমতাক্রমে কার্য্য করত উক্ত উপরিস্থ আদালতের কোন জজ সাহেব কোন ডিক্রী করিলে, মোকদ্দমায় যত খরচা লাগিয়াছে তাহা টাক্স করণদ্বারা নির্দ্ধার্য্য হইবার পূর্ব্বে যদি সেই ডিক্রী জারীকরা আবশ্যক বোধ হয়, তবে সেই জজ সাহেব আজ্ঞা করিতে পারিবেন যে, খরচা সম্পর্কে ডিক্রীর যে অংশ থাকে সেই অংশভিন্ন ঐ ডিক্রী জারী হয়। পরে যত খরচা লাগিবে তাহা টাক্স করণদ্বারা নিরূপণ হইলে পর তৎসম্পর্কে ঐ ডিক্রী জারী হয় ইতি।

[Court in the exercise of its ordinary original Civil jurisdiction may, in certain cases, authorize acts required by the Code of Civil Procedure to be done by a Pleader, to be done by an Attorney. Proviso.]

IX. Whenever any thing is directed by the said Act VIII. of 1859 to be done by or through a Pleader, the said High Court or any Judge thereof in the exercise of the ordinary original Civil jurisdiction of the said Court may authorize such act to be done by or through an Attorney at Law of the Court. Provided that no Attorney shall be authorized under the provisions of this Section to plead in the said Court or in any Division Court for any person.

[Application of Act to the High Courts at Madras and Bombay.]

X. This Act shall apply *mutatis mutandis* to the High Courts of Judicature which may be established at Madras and Bombay under Act 24 and 25 Victoria, Chapter 104, for those Presidencies respectively, wherever such Courts shall be established. Provided that the powers vested by this Act in the Governor General in Council shall be exercised in the Presidencies of Madras and Bombay by the Governors in Council of those Presidencies respectively.

[Act to have effect from 1st July 1862.]

XI. This Act shall be deemed to have had and to have effect as if it had actually passed and received the assent of the Governor General on the 1st day of July 1862.

[Duration of Act.]

XII. This Act shall continue in force until the 1st day of January 1863.

A. G. Macpherson,
Offg. Deputy Secy. to the Govt. of India,
Home Department.

[কোন২ স্থলে দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনক্রমে যে কার্য্য উকীলের করিতে হয়, সেই কার্য্য উপরিস্থ আদালতে দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার সাধারণ ক্ষমতাক্রমে কার্য্য করত টর্ণির দ্বারা হইবার আজ্ঞা করিতে পারিবার কথা ও বর্জ্জিত কথা।]

৯ ধারা। যখন ১৮৫৯ সালের উক্ত ৮ আইনদ্বারা কোন কার্য্য উকীলের দ্বারা হইবার আজ্ঞা হয়, তখন উক্ত উপরিস্থ আদালত কি তাহার কোন জজ সাহেব উক্ত আদালতের দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার সাধারণ ক্ষমতাক্রমে কার্য্য করত আজ্ঞা করিতে পারিবেন যে সেই কার্য্য আদালতের কোন টর্ণির দ্বারা করা যায়। কিন্তু এই ধারার কোন বিধানক্রমে কোন টর্ণি উক্ত আদালতে কি উক্ত আদালতের কোন খণ্ডে কোন ব্যক্তির নিমিত্তে সওয়াল জওয়াব করিতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি।

[মান্দ্রাজের ও বোম্বাইয়ের উপরিস্থ আদালতে এই আইন প্রচলিত হইবার কথা।]

১০ ধারা। শ্রীশ্রীমতী মহারাণী বিক্টরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়মতে যখন উপরিস্থ আদালত মান্দ্রাজ ও বোম্বাই প্রসীডেন্সীতে সংস্থাপিত হয়, তখন এই আইনের কথা প্রয়োজনমতে পরিবর্ত্তন হইয়া উক্ত রাজধানীতে সংস্থাপিত উক্ত আদালতে খাটিবে। কিন্তু এই আইনক্রমে হজুর কৌনসেলে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের প্রতি যে২ ক্ষমতা অর্পণ হইয়াছে সেই২ ক্ষমতাক্রমে মান্দ্রাজ রাজধানীতে মান্দ্রাজের হজুর কৌনসেলে শ্রীযুত গবর্নর সাহেব ও বোম্বাই রাজধানীতে বোম্বাইয়ের হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর সাহেব কর্ম্ম করিবেন ইতি।

[এই আইন ১৮৬২ সালের ১ জুলাই তারিখঅবধি প্রচলিত হইবার কথা।]

১১ ধারা। এই আইন ১৮৬২ সালের ১ জুলাই তারিখে প্রচলিত হইবার মত, ও সেই তারিখে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের সম্মতি প্রাপ্ত হওয়ার ন্যায় প্রবল হইয়াছে, এমত জ্ঞান করিতে হইবেক ইতি।

[এই আইন যত কাল প্রচলিত থাকিবে তাহার কথা।]

১২ ধারা। এই আইন ১৮৬৩ সালের ১ জানুআরি তারিখপর্য্যন্ত প্রচলিত থাকিবেক ইতি।

এ জি মাকফরসন।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের একটিং ডেপুটী সেক্রেটারী।

John Robinson, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

No. 1.

From H. T. Prinsep, Esquire, Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to the Zillah Judges in the Lower Provinces, and the Judicial Commissioner of Chota Nagpore.

Dated Calcutta, the 11th July 1862.

I am directed to request that you will be so good as to submit as soon as possible a Statement, shewing the amount of Meeran fees received during the past year in your Court, as well as in those of the Principal Sudder Ameen, Sudder Ameen,

বঙ্গদেশের উপরিস্থ আদালতের সরকুলর অর্ডর।

১ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের জিলার জজ সাহেবেরদের ও ছোট নাগপুরের জুডিসিয়ল কমিস্যনর সাহেবের প্রতি বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬২ সাল ১১ জুলাই।

আমি আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে তোমারদের আদালতে ও তোমারদের অধীন জিলার প্রধান সদর আমীন, ও সদর আমীন ও মুনসেফেরদের আদালতে গত বৎসরে মীরান বলিয়া যত ফীস্ প্রাপ্ত হওয়াগিয়াছে তাহার

and Moonsiffs, in your district, exhibiting each separately.

(Signed) H. T. PRINSEP,
Registrar.

No. 2.

To the Civil Authorities in the Non-Regulation Provinces.

Dated Calcutta, the 11th July 1862.

The Court do not consider it to be necessary that they should be furnished with Monthly Statements from any Non-Regulation districts, and therefore direct that they be supplied with Quarterly instead of Monthly Statements from the date of the receipt hereof.

Judicial Commissioners are, however, at liberty to continue the Monthly Statements for their own Office if they think that the unsatisfactory state of the files of any of their subordinate Officers requires a closer supervision than is obtained from the Quarterly Statements.

By order, &c.,
(Signed) H. T. PRINSEP,
Registrar of the High Court of Judicature at Fort William in Bengal.

No. 3.

From H. T. Prinsep, Esquire, Registrar of the High Court of Judicature at Fort William in Bengal, to the Civil Authorities in the Lower Provinces.

Dated Calcutta, the 22nd July 1862.

I am directed by the Honorable Chief Justice and the other Judges of the High Court to request you will read out in open Court, and then affix to some conspicuous place in your Court the following

NOTIFICATION :—

(1.) The Regular and Special appeals of 1862 are now being heard by a separate Bench of the High Court.

(2.) Parties and their agents are therefore requested to take immediate notice of this fact, and to expedite the preparation and progress of their appeals.

(Signed) H. T. PRINSEP,
Registrar.

CIRCULAR ORDERS OF THE SUDDER DEWANNY ADAWLUT.

No. 23.

From H. T. Prinsep, Esquire, Register of the Sudder Dewanny Adawlut, to the Civil Authorities in the Lower Provinces.

Dated Calcutta, the 30th June 1862.

It has been brought to the notice of the Sudder Dewanny Adawlut that needless delay frequently

কৈফিয়ৎ পৃথক্‌রূপে লিখিয়া সাধ্যমতে অবরায় প্রেরণ কর।

এচ টি প্রিন্‌সেপ। রেজিষ্টর।

২ নম্বর।

আইনবহির্ভূত প্রদেশের দেওয়ানীর কার্য্যকারকেরদের প্রতি পত্র।

কলিকাতা, ১৮৬২ সাল ১১ জুলাই।

আইনবহির্ভূত কোন জিলাহইতে মাসিক কৈফিয়ৎ প্রেরণ করা এই আদালত আবশ্যক জ্ঞান করেন না, অতএব আজ্ঞা করিতেছেন যে এই পত্র পঁহুছিবার তারিখঅবধি মাসিক কৈফিয়ৎ না পাঠাইয়া ত্রৈমাসিক কৈফিয়ৎ পাঠান যায়।

জুডিসিয়ল কমিস্যনর সাহেবেরা যদি বোধ করেন যে তাঁহারদের অধীন কোন কর্ম্মকারকের নথীর অবস্থা সন্তোষজনক না হওয়াপ্রযুক্ত ত্রৈমাসিক কৈফিয়ৎ দ্বারা তাহারদের কর্ম্মের যত অবগতি হইতে পারেন তদপেক্ষা অধিক তত্ত্বাবধারণ করা উচিত, তবে আপনারদের অধীন সেই কার্য্যকারকদিগের স্থানে ইচ্ছামতে মাসিক কৈফিয়ৎ লইতে থাকিবেন।

আজ্ঞাক্রমে।

এচ টি প্রিন্‌সেপ।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতের রেজিষ্টর।

৩ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী কার্য্যকারকেরদের প্রতি বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেবের পত্র।

কলিকাতা ১৮৬২ সাল ২২ জুলাই।

উপরিস্থ আদালতের শ্রীযুত অনরবিল চীফ জুষ্টিস ও অন্য জজ সাহেবেরদের আজ্ঞাক্রমে আমি আদেশ করিতেছি, যে তোমরা নিম্নের লিখিত বিজ্ঞাপন খোলা কাছারীতে উচ্চৈঃস্বরে পাঠ করিয়া স্বং আদালতের কোন প্রকাশ স্থানে লটকাইয়া দেও।

বিজ্ঞাপন।

(১) ১৮৬২ সালের নম্বরি এবং খাস আপীল হাই কোর্টের স্বতন্ত্র এজলাসে শুনানি হইতেছে।

(২) অতএব আইনে মামেলাগণ এবং তাহারদিগের মোক্তারগণ এই বিষয়ের সংবাদ সত্বর অবগত হইয়া আপনং মোকদ্দমা প্রস্তুত করিবেন।

এচ টি প্রিন্‌সেপ।
রেজিষ্টর।

সদর দেওয়ানী আদালতের সরক্যুলর অর্ডর।

২৩ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের দেওয়ানী কার্য্যকারক সাহেবেরদের নিকটে সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্‌সেপ সাহেবের পত্র।—কলিকাতা ১৮৬২ সাল ৩০ জুন।

সদর দেওয়ানী আদালতের সাহেবদিগকে এই কথা অবগত করা গিয়াছে। দেওয়ানী কোন২ মোকদ্দমায় যখন

occurs in the disposal of Civil causes, in which it may be necessary to serve a notice upon a defendant residing in another District, and in which accordingly, notice is transmitted by Post to the Civil Court of such other District from a practice which obtains of requiring the presence of some person on the part of the plaintiff to point out the defendant.

2. The Court are informed that it not unfrequently occurs that notices or summonses are returned to the Court, from which they were received, upon a simple report of the Nazir of the receiving Court, setting forth, firstly, that no one has appeared on the part of the plaintiff to point the defendant, and, secondly, that tulubana has not been paid.

3. The second objection to the issue of the notice or summons, here indicated, should, the Court observe, always be provided against by the transmitting Court, which should invariably remit the charge necessary to cover the service required, and the postage chargeable upon its return, together with the notice itself. The Court take the opportunity of pointing out that such processes cannot be sent upon the public service under frank, but that the postage for their transmission and return must be provided by the party requiring their issue. The amount required as tulubana will never be large, for the requisition should be addressed, or forwarded on, by Post to the local Court which is nearest to the residence of the defendant, or that in whose jurisdiction he is to be found. Thus eight annas would be a high charge for such service, which would often be executed for a less sum. If no preferable mode of remittance suggest itself, the remittance can always be made by postage stamps not exceeding one anna each in value, which are readily saleable. The Court, therefore, hope that the return of unexecuted processes, on the ground of want of tulubana, will cease after these orders have come into effect.

4. The first objection, viz., that no person has appeared to indicate the defendant, is, the Court observe, only a valid ground for the return of a notice or summons unserved, where the receiving Court has tried, unavailingly, to discover the defendant, and after making all necessary endeavour to serve the process, has been unable to do so. Such cases will be rare if the transmitting Courts are careful to insert full particulars of name, father's name, caste, profession of the defendant, together with every necessary particular, indicating the precise place of abode of the person on whom service is required, and this the Court desire that transmitting Courts will always be careful to do.

(Signed) H. T. PRINSEP,
Register.

[*Government Gazette*, 19*th August*, 1862.]

ভিন্ন জিলা নিবাসি আসামীর উপর এত্তেলা জারী করিতে হয় ও তদর্থে সেই অন্য জিলার দেওয়ানী আদালতে সেই এত্তেলা ডাকযোগে চালান হয়, তখন আসামীকে দেখাইয়া দিবার জন্যে ফরিয়াদীর পক্ষে কোন এক ব্যক্তির উপস্থিত থাকিতে হইবার নিয়ম থাকাতে, তদ্রূপ মোকদ্দমার নিষ্পত্তি অনেকবার অনাবশ্যক বিলম্বে হইয়া থাকে।

২। সদর আদালতের সাহেবদিগকে আরো জ্ঞাত করা গিয়াছে, এত্তেলা কি সমন অন্য আদালতে পাঠান গেলে সেই আদালতের নাজির তখন২ তাহার পৃষ্ঠে এই রিপোর্ট লেখেন, যথা প্রথম, আসামীকে দেখাইয়া দিবার জন্যে ফরীয়াদীর পক্ষে কেহ উপস্থিত হয় নাই, দ্বিতীয় তলবানা দেওয়া যায় নাই। তাহার কেবল এই রিপোর্টমতে সেই এত্তেলা কি সমন যে আদালতহইতে প্রেরিত হইয়াছিল সেই আদালতে ফিরিয়া পাঠান যায়।

৩। সদর আদালতের সাহেবেরা জানাইতেছেন, যে এত্তেলা কি সমন জারী হইবার দ্বিতীয় যে আপত্তি উক্ত প্রকারের রিপোর্টে লেখা গিয়া থাকে, সেই আপত্তি না হইবার উপায়, যে আদালত ঐ সমন কি এত্তেলা পাঠান সেই আদালতের সর্ব্বদা করা উচিত। অর্থাৎ এত্তেলা যে সময়ে পাঠান, সেই সময়ে ঐ এত্তেলা জারী করিবার খরচ ও তাহা ওয়াপোস হইলে তাহা ফিরিয়া পাঠাইবার ডাক খরচও পাঠাইবেন। সদর আদালতের সাহেবেরা এই সুযোগে জানাইতেছেন যে, সেই প্রকারের পরওয়ানা রাজকীয় কর্ম্মোপলক্ষে বলিয়া বিনা-মাসুলে পাঠান যাইতে পারে না। যে ব্যক্তি তাহা জারী করিবার প্রার্থনা করে, তাহারই ঐ পরওয়ানা পাঠাইবার ও ফিরিয়া আসিবার ডাক মাসুল দিতে হইবে। তলবানা অধিক লাগিবে না। যেহেতুক আসামীর বাসস্থান যে আদালতের অতি নিকট কিম্বা তাহাকে যে আদালতের এলাকার মধ্যে পাওয়া যায়, সেই আদালতের নামে পরওয়ানা লিখিত হইয়া ডাকযোগে পাঠান উচিত। তাহা জারী করিবার জন্যে আট আনা অধিক বোধ হয়, তাহার ন্যূন খরচেও অনেক বার হইতে পারিবে। যদি সেই খরচ পাঠাইবার অন্য উপায় না থাকে, তবে এক২ আনা মূল্যের পোষ্টেজ ইষ্টাম্প দ্বারা পাঠান যাইতে পারিবে যেহেতুক এক আনার ইষ্টাম্প অনায়াসে বিক্রয় হইতে পারে। অতএব এই আজ্ঞা প্রচলিত হইবার পরে তলবানা না দেওয়াপ্রযুক্ত কোন পরওয়ানা জারী না হইয়া ফিরিয়া পাঠান না যায়, সদর আদালতের এই আশা।

৪। পূর্ব্বোক্ত প্রথম আপত্তি অর্থাৎ আসামীকে দেখাইয়া দিবার জন্যে কেহ উপস্থিত হয় নাই এই আপত্তির বিষয়ে, সদর আদালতের বক্তব্য এই। যে আদালত ঐ পরওয়ানা প্রাপ্ত হন, সেই আদালত যদি আসামীর অনুসন্ধান লইয়াও কৃতকার্য্য না হন, এবং পরওয়ানা জারী করিবার আবশ্যকমতের সকল উদ্যোগ করিলে পর তাহা করিতে না পারেন, কেবল এমত স্থলে সেই এত্তেলা কি সমন জারী না করিয়া ফিরিয়া পাঠাইবার সেই হেতু গ্রাহ্য হইতেপারে। যে আদালত ঐ এত্তেলা পাঠান, সেই আদালত যদি আসামীর নাম ও তাহার পিতার নাম ও তাহার জাতি ও বৃত্তি ও বাসস্থান নিশ্চয়মতে জানিবার প্রয়োজনীয় সকল কথা লেখেন, তবে তাহাকে না পাওয়া যায়, ইহা প্রায় অসম্ভব। আর সদর আদালতের সাহেবেরা আজ্ঞা করিতেছেন যে, কোন আদালত যখন এত্তেলা প্রভৃতি পাঠান, তখন সেই সকল বেওরা লিখিতে ত্রুটি না করেন।

এচ টি প্রিন্‌সেপ।
রেজিষ্টর।

No. 24.

From H. T. Prinsep, Esquire, Register of the Sudder Dewanny Adawlut, to the Civil Judges in the Lower Provinces.

Dated Calcutta, the 30th June 1862.

From an explanation given very generally, in monthly statements regarding cases in arrear before the subordinate Mofussil Courts, viz., that decision of the said cases was delayed in consequence of the principal exhibit therein not having been returned by the Collector, to whom it was sent for impressment of a stamp of a sufficient value, the Court have reason to believe that very many of their Judicial Officers have paid no attention to the modification of Sections 130, 131 of Act VIII. of 1859, by Act XXXVI. of 1860, Section 13, Clauses IV., V., VI., VIII., which latter law has been lately re-enacted by Act X. of 1862, Section 17.

2. It will be observed that there is no necessity for sending any document to be stamped by the Collector, but that the Civil Court, in which there is filed an exhibit, written either on plain or insufficiently stamped paper, can, on payment of the penalties enacted by Section 15, Act X. of 1861, at once receive the said exhibit as evidence and proceed to try the suit with which it is connected.

3. It is perhaps needless to add, in conclusion, that, after this notice, the Court will never receive any explanations of the nature above described.

(Signed) H. T. Prinsep,
Register.

No. 824.

From W. J. Herschel, Esquire, Officiating Junior Secretary to the Board of Revenue, to the Register of the Sudder Dewanny Adawlut.

Fort William, the 23rd June 1862.

As the practice in regard to the registry of Deeds under Section XIV. Act X. of 1862, does not appear to be the same in all districts, I am desired by the Board of Revenue to request that to ensure uniformity you will, with the permission of the Court call the attention of Registers of Deeds to this provision of the new law, and to their duty of looking at the value of the Stamps on documents brought to them for registry.

(Signed) W. J. Herschel,
Offg. Junior Secretary.

MEMO.

No. 25.

Copy forwarded for the information of the Judge of and for communication to the Register of Deeds in his district.

By order of the Sudder Court,

H. T. Prinsep,
Register.

Sudder Dewanny Adawlut, the 30th June, 1862.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৯ আগষ্ট।]

২৪ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেবেরদের প্রতি সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের পত্র। কলিকাতা ১৮৬২ সাল ৩০ জুন।

মফঃসলস্থ অধীন আদালতের সম্মুখে যে সকল মোকদ্দমা বিচারার্থে মুলতবী থাকে, তাহার মুলতবী থাকার এই কারণ মাসিক কৈফিয়তে অনেকবার লেখা গিয়া থাকে অর্থাৎ মোকদ্দমার প্রধান দলীলে উপযুক্ত মূল্যের ইষ্টাম্প বসাইবার জন্যে তাহা কালেকটর সাহেবের নিকটে পাঠান গিয়াছিল, আর তিনি তাহা ফিরিয়া না পাঠাইবাতে মোকদ্দমার নিষ্পত্তি হইবার বিলম্ব হইল। ইহাতে সদর আদালতের সাহেবেরা বোধ করেন যে, ১৮৬০ সালের ৩৬ আইনের ১৩ ধারার ৪ ও ৫ ও ৬ ও ৮ প্রকরণদ্বারা ১৮৫৯ সালের ৮ আইনের ১৩০ ও ১৩১ ধারা যদ্রূপ মতান্তর হইয়াছে, তদ্বিষয়ে অনেক বিচারকর্ত্তার মনোযোগ হয় নাই। সেই ৩৬ আইনের উক্ত বিধান ১৮৬২ সালের ১০ আইনের ১৭ ধারাক্রমে পুনশ্চ বলবৎ করা গিয়াছে।

২। তাহাতে দৃষ্ট হইবে যে, কালেক্টর সাহেবের দ্বারা ইষ্টাম্প বসান যাইবার জন্যে তাঁহার নিকটে দলীল পাঠাইবার প্রয়োজন নাই। দেওয়ানী আদালতে যে দলীল উপস্থিত করা যায়, তাহা যদি সাদা কাগজ কি অল্প মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা থাকে, তবে ১৮৬১ সালের ১০ আইনের ১৫ ধারার লিখিত দণ্ড দেওয়া গেলে, আদালত তৎক্ষণাৎ সেই দলীল প্রমাণস্বরূপে গ্রাহ্য করিয়া, যে মোকদ্দমাসম্পর্কীয় দলীল হয় তাহার বিচার করিতে পারিবেন।

৩। ইহার পর সদর আদালতের সাহেবেরা পূর্ব্বোক্ত প্রকারের কোন ওজর গ্রাহ্য করিবেন না, ইহা লিখনাতিরিক্ত।

এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

---

৮২৪ নম্বর।

সদর দেওয়ানী আদালতের রেজিষ্টর সাহেবের নিকটে রেবিনিউ বোর্ডের একটিং দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত ডবলিউ জে হর্শেল সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম। ১৮৬২ সাল ২৩ জুন।

১৮৬২ সালের ১০ আইনের ১৪ ধারামতে দলীল রেজিষ্টরী করিবার নিয়ম সকল জিলাতে সমান দৃষ্ট হয় না, এই হেতুক আমি রেবিনিউ বোর্ডের সাহেবেরদের আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে, একিরূপ নিয়মকরণার্থ তুমি সদর আদালতের অনুমতি লইয়া নূতন আইনের এই বিধানের বিষয়ে, ও রেজিষ্টরী করণার্থে যে সকল দলীল উপস্থিত করা যায় তাহার ইষ্টাম্পের মূল্য দৃষ্টি করা তাহারদের কর্ত্তব্যকর্ম্মের বিষয়ে, দলীল দস্তাবেজের রেজিষ্টরদিগকে মনোযোগ করাও।

ডবলিউ জে হর্শেল।
একটিং দ্বিতীয় সেক্রেটারী।

স্মারক লিপি।

২৫ নম্বর।

অমুক জিলার জজ সাহেবের বিজ্ঞাপনার্থে ও তাঁহার জিলার দলীল দস্তাবেজের রেজিষ্টরদিগকে জানাইবার জন্যে এই পত্রের নকল পাঠান গেল।

সদর আদালতের আজ্ঞাক্রমে।
এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

সদর দেওয়ানী আদালত
১৮৬২ সাল ৩০ জুন।

CIRCULAR ORDERS OF THE SUDDER NIZAMUT ADAWLUT.

No. 1169.

From J. D. Gordon, Esquire, Junior Secretary to the Government of Bengal, to the Register of the Sudder Court.

Fort William, the 13th June 1862.

I am directed to forward, for submission to the Sudder Court, the accompanying copy of a letter No. 1045, dated the 31st ultimo, from the Inspector General of Jails, from which the Court will see that the state of the Jails in the Lower Provinces is not at present such as to accommodate to any great extent prisoners sentenced to solitary confinement.

2. This being so, the Lieutenant Governor thinks it would be advisable for the Court to point out to Judges the expediency of refraining from ordering solitary confinement under Section LXXIII. of the Penal Code, unless they are satisfied that the means of carrying out the order properly exist in the Jail in which the offenders sentenced to imprisonment are to be confined.

(Signed) J. D. Gordon,
Junior Secretary to the Government of Bengal.

No. 1170.

Copy forwarded to the Inspector General of Jails for information, with reference to his letter No. 104, dated the 31st ultimo.

(Signed) J. D. Gordon,
Junior Secretary to the Government of Bengal.

Fort William,
The 13th June 1862.

From F. J. Mouat, Esquire, M. D., Inspector General of Jails, Lower Provinces, to J. D. Gordon, Esquire, Junior Secretary to the Government of Bengal,—(No. 1045, dated the 31st May 1862.)

I have the honor to state that the Magistrate of Balasore reports the conviction of sixteen prisoners at the last Sessions, who have all been sentenced to three months' solitary confinement. He urges the early erection of solitary cells; but I need scarcely say that, if accommodation to this extent is likely to be needed in most Zillah Jails, it will be impossible to supply it without a very considerable outlay of money and a large expenditure of time. I doubt if masonry cells of sufficient dimensions, with small Court-yards, and all the means and appliances of strictly solitary confinement, can be erected at a cost much, if any thing, below Rupees 1,000 each. I am still engaged in collecting information from all the Magistrates in my Circle of superintendence as to the amount of cell accommodation needed in each Prison to enable me to address to the Government a complete Report on the subject.

In the meantime it is evident that the means

সদর নিজামৎ আদালতের সরক্যুলর অর্ডর।

১১৬৯ নম্বর।

সদর আদালতের রেজিষ্টর সাহেবের নিকটে বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত জে ডি গর্ডন সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬২ সাল ১৩ জুন।

জেলখানার ইনস্পেক্টর জেনরল সাহেবের গত মাসের ৩১ তারিখের ১০৪৫ নম্বরের পত্রের পশ্চাৎ লিখিত নকল সদর আদালতের সাহেবদিগকে দেখাইবার জন্যে আমি আজ্ঞাক্রমে তোমার নিকটে পাঠাইতেছি। তাহাতে সদর আদালতের সাহেবেরা দেখিতে পাইবেন যে, বঙ্গপ্রভৃতি দেশের সকল জেলখানার যে অবস্থা এইক্ষণে আছে তৎপ্রযুক্ত যাহারদের বিরলে কারাবদ্ধ থাকিবার দণ্ডাজ্ঞা হয় এমত অনেক লোককে রাখিবার উপযুক্ত স্থান নাই।

২। এইপ্রযুক্ত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোধ করেন যে অপরাধিদিগকে যে জেলখানায় বিরলে কয়েদ হইবার আজ্ঞা হয়, সেই জেলখানায় তাহারদের প্রতি উক্ত আজ্ঞাক্রমে উপযুক্তমতে কার্য্য হইবার উপায় আছে ইহা জ্ঞাপনমতে না জানিলে জজ সাহেবেরদের কর্ত্তব্য যে দণ্ডবিধির আইনের ৭৩ ধারামতে বিরলে কয়েদ হইবার আজ্ঞা না করেন, এই বিষয় সদর আদালতের সাহেবেরদের তাঁহারদিগকে জ্ঞাত করা উচিত।

জে ডি গর্ডন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

১১৭০ নম্বর।

জেলখানার ইনস্পেক্টর জেনরল সাহেবের গত মাসের ৩১ তারিখের ১০৪ নম্বরের পত্রোপলক্ষে উক্ত পত্রের নকল তাঁহার জ্ঞাপনার্থে পাঠান গেল।

জে ডি গর্ডন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী।

ফোর্ট উলিয়ম।
১৮৬২ সাল ১৩ জুন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারী শ্রীযুত জে ডি গর্ডন সাহেবের নিকটে বঙ্গপ্রভৃতিদেশের জেলখানার ইনস্পেক্টর জেনরল শ্রীযুত ডাক্তর এফ জে মৌয়াট সাহেবের ১৮৬২ সালের ৩১ মে তারিখের ১০৪৫ নম্বরের পত্র।

গত সেশনের বৈঠকে ষোল জন আসামীর দোষ প্রমাণ হওয়াতে তাহারদের তিন মাসপর্য্যন্ত বিরলে কারাবদ্ধ হইবার দণ্ডাজ্ঞা হইয়াছে, বালেশ্বরের মাজিষ্ট্রেট সাহেব এই রিপোর্ট করিয়া প্রার্থনা করেন যে তাহারদিগকে বিরলে বদ্ধ করিবার কুঠরী অতি অল্পব্যয় নির্ম্মাণ করা যায়। কিন্তু যদি অনেক জিলার জেলখানায় এই প্রকারের কুঠরী করার প্রয়োজন সম্ভাবনা, তবে তাহাতে অনেক টাকা ব্যয় ও অনেক সময় হরণ হইবে, ইহা আমার লেখা বাহুল্য। উপযুক্তমতের পাকা কুঠরী ও ক্ষুদ্র প্রাঙ্গণ ও বিরলে কারাবদ্ধ থাকিবার উপযুক্ত অন্যং স্থান করিতে হইলে বোধ করি একং কুঠরীর জন্যে ১০০০৲ টাকার ন্যূন ব্যয় হইবেক না। গবর্ণমেণ্টের নিকটে এতদ্বিষয়ের সম্পূর্ণ রিপোর্ট পাঠাইতে পারি এই কারণে প্রত্যেক জেলখানায় উক্ত প্রকারের কত কুঠরীর প্রয়োজন হইতে পারে এই বিষয়ের সন্ধান আমি আপন তত্ত্বাধীন সকল জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকটে লইতেছি।

ইতিমধ্যে, দণ্ডবিধির আইনের উক্ত অংশ সফল

do not at present exist of carrying out this portion of the Penal Code.

MEMO.

No. 24.

Forwarded for information and guidance of the Criminal Authorities in the Lower Provinces, who are requested to attend to the wishes of the Lieutenant Governor, and to pass sentences of solitary confinement accordingly.

By order of the Sudder Court,
H. T. PRINSEP,
Register.

Nizamut Adawlut,
The 19th June, 1862.

No. 25.

To the Sessions Judges in the Lower Provinces.

Dated Calcutta, the 30th June 1862.

Under Section 443 of the Code of Criminal Procedure, the Court hereby direct, that all Sessions Judges shall hold Courts of Session on the first of every alternate month for the trial of such prisoners as may have been committed by them before that date, or who may have been committed, and whose cases may be ready for hearing before the close of the Sessions then being held.

2. To secure uniformity the Court direct, that the Sessions shall be held at the commencement of January, March, May, July, September, and November.

3. To avoid unnecessary harassment to Jurors, Assessors, or Witnessess, Sessions Judges should exercise great caution in endeavouring to fix as accurate a date as possible for the trial of each case, at the same time, taking care that their Courts are never unprovided with business during the Jail delivery.

4. Quarterly Sessions, as heretofore, will continue to be held in the out-stations of Champarun, Monghyr, Bogra, Pubna, Malda, Furreedpore, Balasore, and Noacolly.

By order of the Sudder Court,
(Signed) H. T. PRINSEP,
Register of the Nizamut Adawlut.

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

LEAVE OF ABSENCE.

During the ensuing Dusserah vacation.

Purneah.

The 13th August, 1862.

Ali Buksh, Moonsiff of Sulta.

Baboo Gocool Chund, Moonsiff of Arareah.

Baboo Joygopaul Bose, Moonsiff of Kushba.

Moulvie Ishfak Hossein, Officiating Moonsiff of Bahadoorgung.

H. T. PRINSEP, *Registrar.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৯ আগষ্ট।]

করিবার উপযুক্ত উপায় এইক্ষণে নাই, ইহা স্পষ্ট দৃষ্ট হইতেছে।

স্মরণার্থ লিপি।

২৪ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের ফৌজদারী কার্য্যকারক সাহেবেরদের জ্ঞাপন ও উপদেশার্থ এই পত্রের নকল পাঠান যাইতেছে। ও তাঁহারদিগকে আদেশ হইতেছে যে তদ্বিষয়ে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের যে অভিমত, তাহাতে মনোযোগ করিয়া বিরলে কারাবদ্ধ হইবার দণ্ডাজ্ঞা করেন।

সদর আদালতের আজ্ঞাক্রমে।
এচ টি প্রিন্সেপ।
রেজিষ্টর।

নিজামৎ আদালত।
১৮৬২ সাল ১৯ জুন।

---

২৫ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেবেরদের প্রতি পত্র। কলিকাতা ১৮৬২ সাল ৩০ জুন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪৪৩ ধারামতে সদর আদালতের সাহেবেরা আজ্ঞা করিতেছেন যে, সেশন জজ সাহেবেরা এক২ মাসান্তর তৎপরমাসের প্রথমে সেশনের আদালত করিয়া, সেই তারিখের পূর্ব্বে যে ব্যক্তিদিগকে সমর্পণ করা যায়, কিম্বা ঐ সেশনের সমাপ্তির পূর্ব্বে সমর্পিত হইয়া যাহারদের মোকদ্দমা শুনিবার জন্যে প্রস্তুত হয়, তাহারদের বিচার করেন।

২। সর্ব্বস্থানে একি প্রকারে কার্য্য হয়, এই কারণে আদালত আজ্ঞা করেন যে জানুআরি ও মার্চ ও মে ও জুলাই ও সেপ্টেম্বর ওনবেম্বর মাসের আরম্ভে সেশনের বৈঠক হয়।

৩। যাঁহারা জুরি কি আসেসর কি সাক্ষী হন তাঁহারদের অনাবশ্যকমতে ক্লেশ না হয় এই কারণে সেশন জজ সাহেবেরদের প্রয়োজন যে প্রত্যেক মোকদ্দমার বিচার হইবারতারিখ তাঁহারা সাধ্যমতে নির্দ্ধার্য্য করেন। ইতিমধ্যে কারাগারহইতে মুক্ত করণ কালে (অর্থাৎ সেশনের বৈঠককরণকালে) তাঁহারদের নিজ আদালতের কর্ম্ম চলে এই বিষয়ে সতর্ক থাকেন।

৪। চাম্পারণ ও মুঙ্গের ও বগুড়া ও পাবনা ও মালদহ ও ফরিদপুর ও বালেশ্বর ও নওয়াখালী এই সকল মহকুমায় পূর্ব্বাবধি যেমন তিন২ মাসে সেশন হইয়া থাকে তেমনি হইতে থাকিবে।

সদর আদালতের আজ্ঞাক্রমে।
এচ টি প্রিন্সেপ।
নিজামৎ আদালতের রেজিষ্টর।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতের হুকুম।

ছুটী।

১৮৬২ সাল ১৩ আগষ্ট।

পশ্চাৎ লিখিত মুনসেফেরা আগামি দশহরা বন্দের ছুটী পাইয়াছেন।

জিলা পুরণিয়ার শল্‌ত্যার মুনসেফ শ্রীযুত আলী বক্স।

অরারীয়ার মুনসেফ শ্রীযুত বাবু গোকুলচাঁদ।

কশবার মুনসেফ শ্রীযুত বাবু জয় গোপাল বসু।

বাহাদুরগঞ্জের একটিৎ মুনসেফ শ্রীযুত মৌলবী ইশফাক হুসেন।

এচ টি প্রিন্সেপ। রেজিষ্টর।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

১৩৮ নম্বর।

১৮৬২ সাল ১১ আগষ্ট।

বিজ্ঞাপন।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব অবগত হইয়াছেন যে সর্ব্ব সাধারণের ব্যবহার্য্য পথ বক্রয়ান অবধি যদপুরপর্য্যন্ত করণার্থে কতক ভূমি গবর্ণমেণ্টের রাজকীয় ব্যয়ে লওয়া প্রয়োজন। অতএব ইহাতে সম্বাদ দেওয়া যাইতেছে যে কটকের মধ্যখণ্ডের বক্রয়ান পরগনার অন্তর্গত বক্রয়ানঅবধি ঐ জিলার কোলামালিয়া পরগনার অন্তঃপাতি যদপুরপর্য্যন্ত ১৭½ মাইল দীর্ঘ ৬০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি লওয়া আবশ্যক।

ঐ ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদের সকলকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া যাইতেছে।

১৩৯ নম্বর।

১৮৬২ সাল ১২ আগষ্ট।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেব অবগত হইয়াছেন যে সাধারণের ব্যবহার্য্য শুষ্ককালে গমনীয় পথ পুরী জিলার নীচের লিখিত স্থানে প্রস্তুত করণার্থে গবর্ণমেণ্টের রাজকীয় ব্যয়ে ভূমি লওয়া প্রয়োজন। অতএব প্রকাশ করা যাইতেছে যে পূর্ব্বোক্ত অভিপ্রায়ে পুরী জিলার অন্তঃপাতি গুলধর ও পূর্ব্ব ধোবাই ও বাকস পরগনার মধ্য দিয়া বাঁধাইঅবধি গোপপর্য্যন্ত গড়ে ২৫ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি লওয়া আবশ্যক।

ঐ ভূমিতে যাঁহারদের সম্পর্ক থাকে তাঁহারদিগকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে সম্বাদ দেওয়া গেল।

জে পি বীডল লেপ্টেনেণ্ট কর্ণেল।
পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বাঙ্গলা দেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

২০৮৭ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৩০ জুলাই।

শ্রীযুত টি এফ ডবলিউ স্মিথ সাহেব (Mr. T. F. W. Smith,) ছিলটের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৬ আগষ্ট।

চতুর্থ অর্থাৎ পশ্চিমখণ্ডের জরীপীকার্য্যের একটিং সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এফ এচ পিলু সাহেব (Mr. F. H. Pellew,) ঐ এলাকার জরীপী কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ময়মনসিংহের একটিং ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহেশচন্দ্র সেন ঐ জিলাতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের কর্ম্মও করিবেনও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৮ আগষ্ট।

শ্রীযুত জি ফিল্ড সাহেব (Mr. G. Field,) তেহট্টার আফীনের সব-ডেপুটী এজেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ এচ অরকর্ট সাহেব (Mr. W. H. Urquhart,) শাহাবাদের আফীনের সব-ডেপুটী এজেণ্ট হইবেন।

শ্রীযুত জি ব্রৌন সাহেব (Mr. G. Brown,) ত্রিহুতের আফীনের সব-ডেপুটী এজেণ্ট হইবেন।

১৮৬২ সাল ৯ আগষ্ট।

শ্রীযুত ই টি ট্রেবর সাহেব (Mr. E. T. Trevor,) পরীক্ষক বোর্ডের মেম্বর হইবেন।

শ্রীযুত পি এ হমফ্রে সাহেব (Mr. P. A. Humphery,) ময়মনসিংহের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

মেদনীপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ আলী রঙ্গপুরে নিযুক্ত হইয়াছেন সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন। ইহাতে গত মাসের ২১ তারিখে নদীয়াতে তাঁহার যে নিয়োগ হয় তাহা রহিত হইল।

১৮৬২ সাল ১১ আগষ্ট।

শ্রীযুত বি টি টেলর সাহেব (Mr. V. T. Taylor,) ত্রিপুরার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত মৌলবী নাজীর উদ্দীন মহম্মদ কিয়ৎকালের নিমিত্তে হুগলীর অতিরিক্ত প্রধান সদর আমীন হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ৭ আগষ্ট।

বেহারের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত ডাক্তর জে বি আলেন সাহেব (Doctor J. B. Allen,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে এক মাসের ছুটী পাইছেন।

পশ্চিম বর্দ্ধমানের জজ শ্রীযুত জি সি ফ্লেচর সাহেব (Mr. G. C. Fletcher) গত মাসের ১৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৬ ধারার ১ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে পাঁচ দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৮ আগষ্ট।

মেদিনীপুরের প্রধান সদর আমীন শ্রীযুত বাবু হরগৌরী বসু অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৯ আগষ্ট।

কলিকাতার ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত সি বুলনয়স সাহেব (Mr. C. Boulnois,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৮ আগষ্ট।

তমলুকে আসেসর ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রূপনারায়ণ দাস গত জুন মাসের ২৪ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

১৮৬২ সাল ৯ আগষ্ট।

পাটনার সাবেক ফতওয়া দায়ক এইক্ষণকার ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী রামীজ উদ্দীন গত মাসের ৯ তারিখে যে ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত হইল।

১৮৬২ সাল ১১ আগষ্ট।

সিবিলসম্পর্কীয় সিরিশ্তার শ্রীযুত বি টি টেলর সাহেব (Mr. V. T. Taylor,) বর্ত্তমান মাসের ৮ তারিখে কাণ্ডিয়ানামক কলের জাহাজে ভারতবর্ষে প্রত্যাগমন করিয়াছেন এমত রিপোর্ট করেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৫ আগষ্ট।

গত জুন মাসের ৩০ তারিখে সারেক সদর নিজামৎ আদালত নীচের লিখিত যে সরক্যুলর প্রকাশ করেন তাহা সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

২৫ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেবেরদের প্রতি পত্র। কলিকাতা ১৮৬২ সাল ৩০ জুন।

ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৪৪৩ ধারামতে সদর আদালতের সাহেবেরা আজ্ঞা করিতেছেন যে সেশন জজ সাহেবেরা তাঁহারা এক২ মাসান্তর তৎপর মাসের ১ তারিখে সেশনের আদালত করিয়া, সেই তারিখের পূর্ব্বে যে ব্যক্তিদিগকে সমর্পণ করা যায়, কিম্বা ঐ সেশনের সমাপ্তির পূর্ব্বে সমর্পিত হইয়া যাহারদের মোকদ্দমা শুনিবার জন্যে প্রস্তুত হয় তাহারদের বিচার করেন।

২। সর্ব্বস্থানে একি প্রকারের কার্য্য হয়, এই কারণে আদালত আজ্ঞা করেন যে জানুআরি ও মার্চ ও মে ও জুলাই ও সেপ্টেম্বর ও নবেম্বর মাসের আরম্ভে সেশনের বৈঠক হয়।

৩। যাঁহারা জুরি কি আসেসর কি সাক্ষী হন তাঁহারদের অনাবশ্যকমতে ক্লেশ না হয় এই কারণে সেশন জজ সাহেবেরদের প্রয়োজন যে প্রত্যেক মোকদ্দমার বিচার হইবার তারিখ তাঁহারা সাধ্যমতে নির্দ্ধার্য্য করেন। ইতি মধ্যে কারাগারহইতে মুক্ত করণ কালে (অর্থাৎ সেশনের বৈঠককরণকালে) তাঁহারদের নিজ আদালতের কর্ম্ম চলে এই বিষয়ে সতর্ক থাকেন।

৪। চাম্পারণ ও মুঙ্গের ও রঙ্গড়া ও পাবনা ও মালদহ ও ফরীদপুর ও বালেশ্বর ও নওয়াখালি এই সকল মহকুমায় পূর্ব্বাবধি যেমন তিন২ মাসে সেশন হইয়া থাকে তেমনি হইতে থাকিবে।

২৪৫০ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১১ আগষ্ট।

লোহারডগার আসিষ্টণ্ট কমিসানর লেপ্টেনণ্ট শ্রীযুত আর সি মনি সাহেব (Lieutenant R. C. Money,) ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ১২ আগষ্ট।

শ্রীযুত এচ সি বি সি রেবান সাহেব (Mr. H. C. B. C. Raban,) কিয়ৎ কালের নিমিত্তে নওয়াদহ এলাকা খণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন, ও বেহারে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারাক্রমে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা ও ১৮৫৯ সালের ১০ আইন অনুসারে ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কার্য্য করিবেন। আরো তিনি উক্ত কার্য্যবিধানের আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের কি উপরিস্থ আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলের অনুসন্ধান লইবার কিম্বা এই আদালতের সম্মুখে বিচার হওনার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিবার কি তাহারদের স্থানে হাজির জামিন লইবার ও তদর্থে যে২ ক্ষমতার আবশ্যক হয় তদনুসারে কার্য্য করিবার ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৯ আগষ্ট।]

শ্রীযুত টি স্মিথ সাহেব (Mr. T. Smith,) নদীয়ার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে এস আরমষ্ট্রং সাহেব (Mr. J. S. Armstrong,) কমিলাতে সাধারণের বিদ্যাধাপনীয় কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত এ ক সাহেব কলিকাতার বন্দরে (Mr. A. Caw,) ১৮৫৯ সালের ১ আইনমতে শিপিং মাষ্টরের কর্ম্ম করিবেন। এবং ঐ আইনের ১৮ ধারামতে তিনি অনুমতিপত্র দিবারও ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

ছুটী।

১৮৬২ সাল ১৫ জুলাই।

শাসিরামের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত ই ষ্টুআর্ট সাহেব (Mr. E. Stewart,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৯ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১১ আগষ্ট।

সারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু কুলদীপনারায়ণ সিংহ গত জুন মাসের ১৭ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে দুই মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১২ আগষ্ট।

নওয়াদাহের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে টি ওয়ার্সলি সাহেব (Mr. J. T. Worsley,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৩ আগষ্ট।

সারণের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সি জে জাকসন সাহেব (Mr. C. J. Jackson,) ফিনান্সিয়ল ডিপার্টমেণ্টের ১৮৫৬ সালের ২২ ফিব্রুআরি তারিখের বিজ্ঞাপনমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১৪ আগষ্ট।

ময়মুনসিংহের প্রধান সদর আমীন শ্রীযুত মৌলবী মহম্মদ নাজিম অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ২ প্রকরণমতে আগামি দশহরার বন্দে ছুটী পাইয়াছেন।

প্রসীডেন্সী কালেজের পুরাবৃত্তের ও রাজনীতিবিদ্যার একটিং অধ্যাপক শ্রীযুত এস লব সাহেব (Mr. S. Lobb,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটির বিধির ৫ ধারার ২ প্রকরণমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটী পাইয়াছেন।

সুনশীগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সৈয়দ আবদুল মজীদ গত মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে চৌদ্দ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৩ আগষ্ট।

ফোর্ট উলিয়মের পরীক্ষক বোর্ডের মহাশয়েরা প্রকাশ করিয়াছেন যে তৃতীয় পোলীস্ পল্টনের একটিং আজুটাণ্ট লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ কাম্বেল সাহেব (Lieutenant W. Campbell,) বর্ত্তমান মাসের ৪ তারিখে হিন্দুস্থানীভাষার পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

ই এডেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।